No. VIII.

th• patronage of the Government of Bengal, and dedicated, by permission, to the Governor General of India.

ENCYCLOPÆDIA BENGALENSIS,

Or a series of publications in English and Bengali,

COMPILED FROM VARIOUS SOURCES,

ON HISTORY, SCIENCE, AND LITERATURE,

EDITED

BY THE REV. K. M. BANERJEA.

"ψυχῆς ἰατρεῖον"

Diod. Sic. 1. 49.

Geography.

PART I.

CALCUTTA:

OSTELL AND LEPAGE, AND P. S. D'ROZARIO AND CO.

1848.

GEOGRAPHY

PART I.

CONTAINING A DESCRIPTION OF ASIA AND EUROPE.

Compiled from

MURRAY'S ENCYCLOPÆDIA OF GEOGRAPHY, MALTE BRUN'S GEOGRAPHY, AND OTHER WORKS.

PART I.

Calcutta:

OSTELL AND LEPAGE P. S. D'ROZARIO AND CO.

1848.

বিদ্যাকল্পদ্রুম।

অর্থাৎ বিবিধ বিদ্যা বিষয়ক রচনা

শ্রীকৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায় দ্বারা

সংগৃহীত।

অষ্টম কাণ্ড

ভূগোল বৃত্তান্ত

প্রথম ভাগ

কলিকাতা সমাচার চন্দ্রিকা যন্ত্রে শ্রীযুত এ লরেন্স'

সাহেব কর্ত্তৃক মুদ্রিত হইল।

' ইং ১৮৪৮। শক ১৭৬৯।'

CONTENTS.

	Pages.
Preliminary observations,	2
Definitions of terms,	10
A general view of the G'obe,	17
ASIA,	22
Hindustan,	27
Afghanistan,	53
Perisa,	56
Turkey in Asia,	59
Thibet,	69
Tartary,	71
Asiatic Russia,	75
Burmah,	79
Siam,	81
Cambodia,	83
Cochin China,	*Ib*
Malacca,	58
China	86
The Asiatic Islands,	91
General Summary of Asia,	97
EUROPE,	98
Great Britain and Ireland,	104
France,	132
Spain,	139
Portugal,	142
Italy,	143
Switzerland,	148
Germany,	158
Holland and Belgium,	157
Hungary,	159
Polland,	160
Denmark,	161
Sweeden and Norway,	162
Russia in Europe,	163
Turkey in Europe,	165
Greece,	167
The Ioni Republic,	168
General Summary of Europe,	169

GEOGRAPHY.

GEOGRAPHY

PRELIMINARY OBSERVATIONS ON THE PROGRESS OF GEOGRAPHICAL INVESTIGATION.

Geography is a description of the surface of our globe, and treats of the divisions of that surface, natural and artificial, as well as of the varieties of the human race inhabiting it, and of the climate, soil, and productions of the different countries spread over it.

As our knowledge of the earth's surface, beyond the limits of our own experience, must necessarily depend upon the accounts of voyagers and travellers, geography could not be very successfully cultivated before the invention of the mariner's compass, and while the art of navigation was consequently in a rude state. By contemplating the phenomena of day and night, and the circular form of the shadow cast upon the moon's disk at the time of a lunar eclipse, scientific men might find out the shape of our globe; but they could not determine the divisions of its surface without actual observation. Mere conjecture could not discover the boundaries of seas and oceans that were not explored by navigation, nor depict the situation of

ভূগোল বৃত্তান্ত।

ধরাতলের বর্ণনাকে ভূগোল বৃত্তান্ত কহা যায়। তাহাতে ধরাতলের স্বাভাবিক এবং কৃত্রিম বিভাগ এবং নানা জাতীয় নরলোকের আকার প্রকার তথা দেশ দেশান্তরের বায় মৃত্তিকা এবং ফলমূলাদির বিবরণ উপলব্ধি হয়।

আমরা স্বচক্ষে ধরাতলস্থ যেং দেশ দেখিয়াছি তদতিরিক্ত অংশ অবগত হইতে বাসনা করিলে জলে স্থলে ভ্রমণকারিদিগের রচিত বৃত্তান্ত পাঠ করিতে হয় সুতরাং কম্পাস নামক দিগ্নির্ণায়ক যন্ত্র নির্ম্মাণের পূর্ব্বে ভূগোল শাস্ত্রের অধিক অনুশীলন হইবার সম্ভাবনা ছিল না কেননা তৎকালে নাবিকতা কার্য্যের উত্তম উপায় ছিল না। জ্যোতির্জ্ঞ পণ্ডিতেরা অহোরাত্রের বিধান এবং চন্দ্রগ্রহণ কালে ইন্দু মণ্ডলস্থ বর্ত্তুলাকৃতি ছায়া অবলোকন করিয়া অনুমান দ্বারা পৃথিবী মণ্ডলের আকৃতি নির্ণয় করিতে পারেন কিন্তু প্রত্যক্ষ দর্শন ব্যতীত অন্য কোন উপায়ে পৃথ্বী তলস্থ দেশ দেশান্তরের বিশেষ বর্ণনা করা যায় না, অতএব নাবিকেরা জাহাজ যোগে যেং সাগরের পার দর্শন করিতে পারেন নাই সিদ্ধান্তকারেরা কেবল চিন্তা শক্তিতে তাহার সীমার সম্যক্ নির্ণয়ে অসমর্থ

countries and cities, of mountains, lakes, and rivers. that were unseen and unknown.

Ancient inquirers whether of Europe or Asia. unable to explore any but the Mediterranean and a few other inland seas, or to penetrate into the recesses of countries not under the political influence of their own governments, were acquainted with a small portion only of the earth they inhabited. Not only America, and the large clusters of islands scattered over our three great oceans, but numerous districts, towns, and villages in the old continent itself, were excluded from their *orbis terrarum*. Enterprize, warlike and commercial, had, indeed, contributed to important discoveries both by sea and land, but the information thereby acquired would be considered a very *moderate* knowledge of geography in our days.

"Homer had figured the world as a circle begirt by "the great strength of ocean," and this belief in a circumambient flood long continued to prevail. It was implicitly received by many geographers, and, being carried onwards with the advance of science, was from time to time reconciled to the varying theories and conjectures of the increased knowledge of succeeding ages. Thus, long after the spherical form of the earth was taught, the existence of its ocean-girdle was credited ; and in the geographical systems of Eratosthenes, Strabo, Mela, and others, the waters of the Atlantic were depicted as laving on the one hand

হয়েন আর যে২ দেশ গ্রাম জনপদ হ্রদ শৈল নদনদী দৃষ্টি গোচর হয় নাই তাহারও যথার্থ বর্ণনা করিতে পারেন না।

ইউরোপ অথবা এস্যা খণ্ডস্থ পূর্ব্বতন ভূগোল জিজ্ঞাসুরা স্থল মধ্যস্থিত মেদিতরেনিন প্রভৃতি কএক উপসাগর বিনা অন্য কোন সমুদ্রের পার দর্শন করিতে পারেন নাই এবং যে২ দেশ তাঁহারদের স্ব২ দেশীয় রাজার অধীন ছিল না তথাকার নিভৃত গ্রামাদিতেও গমন করিতে অক্ষম হইয়াছিলেন সুতরাং ধরাতলের অত্যল্প অংশ তাঁহারদের বিদিত ছিল। তাঁহারা আমেরিকা এবং পৃথিবীর তিন মহা সাগরস্থ উপদ্বীপ নিকরের বিষয় কিছুই জানিতেন না এবং যে মহাদ্বীপে বাস করিতেন তত্রত্য ভূরি২ দেশ গ্রাম নগরাদিও তাঁহারদের জ্ঞাত পদার্থের বহির্ভূত ছিল। তাঁহারদের মধ্যে অনেকে বাণিজ্য অথবা দিগ্বিজয় করিবার বাসনায় উৎসুক হইয়া জলে স্থলে নূতন২ দেশ প্রকাশ করিয়াছিলেন বটে কিন্তু তদ্দ্বারা পৃথিবীর বিষয়ে যে জ্ঞান প্রাপ্তি হইয়াছিল ভূগোল শাস্ত্রের সাম্প্রতিক বৃদ্ধি বিবেচনা করিলে তাহা অতি সামান্য বোধ হইবে।

“হোমের নামে মহাকবি মহীমণ্ডলকে প্রবল মহা সাগরে পরিবেষ্টিত বৃত্ত স্বরূপ কল্পনা করিয়াছিলেন এবং তাহার পরেও অনেকে বিশ্বাস করিতেন যে ধরাতলের প্রান্তে ঐ প্রকার বলয়াকৃতি জলধি আছে, ভূগোল বেত্তারাও প্রমাণ জিজ্ঞাসা না করিয়া ঐ মত গ্রহণ করিতেন। পরে বিদ্যার উন্নতি প্রযুক্ত নূতন২ পদার্থ প্রকাশ হওয়াতে পণ্ডিতেরা পূর্ব্বোক্ত মতকে নানা কৌশলে যুক্তি সঙ্গত করিতে যত্ন করিলেন অতএব পৃথিবী মণ্ডলের গোলত্ব সপ্রমাণ হইলেও সকলে অনেক দিবস পর্য্যন্ত মেখলাকৃতি সাগরের বৃত্তান্ত গ্রাহ্য করিত সুতরাং ইরাতস্থিনিস স্ত্রাবো মেলা প্রভৃতি পণ্ডিতেরা যে ভূগোল সিদ্ধান্ত করিয়াছিলেন তাহাতে বর্ণিত ছিল যে আট্‌লান্টিক

the shores of Europe, and encircling on the other the mysterious regions of Scythia and India. Nay, so far had the speculations of philosophy outstripped the rude navigation of the times, that the possibility of crossing this unknown ocean was more than once contemplated. Having formed an estimate of the circumference of the globe, Aristotle conceived that the distance between the pillars of Hercules and India must be small, and that a communication might be effected between them. Seneca with more confidence affirmed, that with a fair wind a ship would sail from Spain to the Indies in a few days. But these notions were far from being universally received. Herodotus had early denied the existence of this circle of waters; and those who maintained the affirmative, reasoned on grounds manifestly hypothetical, and beyond the narrow limits of their knowledge. Of the northern countries of Asia they knew nothing, nor were they acquainted with the extensive regions beyond the Ganges,—a vast space which they filled with their eastern sea, which thus commenced where their information stopped, and all beyond was dark. The progress of discovery at length brought to light the existence of lands in those portions of the globe supposed to be covered by the ocean; but proceeding with undue haste, it was next imagined that Asia extended eastwards in an indefinite expanse. It was figured thus by Ptolemy, the last and greatest of the ancient geographers. He

মহাসাগর পৃথিবীর পরিধি স্বরূপ হইয়া ইউরোপের পশ্চিম কূল এবং ভারতবর্ষ ও সিদিয়ার অর্থাৎ শকেরদের ভূমির নিভৃত গ্রামাদি প্রদক্ষিণ করে। তাৎকালিক লোকেরদের যদিও নাবিকতা কার্য্যে নিপুণতা ছিল না তথাপি তাহারা অনুমান ন্যায়েতে বিলক্ষণ ব্যুৎপন্ন হইয়া বারম্বার ঐ মহাসাগর পার হইবার কল্পনা করিয়াছিল। অরিস্তুতিল নামক ন্যায় বিশারদ পণ্ডিত পৃথিবীর পরিধি গণনা করিয়া অনুমান করিয়াছিলেন যে ভারতবর্ষ অবশ্য স্পেন সন্নিহিত হর্কুলিসের স্তম্ভের অদূরে থাকিবে সুতরাং ঐ দুই স্থলের মধ্যে সহজে যাতায়াত করা যাইতে পারে। সেনেকা বিশেষ সাহস করিয়া কহিয়াছিলেন যে বায়ুর সুবিধা হইলে অল্প দিবসের মধ্যে জাহাজ যোগে স্পেন হইতে ভারতবর্ষে যাইতে পারা যায়। কিন্তু উক্ত প্রকার কল্পনা সকলের গ্রাহ্য হয় নাই হিরদতস আদৌ বলয়াকৃতি সাগরের কথা অগ্রাহ্য করিয়া ছিলেন এবং যাঁহারা গ্রাহ্য করিয়া ছিলেন তাঁহারাও হেতুবাদ পূর্ব্বক সিদ্ধান্ত করিতে পারেন নাই কেবল অদৃষ্ট পদার্থের কল্পনা করিয়াছিলেন ফলতঃ তাঁহারা এস্যা খণ্ডের উত্তর অঞ্চলস্থ অথবা গঙ্গার অপর পারস্থিত প্রশস্ত দেশের বিষয় কিছুই জানিতেন না, সেই বিস্তীর্ণ দেশকে জলধিতে ব্যাপ্ত জ্ঞান করিয়া অনুমান করিতেন যে তাঁহারদের দৃষ্ট ভূমির প্রান্তে অপার সমুদ্র আছে যাহার পরিমাণ করা অসাধ্য। পরে ক্রমশ দূরে গমন করাতে যে২ দেশকে অগাধ সাগর জ্ঞান করিয়াছিল তথায় নূতন২ জনপদ প্রকাশিত হইতে লাগিল কিন্তু অবিবেচনা পূর্ব্বক ত্বরায় ভূগোল নির্ণয় করাতে লোকে মনে করিল যে পূর্ব্বাঞ্চলে এস্যা খণ্ডস্থ ভূমির সীমা নাই। তলমি পূর্ব্বতন ভূগোল বেত্তারদের মধ্যে এক জন প্রধান ছিলেন এবং সর্ব্বশেষে গ্রন্থ রচনা করিয়াছিলেন তিনিও ঐ রূপ অসীম ভূমি কল্পনা করিয়া পৃথিবীর চিত্রিত পটে ভূগোল

removed from his map the Atlanticum Mare Orientale (the eastern Atlantic,) which had so long marked the confines of geographical research, and exhibited the continent as stretching far beyond the limits previously assigned to it. His knowledge did not enable him to delineate its eastern extremity, or the ocean beyond: he was, therefore, induced to terminate it by a boundary of "unknown land."

"With Ptolemy ceased not only the advance of science, but even the memory of almost all that had been formerly known. The long night which succeeded the decline of the Roman Empire was now closing in, and a dreary space intervened before its shadows were dispelled by the dawn of a brighter day than the world had yet witnessed.

"The first gleam of light came from the East, where the Arabs pursued the study of geography with the utmost ardour. Their systems again revived the belief in a circumambient ocean, which bound the earth like a zone, and in which the world floated like an egg in a basin. That portion in this belt of waters which was imagined to flow round the north eastern shores of Asia, they called by the name of "The Sea of Pitchy Darkness." The Atlantic had by the Greeks been regarded as a fairy scene, where the Islands of the Blest were placed, in which under calm skies, surrounded by unruffled seas and amid groves of the sweetest odour, the favored of the gods enjoyed everlasting

বেত্তাদের দৃষ্ট স্থলের প্রান্তে পূর্ব্বোক্ত প্রাচ্য আটলাণ্টিক সাগর না লিখিয়া অগ্রে নির্ণীত সীমার অতিরিক্ত অনেক দূর পর্য্যন্ত স্থলময় দ্বীপের বিস্তার বর্ণনা করিয়াছিলেন ফলতঃ তিনি দ্বীপের প্রাচ্য সীমা অথবা তৎসন্নিহিত সাগর বর্ণনা করিতে সক্ষম হয়েন নাই সুতরাং দৃষ্ট ভূমির প্রান্তে "অদৃষ্ট ভূমি" কল্পনা করিয়া ক্ষান্ত হইয়াছিলেন।

অপর তলমির পঞ্চত্ব হওয়াতে বিদ্যা বৃদ্ধির শেষ হইয়াছিল এবং পূর্ব্বে যে২ বিষয় প্রকাশিত হইয়াছিল তাহাও সকলে বিস্মৃত হইতে লাগিল বিশেষতঃ রোমান রাজ্যের ক্ষয়োপক্রমাবধি জ্ঞানজ্যোতির তিরোধান আরব্ধ হইল তাহাতে অনেক কাল পর্য্যন্ত বিদ্যার প্রভা রাত্রির ন্যায় অদৃশ্য হইয়া থাকিল কিন্তু পরে পূর্ব্বাপেক্ষা অধিক তেজোময় বিদ্যা রূপ প্রভাকর প্রকাশের উপক্রম হওয়াতে অজ্ঞান রূপা যামিনীর অবসান ও অবিদ্যা তিমিরের উচ্ছেদ হইল।

বিদ্যার লোপ হইলে পর প্রথমতঃ পূর্ব্বাঞ্চলে জ্ঞান জ্যোতির যৎকিঞ্চিৎ প্রকাশ হয় সেখানে আরবি লোকেরা ভূগোল বিদ্যার অনুশীলনে অত্যন্ত উৎসুক হইয়াছিল তাহারদের ভূগোল সিদ্ধান্তে বলয়াকৃতি সাগরের বিষয়ে পণ্ডিত সমাজের পুনশ্চ বিশ্বাস জন্মিল এবং সকলে মনে করিতে লাগিল যে মহীমণ্ডল বারিধিতে বেষ্টিত আছেন এবং জলপাত্র স্থিত অণ্ডের ন্যায় সাগরোপরি ভাসিতেছেন। এই বলয়াকৃতি সাগরের যে অংশ এস্যার উত্তর পূর্ব্ব পার্শ্ব বেষ্টন করিত উক্ত ভূগোল বেত্তারা তাহার নাম ঘোরতর তিমির সমুদ্র রাখিয়াছিল। গ্রীকেরা আট্লাণ্টিক মহাসাগরকে অতি রমণীয় স্থান করিত তাহারদের বোধে সেই সাগর মধ্যে শুভাদৃষ্ট জনগণের আশ্রম স্বরূপ উপদ্বীপ ছিল দেবপ্রিয় মহাত্মারা সেখানে সমুদ্রের স্থিরজলে বেষ্টিত হইয়া সুরভি ফল পুষ্প বিশিষ্ট নিকুঞ্জবনের স্নিগ্ধ ছায়ায় বাস করত. অক্ষয়

peace and happiness. This fable found no place among the Arabs, who bestowed on that ocean the name of "The sea of Darkness," and filled their imaginations with appalling pictures of its storms and dangers. Xerif al Edrisi, one of the most eminent of their geographers, who wrote about the middle of the twelfth century, observes,—"No one has been able to verify any thing concerning it, on account of its difficult and perilous navigation, its great obscurity, its profound depth and frequent tempests; through fear of its mighty fishes and its haughty winds; yet there are many islands in it, some peopled, others uninhabited. There is no mariner who dares to enter into its deep water; or, if any have done so, they have merely kept along its coasts, fearful of departing from them. The waves of this ocean, although they roll as high as mountains, yet maintain themselves without breaking; if they broke, it would be impossible for a ship to plough them."*

The Hindus were still less successful in their geographical researches than the Greeks or the Arabians. Content with the wealth and plenty which their own fertile plains produced, they felt no anxiety for transmarine commerce; and though not devoid of

* Edinburgh Cabinet Library.

সুখ এবং শান্তি ভোগ করিতেন। কিন্তু আরবিরা এ প্রকার গল্প অগ্রাহ্য করিয়া উক্ত সাগরকে তিমির সমুদ্র কহিত এবং নানাবিধ আপদ ও দুর্যোগের আধার কল্পনা করিত জেরিফ আল এদ্রিসি নামক প্রসিদ্ধ আরবি ভূগোলবেত্তা খ্রীষ্টের পর ন্যূনাধিক সার্দ্ধ একাদশ শত বৎসরান্তে গ্রন্থ রচনা করিয়াছিলেন তিনি কহেন "উক্ত সমুদ্র অতি দুর্গম এবং অপার তাহাতে জাহাজ যোগে যাত্রা করিতে ভয় জন্মে তাহার জল অতলস্পর্শ এবং তরঙ্গ ভয়ানক অধিকন্তু তথায় তিমিঙ্গিলাদি জল জন্তুর এবং প্রচণ্ড বায়ুরও মহাভয় আছে একারণ তত্রত্য কোন বিষয়ের নির্ণয় হয় নাই কেবল এই মাত্র নিশ্চিত হইয়াছে যে তথায় ভূরি২ উপদ্বীপ আছে তাহার মধ্যে কএকটা নির্ম্মনুষ্য কএকটা জনপদ। কোন নাবিক তথাকার অগাধ জলে গমন করিতে সাহস করে না যদি কেহ কখন গিয়া থাকে তবে কেবল তটের নিকট দিয়া যাত্রা করিয়াছে সমুদ্রের মধ্য ভাগে যাইতে ভীত হইয়াছে। ঐ মহাসাগরের তরঙ্গ পর্ব্বত তুল্য উন্নত হইলেও তাহা মহাবেগে পতিত হয় না কেননা তাহা হইলে তথায় কোন প্রকারে জাহাজ চলিতে পারিত না"।

হিন্দুরা ভূগোল নির্ণয়ে গ্রীক এবং আরবি লোকাপেক্ষাও অক্ষম ছিলেন, আপনারদের ফলপুষ্প শোভিত দেশে রাশি২ ধন সম্পত্তি থাকাতে তাহাতেই সন্তুষ্ট হইয়া সমুদ্র পারে বাণিজ্য করিতে উৎসুক হইতেন না, এবং সাহস ও যুদ্ধ

courage or military skill, they felt no thirst for foreign conquests; no Sesostris, or Alexander, or Cæsar animated them with the prospects of victory and triumph beyond the limits of their native land, or promised possessions in any country richer than their own Aryavarta. The spirit of adventure was totally unknown. Neither the merchant, nor the hero, nor yet the philosophical inquirer felt a desire of investigating the political, or physical aspects of any kingdom on the other side of the Indus, or the Brahmaputra, or of the Himalaya. The natural boundaries of Hindustan set limits also to the curiosity of the Indian mind.

Accordingly no traces can be discovered in the ancient chronicles of the Hindus of the geography or history of countries not included in India. Bhaskaracharya himself, the celebrated author of the Siddhanta Siromani, who entertained right notions of the spherical shape of our globe, and successfully combated the vulgar theory of its being a plain, fell into strange mistakes when he undertook to describe the earth's surface. Not only did he place Lanka (Ceylon) and Romakapattan (Rome) on the equator at a distance of 90 degrees from each other, but he likewise imagined two other cities, Siddhipura and Yomakoti, as the antipodes of Lanka and Romakapattan, which probably never existed except in the geographer's own fancy. He also assented, though apparently with great reluctance, to the mythological legend of the

কৌশলে বিরহিত না হইলেও বিদেশীয় রাজ্য জয় করিতে উৎসাহী হয়েন নাই, শিসস্ত্রিস অথবা আলেগজন্দর কিম্বা সিজরের ন্যায় কোন বীর তাহারদিগকে জন্মভূমির বহিস্থ দেশ দেশান্তরে গিয়া জয় পদবী বিস্তার করিতে উৎসাহ প্রদান করেন নাই, এবং আপনারদের আর্য্যাবর্ত্ত ভূমি অপেক্ষা কোন ধনাঢ্য রাজ্যের ভূমি ভোগ করিবারও প্রত্যাশা দেন নাই ফলতঃ পৃথিবী দর্শন অথবা কোন দুঃসাধ্য সাধনে হিন্দুরদের যত্ন মাত্র ছিল না। ধনাকাঙ্ক্ষি বণিক্ কিম্বা জয়াকাঙ্ক্ষি শূর বীর অথবা বিদ্যাকাঙ্ক্ষি পণ্ডিত কেহই সিন্ধু নদীর পশ্চিম কিম্বা ব্রহ্মপুত্রের পূর্ব্ব অথবা হিমালয়ের উত্তরে কোন দেশের রাজনীতি অথবা নগর ভূম্যাদির বিষয় জানিতে বাসনা করেন নাই ভারতবর্ষের সীমাতেই তাহারদের পদার্থ বোধেচ্ছার সীমা হইয়াছিল।

অতএব হিন্দুরদের পুরাণ গ্রন্থে ভারতবর্ষের বহির্ভূত কোন দেশ সম্বন্ধীয় ইতিহাস অথবা ভূগোল বৃত্তান্তের প্রসঙ্গ মাত্র নাই সিদ্ধান্ত শিরোমণি রচক মহাত্মা ভাস্করাচার্য্য যিনি পৃথিবীর গোলত্ব উত্তমরূপে উপপন্ন করিয়া ধরাতলের সমভূমিত্ব বিষয়ক লৌকিক ভ্রান্তি সম্পূর্ণরূপে খণ্ডন করিয়াছিলেন তিনিও ধরাতলস্থ দেশ দেশান্তর বর্ণনা কালে ঘোরতর ভ্রমকূপে পতিত হইয়াছিলেন তিনি কেবল লঙ্কা এবং রোমক পত্তন নামে দুই নগর বিষুবৎ রেখোপরি পরস্পর নবতি অংশ দূরে অবস্থিত বলিয়া কল্পনা করিয়াছিলেন এমত নহে কিন্তু সিদ্ধিপুর এবং যমকোটি নামে অন্য দুই জনপদকেও ক্রমশঃ তাহারদের বিরুদ্ধপদি রূপে বর্ণনা করিয়াছিলেন বোধ হয় সিদ্ধিপুর এবং যমকোটি আচার্য্যের অনুভব স্থল ব্যতীত বাস্তবিক কোন স্থানে স্থাপিত নাই। অপর পুরাণে যে সমকেন্দ্র বৃত্তাকার সপ্তদ্বীপ এবং মধ্যে২ লবণ দধি দুগ্ধাদি বিশিষ্ট বলয়াকৃতি সপ্ত সমুদ্রের বর্ণনা

seven concentric continents, with as many circumambient floods of various liquids intervening between them.

The poets placed Hindustan in a continent which they called the Jambu Dwipa, and supposed to be surrounded by a sea of salt. They fancied six other insular continents which they named the Plaksha, the Salmali, the Kusa, the Krauncha, the Saka, and the Pushkara; encircled respectively by six oceans, the Ikshu (juice of the Sugar cane), the Surá (wine), the Sarpi (clarified butter), the Dadhi (curds), the Dugdha (milk), and the Jala (fresh water). Some scholars have attempted to verify these continents; the Kusa is supposed to be indicative of Cush, and the Saka of northern Asia, the land of the Scythians or Sacas. The analogy in the names is not, perhaps, so far chimerical; though the fantastic description of the contents of most of the seas, and of the complete isolation of the continents from one another is a formidable obstacle to their verification consistently with the legends. The poets have, however, spoken of the seven imaginary continents and seas, and of the rivers, mountains, cities, in Plaksha and others, with the same seriousness and confidence, as of the real mountains, cities, and rivers of Hindustan; and this compound of true topography and fictitious geography is often found in the same chapter or division of a poem.

আছে তাহা আচার্য্যের মনোগত না হইয়া থাকিবেক কিন্তু তিনি তাহাও স্বীকার করিয়াছিলেন।

হিন্দুস্থান যে মহাদ্বীপোপরি স্থাপিত আছে তাহাকে কাব্যকারেরা জম্বু দ্বীপ কহেন এবং লবণ সমুদ্রে বেষ্টিত জ্ঞান করেন. তাঁহারা প্লক্ষ শাল্মলি কুশ ক্রৌঞ্চ শাক পুষ্কর নামে ঐ রূপ আরো ছয় দ্বীপের কল্পনা করিয়া ক্রমশঃ ইক্ষু সুরা সর্পি দধি দুগ্ধ জল প্রভৃতি দ্রব্যময় ছয় সাগরে বেষ্টিত জ্ঞান করেন। কোনং পণ্ডিতেরা উক্ত দ্বীপ সমূহের তথ্য সপ্রমাণ করিতে যত্ন করিয়া কহেন কুশদ্বীপ ঐ নামধারি ইথিওপিয়া দেশকে বুঝায় এবং শাক দ্বীপ শব্দে এস্যার উত্তর অঞ্চলস্থ শক অর্থাৎ সিদিয়ানদিগের ভূমিকে বুঝায়। এ প্রকার সিদ্ধান্ত নামের ঐক্য প্রযুক্ত নিতান্ত অলীক বোধ হয় না বটে কিন্তু পুরাণোক্ত সপ্তদ্বীপ পরস্পর বিচ্ছিন্ন রূপে বর্ণিত হওয়াতে এবং তৎপ্রণীত সপ্ত সাগর দধি দুগ্ধ ঘৃতাদি বিশিষ্ট বলিয়া কথিত হওয়াতে ধরাতলে এ সকলের পুরাণ বচনানুযায়ি স্থান নির্দ্দেশ করা অসম্ভব বোধ হয়। অধিকন্তু কাব্য-করেরা কল্পিত সপ্ত দ্বীপ সপ্ত সমুদ্র ও প্লক্ষাদি দুর্গম দ্বীপস্থ অদৃষ্ট পর্ব্বত নদী জনপদাদির বিষয় ভারতবর্ষস্থ দৃষ্ট শৈল সরিৎ নগরাদির ন্যায় সাহস পূর্ব্বক বর্ণনা করিয়াছেন কোনং স্থলে এক অধ্যায়ের মধ্যেই ঐরূপ যথার্থ দেশ বর্ণনা এবং অলীক দ্বীপ বর্ণনা পরস্পর মিশ্রিত দেখা যায়।

But though the ancient Greeks and the Romans, and still more the Hindus, failed to explore the surface of our globe, modern researches have since been crowned with the most brilliant success. The invention of the Compass opened a way for unrestricted navigation on the boundless ocean; and kindled a spirit of enterprize in Europe, which led to the actual circumnavigation of the earth, and brought to light vast tracts of land and new races of men theretofore unknown. Already were the nations of the West possessed with fascinating ideas of the wealth of India, and longed to discover a way to that land of gold and plenty, at once short and convenient. The invention of the compass added fuel to the flame and emboldened them to realize their long cherished hopes.

At length arose Christopher Columbus, a man to whom a large and beautiful world, by him introduced to the notice of civilized Europe, is, (notwithstanding the sufferings of its aboriginal nations from the cruelty of rapacious colonists), indebted for the splendid empires spread over its surface, and for the development of its best resources. From the spherical shape of the globe, he concluded, like Aristotle and Seneca, that the ocean which bounded the western coasts of Europe, must likewise wash the eastern shores of Asia, and that the most direct and convenient way to India must necessarily lie across the Atlantic. He accordingly set sail

কিন্তু প্রাচীন গ্রীক এবং রোমানেরা বিশেষতঃ হিন্দ লোকেরা ধরাতলের দেশ দেশান্তর প্রকাশ করিতে অক্ষম হই-লেও আধুনিক বিদ্যার্থিরা তদ্বিষয়ে যত্ন করিয়া উত্তমরূপে কৃতকার্য্য হইয়াছেন। কম্পাস যন্ত্রের সৃষ্টি হওয়াতে অগাধ সমুদ্রেও নাবিকতা কার্য্য সহজ হইয়া উঠিল এবং ঐ কার্য্যে ইউরোপস্থ লোকেরদের ঔৎসুক্য বৃদ্ধি হওয়াতে কএক জন দৃঢ়-প্রতিজ্ঞ নাবিক জাহাজ যোগে মহীমণ্ডল প্রদক্ষিণ করিলেন তাহাতে ভূরি২ অদৃষ্ট জনপদ এবং নূতন২ জাতি প্রকাশিত হইল। তৎকালে ইউরোপীয় লোকেরা ভারতবর্ষের ধন সম্পত্তির কথা শ্রবণে মোহিত হইয়া রজত কাঞ্চন এবং অন্যান্য দ্রব্য সামগ্রীতে পরিপূর্ণ ঐ দেশে স্বচ্ছন্দে শীঘ্র গমন করিবার পথ অবগত হইবার নিমিত্তে অস্থির হইয়াছিল পরে কম্পাস যন্ত্রের সৃষ্টি হওয়াতে তাহারদের ঐ বাসনা আরো প্রবল হইয়া উঠিল তাহাতে তাহারা বহু কালের আশা লতা ফলবতী করণার্থে সাহস করিতে লাগিল।

অবশেষে স্পেন দেশে ক্রিষ্টফর কলম্বস নামে এক মহাত্মার উদয় হইলে তাঁহার দ্বারা এক সুশোভিত বৃহৎ দ্বীপ ইউরো-পীয় সভ্য জনগণের জ্ঞান গোচর হইল তথায় এক্ষণে বৃহৎ২ রাজ্য স্থাপিত হইয়াছে সুতরাং সেখানকার পূর্ব্বতন বসতিরা বিদেশীয় নূতন২ নির্দ্দয় চিত্ত এবং আত্মম্ভরি লোকের আগ-মনে অনেক যন্ত্রণাগ্রস্ত হইলেও দ্বীপের ধন সম্পত্তি বৃদ্ধি হও-য়াতে কলম্বস হইতে তথাকার মহোপকার হইয়াছে। তিনি পৃথিবীর গোলত্ব বিবেচনা করিয়া আরিস্ততিল এবং সেনেকার ন্যায় অনুমান করিয়াছিলেন যে ইউ-রোপের পশ্চিম কূলস্থ সাগর এস্যার পূর্ব্ব কূলেরও সন্নিহিত হইবেক সুতরাং ভারতবর্ষে স্বচ্ছন্দে যাইতে বাঞ্ছা করিলে আটলাণ্টিক সাগর দিয়াই যাত্রা করিতে হয় অতএব আপনি পূর্ব্ব খণ্ডে ধন সম্পত্তি লাভ করিবার আশায় নূতন পথ

from Spain in the hope of discovering a new road to the riches of the East, and though he did not gain the fertile shores of China or India, he conferred a boon still nobler on the human species, by adding a new and a vast world, till then unknown, to the scope of our knowledge. Thus was America discovered—a continent, which has lost and profited so remarkably from European adventure, and witnessed with equal wonder both the cruelty and selfishness, and the energy and activity of its new colonists.

Not long after Columbus, the vast ocean intervening between America and Asia was explored, and the earth itself circumnavigated by Magellan and other enterprising navigators, whose voyages of discovery have performed the most signal services to the science of geography. Indeed, with the exception of the inaccessible seas in the immediate vicinity of the poles, the whole surface of the globe may now be considered as entirely traversed; so that a child may form a sketch of the superficial divisions of our planet, and depict, without great difficulty, the mountains cities, seas, and rivers which it contains.

It is remarkable that though the Hindus made no great progress in geographical investigation, nor exhibited much curiosity on the subject beyond their own country; mankind is, nevertheless, largely indebted to the natural wealth of Hindustan for the present full knowledge of the earth's surface. It was the riches

প্রকাশ করণার্থ স্পেন দেশে জাহাজারোহণ করিয়া যাত্রা করিলেন তাহাতে যদিও চীন অথবা ভারতবর্ষের উর্ব্বর ক্ষেত্রে উপনীত হইতে না পারুন তথাচ পূর্ব্বে অবিদিত এমত এক নূতন মহাদ্বীপ অর্থাৎ আমেরিকা প্রকাশ করিয়া মনুষ্যবর্গের মহোপকার করিয়াছেন। বস্তুতঃ কলম্বস হইতে আমেরিকার উদ্দেশ পাওয়া যায় পরে ইউরোপীয় লোকেরা তথায় বসতি করিলে ঐ মহাদ্বীপের আশ্চর্য্য উপকার এবং অপকার হইল কেননা ইউরোপীয় লোকদিগের নৈপুণ্য ও কর্ম্ম ক্ষমতা তথায় যাদৃশ জাজ্বল্যমান হয় নিষ্ঠুরতা ও আত্মম্ভরিতাও তাদৃশ বিস্ময়জনক হইয়াছিল।

কলম্বসের পর কিয়ৎকাল গত হইলে মাগেলন প্রভৃতি মহোদ্যোগী নাবিকেরা সাহস পূর্ব্বক জলপথে যাত্রা করত আমেরিকা এবং এস্যার মধ্য স্থিত মহাসাগরের পার দর্শন এবং অবনি মণ্ডল বেষ্টন করিয়াছিলেন তাঁহারা নূতন২ দ্বীপ দ্বীপান্তরে গমন করাতে ভগোল শাস্ত্রের মহোন্নতি হইয়াছে তদ্দ্বারা সুমেরু ও কুমেরুর অব্যবহিত নিকটস্থ অগম্য সাগর ব্যতিরিক্ত অখিল ধরাতল মনুষ্য লোকের দৃষ্টিগোচর হইয়াছে, সুতরাং সম্প্রতি বালকেরাও মহীতলের সমুদয় অংশ বর্ণনা করত অক্লেশে তত্রত্য শৈল জনপদ সমুদ্র নদ নদীর চিত্রিত পট প্রস্তুত করিতে পারে।

এস্থলে আশ্চর্য্যের বিষয় এই যে প্রাচীন হিন্দুরা ভূগোল বিদ্যায় অধিক ব্যুৎপন্ন না হইলেও এবং স্বদেশ ব্যতীত কোন স্থলের বর্ণনায় পারদর্শী হইতে যত্ন না করিলেও ইহাদের দেশীয় ভূমির স্বাভাবিক ধন সম্পত্তি হেতুক লোক সমাজে ভূগোল বিদ্যার সম্পূর্ণ উন্নতি হইয়াছে কেননা পূর্ব্বাঞ্চলের প্রচুর অর্থ লাভ করিবার লোভেই কল-

of the East which stimulated the first great adventure across the waters of the Atlantic. Columbus proposed no other object to his enteprising mind than to open a new and direct road to the fruitful plains of India, when he undertook his memorable voyage, and braved the perils of an unexplored sea. He congratulated himself at the close of his labours, not on the discovery of a new Continent, but on that of a direct line of communication, as he believed it, between the western and eastern shores of the Old World. And it was his success which encouraged subsequent navigators to emulate his glory by engaging in similar adventures. Perhaps, it may not be too much to remark, that had not the hope of participating in the riches of India animated the nations of Europe, in the first instance, with the spirit of enterprize, the Atlantic might still have continued unexplored, and the Pacific unheard of. It is likewise a curious fact, that the name Indian, originally applied by Columbus, to the natives of the lands he discovered, afterwards became a common designation for the aboriginal inhabitants, not only of America, but also of numerous isles on the Pacific.

DEFINITIONS OF TERMS.

The main divisions of the surface of the earth are *land* and *water*.

In consequence of the different appearances, which land and water assume in different positions, geographers

ম্বস প্রথমতঃ আট্‌লান্টিক মহাসাগর পার হইতে যত্ন করেন, যখন তিনি জাহাজ যোগে সাহস পূর্ব্বক ঐ অদৃষ্ট সমুদ্রের তরঙ্গোপরি যাত্রা করিতে প্রবৃত্ত হয়েন তখন তাঁহার এই মাত্র সঙ্কল্প ছিল যে ভারতবর্ষের উর্ব্বর ক্ষেত্রে উপনীত হই-বার এক সহজ পথ প্রকাশ করিবেন পরে যখন উক্ত সমু-দ্রের পার দর্শন করিয়া পরিশ্রম সফল জ্ঞান করিয়াছিলেন তখন এক নূতন মহাদ্বীপ প্রাপ্ত হইয়াছেন ইহা না জানিয়া কেবল পুরাতন দ্বীপের পূর্ব্ব পশ্চিম তটে যাতায়াত করিবার নূতন পথ প্রকাশ হইল এই ভাবিয়া আপনাকে কৃতার্থ বোধ করিয়াছিলেন। অনন্তর অন্যান্য নাবিকেরা তাঁহার যত্ন সফল দেখিয়া তাঁহার সদৃশ যশোভাজন হইবার বাসনায় ঐরূপ কষ্ট সাধ্য চেষ্টায় প্রবৃত্ত হয়। ইউরোপীয় লোকেরা যদি আদৌ ভারতবর্ষের অর্থ লাভ করিবার লোভ প্রযুক্ত দুঃসাধ্য সাধনে উৎসুক না হইতেন তবে আট্‌লান্টিক সাগ-রের পার দর্শন অথবা পাসেফিক সাগরের উদ্দেশ কখনই হইত না, বোধ হয় এবচনে কেহ অত্যুক্তি দোষারোপ করিতে পারিবেন না। অপর এক চমৎকারের ব্যাপার এই যে কলম্বস ভারতবর্ষ প্রাপ্ত হইয়াছেন বোধ করিয়া নিজ প্রকাশিত দেশের বসতিগণকে "ইণ্ডিয়ন" অর্থাৎ ভারতবর্ষীয় এই নাম দিয়া-ছিলেন সেই আখ্যা পরে আমেরিকার এবং পাসেফিক সমুদ্রস্থ ভূরি২ উপদ্বীপের লোকদিগের সামান্য উপাধি হইয়া উঠিল।

অথ পরিভাষা।

ধরাতল জল এবং স্থল এই দুই প্রধান ভাগে বিভক্ত।

দেশবিশেষে জল স্থলের ভিন্ন২ আকৃতি হইয়া থাকে একারণ ভূগোলবেত্তারা ঐ বিবিধ আকারের বৈলক্ষণ্য ব্যক্ত

make use of a number of technical terms in order to designate their various forms, which it is necessary to understand for a clear knowledge of geography.

A large and continuous tract of land spread over a great portion of the earth's surface, and inhabited by various races and containing various kingdoms, is called a *continent*. There are two tracts in the world (unless Australia be considered a third continent,) answering to this description—one called the Old or Eastern continent, the other the New or Western continent.

An *island* is a portion of land entirely surrounded by water; as Ceylon, Sumatra, Borneo, Great Britain, Ireland, Jamaica, &c.

A number of islands at short distances from each other is called a *group;* as the Maldives, Laccadives, the Philippines, the Canaries, &c.

A great number of islands or of groups of islands situated near each other is called an *Archipelago;* as the Eastern Archipelago, the Grecian Archipelago, &c. The sea or part of a sea which contains such islands is also designated by the same name.

A *peninsula* is a portion of land almost surrounded by water; as the peninsulas of Malaya, Corea Kamschatka, &c.

An *isthmus* is a narrow neck of land joining a peninsula to a continent, or any two large portions of land to each other; as the isthmus of Suez which joins

করণার্থ কএক পারিভাষিক শব্দ ব্যবহার করেন, ভূগোল বৃত্তান্ত স্পষ্ট রূপে হৃদয়ঙ্গম করিতে হইলে ঐ সকল শব্দের তাৎপর্য্য গ্রহের প্রয়োজন হয় ।

কোন বৃহৎ ভূমি খণ্ড অবিচ্ছিন্ন রূপে বহুল পরিমাণে ধরাতলে ব্যাপ্ত হইয়া নানা রাজ্য ও নানা জাতীয় মনুষ্য ধারণ করিলে তাহাকে দ্বীপ কহা যায়। যদি আস্ত্রেলিয়া দেশ দ্বীপবাচ্য না হয় তবে পৃথিবীর মধ্যে ঐ রূপ কেবল দুই খণ্ড ভূমি আছে, এক খণ্ডের নাম পুরাতন অথবা পূর্ব্ব দ্বীপ, অন্য খণ্ডের নাম নূতন অথবা পশ্চিম দ্বীপ।

কোন ভূমি খণ্ড সম্পূর্ণ রূপে জল বেষ্টিত থাকিলে তাহাকে উপদ্বীপ কহা যায়। যথা, লঙ্কা, সুমাত্রা, বর্ণিও, মহাবিট্রেন, আয়র্লণ্ড. জেমেকা ইত্যাদি।

কএক উপদ্বীপ পরস্পরের সন্নিহিত থাকিলে তাহারদিগকে দ্বীপস্তবক অথবা দ্বীপসমূহ কহা যায়। যথা, মালদিব, লাকেদিব, ফিলিপাইন, কেনেরি ইত্যাদি।

বহু সংখ্যক উপদ্বীপ অথবা উপদ্বীপস্তবক পরস্পরের সন্নিহিত থাকিলে তাহারদিগকে আর্কিপিলেগো অর্থাৎ দ্বীপমালা কহা যায়। যথা পূর্ব্ব দ্বীপমালা, গ্রীক দ্বীপমালা ইত্যাদি। যে সমুদ্র অথবা সমুদ্রের অংশে ঐ প্রকার উপদ্বীপ থাকে তাহাও ঐ নামে ব্যক্ত হয়।

কোন ভূমিখণ্ড জল দ্বারা প্রায় বেষ্টিত হইলে তাহাকে প্রায়দ্বীপ কহা যায়। যথা মলয়া, কোরিয়া এবং কামস্কাটকা প্রায়দ্বীপ ইত্যাদি।

যে সঙ্কীর্ণ ভূমি দ্বারা প্রায়দ্বীপ ও মহাদ্বীপের মধ্যে পরস্পর সংযোগ হয় তাহাকে সংযোগ ভূমি কহা যায়। যথা সুএজ সংযোগ ভূমি, তদ্দ্বারা আফ্রিকা এবং এস্যা পরস্পর সংযুক্ত।

Asia and Africa, the isthmus of Kraw which connects Malaya with the main land of Asia.

A *promontory* is a range of high land projecting into thes ea.

A *cape* is the extremity of a promontory or a peninlsua; as Cape Comorin, the Cape of Good Hope, Cape Horn, &c.

A *mountain* is an eminence on the surface of the earth considerably higher than the surrounding plains; as the Himalya, the Vindhya, the Nilgiri.

A *Hill* is a small mountain.

A *volcano* is a mountain which occasionally emits fire, stones, and a liquid matter called *lava*. Mount Vesuvius in Naples, Ætna in Sicily, and a few others are of this description.

A *pass* or *defile* is a narrow passage over a mountain, or hill, or between two mountains.

A *valley vale* or *dale* signifies low land between mountains or hills.

The top of a mountain is called its *peak* or summit.

A tract of land on an eminence is called *table* land.

When a side of a mountain is perpendicular, or nearly so, it is called a *precipice*.

A *marsh, morass, Bog or Fen* is a tract of low swampy ground.

The large body of water which covers the greater part of the earth's surface is called the *Ocean*, and is

ক্রো সংযোগ ভূমি, তদ্দ্বারা মলয়া এস্যা খণ্ডের সহিত সংযুক্ত।

কোন উন্নত ভূমি সমুদ্র পর্য্যন্ত বিস্তীর্ণ হইলে তাহাকে অধিত্যকা কহা যায়।

অধিত্যকা অথবা প্রায় দ্বীপের অগ্র তটকে অন্তরীপ কহা যায়।

ধরাতলের কোন অংশ চতুর্দ্দিকস্থ স্থল হইতে অতিশয় উচ্চ হইলে তাহাকে পর্ব্বত কহা যায়। যথা হিমালয়, বিন্ধ্য, নীলগিরি ইত্যাদি।

ক্ষুদ্র পর্ব্বতের নাম উপপর্ব্বত।

কোন পর্ব্বত হইতে অগ্নি অথবা প্রস্তর কিম্বা লাবা নামে বিশেষ দ্রব দ্রব্য নির্গত হইলে তাহাকে আগ্নেয় পর্ব্বত কহে। নেপল্‌স দেশীয় বিস্যুবিয়স, সিসিলি দেশীয় এটনা প্রভৃতি কএকটা ঐরূপ পর্ব্বত আছে।

পর্ব্বতের উপরে অথবা দুই পর্ব্বতের মধ্য স্থলে সঙ্কীর্ণ পথ থাকিলে তাহাকে শৈল বর্ত্ম কহা যায়।

পর্ব্বত কিম্বা উপপর্ব্বতের সন্নিহিত নিম্ন ভূমিকে উপত্যকা কহা যায়।

পর্ব্বতের শিখরের নাম শৃঙ্গ অথবা কূট।

শৈলোপরিস্থ ভূমিকে প্রস্থ কহা যায়।

পর্ব্বতের নিতম্ব লম্বভাবে অথবা তৎসাদৃশ্যে থাকিলে তাহাকে অতট কিম্বা ভৃগু কহা যায়।

নিম্ন আর্দ্র ভূমিকে জলা কহা যায়।

পৃথিবীতলের অধিকাংশ যে জল রাশিতে মগ্ন তাহাকে সাগর কহা যায়। এই সাগর পঞ্চবিধ যথা ভারতবর্ষীয়, আট-

considered under five divisions; viz. the Indian, the Atlantic, the Pacific, the Northern, and the Southern. The waters of the ocean are all saltish.

A *sea* is a portion of water smaller than an ocean and almost enclosed by land; as the Red Sea, the Mediterranean Sea, &c. The word sea is sometimes also applied collectively to the ocean.

The *gulph* is an arm of the sea extending more or less into the land; the Persian gulph, the gulph of Venice.

A *bay* is a part of the sea running into land wider than a gulph; as the Bay of Bengal.

A *Harbour* or *haven* is a small gulph nearly surrounded by land, and affording shelter for shipping.

A *road* is a part of the sea where ships may remain in safety, as the Madras roads.

A *strait* is a narrow passage of water joining one sea to another, as the straits of Malacca, the straits of Sunda, &c.

A *channel* is a wide passage of water connecting one sea with another; as the British channel.

A *lake* is a portion of water, either salt or fresh, entirely surrounded by land, as Manasarovara in Tibet.

A *river* is a large stream of inland water rising among mountains and flowing into a sea, a lake, or a large river; as the Ganges, the Jumna, the Thames, &c.

লাণ্টিক, পাসিফিক, এবং উত্তর ও দক্ষিণ সাগর। সাগর মাত্রেই লবণাম্বু।

উক্ত সাগর হইতে ক্ষুদ্রতর জলধি প্রায় সম্পূর্ণরূপে স্থলেতে বেষ্টিত হইলে তাহাকে উপসাগর অথবা সমুদ্র কহা যায়। যথা লাল সমুদ্র, মেদিতরেনিন সমুদ্র ইত্যাদি। সমুদ্র শব্দে কখন২ সমষ্টিভাবে অখিল সাগরকে বুঝায়।

সমুদ্রের কোন অংশ স্থলমধ্যে কিয়দ্দূর পর্য্যন্ত বাহুর ন্যায় প্রবেশ করিলে তাহাকে সিন্ধুশাখা কহা যায়। যথা পারস্য সিন্ধুশাখা, বিনিস নগরীয় সিন্ধুশাখা।

সমুদ্রের কোন অংশ সিন্ধুশাখা অপেক্ষা অধিক বিস্তৃত মুখ হইয়া স্থলমধ্যে প্রবেশ করিলে তাহাকে অখাত কহা যায়। যথা বঙ্গীয় অখাত।

ক্ষুদ্র সিন্ধুশাখা প্রায় চতুর্দ্দিকে ভূমিতে বেষ্টিত হইয়া জাহাজের আশ্রয়স্থান হইলে তাহাকে কোল অথবা বন্দর কহে।

সমুদ্রের যে অংশে জাহাজ নির্ভয়ে থাকিতে পারে তাহাকে সিন্ধুবর্ত্ম কহে। যথা মান্দ্রাজের সিন্ধুবর্ত্ম।

দুই সমুদ্রের সংযোজক জলপথকে মোহানা কহে। যথা মালাকার মোহানা, সণ্ডার মোহানা ইত্যাদি।

দুই সমুদ্রের সংযোজক জলপথ মোহানা অপেক্ষা বিস্তৃত হইলে তাহাকে সুঁতি কহে। যথা ব্রিটন দেশীয় সুঁতি।

লবণাম্বু অথবা স্বাভাবিক জলরাশি স্থল দ্বারা সম্পূর্ণ রূপে বেষ্টিত হইলে তাহাকে হ্রদ কিম্বা সরোবর কহে। যথা তিবেত দেশীয় মানস সরোবর।

কোন সুদীর্ঘ জল প্রবাহ পর্ব্বত হইতে নির্গমনানন্তর দূর বাহি হইয়া সমুদ্রে অথবা হ্রদে কিম্বা বৃহৎ স্রোতস্বতীতে পতিত হইলে তাহাকে নদী কহে। যথা গঙ্গা, যমুনা টেমস।

"The part of a river where it rises is called its *source*; the hollow in which it flows is called its *channel or bed*. The *mouth* of the river is its junction with the sea; the direction in which it runs is called its *course*. Streams of water flowing into a large river are called its *tributary* streams; thus the Goomty is a tributary of the Ganges. When a river is divided into two or more channels, those channels are called its *branches*."

When the mouths of a river are numerous, the country through which its branches flow is called a *Delta*, from its assuming a triangular form or the shape of the Greek letter Δ Delta; as the Delta of the Ganges, the Delta of the Nile.

A *rivulet*, *Brook*, or *Nullah* is a small river; as Tully's Nullah.

A *canal* is an artificial narrow channel of water.

The junction of two rivers is called their *confluence*; the widening of a river, on its approach to the sea, is called an *Estuary* or *Frith*.

The *equator* is an imaginary line encompassing the globe, east and west, and dividing it into two equal parts. These parts are called the *northern* and *southern* Hemispheres. Hindustan is situated in the northern Hemisphere.

The distance of any place from the equator is called its *latitude*, and is reckoned either north or south. Latitude is measured by degrees and minutes. A

নদীর উৎপত্তি স্থলকে নির্গম কহা যায়। নদী প্রবাহের আধারকে তাহার তল কহে। নদীর সমুদ্রে পতন স্থানকে তাহার সঙ্গম কহা যায়। নদী যে দিকে বহে তাহাকে নদী পথ কহে। কোন স্রোতস্বতী বৃহৎ নদীতে পতিত হইলে তাহাকে ঐ নদীর উপকারিণী কহাযায়। যথা গোমতী গঙ্গার উপকারিণী। অপর কোন নদী অনেক প্রবাহে বিভক্ত হইলে সেই প্রবাহ সমূহকে নদী শাখা কহা যায়।

কোন নদী বহুমুখী হইলে তাহার শাখা যে২ দেশ দিয়া বহনশীলা হয় তাহাকে " দেল্‌তা " কহে, কেননা তাহা ত্রিভুজাকৃতি হইয়া ∆ দেলতা নামক গ্রীক অক্ষরের রূপ ধারণ করে। যথা গঙ্গার দেলতা, নীল নদীর দেল্‌তা।

ক্ষুদ্র স্রোতস্বতীর নাম নালা। যথা টালির নালা অর্থাৎ আদ্য গঙ্গা।

সঙ্কীর্ণ কৃত্রিম স্রোতস্বতীর নাম প্রণালী অথবা খাল।

দুই নদী একত্র সংযুক্ত হইলে তাহারদের সংযোগ স্থানকে সঙ্গম কহে। সমুদ্র সন্নিধানে নদীর বিস্তারকে তাহার মুখ বলা যায়।

ভূগোলের পরিবেষ্টক পূর্ব্ব পশ্চিম কল্পিত রেখা যদ্দ্বারা ভূমণ্ডল দুই সমান খণ্ডে বিভক্ত হয় তাহার নাম বিষুব রেখা, আর ঐ দুই খণ্ডের নাম উত্তর এবং দক্ষিণ গোলার্দ্ধ। হিন্দু স্থান উত্তর গোলার্দ্ধের মধ্যে স্থাপিত।

বিষুব রেখা হইতে ভূতলস্থ কোন দেশের দূরতার নাম অক্ষ, তাহা উত্তর অথবা দক্ষিণ বলিয়া গণ্য, এবং অংশ কলাতে তাহার পরিমাণ করা যায়। সুমেরু অথবা কুমেরু

degree is a 90th part of the distance of the equator from each pole; and is divided into sixty minutes. The latitude is marked in maps on the sides; the lines drawn across right and left are called *parallels of latitude.*

The axis of the earth is an imaginary wire or line passing north and south through its centre on which it turns. The extremities of the axis are called *poles.*

The *meridian* of a place is an imaginary line passing over it, north and south, from pole to pole.

The distance of one place, east or west, from the meridian of another place is called its *longitude.* British geographers reckon longitude from the meridian of Greenwich, which they call the *first* meridian. We shall adopt the same calculation here; when we speak of the longitude of a place we are to be understood to mean its distance from the meridian of Greenwich. Longitude is measured like latitude by degrees and minutes, and is marked in maps on the top and bottom.

As the annual revolution of the Earth round the sun make this luminary seemingly to *decline,* north and south of the equator, throughout the year, the imaginary circles which denote the extreme limits of his apparent path are called *tropics;* the northern is called the *tropic of Cancer,* the southern the *tropic of Capricorn.* The tropics are both parallel to the equator and are each 23° 28′ distant from it.

হইতে বিষুব রেখার যে দূরতা তাহার নবতিতম ভাগকে অংশ কহা যায়, প্রত্যেক অংশ ষষ্টি কলাতে বিভক্ত। দেশ দেশান্তরের চিত্রিত পটের দুই পার্শ্বে অক্ষাংশ সংখ্যা চিহ্নিত থাকে। চিত্রিত পটের মধ্যে যেং রেখা দুই পার্শ্ব ব্যাপিয়া অঙ্কিত হয় তাহারদের নাম সমানান্তরাল অক্ষ বৃত্ত।

যে তার অথবা যষ্টিস্বরূপ রেখা সুমেরু অবধি কুমেরু পর্য্যন্ত ভূমি মণ্ডলের কেন্দ্র দিয়া উত্তর দক্ষিণ দিকে কল্পিত হয় তাহার নাম ধ্রুবযষ্টি অথবা ধ্রুব ব্যাস, তাহারই উপর পৃথিবী মণ্ডলের প্রাত্যহিক আবৃত্তি হইয়া থাকে। ঐ ব্যাসের দুই অগ্র ভাগকে মেরু অথবা ধ্রুব কহা যায়।

যে রেখা কোন স্থানের উপর দিয়া সুমেরু অবধি কুমেরু পর্য্যন্ত উত্তর দক্ষিণে কল্পিত হয় তাহার নাম তথাকার যাম্যোত্তর রেখা।

এক দেশের যাম্যোত্তর রেখা হইতে পূর্ব্ব অথবা পশ্চিমে অন্য দেশের দূরতাকে তাহার দেশান্তর কহা যায়। ইংরাজ ভূগোল বেত্তারা গ্রিনিচ নামক নগরের যাম্যোত্তর রেখাকে মূল যাম্যোত্তর রেখা কহেন এবং তথা হইতে দেশান্তর গণনা করেন আমরাও এস্থলে তাঁহারদের নিয়মানুযায়ি গণনা করিব। আমরা কোন স্থানের দেশান্তরের প্রসঙ্গ করিলে পাঠকবর্গ যেন বোধ করেন যে গ্রিনিচ নগরস্থ যাম্যোত্তর রেখা হইতে তাহার দূরতা ব্যক্ত করা অভিপ্রেত হইয়াছে। দেশান্তর গণনাও অক্ষের ন্যায় অংশ কলা পরিমাণে করা যায় এবং চিত্রিত পটের ঊর্দ্ধ এবং নিম্ন ভাগে চিহ্নিত হয়।

মহীমণ্ডল বৎসরেং সূর্য্যমণ্ডলকে প্রদক্ষিণ করিয়া পরিভ্রমণ করে তাহাতে বোধ হয় যে দিবাকর ক্রমশঃ বিষুবৎ রেখার উত্তর দক্ষিণে গমন করেন অতএব যে দুই কল্পিত

The same cause which makes the sun seemingly to decline from the equator, gives rise occasionally to the phenomena of continual days and continual nights in the vicinity of the poles. The imaginary lines which mark the farthest distance from the poles where such phenomena are visible, are called *polar* circles; the northern is called the *arctic* circle, the Southern the *antarctic* circle. The polar circles are parallel to the equator, and are respectively 23° 28′ distant from the Poles.

The surface of the earth is divided into five *zones*; viz. the *torrid* zone, the *north* and *south temperate* zones, and the *north* and *south frigid* zones.

Those places on the surface of the globe which are included between the tropics, that is to say, those which may have the sun vertical over them twice in the year; are said to lie in the torrid zone. Those which are between either of the tropics and of the polar circles are said to be situated in the temperate zones; their inhabitants can never see the sun vertical over them, and they always find him either northward or southward. Those places again which are between the polar circles and the poles are said to lie in the *frigid* zones. The inhabitants of the frigid zones, when they have continual days, see the sun in all directions. This luminary appears to them on such occasions to describe

বৃত্তেতে তাহার উত্তর দক্ষিণায়নের সীমা ব্যক্ত হয় তাহার-দিগকে অয়নসন্ধি কহে। উত্তর বৃত্তকে কর্কট রাশীয় অয়ন সন্ধি এবং দক্ষিণ বৃত্তকে মকর রাশীয় অয়নসন্ধি কহা যায়। ঐ দুই অয়ন সন্ধি বিষুব রেখার সমানান্তরাল বৃত্ত এবং প্রত্যেকে তথা হইতে ২৩ অংশ ২৮ কলা দূরে স্থাপিত।

যে কারণ প্রযুক্ত দিবাকরের উত্তর দক্ষিণায়ন বোধ হইয়া থাকে সেই কারণেই কখন২ সুমেরু এবং কুমেরুর সন্নিহিত দেশে অবিশ্রান্ত দিন এবং অবিশ্রান্ত রাত্রি হইয়া থাকে। মেরুর যত দূর পর্য্যন্ত ঐ রূপ অবিচ্ছিন্ন দিবারাত্রি দৃষ্ট হয় তাহার সীমা স্বরূপ কল্পিত রেখাকে মেরু বৃত্ত কহা যায়, উত্তর বৃত্ত সৌমেরব ও দক্ষিণ বৃত্ত কৌমেরব। ঐ দুই বৃত্ত বিষুব রেখার সমানান্তরাল এবং প্রত্যেকে মেরু হইতে ২৩ অংশ ২৮ কলা দূরে স্থাপিত।

পৃথিবীতল মেখল নামে প্রসিদ্ধ পঞ্চ অংশে বিভক্ত। যথা-উষ্ণ মেখল, উত্তর এবং দক্ষিণ অনুষ্ণাশীত মেখল, এবং উত্তর ও দক্ষিণ হিম মেখল।

পৃথিবী তলের যে২ দেশ দুই অয়নসন্ধি বৃত্তের মধ্যস্থলে স্থাপিত অর্থাৎ বৎসরের মধ্যে২ দুইবার যে২ দেশে দিবাকরের তেজঃ যথার্থ লম্বভাবে পতিত হয় সেই সকল দেশ উষ্ণ মেখলের মধ্যে গণ্য। যে২ দেশ অয়নসন্ধি বৃত্ত এবং মেরু বৃত্তের মধ্যস্থিত সে সকল অনুষ্ণাশীত মেখলের মধ্যে গণ্য, তথায় দিবাকরের তেজ কখন লম্বভাবে পতিত হয় না তত্রত্য লোকেরা সূর্য্য মণ্ডলকে সর্ব্বদা উত্তর অথবা দক্ষিণ দিকস্থ দেখিতে পায়। অপর যে২ দেশ মেরুবৃত্ত এবং মেরুর মধ্য-স্থলে স্থাপিত সে সকল হিমবৃত্তের মধ্যে গণ্য, হিমবৃত্তে যৎকালে কতিপয় সপ্তাহ অথবা মাস ব্যাপিয়া অবিরত দিন থাকে তৎকালে সূর্য্যমণ্ডল চতুর্দ্দিক্কেই প্রকাশ হয় তখন সে দেশে বোধ হয় যে দিবাকর যষ্টিদণ্ডের মধ্যে আকাশ

a circle almost parallel to the horizon every twenty-four hours.

A GENERAL VIEW OF THE GLOBE.

There are, as it has been already mentioned, two great continents in the world, viz. the old or Eastern, and the New or Western. The old continent is divided into three parts, Europe, Asia, and Africa, and is that in which Hindustan is situated; the New Continent comprises America which is the fourth quarter of the globe. The old continent has from the earliest times been the seat of learning and civilization. It was inhabited in the days of yore by the scholars and heroes of India, China, Egypt, Greece, Rome; and it is still distinguished by the literature, science, and civilization of modern Europe.

Hindustan is situated in a corner of the great Eastern continent. There is no other land connected with it to the south of Hindustan; the sea that washes Cape Comorin extends as far as the South pole itself. Cape Comorin is not, however, the most southern point of the whole continent. In Africa it stretches much farther in that direction in the form of a peninsula, and the Cape of Good Hope is there its utmost extremity.

Taking a view of the whole continent from Hindustan, we find that the extent of land is not so great eastward as it is northward and westward. Burmah and China are the only tracts eastward of the

মণ্ডল ব্যাপিয়া প্রায় ক্ষিতিজের সমানান্তরাল চক্রে পরিভ্রমণ করেন।

পৃথিবী তলের সংক্ষেপ বর্ণনা।

পূর্ব্বে উক্ত হইয়াছে যে ভূমি পৃষ্ঠের উপর দুই মহা দ্বীপ আছে যথা পুরাতন অর্থাৎ পূর্ব্বদ্বীপ এবং নূতন অর্থাৎ পশ্চিম দ্বীপ। পুরাতন দ্বীপ তিন খণ্ডে বিভক্ত যথা ইউরোপ, এস্যা, আফ্রিকা; হিন্দুস্থানও তন্মধ্যে স্থাপিত। নূতন দ্বীপের নাম আমেরিকা তাহাই পৃথিবীর চতুর্থ খণ্ড। পুরাতন দ্বীপ আদ্য কালাবধি বিদ্যা এবং সভ্যতার আশ্রয় স্থল হইয়া আসিতেছে পূর্ব্বে হিন্দু চীন মিসর গ্রীক ও রোম দেশীয় শূরবীর এবং বিদ্বজ্জনগণ ঐ দ্বীপে বাস করিতেন এবং সম্প্রতিও ইউরোপীয় সভ্যতা এবং সাহিত্য ও দর্শন বিদ্যার উন্নতিতে তাহা খ্যাত্যাপন্ন হইয়াছে।

হিন্দুস্থান পূর্ব্বদিক্স্থ মহাদ্বীপের এক প্রান্তে স্থাপিত, এদেশের দক্ষিণে দ্বীপ সংক্রান্ত আর ভূমি নাই কেননা কমোরিন অন্তরীপের সন্নিহিত সাগর কুমেরু পর্য্যন্ত ব্যাপ্ত। কিন্তু সে অন্তরীপ ঐ মহা দ্বীপের সর্ব্ব দক্ষিণাগ্র নহে কেননা আফ্রিকা খণ্ডস্থ ভূমি তিন দিকে জল বেষ্টিতা হইয়া প্রায় দ্বীপাকারে দক্ষিণে অনেক দূর পর্য্যন্ত বিস্তীর্ণ আছে তাহার সর্ব্বদক্ষিণাগ্রের নাম উত্তমাশা অন্তরীপ।

হিন্দুস্থানে দণ্ডায়মান হইয়া সমুদয় পূর্ব্ব দ্বীপোপরি অবলোকন করিলে বোধ হয় যে পূর্ব্বাঞ্চলে উত্তর এবং পশ্চিম দিকের ন্যায় বিস্তৃত ভূমি নাই কেননা ব্রহ্মপুত্রের পূর্ব্বে

Brahmaputra, and they stretch as far as the ocean which washes the Eastern shores of the continent.

Northward of Hindustan, the continent contains the vast plains of Tartary, Independent and Chinese, so remarkable in history for the pastoral hordes it poured into different countries in all directions, and for the revolutions it caused in Europe by the irruption of the Goths and Huns. The Asiatic dominions of Russia, which are still more northward, extend as far as the Frozen ocean, and constitute the northern frontiers of the continent.

The vast tracts northward of Hindustan are crossed by stupendous ranges of mountains such as the Himalaya and the Altaian chains.

The extent of the continent westward of Hindustan is still larger. Contiguous to Beloochistan and Afghanistan, which are immediately bordering on the Indus, is the kingdom of Persia—the land of Zoroaster and the Magi, of Cyrus and his successors, who were at one time lords paramount in Asia and Africa. Westward of Persia again are the eastern territories of the Turkish Sultan, which, together with Arabia, the cradle of Islamism, and of Georgia, a province of Russia, extend as far as the western boundaries of Asia.

The continent does not, however, terminate with Asia. Through the extensive tracts interposing between the Black sea and the Northern Ocean, it communicates with Europe. It there presents to the traveller's

বর্ম্মা এবং চীন ব্যতীত অন্য কোন দেশ নাই, ঐ দেশ দ্বীপের পূর্ব্ব তটস্থ সাগর পর্য্যন্ত বিস্তীর্ণ।

হিন্দুস্থানের উত্তরাঞ্চলে স্বাধীন এবং চীনাধীন তাতার দেশীয় সুবিস্তীর্ণ ক্ষেত্র আছে, তথাকার গোপাল বৃত্তি প্রজা পুঞ্জ নানা দেশে গমন করিয়া বসতি করিয়াছিল এবং গথ ও হন নাম ধারণ পূর্ব্বক দল বদ্ধ হইয়া ইউরোপ খণ্ডে যাত্রা করত ঘোরতর রাজ্য বিপর্য্যয় করিয়াছিল তন্নিমিত্ত পুরাবৃত্তে তাতার রাজ্য অতিশয় বিখ্যাত হইয়াছে। তাতার দেশের উত্তরে এস্যা খণ্ডস্থ রুসিয়া রাজ্য হিম সাগর পর্য্যন্ত ব্যাপ্ত হইয়া এস্যা খণ্ডের সীমা স্বরূপ হইয়াছে।

হিন্দুস্থানের উত্তর দিক্‌স্থ সুবিস্তীর্ণ দেশে প্রকাণ্ড শৈল শ্রেণী বিস্তৃত আছে, যথা হিমালয়, আল্‌তেন শ্রেণী।

পূর্ব্ব মহাদ্বীপ হিন্দুস্থানের পশ্চিমে আরও অনেক দূর পর্য্যন্ত বিস্তীর্ণ। সিন্ধু নদীর অপর পার স্থিত বেলুচিস্থান এবং আফগানি স্থানের অব্যবহিত পরে পারস রাজ্য দেখা যায়, পূর্ব্বকালে ঐ রাজ্যে জোরোয়াস্তর এবং মেজি নামক পণ্ডিতেরা বাস করিতেন, সাইরস প্রভৃতি তথাকার প্রাচীন ভূপালেরা এক কালে এস্যা এবং আফ্রিকায় সাম্রাজ্য করিয়াছিলেন। পারস দেশের পশ্চিমে তুরুকি বাদশাহের রাজ্যের পূর্ব্বাংশ যাহা এস্যার প্রান্ত পর্য্যন্ত বিস্তীর্ণ। মোসলমান ধর্ম্মের উৎপত্তি স্থল আরবি স্থান এবং রুসিয়াধীন জর্জিয়া রাজ্যও এস্যার পশ্চিম সীমা পর্য্যন্ত ব্যাপ্ত।

কিন্তু এস্যার সীমা পুরাতন মহা দ্বীপের সীমা নহে, ব্লাক সি অর্থাৎ অসিত সমুদ্র এবং উত্তর সাগরের মধ্যস্থিত সুবিস্তীর্ণ ভূমি দ্বারা ইউরোপেরও সহিত তাহার সংযোগ আছে। কোন পথিক সেখানে গমন করিলে বিস্ময়ের সহিত দেখিতে

admiring eyes "that great cluster of energetic nations, which, spread over Europe, from the frozen Ocean to the Mediterranean, are for ever contesting with each other the palm of learning of art and civilization." The eastern traveller would, on entering Europe, find himself still in the dominions of the Czar, which extending over a half of that quarter, and covering the whole of Northern Asia are apt to impress the mind with the idea of a *monster* empire, equalling, if not exceeding, in its magnitude the wide extent of the ancient Roman World. Adjacent to the frontiers of Russia are Lapland, Prussia, Poland, Hungary, Turkey. The last mentioned is a Mahometan power—the only representative of that religion in Europe. The prevalence of the crescent in the midst of Christendom is a standing memorial of the success with which the followers of Islam propagated their faith and established their dominion in the three quarters of the Eastern Continent.

In the south of Turkey lies Greece, once the cradle of learning and civilization, and the home of the Muses. In the centre of Europe are situated the states of Germany, long noted in the republic of letters for their schools of recondite philosophy and their researches into the literature and antiquities of the East. Contiguous to Germany again are Holland, Belgium, France, and Switzerland, the first and the third celebrated for their contests with the English for

পায়েন যে "হিমসাগর অবধি মেদিতরেনিন সমুদ্র পর্য্যন্ত ইউরোপের তাবৎ দেশস্থ তেজস্বি জাতি সমূহ বিদ্যা শিল্প ও সভ্যতায় পরস্পর প্রধান ও উৎকৃষ্ট হওনার্থ চির উদ্যোগী আছে"। এস্যা খণ্ড হইতে কেহ ইউরোপে প্রবেশ করিলে দেখিতে পায়েন যে সেখানেও রুসিয়া রাজের রাজ্য বিস্তারিত আছে ফলতঃ ঐ রাজ্য ইউরোপের অর্দ্ধাংশ এবং এস্যার অখিল উত্তরাঞ্চলে ব্যাপ্ত হওয়াতে অতি প্রকাণ্ড বোধ হয় তাহার পরিমাণ ন্যূন কল্পে সুবিস্তৃত পূর্ব্বতন রোম রাজ্যের তুল্য হইবে। রুসিয়া রাজ্যের প্রান্তে লাপলণ্ড, প্রুসিয়া, পোলণ্ড হঙ্গেরি, তুরুকি প্রভৃতি দেশ স্থাপিত আছে, তুরুকি দেশ মোসলমানদিগের রাজ্য, ইউরোপ খণ্ডে তদ্ব্যতীত আর যবনাধিকৃত দেশ নাই। খ্রীষ্টীয়দিগের ভূমির মধ্যে মোসলমান ধর্ম্ম প্রবল থাকাতে নিশ্চয় জানা যাইতেছে যে মহম্মদের অনুচরেরা পুরাতন দ্বীপের সর্ব্বাংশে আপনারদের ধর্ম্ম ও রাজ্য স্থাপন করিয়া কৃতকার্য্য হইয়াছিল। তরুকি রাজ্যের দক্ষিণাংশে গ্রীশ দেশ স্থাপিত আছে তাহা এক কালে সভ্যতা এবং সাহিত্যাদি বিদ্যার আশ্রয় স্থান ছিল।

ইউরোপের মধ্যাংশে জর্ম্মণি ভূমি ব্যাপ্তা আছে ঐ ভূমিস্থ লোকেরা বহু কালাবধি নিগূঢ় তত্ত্বানুসন্ধান এবং পূর্ব্ব খণ্ডের ইতিহাস ও বিদ্যানুশীলন করত পণ্ডিত সমাজে খ্যাত্যাপন্ন হইয়াছে। জর্ম্মণির প্রান্তে হলাণ্ড, বেলজিয়ম, ফ্রান্স, এবং সুইজর্লণ্ড প্রভৃতি দেশ আছে, তাহার মধ্যে হলাণ্ড এবং ফ্রান্স দেশের লোকেরা ভারতবর্ষে প্রভুত্ব করিবার বাসনায় ইংরাজদের সহিত ঘোরতর রণ করিয়াছিল।

supremacy in the East. The peninsula of Italy, prominent in the records of history, both ancient and modern, for the influence which Rome has exercised in a political and religious point of view, extends from the foot of the Alps to the straits of Messina. Denmark of which Serampore until lately was a dependency is situated to the north of Germany. The Scandinavian peninsula, separated from Denmark by narrow inlets of the sea, and subdivided by mountains into Sweden and Norway carries the continent still further north, penetrating beyond the polar circle into the land where the summer is one continued day and the winter one continued night. Spain and Portugal on the other hand, form in the south west of Europe a remarkable peninsula, the scene of many a hard fought battle between France and England. Great Britain is not an integral part of the continent of which we are speaking, but is, nevertheless, included among the powers of Europe, being an island separated only by a narrow channel from the main land.

The eastern continent is likewise connected with Africa, by a narrow neck of land between the Mediterranean and the Red Sea. Africa, though anciently the seat of Egyptian learning and civilization, and therefore, in some respects the tutoress of Europe, scarcely exhibits any marks of human energy and activity in the present day. Egypt has, however, sustained her importance and fame by the advantage of her natural

সুইজর্লণ্ডের পর আল্পস পর্ব্বতের তল হইতে মেসিনা নামক মোহানা পর্য্যন্ত ইতালি প্রায়দ্বীপ বিস্তারিত আছে, রোমানদিগের রাজ্য বৃদ্ধি এবং ধর্ম্ম সংক্রান্ত প্রাদুর্ভাবের নিমিত্ত ঐ দেশ পুরাতন এবং আধুনিক সর্ব্ব কালীন ইতিহাসে সুপ্রসিদ্ধ হইয়াছে। অপর জর্ম্মণির উত্তরে দেন্মার্ক দেশ ব্যাপ্ত আছে কিয়দ্দিবস পূর্ব্বে অস্মদ্দেশীয় শ্রীরামপুর ঐ দেশীয় রাজার শাসনাধীন ছিল। তাহার কিঞ্চিৎ উত্তরে স্কান্দিনেবিয়া দেশীয় প্রায়দ্বীপ কএক সঙ্কীর্ণ জল পথ দ্বারা দেন্মার্ক হইতে বিভিন্ন হইয়াছে তত্রস্থ পর্ব্বত শ্রেণী দ্বারা সুইদন এবং নরওএ দুই অংশে বিভক্ত, ঐ দেশের সংযোগে সৌমেরব বৃত্তের মধ্যস্থল পর্য্যন্ত পুরাতন দ্বীপ বিস্তীর্ণ হইয়াছে সে স্থলে গ্রীষ্মকালে বিদাবসান হয় না এবং হেমন্তে রাত্রি প্রভাত হয় না। ইউরোপের দক্ষিণ পশ্চিম অংশে স্পেন এবং পোর্ত্তুগাল দেশ প্রায়দ্বীপভাবে স্থাপিত আছে সেখানে ফ্রান্স এবং ইংলণ্ড দেশীয় লোকের মধ্যে বারম্বার তুমুল সংগ্রাম হইয়াছিল। মহাব্রিটেন এক উপদ্বীপ মাত্র সুতরাং উক্ত দ্বীপের মধ্যবর্ত্তি নহে তথাচ এক সঙ্কীর্ণ সুঁতি দ্বারা তাহা হইতে বিচ্ছিন্ন হইয়া অদূরে থাকাতে ইউরোপীয় রাজ্য বলিয়া গৃহীত হয়।

পূর্ব্ব দ্বীপ মেদিতরেনিন এবং লাল সমুদ্রের মধ্যবর্ত্তি সঙ্কীর্ণ পথ দ্বারা আফ্রিকা খণ্ডেরও সহিত সংযুক্ত আছে। প্রাচীন কালে মিসর দেশীয় লোকদিগের বিদ্যা ও সভ্যতা আফ্রিকা খণ্ডে বৃদ্ধিশীল হইয়াছিল একারণ ঐ খণ্ড এক প্রকারে ইউরোপীয় বিদ্যোন্নতির হেতু ছিল কিন্তু এক্ষণে তথাকার প্রজারদের বিদ্যা ও কর্ম্মদক্ষতার কোন চিহ্ন দেখা যায় না। পরন্তু ইজিপ্ত দেশ ভারতবর্ষীয় উর্ব্বর ক্ষেত্রের প্রবেশ দ্বার স্বরূপ, এবং তথাকার পাদশা উপাধিধারি রাজ্য শাসকেরা বহুতর যত্ন করিয়া মহাবল পরাক্রান্ত হইয়াছে

position as a convenient gate to the fertile plains of the east, and by the care and assiduity with which the Pashas have consolidated their power.

Africa stretches very far to the south,—so far, indeed, that European naivgators had for a long time failed in their attempts to explore its shores, and were ignorant of the passage to India round the Cape of Good Hope.

The New continent does not present so broad a surface as the Old, but is greater in its length which runs north to south. Both extend to an equally high latitude in the North, but the southern extremity of the New stretches further than the Old. The new continent is naturally divided into two parts called North and South America. These parts become narrower as they approximate to each other, and would have become entirely isolated but for a narrow neck connecting them together, called the isthmus of Panama.

America, when discovered by navigators from the old continent, presented but faint traces of human improvement or skill. With the exception, perhaps, of Mexico and Peru, it was peopled by rude savages in the lowest state of degradation. European colonists were, however, attracted by the richness of its soil and the abundance of the precious metals to adopt it for their home. The new settlers contributed by their industry to the development of its wealth and completely changed its aspect. It became the seat of literature,

একারণ ইজিপ্ত দেশের যশঃ এবং প্রাধান্যের হ্রাস হয় নাই।

আফ্রিকা খণ্ড দক্ষিণে অনেক দূর পর্য্যন্ত বিস্তীর্ণ আছে একারণ ইউরোপীয় নাবিকেরা বহু কালাবধি তাহার দক্ষিণ সীমা নির্ণয় করিতে পারে নাই সুতরাং উত্তমাশা অন্তরীপ দিয়া ভারতবর্ষে আগমন করিবার পথও অবগত ছিল না।

নূতন দ্বীপ বিস্তারে পূর্ব্বতন দ্বীপের সদৃশ নহে কিন্তু তদপেক্ষা অধিক দীর্ঘ, তাহার দীর্ঘতা দক্ষিণোত্তরে। উভয় দ্বীপ উত্তর দিকে বহু সংখ্য অক্ষাংশ পর্য্যন্ত সমভাবে ব্যাপ্ত কিন্তু দক্ষিণ দিকে পুরাতন অপেক্ষা নূতন অধিক বিস্তীর্ণ। নূতন দ্বীপ স্বভাবতঃ উত্তর এবং দক্ষিণ আমেরিকা নামে দুই অংশে বিভক্ত, ঐ দুই অংশ পরস্পরের সন্নিধানে ক্রমশঃ অতিশয় সঙ্কীর্ণ হইয়াছে এবং মধ্যে পানামা নামক অল্প পরিসর এক সংযোগ ভূমি না থাকিলে সম্পূর্ণ বিচ্ছিন্ন হইত।

ইউরোপীয় নাবিকেরা যখন প্রথমতঃ আমেরিকা প্রকাশ করেন তখন লোকদিগের বিদ্যা ও কর্ম্ম ক্ষমতার প্রায় কোন চিহ্ন দেখেন নাই, মেক্সিকো এবং পিরু ব্যতীত তথাকার সর্ব্বত্র অসভ্য বন্য লোকের বসতি ছিল কিন্তু সেখানকার ভূমি অতি উর্ব্বরা এবং রজত কাঞ্চনে পরিপূর্ণা থাকাতে অনেকং ইউরোপীয় লোক স্বদেশ ত্যাগ করিয়া তথায় গিয়া বাস করিতে লাগিল তাহারদের যত্নে দেশের স্বাভাবিক ধন প্রকাশিত এবং বৃদ্ধিশীল হইল সুতরাং আমেরিকা খণ্ড নূতন শোভা ধারণ করিল এবং তাহাতেই সেখানে বিদ্যা সভ্যতা এবং বাণিজ্যের বিলক্ষণ উন্নতি হইয়াছে। ইউরোপীয়েরা আমেরিকায় আসিয়া যেং রাজ্য স্থাপন করিয়াছিল

civilization and commercial enterprize. Of the new states founded by foreign settlers, the most remarkable are the United States of North America.

The two continents though completely isolated, and situated like two different worlds, are about Behring's straits, not further from one another than France and England. America is in that part almost contiguous to Asia; Russia has given a practical proof of this contiguity by crossing the strait and extending her dominion to the New Continent.

Besides the two continents of which we have spoken, there is a large island named Australia between the pacific and Indian Oceans, which from its magnitude might be considered a *third* continent. It is in its dimensions equal to three-fourths of Europe, and is included among the territories of the Queen of England.

There are also numerous habitable lands scattered over the Ocean and inhabited by various races of men. Some of these islands are adjacent to the continents. Those which are situated in the Pacific Ocean at a distance from the main land are generally known by the name of Polynesia.

ASIA.

The concurrent testimony of History and tradition points to Asia as the primeval seat of the human race. Literature, science, and the arts flourished in this

তাহার মধ্যে উত্তর আমেরিকার ইউনাইটেড ষ্টেট্স নামক রাজ্য সর্ব্ব প্রধান।

পূর্ব্বতন এবং নূতন দ্বীপ পরস্পর বিচ্ছিন্ন দুই পৃথক ভূমির ন্যায় হইলেও বেহেরিং নামক মোহানার নিকট ফ্রান্স এবং ইংলণ্ডের ন্যায় পরস্পর সন্নিহিত দেখা যায় ফলতঃ সে অঞ্চলে আমেরিকা খণ্ড প্রায় এস্যার সহিত সংলগ্ন, বোধ হয় রুসিয়া-নেরা ঐ মোহানা পার হইয়া নূতন দ্বীপ পর্য্যন্ত আপনারদের রাজ্য বিস্তার করিয়া আমেরিকা ও এস্যার অদূরত্ব কার্য্য দ্বারা সপ্রমাণ করিয়াছে।

পূর্ব্বোক্ত দুই দ্বীপ ব্যতীত পাসিফিক এবং ভারতবর্ষীয় সাগরের মধ্যে আস্ট্রেলিয়া নামে এক বৃহৎ উপদ্বীপ আছে, তাহাকে পৃথক্‌মহা দ্বীপরূপে গণ্য করিয়া দ্বীপান্তর কহা যাইতে পারে তাহা পরিমাণে ইউরোপের তিন পাদ হইবে। ঐ দেশ ইংলণ্ডীয় রাণীর কর্ত্তৃত্বাধীন।

এতদ্ব্যতিরিক্ত সাগরোপরি উপদ্বীপ স্বরূপ অনেক২ লোকা-লয় আছে সেখানে নানা জাতীয় লোক বসতি করে তাহার মধ্যে কোন২ উপদ্বীপ মহাদ্বীপের অদূরে আছে। পাসিফিক সাগরোপরি যে২ উপদ্বীপ মহা দ্বীপ হইতে দূরস্থিত তাহার-দিগকে সামান্যতঃ পোলিনিসিয়া নামে উক্ত করা যায়।

এস্যা।

পুরাবৃত্তে লিখিত আছে এবং পরম্পরা শুনাও যায় যে এস্যা খণ্ডেই প্রথমতঃ মনুষ্য জাতির বসতি হয় এবং অন্যান্য খণ্ডাপেক্ষা এই খণ্ডে সর্ব্বাদৌ দর্শন সাহিত্য শিল্পাদি বিদ্যার উন্নতি হয়। মিসর দেশীয় লোকেরা সাহস পূর্ব্বক দস্ত

quarter earlier than the others. The Egyptians themselves, who could so confidently boast that the Greeks *were children* in their estimation, appear to have been juniors in their turn to some of the Asiatics. " Ere yet the pyramids looked down upon the valley of the Nile—when Greece and Italy, those cradles of European civilization, nursed only the tenants of the wilderness, India was the seat of wealth and grandeur."*

Asia is bounded on the North by the Northern Ocean; on the south by the Indian Ocean; on the East by the Pacific Ocean; on the west by the Red sea, the isthmus of Suez, the Mediterranean, the straits of the Dardanelles, the sea of Marmora, the straits of Constantinople, the Black sea, the sea of Azof, the rivers Don and Volga and the Uralian mountains.

The principal kingdoms in Asia, are 1 Asiatic Russia, 2 Asiatic Turkey, 3 Arabia, 4 Persia, 5 Afghanistan, 6 Hindustan, 7 Independent Tartary, 8 China, 9 Burmah, 10 Siam, 11 Cambodia, 12 Cochin China, and the neighbouring islands.

The islands belonging to Asia are those which are scattered over the Indian and Pacific oceans, in the vicinity of the Continent; such as Ceylon, the Laccadives, the Maldives, in the Indian Ocean; the Eastern Archipelago including Sumatra, Java, Borneo, &c.

* Thornton's History of British India.

করিয়া কহিত যে গ্রীকেরা তাহারদের পক্ষে বালক মাত্র কিন্তু বোধ হয় তাহারাও এস্যা খণ্ডস্থ জনগণের পক্ষে নব্য। ভারতবর্ষীয় পুরাবৃত্ত লেখক থরণ্টন সাহেব কহেন "নীল নদী সন্নিহিত উপত্যকার অদূরে পিরামিড নামে প্রকাণ্ড অট্টালিকা নির্ম্মাণ হইবার পূর্ব্বে যৎকালে ইউরোপায় সভ্যতার আদ্য স্থানে অর্থাৎ গ্রীশ ও ইতালি দেশে কেবল বন্য লোকের বসতি ছিল তৎকালে ভারতবর্ষ ধন সম্পত্তিতে পূর্ণ শোভাকর দেশ ছিল"।

এস্যা খণ্ডের উত্তর সীমা উত্তর সাগর, দক্ষিণ সীমা ভারত সাগর, পূর্ব্ব সীমা পাসিফিক সাগর, পশ্চিম সীমা লাল সমুদ্র, সুএজ সংযোগ ভূমি, মেদিতরেনিন সমুদ্র, দার্দেনেলিস মোহানা, মার্ম্মরা সমুদ্র, কনস্তান্তিনোপল মোহানা, অসিত সমুদ্র, আজস্ফ সমুদ্র, দন এবং বল্গা নদী, এবং ইউরেল পর্ব্বত।

এস্যা খণ্ডে নিম্ন লিখিত রাজ্য আছে যথা ১ এস্যা সংক্রান্ত রুসিয়া, ২ এস্যা সংক্রান্ত তুরুকি, ৩ আরবি স্থান, ৪ পারস দেশ, ৫ আফগানি স্থান, ৬ হিন্দুস্থান, ৭ স্বাধীন তাতার দেশ, ৮ চীন রাজ্য, ৯ ব্রহ্ম দেশ, ১০ সায়াম, ১১ কাম্বোদিয়া, ১২ কোচিন চীন, এবং নিকটবর্ত্তি উপদ্বীপ সমূহ।

ভারত এবং পাসিফিক সাগরের মধ্যে যেং উপদ্বীপ দ্বীপ সন্নিধানে স্থাপিত আছে তাহাই এস্যা সংক্রান্ত উপদ্বীপ, যথা ভারত সাগরস্থ লঙ্কা, লাকেদিব, মালদিব। ভারত এবং পাসিফিক সাগরের মধ্যস্থিত পূর্ব্ব দ্বীপ মালা অর্থাৎ সুমাত্রা, জাবা, বর্ণিও, ইত্যাদি। এবং পাসিফিক সাগরস্থ জাপান সাগ্হালিন ইত্যাদি।

between the Indian and the Pacific oceans; Japan, Saghalien, &c. in the Pacific. The Seas, Gulphs, Bays in Asia are the Red Sea between Arabia and Egypt, the Persian Gulph between Arabia and Persia, the Arabian Sea between Arabia and Hindustan, the Bay of Bengal to the south of Saugor and between Hindustan and Burmah; the gulphs of Siam and Tonquin; the seas of China, Japan, Okhotsk, Kamtschatka; the yellow sea, &c. The Caspian though called a sea is properly a *lake*, because of its being disconnected with the Ocean.

The straits attached to this quarter are the straits of Babel Mandel at the entrance of the Red Sea: of Ormus, at the entrance of the Persian Gulph; of Manaar, Palk, or Cheloa, between the coast of Coromandel and Ceylon; of Malacca, between the peninsula of Malacca and the island of Sumatra; of Sunda, between Sumatra and Java, &c. The Behring's straits separate Asia from America.

The principal lakes in Asia are the Caspian: Aral; Baikal; Durrah; Van; the Dead Sea in Palestine; the Rahwun Rhud and Mansorovara (the latter held so sacred in the Hindu shasters) in Tibet.

The capes in Asia are Ras-al-had on the south east of Arabia; Cape Comorin the Southern extremity of India; Cape Romania; Cape Nympo, &c. The principal rivers in Asia are the Obe, the Yenisei or Enisei, the Lena, the Tigris, the Euphrates, the

এস্যা খণ্ডে নিম্ন লিখিত সমুদ্র, সিন্ধু শাখা, এবং অখাত আছে যথা আরবি এবং মিসর দেশের মধ্য স্থিত লাল সমুদ্র, আরবি এবং পারস দেশ মধ্য স্থিত পারস্য সিন্ধুশাখা, আরবি এবং হিন্দুস্থানের মধ্য স্থিত আরবি সমুদ্র, গঙ্গাসাগরের দক্ষিণ তথা হিন্দুস্থান এবং ব্রহ্ম দেশের মধ্য স্থিত বঙ্গীয় অখাত, সায়াম এবং তঙ্কিন সিন্ধুশাখা, চীন, জাপান, অকটস্ক কানস্কাটকা সমুদ্র, পীত সমুদ্র ইত্যাদি। কাস্পিয়ান নামক জলরাশিকে সমুদ্র কহা যায় বটে কিন্তু তাহা প্রকৃত সমুদ্র নহে মহা সাগর হইতে বিচ্ছিন্ন প্রযুক্ত যথার্থতঃ হ্রদ কহা যাইতে পারে।

এস্যা সংক্রান্ত নিম্ন লিখিত মোহানা আছে যথা লাল সমুদ্রের দ্বারস্থ বাবেল মাণ্ডেল মোহানা, পারস্য সিন্ধু শাখার দ্বার স্থিত অর্মশ মোহানা, করমাণ্ডেল নামক কূল এবং লঙ্কার মধ্য স্থিত মানার, পক, অথবা চিলোরা মোহানা, মলয়া প্রায়দ্বীপ এবং সুমাত্রা উপদ্বীপের মধ্য স্থিত মালাকা মোহানা, সুমাত্রা এবং জাবা মধ্য স্থিত সন্দা মোহানা, এবং এস্যা ও আমেরিকার মধ্য স্থিত বেহেরিং মোহানা।

এস্যার মধ্যে নিম্ন লিখিত হ্রদ আছে, যথা কাস্পিয়ান, আরাল, বৈখাল, দরা, বান, পালিস্তান মধ্য স্থিত মৃত সমুদ্র, তিবেত মধ্য স্থিত রাহ্বান হ্রদ এবং মানস সরোবর। সংস্কৃত শাস্ত্রে মানস সরোবরের প্রসঙ্গ আছে।

এস্যার মধ্যে এই২ অন্তরীপ আছে যথা আরবিস্থানের দক্ষিণ পূর্ব্ব কোণে রসল হ্রদ, ভারতবর্ষের দক্ষিণ ভূম্যগ্র কমোরিন, তথা রোমেনিয়া, নিম্পো ইত্যাদি। এস্যার মধ্যে এই২ প্রধান তরঙ্গিণী আছে, যথা ওবী, এনিসেল, লীনা, তিগ্রিশ, ইউফ্রেতিস, আমু অথবা ওক্সশ (অর্থাৎ বোধ হয়

Amoo or Oxus (probably the same as the Chukshus of the Poorans) the Indus, the Ganges, the Brahmaputra, the Irrawaddy, the Amour or Saghalien, the Hoang-ho, the Yang-tse-kiang, &c.

The chief mountains of Asia are the Altaian, the Taurian, the Uralian, and the Caucasian chains; the Changal, Belur, Himalaya, the Eastern and Western Ghauts, of Hindustan, &c. There are also several isolated mountains, viz Mounts Ararat, Sinai, Tabor, Carmel, Lebanon, Olympus, Ida, and Adam's Peak.

"The continent of Asia, as far as is known at present, exhibits but few volcanoes. We can scarcely reckon three or four on its eastern shores, or on the edges of the Caspian; there are none in its northern part: some but vaguely known exist in central Asia: in the east the peninsula of Kamtschatka contains five or six; but in the Islands which surround this continent their number is great."

The Peninsulas in Asia are those of Hindustan, Malacca, Corea and Kamtschatka. The isthmuses are those of Suez and Kraw.

With the exception of the extreme Northern parts which are in the North frigid zone, and the extreme Southern which are in the torrid, Asia is wholly situated in the north temperate zone. In consequence of its Northern shores extending far in the frigid zone, and the Southern extremities approximating to the equator, the climate of Asia is diversified. The temperature in

পুরাণোক্ত চক্ষু নদী) সিন্ধু, গঙ্গা, ব্রহ্মপুত্র, ঐরাবতী, আমুর অথবা সাগালিএন, হোয়ংহো, ইয়াংছে কিয়াং ইত্যাদি।

এস্যার মধ্যে নিম্ন লিখিত প্রধান পর্ব্বত আছে, যথা আল্তায়ান, তরিয়ান, উরেলিয়ান এবং ককেসিয়ান শ্রেণী। তথা চম্বল, বেলুর, হিমালয়, হিন্দুস্থানস্থ পূর্ব্ব এবং পশ্চিম ঘাট ইত্যাদি। উক্ত খণ্ডে অপর কএকটা পৃথক২ শৈলও আছে যথা আরারত, সিনায়, তেবর, কার্মেল, লেবেনন, ওলিম্পস, [illegible]াইদা, এবং আদম কূট।

এস্যা খণ্ডে অদ্যাবধি বহুসংখ্যক আগ্নেয় পর্ব্বত প্রকাশিত হয় নাই, তাহার পূর্ব্বভাগে অথবা কাস্পিয়ান সমুদ্র তটে তিন চারিটার অধিক নাই উত্তরদিকে একেবারে তদভাব, মধ্য ভাগে কএকটা আছে বটে কিন্তু তাহার আকার প্রকার নিশ্চয় জানাযায় নাই। কথিত আছে পূর্ব্বদিকে কামস্কাটকা প্রায়দ্বীপ মধ্যে পাঁচ কিম্বা ছয়টা আছে। কিন্তু এস্যার চতুর্দিকস্থ উপদ্বীপেতে ভূরি২ আছে।

এস্যার মধ্যে এই২ প্রায়দ্বীপ আছে, যথা হিন্দুস্থান দেশীয় প্রায়দ্বীপ, মালাকা, কোরিয়া, কামস্কাটকা। আর সুএজ এবং ক্রো নামে দুই সংযোগ ভূমি আছে।

এস্যার সর্ব্ব উত্তরাংশ উত্তর হিম মেখলস্থ এবং সর্ব্ব দক্ষিণাংশ উষ্ণ মেখলস্থ, তদ্ব্যতীত সমস্ত অংশ অনুষ্ণাশীত মেখলে আছে। অতএব উত্তরাংশ হিম মেখলস্থ এবং দক্ষিণাংশ বিষুবৎ রেখা সন্নিহিত হওয়াতে এস্যা খণ্ডের সর্ব্বত্র বায়ুর একপ্রকার গতি নহে, কোন২ দেশের বায়ু বিলক্ষণ উষ্ণ

some places rises high, in others sinks low. Its soil, with the exception of some tracts in the northern, and the deserts in the central parts, is proverbially rich and exhuberant, especially in the south.

The inhabitants of Asia are descended from aboriginal races of high antiquity. They have a great fondness for ancient institutions, and are jealous of innovations. The people in the northern and central parts have long been celebrated as hardy and fierce, impatient of control and addicted to change. Those who inhabit the southern regions are bland but effiminate in their manners, though they have often manifested great energy and vigor, both of body and mind. The form of government prevalent among them is despotism; the people have never manifested a republican or democratic spirit, and have always entertained the greatest veneration for the sovereign. The religions, most widely prevalent, are Hinduism, Buddhism, and Mahometanism. Christianity exists in the Russian and Turkish dominions under the Greek and Armenian churches; it has also been introduced into the countries where Europeans have gained a footing.

Asia abounds in all the richest productions of nature, animal, vegetable, and mineral. An extensive trade is carried on between its several countries as well as with other quarters of the globe. The external commerce is, however, conducted by foreigners; the internal alone is in the hands of the inhabitants themselves.

কোন২ স্থলে অতিশয় শীতল। অপর উত্তরাঞ্চলের কোন২ দেশ এবং মধ্যভাগের মরুভূমি ব্যতীত উক্ত খণ্ডের মৃত্তিকা অতিশয় উর্ব্বরা এবং ফলবতী বলিয়া প্রসিদ্ধ, বিশেষতঃ দক্ষিণাঞ্চলের মৃত্তিকাতে বহুল পরিমাণে শস্যোৎপত্তি হয়।

এস্যা খণ্ডের প্রজারা তদ্দেশীয় অতিপ্রাচীন বংশে উৎপন্ন হইয়াছে,তাহারা প্রাচীন নিয়ম ও ব্যবস্থার প্রতি যথেষ্ট অনু-রাগ করিয়া থাকে এবং নব্য রীতি নীতিতে অতিশয় বিরক্ত হয়। উত্তর এবং মধ্য ভাগের প্রজারা বহু কালাবধি উগ্রস্বভাব ও ভয়ানক এবং দুর্দ্দান্ত ও চঞ্চলচিত্ত বলিয়া বিখ্যাত আছে দক্ষিণ দেশীয় লোকেরা মৃদুস্বভাব অথচ স্ত্রৈণ কিন্তু তাহারাও কায়িক এবং মানসিক প্রতাপ বারম্বার প্রকাশ করিয়াছে। এ-স্যার মধ্যে রাজার একাধিপত্য চলিত, প্রজারা কথন রাজকীয় কার্য্যের ভার লইতে বাসনা করে নাই এবং সর্ব্বদা রাজার মহা সমাদর করিয়াছে। প্রজাদের মধ্যে হিন্দু বৌদ্ধ এবং মোসলমান ধর্ম্ম সর্ব্বাপেক্ষা অধিক প্রবল, খ্রীষ্টধর্ম্ম রুসিয়া এবং তুরকি রাজ্যের কোন২ অংশে গ্রীক এবং আর্মানি মণ্ডলীর আশ্রয়ে চলিত আছে আর ইউরোপীয়েরা যে২ দেশে প্রবল হইয়াছে সেখানেও ঐ ধর্ম্ম স্থাপনের উদ্যোগ হইয়াছে।

এস্যাখণ্ডে নানা প্রকার পশু এবং ধাতু প্রস্তর ও উদ্ভিজ্জ সামগ্রী রাশীকৃত আছে, তথাকার নানা দেশ মধ্যে বহুল পরিমাণে স্বদেশীয় বিদেশীয় দ্রব্যের বাণিজ্য হইয়া থাকে কিন্তু প্রজারা এস্যার মধ্যেই ব্যবসা করণে নিযুক্ত হয় বিদেশীয় বাণিজ্য বিদেশীয় লোকেরাই করিয়া থাকে।

HINDUSTAN.

The names by which this remarkable country is now designated occur no where in its ancient chronicles. The Greeks called it India, and the Mahometans Hindustan;* but neither appellation is found in the Puranas, where it is distinguished by names quite different and now almost forgotten, viz. Aryavarta Bharatvarsha, &c.

---

* Mr. Hamilton, the author of the *East India Gazetteer* says, that the term Hindustan is derived from two Persian words, *Hindu* black, and *stan* place. Numerous other writers have repeated the same assertion, evidently on the bare authority of their predecessors, and without any investigation of their own. An Indian writer, feeling no anxiety to associate the idea of a *Negroland* with his native country, may be excused for withholding his subscription to the etymology mentioned above, until he has examined its grounds. Mahometan Scholars are generally ignorant of such a derivation, and this is of itself a presumption against its accuracy. If the term Hindustan be at all of Persian origin, the last syllable *stan* alone is so; though even that is derived from the Sanscrit *sthan*. The word *Hind* or *Hindu* is much older than modern Persian itself. In the book of Esther this country, or at least its north-western frontier, is designated *Hoddu*. מהדו ועד כוש *from India even unto Ethiopia*, Esth. I. 1 and viii. 9. According to the most eminent interpreters, the reduplicated *d* stands for *nd*, and the word is *Hondu*. The Syriac renders it ܗܢܕܘ *Hendu* (according to Ferrarius, though the *n* is wanting in Walton's Polyglot), the Arabic *Hind*, and the Targum הנדיא *Hindia*. The transition from the Chaldean *Hindia* to the Greek *India* by the omission of the aspirate was as easy as from Annibal to Hannibal. *Hindustan* and *India* are accordingly both derived from a common origin, and that origin much more ancient than Modern Persian. Whatever the meaning of Hindia or India may be, it certainly does not mean *Negro-land*; the Persians when they adopted the word Hindustan, meant thereby to express simply the *land of the Hindus*, preserving this last word as it occurred in the ancient oriental and Greek languages. The etymology becomes

হিন্দুস্থান।

এই আশ্চর্য্য দেশ সম্প্রতি যেং নামে বিখ্যাত আছে তাহা পুরাণ গ্রন্থাদির মধ্যে পাওয়া যায় না, গ্রীকেরা ইহাকে ইণ্ডিয়া এবং মোসলমানেরা হিন্দুস্থান কহিত* কিন্তু পুরাণে ঐ দুই আখ্যার একটীও নাই। পুরাণে আর্য্যাবর্ত্ত ভারতবর্ষ প্রভৃতি অন্য প্রকার নাম আছে ইদানীন্তন লোকে প্রায় তাহা বিস্মৃত হইয়াছেন।

---

* হ্যামিল্টন সাহেব কহেন হিন্দুস্তান শব্দ সমাস ঘটিত এবং দুই পারস্য শব্দ হইতে উৎপন্ন হইয়াছে যথা "হিন্দু" অর্থাৎ কাল, "স্তান" অর্থাৎ স্থান। অন্যান্য অনেক গ্রন্থকারেরাও স্বয়ং বিবেচনা না করিয়া ঐ মত প্রচার করিয়াছেন কিন্তু আমরা ভারতবর্ষীয় লোক, আপনারদের দেশকে হাব্সি স্থান কহিতে সঙ্কুচিত হই সুতরাং সূক্ষ্ম বিবেচনা না করিয়া ঐ মত গ্রাহ্য করিব না। মোসলমান পণ্ডিতেরা উক্ত প্রকার ব্যুৎপত্তির বিষয় প্রায় কিছুই জানেন না ইহাতেই অনুমান করা যাইতে পারে যে উক্ত ব্যুৎপত্তি অলীক। হিন্দুস্থান শব্দ যদি পারস্য ভাষা হয় তবে কেবল দুই শেষাক্ষর অর্থাৎ "স্থান" ঐ ভাষায় উৎপন্ন হইয়া থাকিবে কিন্তু তাহাও সংস্কৃত স্থান হইতে জাত পরন্তু হিন্দ অথবা হিন্দু শব্দ আধুনিক পারস্য ভাষা হইতে বহু প্রাচীন। এস্তের নামক প্রাচীন বাইবেল শাস্ত্রে ভারতবর্ষ হোদ্দুনামে ব্যক্ত আছে যথা "মেহোদ্দু ও-আদ-কুশ" অর্থাৎ ভারতবর্ষ হইতে কুশ দেশ পর্য্যন্ত। অতি মান্যং টীকাকারেরা কহেন যে "হোদ্দু" শব্দে ন্দ স্থানে দ্দ আদেশ হইয়াছে সুতরাং প্রকৃত শব্দ হোন্দু, সুরিয়ানি ভাষায় ঐ শব্দ "হেন্দু" আরবি ভাষায় "হিন্দ" এবং তাগুমেতে "হিন্দিয়া" বলিয়া অনুবাদিত হইয়াছে। অপর কাল্দি ভাষার হিন্দিয়া শব্দ হইতে গ্রীক

Bharatvarsha was properly the name of the whole country; Aryavarta only of Hindustan proper. The following extract from the Vishnu Purana will exhibit the high opinion the Hindus had of their country; "Bharat is therefore the best of the divisions of Jambu dwipa, because it is the land of works; the others are places of enjoyment alone. It is only after many thousand births, and the aggregation of much merit, that living beings are sometimes born in Bharat as men. The gods themselves exclaim, "Happy are those who are born, even from the condition of gods, as men in Bharat-varsha, as that is the way to the pleasures of Paradise, or the greater blessing of final liberation. Happy are they who, consigning all the unheeded rewards of their acts to the supreme and eternal Vishnu, obtain existence in that land of works, as their path to him. We know not, when the acts that have obtained us heaven shall have been fully recompensed, where we shall renew corporeal confinement; but we know that those men are fortunate who are born with perfect faculties in Bharatvarsha."

---

still more obvious by a reference to the analogy between the Sanscrit and the Zend. The Sanscrit *s* is invariably rendered by the Zend *h* (see Bopp's Comparative Grammar, p. 47); the Sanscrit Sindhu (Indus) would therefore, as a matter of course, be rendered *Hindu* in the Zend, (the word actually is Heändo in the Zend and Pehlevi) and this might be the source whence the Greek, the Hebrew, the Chaldean, and Syriac names for India were derived. Hindustan would accordingly only mean the *land of the people who inhabit the Country on the* HINDU OR SINDHU (Indus). As to the existence in modern Persian of a word *Hindu* signifying *black*, no Lexicon of any authority

ভারতবর্ষই অখিল হিন্দুস্থানের নাম আর্য্যাবর্ত্ত কেবল প্রকৃত হিন্দুস্থানের নাম, বিষ্ণু পুরাণোক্ত নিম্ন লিখিত বচনে বোধ হইবে হিন্দুরা আপনারদের দেশের কেমন গৌরব করিত যথা “ জম্বুদ্বীপ মধ্যে ভারতবর্ষ সর্ব্ব শ্রেষ্ঠ স্থান যেহেতু ইহাই কর্ম্মভূমি এতদ্ভিন্ন সকলি ভোগ ভূমি। সহস্রং জন্মে বহুবিধ পুণ্য সঞ্চয় দ্বারা এস্থানে মনুষ্য জন্ম কদাচিৎ লভ্য হয় অতএব দেবতারা এই গীত সর্ব্বদা গান করিয়া থাকেন ‘ যেং পুরুষ দেবত্ব ত্যাগ করিয়াও ভারতবর্ষে উৎপন্ন হয়েন তাহারা ধন্য, কেননা ভারতবর্ষ স্বর্গ ও মোক্ষের আস্পদ এবং তৎ প্রাপণের দ্বার স্বরূপ, তাঁহারা কর্ম্মমহী ভারতবর্ষে জন্ম গ্রহণ করিয়া নিষ্কামনায় কর্ম্মানুষ্ঠান করেন এবং পরাত্ম স্বরূপ অনন্ত বিষ্ণুতে তাহা সমর্পণ করিয়া নির্ম্মলান্তঃকরণ প্রযুক্ত তাঁহাকে প্রাপ্ত হয়েন। আমরা সৎকর্ম্ম ফলে দেবত্ব প্রাপ্ত হইয়া স্বর্লোকে অবস্থিতি করিতেছি স্বর্গ জনক কর্ম্মক্ষয়ে কোন্ স্থানে দেহ সম্বন্ধ প্রাপ্ত হইব জানিনা যাহা হউক ভারত ভূভাগে যাহারা ইন্দ্রিয় বিশিষ্ট হইয়া জন্মায় তাহারাই ধন্য ”।

ভাষায় “ ইন্দিয়া ” সহজেই হইতে পারে যেমত হানিবল হইতে আনিবল। অতএব হিন্দুস্থান এবং ইন্দিয়া উভয় শব্দের এক মূল আর তাহা আধুনিক পারস্য ভাষা হইতে বহু প্রাচীন; হিন্দিয়া অথবা ইন্দিয়া শব্দের যে অর্থ হউক তাহাতে হাপ্তসি স্থান বুঝাইতে পারে না পারস্য লোকেরা ঐ শব্দ গ্রহণ কালে “ হিন্দুরদের ভূমি ” এই অর্থ করিত আর হিন্দু শব্দ গ্রীক সুরিয়ানি প্রভৃতি ভাষানুসারে ব্যবহার করিত এই প্রকার শব্দ ব্যুৎপত্তি আরও স্পষ্ট বোধ হয় কেননা জেন্দ ভাষাতে সংস্কৃত সকারের স্থানে হকার আদেশ হইত সুতরাং সে ভাষাতে সিন্ধু নদীর নাম অবশ্য হিন্দ হইতে পারে

The boundaries of Bharatvarsha are not very clearly defined by Sanscrit authors; but as the geographical limits usually assigned to it are marked by the hand of nature, we may safely say, that it was always included between the rivers Indus and Brahmaputra, and the Himalaya and the ocean. Whether the country, thus defined, ever acknowldged *one umbrella*, and the people who inhabited its vast regions were ever united in ONE political body under the government of ONE Supreme ruler, does not clearly appear. The frequent allusions in the Puranas to contemporaneous Rajahs would lead to the conclusion, that the country was divided into a number of independent principalities; and it is but natural to suppose that those petty chiefs would now and then trespass upon one another's territories, that amicable relations would sometimes be interrupted by ambition, and, perhaps, some still more questionable motives; and that a powerful and successful prince might occasionally aspire to the dignity of a universal sovereign. The monarchs spoken of under the high sounding designation of *Lords of the sea and land*, were probably aspiring princes who, not content with their own territories, and

---

would lead one to infer so, nor can a passage be easily produced where it decidedly bears that meaning. The only passage in which it *appears* to be used in the sense of *black*, is the celebrated Gazal of Hafez:

بخال هندویش بخشم سمرقند و بخارا را

but even there the Bahar ajam explains *khale Hindu* by *khale Ambari*.

সংস্কৃত গ্রন্থকারেরা স্পষ্টরূপে ভারতবর্ষের সীমা নির্ণয় করেন নাই কিন্তু তাহার প্রচলিত সীমা শৈল সাগরাদি স্বাভাবিক পদার্থ দ্বারা অঙ্কিত হওয়াতে যথার্থরূপে অনুমান করা যাইতে পারে যে উক্ত দেশ সিন্ধু ও ব্রহ্মপুত্র এবং হিমালয় ও মহাসাগরের মধ্যবর্ত্তি বলিয়া সর্ব্বদা পরিচিত হইত। উক্ত সীমার মধ্যবর্ত্তি অখিল ভূমি কখন একচ্ছত্রা হইয়াছিল কি না এবং তথাকার লোকেরা কখন এক রাজার প্রজা হইয়াছিল কি না তাহা নিশ্চয় করা যায় না। পুরাণের মধ্যে অনেক স্থলে এক কালীন নানা দেশীয় রাজার বর্ণনা আছে তাহাতে অনুমান করা যায় যে ভারতবর্ষের মধ্যে স্বতন্ত্র২ দেশ এবং নৃপতি ছিল। ঐ স্বতন্ত্র২ রাজারা যদি কখন২ পরস্পরের রাজ্যে উপদ্রব করিয়া থাকে এবং রাজ্য লোভ অথবা অন্যান্য অপকৃষ্ট বাসনায় পরস্পরের মিত্রতায় ব্যাঘাত করিয়া থাকে আর কেহ প্রবল পরাক্রম এবং রণকুশল হইলে যদি সার্ব্বভৌম এবং সর্ব্বাধিপতি হইতে আকাঙ্ক্ষা করিয়া থাকে তাহাতে চমৎকারের বিষয় কি? অতএব যেং রাজা সসাগরা

ফলতঃ জেন্দ এবং পহলাব ভাষায় ঐ শব্দ "হিএন্দ" বলিয়া লিখিত হয়, বোধ হয় এই মূল হইতে ভারত বর্ষের নাম গ্রীক হিব্রি কাল্দি এবং সুরিয়ানি ভাষায় উৎপন্ন হইয়া থাকিবে। অতএব হিন্দুস্থানের অর্থ এই যথা "হিন্দু (অর্থাৎ সিন্ধু) নদীর পারস্থিত লোকদিগের ভূমি"। অপিচ আধুনিক পারস্য ভাষার কোন অভিধানে লিখিত নাই যে হিন্দু শব্দের অর্থ কাল, এ শব্দের ঐ অর্থে স্পষ্ট প্রয়োগও দেখা যায় না কেবল হাফেজ রচিত নিম্নলিখিত শ্লোকে বোধ হয় কাল অর্থে প্রয়োগ হইয়াছে যথা "বখালে হিন্দুয়শ বক্শম সামার্কন্দ ও বখারারা" কিন্তু এস্থলেও বাহার আজমের মতে খালে হিন্দুর অর্থ "খালে অম্বরী" অর্থাৎ অম্বর ফলের সদৃশ তিল।

desirous of measuring their strength with their neighbours, had fought successfully against them, and extorted from them an acknowledgment of their supremacy, accompanied perhaps with the promise of an annual tribute. The homage and the tribute would in all likelihood be withdrawn as soon as the conqueror was out of sight, and the country would then return to its former political condition. The only permanent bonds of union among the people were community of religion and race, and similarity of language, manners, and customs. Hindustan was, perhaps, never incorporated under one government before the Mogul conquest; and now nearly the whole of its vast tracts has been brought substantially under the influence of its present rulers.

1. The NATURAL DIVISIONS of Hindustan are suggested by its mountains and rivers. The hilly countries on the Himalaya, stretching parallel to the mountains from Cashmere to Assam, constitute *Northern* Hindustan. Besides the countries on the two extremities just mentioned, this division includes Bhootan, Sikkim, the country of the Kiratas, Nepal, the territories of the Choubisi and Baisi Rajahs, Kumaon, Gurwal, and Sirmore. These regions are intersected by rivers of great celebrity in the shasters, such as the Ganges, the Jumna, the Saraswati, the Sarju, the Gandac, the Setgunga, the Coosi; and Gurwal or Serinagar, is especially noted for many a spot held in great

ধরণী পতি বলিয়া বিখ্যাত হইয়াছে বোধ হয় তাহারা রাজ্যলোভি প্রযুক্ত কেবল আপন২ দেশে আধিপত্য করিয়া সন্তুষ্ট হয় নাই কিন্তু নিকটস্থ নৃপতি বর্গের সহিত রণ করিতে বাসনা করিয়া যুদ্ধে জয় লাভ করিয়াছিল তাহাতে তাহারদের দ্বারা পরাজিত রাজারা আপনারদিগকে কিঙ্কর বলিয়া স্বীকার করত বর্ষে২ কর প্রদান করিতে অঙ্গীকার করিয়া থাকিবে কিন্তু জয়কারি বীর স্বস্থানে প্রত্যাবৃত্ত হইলে পরাজিত ভূপালেরা কর প্রদান অথবা তাঁহার প্রভুত্ব স্বীকারে অবশ্য নিরস্ত হইত সুতরাং রাজ্যও পূর্ব্বাবস্থা প্রাপ্ত হইয়া থাকিত অতএব ভারতবর্ষের প্রজারদের এক রাজার শাসনে চির মিলন থাকিবার সম্ভাবনা ছিল না কেবল তাহারা সকলে একজাতীয় এবং এক ধর্ম্মাশ্রিত হওয়াতে এবং তাহারদের ভাষা ও রীতি নীতিতে সাদৃশ্য থাকাতেই তাহারদের মধ্যে চির ঐক্যের সম্ভাবনা ছিল ফলতঃ মোগল রাজাদিগের প্রাদুর্ভাবের পূর্ব্বে বোধ হয় ভারতবর্ষের মধ্যে কখন এক রাজা সর্ব্বত্র প্রবল হয় নাই পরন্তু সম্প্রতি এই বিস্তীর্ণ ভূমির প্রায় সর্ব্বাংশ বাস্তবিক ইংরাজদিগের শাসনাধীন হইয়াছে।

১। হিন্দুস্থান পর্ব্বত এবং নদী দ্বারা স্বভাবতঃ কএক অংশে বিভক্ত হইয়াছে, তাহার মধ্যে হিমালয়স্থ পর্ব্বতীয় দেশ সমূহ যাহা কাশ্মীর হইতে আসাম পর্য্যন্ত শৈল শ্রেণীর সমানান্তরাল ভাবে ব্যাপ্ত, তাহাকে উত্তর হিন্দুস্থান কহা যায়। কাশ্মীর এবং আসাম ব্যতীত এই অংশে নিম্ন লিখিত দেশ আছে যথা ভূতান্ত, সিকিম, কিরাতভূমি, নেপাল, চৌব্বিশ এবং বাইস রাজারদের দেশ, কুমেওন, গরওয়াল, সির্মর। এই সকল দেশে শাস্ত্র প্রসিদ্ধ কএক সুবিখ্যাত তরঙ্গিণী আছে যথা গঙ্গা যমুনা সরস্বতী সরযূ গণ্ডকী শ্বেতগঙ্গা কৌশিকী। গরওয়ালের অর্থাৎ শ্রীনগরের মধ্যে হিন্দুরদের মান্য অনেক পুণ্য স্থান আছে যথা

veneration by the Hindus. There stands Badarinath, the resort of pilgrims; there is Gangoutri, with its numerous temples and priests; and there is the majestic descent of the Ganga, the constant theme of poets and pilgrims, sublime to contemplate, magnificent to behold.

The Goorkhas, a hardy and energetic race who had established a strong government in Nepal, on the ruins of three Rajpoot principalities, had extended their conquests over the whole length of Northern Hindustan, from the frontiers of Bhootan to those of the Punjab. But at the close of the war which broke out in 1814, between them and the British power, they were obliged to abandon many of their conquered territories.

2. The next natural division of Hindustan is determined by the Vindhya mountains,* and is called Hindustan proper. It contains the Punjab and the Doab, the country of the Jats and Rajpoots, the territories of Scindia and Holcar, and includes all the regions between the frontiers of Northern Hindustan and the mountains just named. Bengal, as well as the peninsula of Guzerat, is also attached to this division.

Hindustan proper was the scene of most of the heroic exploits recounted in the Puranas. It included the birth

---

* We have followed Mr. Elphinstone in assigning the Vindhya, instead of the Nerbudda, as the Southern boundary of Hindustan proper. The Sanscrit authorities support Mr. Elphinstone's classification.

সদা যাত্রিতে পরিপূর্ণ বদরী নাথ নামক মহাতীর্থ স্থান, ভূরি২ মঠমন্দির পুরোহিত সম্বলিত গঙ্গোত্তর দেশ, এবংমহা বেগবতী গঙ্গার সুশোভন পতন, যাহা দেখিলে বিস্ময় জন্মে এবং চিন্তা করিলে রোমাঞ্চ হয় আর তীর্থ যাত্রি এবং কাব্যকরেরা যাহার বর্ণনা করিতে সদা উৎসুক হয়।

অপর নেপাল দেশে এক প্রবল প্রতাপ গোরক্ষ নামে জাতি রাজপুত্রজাতীয় তিন ভূপালের রাজ্য বিনষ্ট করিয়া আপনার-দের প্রভুত্ব স্থাপন করিয়াছিল পরে ভূতান্তের সীমা অবধি পঞ্জাব পর্য্যন্ত সমস্ত উত্তর হিন্দুস্থান ব্যাপিয়া আপনার-দের রাজ্য বিস্তার করিয়াছিল কিন্তু ১৮১৪ সালে ইংরাজ-দিগের সহিত সংগ্রাম হওয়াতে তাহারা পরাজিত দেশের অধিকাংশ ত্যাগ করিতে বাধিত হয়।

২। হিন্দুস্থান বিন্ধ্য পর্ব্বত দ্বারা * আর এক অংশে স্বভা-বতঃ বিভক্ত হইয়াছে সে অংশের নাম প্রকৃত হিন্দুস্থান। উত্তর হিন্দুস্থান অবধি বিন্ধ্যাচল পর্য্যন্ত সমস্ত দেশ এই অংশের মধ্যবর্ত্তী সুতরাং পঞ্জাব এবং দোয়াব তথা জাতি এবং রাজ-পুত্র দিগের ভূমি ও সিন্দিয়ার অর্থাৎ গোয়ালিয়র রাজের এবং হোল্কারের অর্থাৎ ইন্দোর রাজের রাজ্য ঐ অংশের মধ্যে স্থাপিত। বঙ্গ ভূমি এবং গুজ্জর রাষ্ট্র প্রায়দ্বীপও ঐ অংশে সংযুক্ত।

পুরাণের মধ্যে যে২ বীরদের শৌর্য্য বীর্য্য প্রকাশের বৃত্তান্ত আছে প্রকৃত হিন্দুস্থানেই তাহারদের অধিকাংশ আবির্ভূত হয়েন, রামচন্দ্র এবং কৃষ্ণের জন্ম স্থান এবং মহাদেবের রাজ-

---

* এলফিনষ্টন সাহেবের মতানুসারে আমরা বিন্ধ্যাচলকে প্রকৃত হিন্দুস্থানের দক্ষিণ সীমা কহিতেছি। অনেকে নর্ম্মদা নদীকে তাহার সীমা কহেন কিন্তু এলফিনষ্টনের মত সংস্কৃত গ্রন্থকারদের মতানুযায়ি।

place of Rama and Krishna, the metropolis of Mahadeva (Benares), the capitals of the solar and lunar kings, the plains where the war of the Mahabharat was fought, the land of Sagara, of Yudhisthira, and of the Magadha rajas.*

3. The name of Deccan is applied to the third division of India, which extends in the form of a triangle from the base of the Vindhya to the ocean. The point where its eastern and western shores meet as at their vertex is called Cape Comorin. Though not possessed of so many places of ancient celebrity as Hindustan proper, some of the proudest monuments of Indian art are to be found in this division—at Ellora, and in the isles of Elephanta and Salsette in the vicinity of Bombay. It contains likewise the states governed by the Rajah of Sattara, the Nizam, and Bhonsla, and has witnessed some of the fiercest and most prolonged conflicts in India between the English, the French, and the native powers, including the wars with Hyder Ali and Tippoo Sultan.

The Deccan is sometimes considered as bounded by the course of the river Krishna which flows across the peninsula of Hindustan, and the regions to the south of that river are then taken as a separate division and called Southern Hindustan.

---

* The Hindus distinguished this region of their country by the names of Aryavarta, Punyabhumi, i. e. the land of sanctity.

পুরী অর্থাৎ বারাণসী তথা চন্দ্র সূর্য্য বংশীয় রাজারদের রাজ সদন এবং মহাভারতোক্ত যুদ্ধ স্থল অর্থাৎ কুরুক্ষেত্র আর সগর যুধিষ্ঠির এবং মগধরাজদিগের জনপদ এ সমস্ত দেশ উক্ত অংশের মধ্যে ছিল *।

৩। হিন্দুস্থানের তৃতীয় অংশের নাম দক্ষিণ, তাহা বিন্ধ্যাচলের তল অবধি সাগর পর্য্যন্ত ত্রিভুজাকৃতিতে বিস্তৃত। তাহার পূর্ব্ব এবং পশ্চিম পার্শ্ব যে স্থলে একত্র সংযুক্ত হয় সেই অগ্র ভাগের নাম কমোরিন অন্তরীপ। যদিও এই অংশে প্রকৃত হিন্দুস্থানের ন্যায় অনেক সুবিখ্যাত পুরাতন দেশ নাই তথাপি দক্ষিণের মধ্যে অর্থাৎ ইলোরা এবং বোম্বাই সন্নিহিত এলিফান্টা ও সালসেট উপদ্বীপে ভারতবর্ষীয়দের শিল্প দক্ষতার মহা শ্লাঘনীয় চিহ্ন আছে। সাতারারাজ নিজাম এবং নাগপুর রাজের রাজ্যও ঐ অংশের মধ্যে আছে। তথায় ইংরাজ ফ্রেঞ্চ এবং এতদ্দেশীয় ভূপালদিগের মধ্যে অতি ভয়ানক এবং বহু কাল ব্যাপি কএক সংগ্রাম হইয়াছিল, হাইদর আলি এবং টিপু সোলতানের সহিত ইংরাজ দিগের যুদ্ধও ঐ অঞ্চলে হয়।

হিন্দুস্থানের তৃতীয় অংশকে কখন২ কৃষ্ণানদীর প্রবাহে সীমাবদ্ধ জ্ঞান করা যায় ঐ নদী ভারতবর্ষীয় প্রায়দ্বীপের মধ্যভাগ ব্যাপিয়া বহনশীলা হয় তাহাতে নদীর দক্ষিণ পার্শ্বস্থ দেশকে স্বতন্ত্র অংশ বলিয়া দক্ষিণ হিন্দুস্থান কহাযায়।

---

* হিন্দুরা আর্য্যাবর্ত্ত অথবা পুণ্যভূমি নাম দিয়া ঐ অংশের শ্লাঘা করিত।

II. The POLITICAL DIVISIONS of Hindustan, as they anciently prevailed, cannot now be clearly ascertained. The Puranas make mention of innumerable states within the precincts of Bharatvarsha, many of which have never yet been identified. Nor does the relation which they might have borne to one another distinctly appear. Whether they were all independent of each other, or whether they rendered allegiance to a supreme head, acknowledged as the lord paramount of the country, cannot be satisfactorily determined. The unity of the empire was more marked during the Mogul dynasty, though even then many a Newab asserted his independence, and disowned his allegiance to the throne of Delhi, whenever he thought himself powerful enough to cope with the emperor. Since the decline of the Mogul empire and the rise of the British power, the political relations of the country have, however, been firmly established. The tendency of circumstances has been to render the British, the supreme power in India, and all others its dependents. The British government has been for nearly a century gradually and steadily extending its authority over this vast Empire, and there is now scarcely any state from Cape Comorin to the Himalaya where its influence is not felt ; and as its consolidated power may be taken for a security against revolutions and disorders, the geographer may consider the political divisions of India as, in a manner, finally settled. India may accordingly be now comprised

পূর্ব্বকালে হিন্দুস্থানের মধ্যে কি প্রকার রাজ্য বিভাগ ছিল এক্ষণে তাহার নির্ণয় নাই। পুরাণে লিখিত আছে যে ভারতবর্ষের মধ্যে অগণ্য রাজ্য ছিল কিন্তু সে সকল রাজ্যের সম্পূর্ণ নির্দ্দেশ পাওয়া যায় নাই আর ঐ সকল রাজ্য পরস্পর কিরূপ ভাবে ছিল তাহাও এক্ষণে নির্ণয় করা যায় না তথাকার রাজারা সকলেই স্বাধীন ছিল অথবা কোন বিশেষ ভূপালকে সার্ব্বভৌম জ্ঞান করিয়া তৎশাসনাধীন থাকিত তাহা নিশ্চয় রূপে স্থির করাযায় না। মোগল জাতীয় যবনরাজদিগের অধিকার কালে ভারত ভূমি একচ্ছত্রার ন্যায় হইয়াছিল বটে কিন্তু অনেকানেক নবাব বাদশাহের সহিত যুদ্ধ করিতে সমর্থ হইলে দিল্লীশ্বরকে অমান্য করিয়া আপনার দিগকে স্বাধীন বলিয়া অভিমান করিত। পরে মোগল জাতীয় রাজ্য ক্ষয় এবং ইংরাজ দিগের প্রাদুর্ভাব হওয়াতে ভারতবর্ষের রাজ শাসন সুদৃঢ় রূপে স্থাপিত হইয়াছে, ইংরাজেরা নানা প্রকার ঘটনায় হিন্দুস্থানের মধ্যে প্রধান হইয়া উঠিয়াছেন অন্যান্য জাতিরা তাঁহার দের আজ্ঞাবহ ভৃত্য হইয়াছে, তাঁহারা প্রায় এক শত বৎসরাবধি এই বৃহৎ রাজ্যোপরি ক্রমশঃ আপনারদের প্রভুত্ব অখণ্ড্যরূপে স্থাপন করিতেছেন সুতরাং হিমালয় এবংক মোরিন অন্তরীপের মধ্যবর্ত্তি প্রায় সর্ব্বত্র দেশে তাহারদের কর্ত্তৃত্ব বিস্তৃত হইয়াছে, তাঁহারদের প্রবল পরাক্রম সত্ত্বে রাজ্য বিপর্য্যয় অথবা অন্য কোন উপদ্রবের সম্ভাবনা মাত্র নাই অতএব ভূগোল বেত্তারা এক্ষণে কহিতে পারেন যে ভারত ভূমিস্থ রাজ্যের আর অবস্থান্তর হইবার আশঙ্কা নাই। এই রাজ্যকে সম্প্রতি নিম্ন লিখিত তিন অংশে বিভক্ত করা যাইতে পারে যথা প্রথমতঃ ইংরাজাধীন দেশ, দ্বিতীয়তঃ ইংরাজ-

under the following heads; viz. 1 Provinces under British Government, 2 Native States in subsidiary alliance with, or otherwise dependent on the British Government, 3 Independent native states.

1. The provinces under British management are generally speaking those which are attached to one or other of the three presidencies of Bengal, Madras, and Bombay. Ceylon is also a dependency of Great Britain, but not under the control of the East India Company.

2. The native states in subsidiary alliance with, or otherwise dependent on, the British government, are either those which, like Scindia and Holkar, were after a series of unavailing contests, compelled to cede certain portions of their territory and to acknowledge the supremacy of the British; or others, which like Mysore and Sattara were actually of British creation,—being raised on the ruins of powers already prostrate. Some of these dependent states were forced to admit and maintain in their dominions British troops, who served at the same time both to watch over the interests of the government which employed them, and also to afford protection to the prince who contributed to their maintenance. In some cases the poverty or weakness of the states exempted them from the burden of subsidizing British troops; but they are not for this immunity the less under British vassalage than the subsidiary states themselves. The following are the states thus dependent on the British

দিগের করদায়ি অথবা প্রকারান্তরে বশীভূত অত্রত্য রাজার-দের দেশ, তৃতীয়তঃ এতদ্দেশীয় স্বাধীন রাজারদের দেশ।

১। ভারতবর্ষের মধ্যে ইংরাজাধীন যে২ দেশ আছে তাহা সামান্যতঃ বেঙ্গাল মান্দ্রাজ অথবা বোম্বাই এই তিন প্রেসি-ডেন্সি নামক রাজ্যের সহিত সংযুক্ত। সিংহল দ্বীপ অর্থাৎ লঙ্কাও ইংরাজাধীন কিন্তু তথায় কোম্পানির কোন কর্ত্তৃত্ব নাই।

২ ইংরাজদিগের করদায়ি অথবা প্রকারান্তরে বশীভূত রাজারা দ্বিবিধ, প্রথমতঃ কতক গুলিন গোয়ালিয়র এবং ইন্দোর রাজের ন্যায় বারম্বার ব্যর্থ যুদ্ধ করিয়া অবশেষে স্ব২ রাজ্যের কিয়দংশ দান করত ইংরাজদিগের প্রাধান্য স্বীকার করিতে বাধিত হইয়াছে, দ্বিতীয়তঃ কতিপয় মহীশূর এবং সাতারা রাজের ন্যায় ইংরাজদিগের দ্বারা পরাভূত অন্যান্য নৃপ-তির পরিবর্ত্তে রাজত্ব লাভ করিয়াছে, ঐ বশীভূত রাজার-দের কেহ২ নিজ রাজ্য মধ্যে ইংরাজদিগের সেনাগণকে স্থান দিয়া আপনারদের ব্যয়ে প্রতিপালন করিতে বাধিত হইয়াছিল, উক্ত সেনারা তথায় বাস করত নিজ প্রভু ইংরাজদিগের কুশলে জাগরূক থাকিত এবং প্রতিপালক রাজারদেরও রক্ষা করিত, তন্মধ্য কোন২ রাজা দুর্ব্বল এবং নির্ধন প্রযুক্ত ইংরাজদিগের সেনা প্রতিপালন করিবার ভার হইতে মুক্ত হইয়াছিল কিন্তু তাহারাও করপ্রদ নৃপতিবর্গের ন্যায় ইংরাজদিগের আজ্ঞাবহ দাস স্বরূপ ছিল। নিম্ন লিখিত রাজারা কর প্রদান দ্বারা অথবা প্রকারান্তরে ইংরাজদিগের প্রভুত্ব স্বীকার করেন যথা লক্ষ্ণৌরাজ, নিজাম অর্থাৎ

power; the territories of the king of Oude, of the Nizam or King of Hyderabad, of Scindia or King of Gwalior, of Holcar or King of Indore, of Guicowar, of the Kings of Nagpore, Sattara and Cutch; of Sikkin and Cashmere in Northern Hindustan; of Oudipore, Joudpore, Jeypore, Kotah, Budi, Bicanere, Jesalmin and Kishenghur, in Ajmere; of Alwar, Keroli, Serowli, Bhurtpore, Dolepore, and Jaloun in the province of Agra; of Pertabghur, Bhopal, Dhar, in Malwa; of Rewah in the province of Allahabad; of Dhattea, Jhansi, and in Oorchia in Bundlekund; of Bunsware, and Dungarpore, in Guzerat; of Sewantwaree and Kolapore in Beejapore.

3. The only native state that is independent of British control is Nepal. Lahore, as it was the strongest was also the most independent native power in India during the reign of Maharaja Runjeet Sing; but the anarchy which followed the death of that potentate weakened the administration, and ultimately led to that destructive war by which the days of Lahore independence were numbered in 1846. The King of Lahore is now a ward of the British Government, but on attaining his majority he will be entitled to the free exercise of his power.

BRITISH INDIA.—Before the last charter act of 1833, the presidency of Bengal included Bengal, Bahar,

হাইদরাবাদের রাজা, সিন্ধিয়া অর্থাৎ গোয়ালিয়রের রাজা, হোলকার অর্থাৎ ইন্দোরের রাজা, গাইকুঁয়ার, এবং নাগপুর সাতারা; ও কচ দেশের রাজা, তথা উত্তর হিন্দুস্থানস্থ সিকিম ও কাশ্মীরের রাজা এবং আজমির প্রদেশস্থ উদয়পুর, যোধপুর, জয়পুর, কোতা, বুদি, বিকানির, জয়শালমির. এবং কৃষ্ণ-গড়ের রাজা। তথা আগ্রা প্রদেশস্থ আল্‌বার, কোরালি, শেরোলি, ভরতপুর, দোলপুর, এবং জলৌনের রাজা। এবং মালুয়া প্রদেশস্থ প্রতাপগড়, ভূপাল ও ধার দেশের রাজা। এলাহাবাদ প্রদেশস্থ রেওয়া দেশের রাজা; এবং বন্দেল-খণ্ডস্থ ধাতিয়া, ঝান্সি এবং উর্চিয়া দেশের রাজা তথা গুর্জ্জর রাষ্ট্রের বংশবরি এবং দাঙ্গারপুরস্থ রাজা। আর বীজপুর মধ্য-স্থিত সেওয়ান্তবারি ও কোলাপুর দেশের রাজা।

৩। সম্প্রতি এতদ্দেশীয় কেবল এক রাজ্য অর্থাৎ নেপাল ইংরাজদিগের অধীন নহে। রণজিৎ সিংহের জীবদ্দশায় লাহোর রাজ্য সর্ব্বাপেক্ষা পরাক্রমশালি এবং স্বাধীন ছিল কিন্তু ঐ নৃপতির পরলোকানন্তর নানা প্রকার গৃহ বিচ্ছেদ উপস্থিত হওয়াতে রাজকীয় ব্যাপার বিকৃত হইয়াছিল তাহাতে অব-শেষে ইংরাজদিগের সহিত তুমুল সংগ্রাম হওয়াতে ১৮৪৬ সালে লাহোর রাজ্যের স্বাধীনতা নষ্ট হয়। লাহোর রাজ এক্ষণে ইংরাজদিগের প্রতিপাল্য হইয়াছেন কিন্তু বয়ঃপ্রাপ্ত হইলে স্বতন্ত্ররূপে রাজকীয় কার্য্য নির্ব্বাহ করিতে পারি-বেন।

ইংরাজাধীন ভারত ভূমির বিষয়। ১৮৩৩ সালের সনন্দ পত্র ধার্য্য হইবার পূর্ব্বে বঙ্গভূমি এবং বেহার ও উড়িস্যার কিয়-

a part of Orissa, and the whole of the North Western provinces under British subjection. Since 1833, however, Agra with the North Western provinces has been placed under the government of a Lieutenant Governor; the government of Bengal now includes only Bengal, Bahar, and a part of Orissa, and the several non-regulation provinces governed by Commissioners or Governor-General's agents, such as Assam, Chotanagpore, Arracan, the Tenasserim provinces, and the settlements in the straits.

Bengal is bounded on the North by Nepal, Sikkim and Bhootan; on the South by the Bay of Bengal; on the East by Burmah and the Eastern limits of Assam; on the West by Bahar. Though little thought of during the prevalence of Hindù dynasties and destitute of ancient monuments, it has now become the richest and the most important province in India. The fertility of the soil and the convenience of transporting merchandise by means of the Ganges and its branch streams, have progressively extended its commerce, especially since the abolition of the Company's monopoly and trade. The resources of this province have thus received considerable development; and its political dignity has corresponded to its wealth. Its capital is the metropolis of this vast empire, its Governor is also the Governor-General of India.

—The chief cities of Bengal are Calcutta, Moorshadabad and Dacca. Its ancient capital Gour is now in ruins.

'দংশ তথা ইংরাজাধীন সমস্ত উত্তর পশ্চিম প্রদেশ বঙ্গদেশের গবর্ণর অর্থাৎ অধ্যক্ষের শাসনাধীন ছিল কিন্তু ১৮৩৩ শাল অবধি আগ্রা প্রভৃতি সমুদয় উত্তর পশ্চিম প্রদেশ এক জন লিপ্‌টেনেণ্ট গবর্ণরের অর্থাৎ প্রতিনিধি অধ্যক্ষের শাসনাধীন হইয়াছে সুতরাং এক্ষণে কেবল নিম্ন লিখিত প্রদেশ বঙ্গ রাজ্যের অন্তঃপাতি আছে, যথা বঙ্গ, বেহার, উড়িস্যার কিয়দংশ, এবং গবর্ণর জেনরলের এজেণ্ট অথবা কমিস্যনর নামে বিখ্যাত বিশেষ কর্ম্মকর্ত্তার শাসনাধীন সাধারণ নিয়মের অতীত কএক দেশ, অর্থাৎ আসাম, ছোট নাগপুর, আরাকান, তেনেসেরিম প্রদেশ, এবং পিনাঙ্গ প্রভৃতি মলয়ার সন্নিহিত মোহানাস্থ জনপদ।

বঙ্গ ভূমির উত্তর সীমা নেপাল, সিকিম, এবং ভূতান্ত। দক্ষিণ সীমা বঙ্গীয় অখাত, পূর্ব্ব সীমা ব্রহ্ম দেশ এবং আসামের পূর্ব্বাংশ, পশ্চিম সীমা বেহার। ভারতবর্ষীয় রাজারদের কালে বঙ্গদেশ অতিশয় প্রসিদ্ধ ছিল না তথায় পূর্ব্বতন মাহাত্ম্যের কোন চিহ্ন নাই কিন্তু এক্ষণে ভারত ভূমির মধ্যে তাহা অতিশয় ধনাঢ্য এবং মহৎ রাজ্য হইয়াছে। তথাকার ভূমি অতি উর্ব্বরা এবং গঙ্গা প্রভৃতি নদী নদ দ্বারা দেশের মধ্যে পণ্য দ্রব্যাদি লইয়া সহজে যাতায়াত করা যায় সুতরাং বাণিজ্যও অতিশয় বৃদ্ধি শীল হইয়াছে বিশেষতঃ যদবধি কোম্পানি বাহাদুর ব্যতীত সকলেই বাণিজ্য করিতে ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন এবং কোম্পানির বাণিজ্য করণে বিরতি হইয়াছে তদবধি বাণিজ্যের ক্রমশঃ মহোন্নতি হইয়াছে সুতরাং দেশের সম্পত্তিও বহুল পরিমাণে বৃদ্ধি পাইয়াছে। অপর বঙ্গ ভূমির যেমত অর্থোন্নতি হইয়াছে তাদৃশ রাজকীয় প্রাধান্যও বৃদ্ধি পাইয়াছে কেননা তথাকার প্রধান নগরী সমুদয় দেশের রাজধানী এবং তথাকার গবর্ণর অর্থাৎ অধ্যক্ষ অখিল ভারত ভূমির অধিপতি।

সম্প্রতি কলিকাতা মুরশিদাবাদ এবং ঢাকা বঙ্গ ভূমির

Nuddea, one of its celebrated schools of learning, especially of the Nayaya Shaster (logic), is also in a decayed state. Education is not, however, neglected in Bengal; it is vigorously carried on and widely diffused throughout the province under the auspices of the Calcutta Council of Education and of the Bengal Government. The education thus diffused is chiefly in the English and Bengali languages, and to a certain extent also in Sanscrit Arabic and Persian. Public examinations are annually held in Calcutta and other places containing collegiate institutions, whereby opportunities are afforded to young men of abilities, wheresoever educated, of establishing a literary reputation, and of asserting a well-founded claim on the patronage of government. A plan has also been formed for establishing a University in Calcutta, calculated still more to stimulate intellectual exertions by the distribution of honors and diplomas.

The chief rivers in Bengal are the Ganges, the Brahmaputra, and the Hooghly.

The province of Behar is of greater celebrity than Bengal in Hindu recollections. It is supposed to have contained the capital of the Rajahs of Magadha, one of whom Jarasandha had the reputation of proving a powerful antagonist to Krishna. Gya, the famous resort of pilgrims, is also situated in this province. The river Ganges passes through it in an easterly direction. The chief towns are Patna, Dinapore, Bhagulpore, Buxar,

সুবিখ্যাত নগরী। পূর্ব্বতন রাজধানীর নাম গৌড়, এক্ষণে তাহা নষ্ট হইয়া গিয়াছে। নবদ্বীপ বিদ্বজ্জনগণের আলয় বিশেষতঃ ন্যায় শাস্ত্রানুশীলনের আকর বলিয়া বিখ্যাত ছিল এক্ষণে তাহাও অতিশয় দুরবস্থাপন্ন হইয়াছে। পরন্তু ঐ নগরের উন্নতি ভ্রষ্ট হইলেও বঙ্গ ভূমিতে বিদ্যার চর্চ্চা রহিত হয় নাই বিদ্যানুশীলন সম্বন্ধীয় কলিকাতাস্থ রাজকীয় সমাজ তথা স্বয়ং রাজ পুরুষদিগের আনুকূল্যে নানা স্থলে বহুতর যত্নে বিদ্যার চালনা হইতেছে, রাজপুরুষেরা যে বিদ্যা বিতরণ করিতেছেন তাহা সামান্যতঃ ইংরাজী এবং গৌড়ীয় ভাষা সংক্রান্ত, কিন্তু সংস্কৃত আরবি এবং পারস্য ভাষারও কিঞ্চিৎ২ অনুশীলন আছে। কালেজ নামক বিদ্যা মন্দির বিশিষ্ট কলিকাতা প্রভৃতি প্রধান২ নগরে বিদ্যার্থিগণের প্রকাশ্য রূপে সাম্বৎসরিক পরীক্ষা হইয়া থাকে তাহাতে যে২ নব্য পুরুষেরদের সমীচীনা ব্যুৎপত্তি হইয়াছে তাঁহারা যে পাঠশালায় অধ্যয়ন করুন সকলেই পাণ্ডিত্য জন্য যশোলাভ করিবার এবং তদ্দ্বারা রাজানুকূল্যের উপযুক্ত পাত্র হইবার সুযোগ প্রাপ্ত হয়েন। কলিকাতার মধ্যে ইউনিবর্সিটি নামে বিবিধ বিদ্যালয় স্থাপন করিবারও কল্পনা হইয়াছে তাহাতে বিদ্যা বিশারদ জনগণের মধ্যে প্রশংসা ও সমাদর পত্র এবং উপাধি বিতরণ দ্বারা বিদ্যার্থিদিগের আরও ঔৎসুক্য বৃদ্ধির সম্ভাবনা আছে।

বঙ্গ ভূমির মধ্যে নিম্ন লিখিত প্রধান২ নদী আছে। যথা পদ্মা, ব্রহ্মপুত্র, গঙ্গা।

হিন্দুরদিগের মধ্যে বেহার প্রদেশ বঙ্গ প্রদেশাপেক্ষা বহু কালাবধি প্রসিদ্ধ, বোধ হয় ঐ প্রদেশেই মগধরাজদিগের রাজপুরী ছিল তথায় জরাসন্ধ নামে এক জন ভূপতি কৃষ্ণের সহিত ঘোরতর সংগ্রাম করিবাতে বিখ্যাত হইয়াছে। গয়া নামক প্রসিদ্ধ তীর্থ স্থানও ঐ প্রদেশের অন্তঃপাতি। তথা-

Monghyr. There is in the vicinity of the last named town a hot spring called the Seeta Coond.

Orissa, a part of which is only subject to the government of Bengal, is situated in the Deccan. It enjoys great celebrity among the Hindus as containing the temple of Jugunnath at Pooree. Its principal cities within the Bengal presidency are Cuttack, Pooree, and Balasore.

The judicial and fiscal affairs of Bengal, Bahar, and Orissa are in the hands of civil functionaries, superintended by commissioners of revenue and by the Sudder Adawlat and Board in Calcutta. These provinces are distributed into districts or zillas of which the following is a list—each having one or more judges, collectors and magistrates attached to it; viz. 24-Pergunnahs, Barasat, Howrah, Hooghly, Midnapore, Burdwan, Pooree, Cuttack, Balasore, Bancoorah, Beerbhoom, Moorshedabad, Nuddea, Jessore, Backergunge, Furreedpore, Dacca, Chittagong, Noacolly, Tipperah, Sylhet, Mymensing, Bagoorah, Rungpore, Pubna, Rajshahye, Maldah, Dinagepore, Purnea, Bhaugulpore, Monghyr, Behar, Patna, Tirhoot, Chumparun, Sarun, Shahabad.

The administration of the non-regulation provinces in the Bengal presidency, already named, is somewhat different. A commissioner or Governor-General's agent is placed with full powers in each of them, and is generally assisted by military officers. Chota Nagpore

ক্কার প্রধান২ নগরের নাম পাটনা, দানাপুর, ভগলপুর বক্সার, মুঙ্গের। মুঙ্গেরের সন্নিধানে সীতাকুণ্ড নামে এক উষ্ণ জলাশয় আছে।

উড়িস্যা দেশ দক্ষিণের অন্তঃপাতী, তাহার একাংশ মাত্র বঙ্গ রাজ্যাধীন। তত্রত্য পুরীতে জগন্নাথের মন্দির আছে একারণ ঐ দেশ হিন্দুরদের মধ্যে অতিপ্রসিদ্ধ। বঙ্গ রাজ্যাধীন ঐ দেশের প্রধান২ নগরের নাম কটক, পুরী, বালেশ্বর।

বঙ্গ বেহার এবং উড়িস্যার কর সংগ্রহ এবং বাদি প্রতিবাদির মধ্যে বিচার নিষ্পত্তি কার্য্য কএক নির্দ্দিষ্ট রাজ পুরুষ দ্বারা সম্পন্ন হইয়া থাকে রাজস্ব বিষয়ক কমিস্যনর অর্থাৎ কর্ম্ম কর্ত্তা এবং কলিকাতাস্থ সদর আদালত ও সদর বোর্ড সংক্রান্ত সাহেবেরা তাঁহারদের উপর অধ্যক্ষতা করেন। অপর উক্ত তিন প্রদেশ নিম্ন লিখিত জেলাতে বিভক্ত হইয়াছে তাহার প্রত্যেক জেলাতে বিচারপতি রাজস্ব সংগ্রাহক এবং শান্তি রক্ষক এক কিম্বা অধিক আছে. যথা ২৪ পরগণা, বারাসত, হাবড়া, হুগলি, মেদিনীপুর, বর্দ্ধমান, পুরী, কটক, বালেশ্বর, বাকুঁড়া বীরভূম, মুরশিদাবাদ, নবদ্বীপ, যশোহর, বাখার্গঞ্জ ফরিদপুর, ঢাকা, চট্টগ্রাম, নোয়াখালি, ত্রিপুরা, সিলেট, ময়, মনসিংহ, বোগুরা, রঙ্গপুর, পাবনা, রাজসাহি, মালদা, দিনাজপুর, পূর্ণিয়া, ভগলপুর, মুঙ্গের, বেহার, পাটনা, শ্রীহট্ট, চম্পারম, সারন, সাহাবাদ।

বঙ্গ রাজ্যের মধ্যে যে২ নিয়মাতীত প্রদেশ আছে তাহার সংখ্যা পূর্ব্বেই লিখিত হইয়াছে সে সকল প্রদেশের রাজকীয় কার্য্য অন্য প্রকারে নির্ব্বাহ হইয়া থাকে। ঐ প্রকার প্রত্যেক প্রদেশে এক২ জন কমিস্যনর অথবা গবর্ণর জেনরলের এজেণ্ট সর্ব্বাধিপত্য করিবার শক্তি প্রাপ্ত হইয়া কএক জন সহকারি সৈন্য শাসকের সাহায্যে কার্য্য নির্ব্বাহ করেন। বঙ্গ ভূমির দক্ষিণ পশ্চিম প্রান্তে ছোট নাগপুরে অর্থাৎ কোল জাতির

or the country of the Coles, on the south-western frontier, has a Governor-General's agent at Kishenpoor, with political assistants at a few other stations such as Purulia, Chyebassa, Hazareebaugh, Lohardaga, &c.

The chief authority in Assam is a commissioner located at Gowahatty with political assistants at six other stations; viz. Gowalpara, Kamroop, Durrang, Nowgong, Seebsagore, and Luckinpoor. This interesting country, distinguished in the Puranas by the poetic designation of Kamroop, variegated with beautiful hills and valleys, is situated in the north-east of Bengal. The British government obtained undisturbed possession of it at the close of the Burmese war in 1826. The discovery of the tea-plant in Assam has rendered it one of the most important provinces of British India. In point of fertility it is equal to Bengal, and, like it, produces rice, mustard-seed, tobacco, opium, &c. The Assamese are, however, far behind the Bengalis in point of civilization; their language is a dialect of Bengali.

Arracan and the Tenasserim provinces were ceded by the King of Ava at the conclusion of the Burmese war in 1826. They are situated on the sea coast and are eminently fitted for commerce. They are governed much in the same way as Assam. The principal stations in Arracan are Akyab, Kyuk Phoo, Ramree, and Sandoway. The residence of the commissioner of the Tenasserim provinces is Moulmein.

দেশে একজন গবর্ণর জেনরলের এজেণ্ট আছেন তিনি কৃষ্ণপুরে বাস করেন, পুরুলিয়া, চাইবাসা, হাজারিবাগ, লোহার ডাগা প্রভৃতি দেশে তাঁহার একং জন সহকারি রাজপুরুষ আছেন।

আসাম দেশের প্রধান অধ্যক্ষ স্বরূপ এক জন কমিস্যনর গৌহাটীতে বাস করেন। গোয়ালাপাড়া, কামরূপ, দুরঙ্গ, নৌগং, শিবসাগর, লক্ষ্মীপুর নামে অন্য ছয় দেশে তাঁহার একং জন সহকারী রাজপুরুষ আছেন। পুরাণ শাস্ত্রে কামরূপাখ্য ললিত শব্দে আসাম দেশের প্রসঙ্গ আছে ঐ মনোহর দেশ বিচিত্র গিরি কানন উপত্যকায় শোভিত এবং বঙ্গ ভূমির উত্তর পূর্ব্ব কোণে স্থাপিত, ইংরাজেরা ১৮২৬ সালে ব্রহ্ম দেশের যুদ্ধান্তে তাহা অধিকার করেন। তথায় চা নামে প্রসিদ্ধ গুল্মের প্রকাশ হওয়াতে তাহা এক্ষণে ইংরাজাধীন ভারতবর্ষের মধ্যে এক প্রধান প্রদেশ হইয়া উঠিয়াছে।* তথাকার ভূমি বঙ্গ দেশের ন্যায় উর্ব্বরা তাহাতে সর্ষপ তমাকু অহিফেণ প্রভৃতি দ্রব্য উৎপন্ন হয়। কিন্তু আসামীয় লোকেরা বঙ্গীয় লোকের ন্যায় সভ্য নহে তাহাদের ভাষা গৌড়ীয় ভাষার শাখা স্বরূপ।

আবা দেশের রাজা ১৮২৬ সালে ব্রহ্ম দেশীয় যুদ্ধান্তে আরাকান এবং তেনেসেরিম প্রদেশ ইংরাজদিগকে দান করিয়াছিলেন ঐ প্রদেশ সমুদ্র তটস্থ প্রযুক্ত তথায় বাণিজ্যের অতিশয় সুগম হইয়াছে। তথাকার রাজকীয় ব্যাপার আসামের তুল্য নিয়মে নির্ব্বাহ হইয়া থাকে, আরাকানের মধ্যে আকায়াব, কায়েকফু, রামরি, এবং সাণ্ডোয়ে নামক চারি নগর আছে। তেনেসেরিম প্রদেশের কমিস্যনর মুল-

They contain likewise the towns of Ye, Tavoy, Mergui, and Tenasserim.

Malacca, Singapore, and Penang too are subject to the government of Bengal. The first two were ceded to the British by the Dutch, the last transferred to the Company by Capt. Light who had received it as his marrriage portion from the king of Queda.

The Agra division of the Bengal presidency comprehends those districts in the north-western provinces which were formerly subject of the government of Bengal. These provinces are generally known by the names of Allahabad, Agra, Oude, and Delhi, and are distributed into the districts of Gooruckpore, Ghazipore, Azimghur, Juanpore, Benares, Mirzapore, Allahabah, Bundelkund, Futtehpore, Cawnpore, Etawah, Agra, Muttra, Allyghur, Furrackabad, Bareilly and Moradabad in Rohilcund, Sharunpore, Meerut, Delhi territory. The principal cities are Benares, Mirzapore, Allahabad, Agra, Delhi, Furrackabad, Bareilly, Cawnpore, &c.

Benares is an ancient city of great celebrity among the Hindus. The Puranas* set forth its glory by a string of antitheses and of contradictory epithets

* "May the royal city of Shiva, Benares,—situated in the earth but not terrestrial, higher than the heavens yet located below, which though in bondage in the earth is yet the liberator (of men), wherein dying animals become immortal, which is daily worshipped by the gods on the banks of the river that purifies the three worlds—preserve the universe from destruction"! *Khashikhanda.*

মিন নগরে বাস করেন ঐ প্রদেশের মধ্যে ইয়ে, তেবর, মর্গুই, এবং তেনেসেরিম নামে আর চারি নগর আছে।

মালাকা শিঙ্গাপুর এবং পিনাঙ্গ দেশও ইংরাজদিগের অধীন। হলাণ্ডীয়েরা ইংরাজদিগকে মালাকা এবং শিঙ্গাপুর দান করিয়াছিল আর কাপ্তান লাইট কুইদা রাজের কন্যাকে বিবাহ করত পিনাঙ্গ দেশ যৌতুক স্বরূপে পাইয়া কোম্পানি বাহাদুরকে দান করিয়াছিলেন।

হিন্দুস্থানের পশ্চিমস্থ যে২ প্রদেশ পূর্ব্বে বঙ্গরাজ্যের অধীন ছিল তাহা এক্ষণে আগ্রা খণ্ডের অন্তঃপাতি হইয়াছে। ঐ২ প্রদেশের নাম এলাহাবাদ, আগ্রা, অযোধ্যা, দিল্লী, এবং তাহা নিম্ন লিখিত জেলাতে বিভক্ত যথা-গোরক্ষপুর, গাজিপুর, আজিমগড়,জোয়ানপুর, বানারস, নির্জাপুর, এলাহাবাদ, বন্দেলখণ্ড, ফতেপুর, কানপুর,ফতওয়া, আগ্রা, মথুরা, আলিগড়, ফরক্কাবাদ, রোহিল খণ্ডস্থ বারেলি এবং মুরাদাবাদ, সাহারনপুর, মিরট, দিল্লী। তথায় নিম্ন লিখিত প্রধান নগর আছে যথা-বারাণসী, মির্জাপুর, এলাহাবাদ (প্রয়াগ), আগ্রা, দিল্লী, ফরক্কাবাদ, বারেলি, কানপুর, ইত্যাদি।

বারাণসী অতি প্রাচীন নগর এবং হিন্দুরদের মধ্যে অতিশয় প্রসিদ্ধ, পুরাণ গ্রন্থে নানা প্রকার বিরোধালঙ্কার* দিয়া তাহার মাহাত্ম্য বর্ণনা আছে অতি সূক্ষ্ম বুদ্ধি শাস্ত্রজ্ঞ

---

* যথা কাশী খণ্ডের উক্তি "ভূমিষ্ঠ হইলেও যেখানে ভূমির অভাব, স্বর্গের ঊর্দ্ধ হইলেও যিনি অধস্থ,পৃথিবীতে বদ্ধ হইয়াও যিনি মুক্তি দান করেন, যেখানে মৃত জন্তু অমৃত হয়, যিনি ত্রিভবন পাবন গঙ্গার তটে দেবগণের নিত্য পূজ্য হয়েন সেই ত্রিপুরারি রাজনগরী কাশী জগৎ সংসারকে অপায় হইতে রক্ষা করুন"।

requiring all the arts of the most subtle theologians to reconcile them.

Mirzapore is the great commercial mart of north western India, situated on the right bank of the Ganges.

Allahabad is a fortified town, famous for the sanctity ascribed to it, in consequence of the confluence of the Ganges and the Jumna. The Fort and the Beni-ghat —the former a monument of Mahometan art, the latter a standing proof of Hindu veneration paid to the city, are both situated at the junction of the two streams.

Agra and Delhi are well known as the capitals of the Mogul emperors. The former contains many monuments of Mahometan skill in architecture, of which the Tajmahal is the most remarkable; the latter is situated in the vicinity of the celebrated Hastinapore, the capital of Yudhisthira, and is hallowed by the recollections of Kurukshetra, the site of the famous war of the Mahabharut.

The provinces subject to the government of Agra are watered by the two great rivers Ganges and Jumna, and their branches and tributaries. The tract of country included between the two rivers is called the Doab.

To the presidency of Madras, otherwise called that of Fort St. George, are subject all the British provinces

পণ্ডিত দিগকেও বিবিধ কৌশলে ঐ সকল বিরুদ্ধ বচনের সমাধা করিতে হয়।

মৃজাপুর নগর গঙ্গার দক্ষিণ পার্শ্বে স্থাপিত, তাহা উত্তর পশ্চিম প্রদেশীয় মহা বাণিজ্য স্থান।

এলাহাবাদ এক সুরক্ষিত দুর্গ স্বরূপ, তথায় গঙ্গা এবং যমুনার সঙ্গম হওয়াতে ঐ নগর মহা পুণ্য স্থান বলিয়া মান্য হয়, তথাকার দুর্গ যাহা মোসলমানেরা বহু কৌশলে নির্ম্মাণ করিয়াছিল এবং বেণীঘাট যাহা হিন্দুরদের ভক্তির দৃঢ়-তর প্রমাণ এই উভয় স্থানই গঙ্গা যমুনার সঙ্গমের নিকট স্থাপিত।

আগ্রা এবং দিল্লী মোগল রাজাদের রাজধানী ছিল আগ্রাতে যবনদিগের নির্ম্মাণ দক্ষতার অনেক চিহ্ন আছে তাহার মধ্যে তাজ মহল সর্ব্বাপেক্ষা মনোহর, দিল্লী নগর যুধিষ্ঠিরের রাজপুরী পূর্ব্বতন হস্তিনা পুরের সন্নিকটে স্থাপিত, মহাভারতোক্ত কুরুক্ষেত্রের যুদ্ধে তাহা মহাবিখ্যাত হয়।

আগ্রা রাজ্যাধীন প্রদেশ গঙ্গা যমুনা এবং তাহার শাখা ও উপকারিণী নদী প্রবাহে সিক্ত হইয়া থাকে। গঙ্গা যমুনার মধ্যবর্ত্তি দেশের নাম দোয়াব।

মান্দ্রাজ প্রেসিডেন্সির নামান্তর ফোর্ট সেন্ট জর্জ প্রেসি-ডেন্সি, কৃষ্ণা নদীর উত্তরস্থ সরকার এবং দক্ষিণস্থ যাবদীয় ইংরাজাধীন দেশ ঐ রাজ্যের অন্তঃপাতি। মান্দ্রাজ করমাণ্ডেল

in the peninsula of Hindustan south of the Krishna, as well as the Circars to the north of that river. Madras itself is a maritime town on the coast of Coromandel. It came to the possession of the British at a very early period, but was subsequently surrendered to the French who had laid siege to it. At the peace of Aix-la-chapelle it was restored to the English who have since kept possession of it as their second capital in India.

The territories subordinate to the presidency of Madras are distributed into the following districts; viz.

To the north of the Krishna; Ganjam, Vizagapatam, Rajamundry, Masulipatam.

To the south of the Krishna; Guntoor, Nellore, the Balaghaut or highland districts of Bellary and Cuddapa, Chingleput, Northern Arcot, Southern Arcot, Salem, Tanjore, Trichinopoly, Madura and Dindigul, Shevagunga, Tinnevelly, Coimbatoor, Canara; Malabar, Seringapatam, Madras.

Most of these are maritime districts situated on the Coromandel coast; Canara and Malabar alone are on the Malabar coast; Seringapatam, Salem together with the Balaghaut and a few other districts are inland.

The principal towns in the Madras presidency are those which have given names to the districts of which they are the capitals or chief stations.

One great peculiarity in the Madras presidency is that on the coast of Malabar are found large bodies of indigenous Christians who have maintained their

নামক কূলে সমুদ্র তটস্থ এক নগর, বহুকাল পূর্ব্বে এই নগর ইংরাজদিগের অধীন হইয়াছিল পরে ফ্রেঞ্চ লোকেরা তাহা আক্রমণ করিলে ইংরাজেরা তাহারদের হস্তে সমর্পণ করে অনন্তর এজ-লা-শাপেল স্থানে সন্ধিপত্র ধার্য্য হইলে ফ্রেঞ্চেরা তাহা ইংরাজদিগকে প্রত্যর্পণ করিয়াছিল সেই অবধি ইংরাজেরা তাহাকে ভারতবর্ষস্থ দ্বিতীয় রাজধানী করত তথায় রাজত্ব করিতেছেন।

মান্দ্রাজ রাজ্যাধীন প্রদেশ নিম্ন লিখিত জেলাতে বিভক্ত হইয়াছে যথা।

কৃষ্ণা নদীর উত্তর গাঞ্জাম বিজাগাপোটাম, রাজমন্দ্রি, মসলিপোটাম।

কৃষ্ণা নদীর দক্ষিণ গন্তুর, নেলোর, বেলেরি এবং কডাপা নামে বালা ঘাট অর্থাৎ উন্নত ভূমিস্থ জেলা, তথা চেঙ্গলপট, উত্তর আর্কট, দক্ষিণ আর্কট, সালেম, টাঞ্জোর, ত্রিচিনো-পলি, মাদুরা এবং দিন্দিগল, শিবগঙ্গা, তিনিবেলি, কৈম্বাতুর, কানারা, মালাবার, সেরিঙ্গাপোটাম, মান্দ্রাস।

উক্ত জেলার অধিকাংশ করমাণ্ডেল কূলস্থ সমুদ্র তীরে স্থাপিত কেবল কানারা এবং মালাবার মালাবার পার্শ্বে স্থাপিত। সেরিঙ্গাপোটাম, এবং বালাঘাট প্রভৃতি কএক জেলা ভূমি মধ্যে আছে।

মান্দ্রাজ রাজ্যাধীন প্রসিদ্ধ জনপদ সকল স্ব২ জেলার নামে বিখ্যাত ফলতঃ তাহাই ঐ সকল জেলার প্রধান নগর।

মান্দ্রাজ রাজ্যের মধ্যে এক আশ্চর্য্য বিষয় এই যে মালা-বার অঞ্চলে খ্রীষ্ট ধর্ম্মাক্রান্ত এতদ্দেশীয় বহুসংখ্যক লোক আছে তাহারা বহুকালাবধি হিন্দু ধর্ম্মাবলম্বি লোকদিগের মধ্যে বাস করত আপনারদের ধর্ম্ম রক্ষা করিতেছে। তাহারা সাধু

faith and preserved their institutions in the midst of their Hindu countrymen from a very early age. They call themselves after the name of St. Thomas to whom they attribute the conversion of their forefathers. That the apostle came into India and founded the churches in Malabar is no more than conjecture; it appears unquestionable, however, that the Christian communities just mentioned have existed from a period almost as early as the apostolic age. They are most numerous in Travancore and are commonly known by the name of Syrian Christians. The natives too call them Suriani Mapila.

Before we conclude this account of the presidency of Madras, we have to notice the peculiar government which prevails at Mysore. The Hindu dynasty which Hyder Ali had subverted was restored upon the capture of Seringapatam; but the Rajah himself was subsequently relieved from the cares of State by the appointment of a British commissioner to administer the government for him. Coorg, since its incorporation with the British territories, has also been placed under the same commissioner.

The presidency of Bombay, though far inferior in its resources to Bengal or Madras, is in some respects more interesting than either of them. It contains the site of the oldest factory established by the East India Company on the continent of India. Captain

তামসের নামোল্লেখ করত আপনারদের পরিচয় দিয়া কহে ঐ মহাত্মা আমারদের পূর্ব্ব পুরুষগণকে খ্রীষ্টীয় বিশ্বাসে প্রবৃত্তি দিয়াছিলেন। সাধু তামস ভারতবর্ষে আসিয়া মালাবারস্থ খ্রীষ্টীয় সভা স্থাপন করিয়াছিলেন একথা কেবল অনুমান মাত্র কিন্তু ঐ সকল খ্রীষ্টীয় সমাজ প্রায় তাঁহার কালাবধি বিদ্যমান আছে তাহাতে সন্দেহ নাই। ত্রাবাঙ্কোর দেশে ঐ রূপ খ্রীষ্টীয় লোক বহুবিধ আছে তাহারা সুরিয়ানি খ্রীষ্টীয়ান বলিয়া বিখ্যাত, তদ্দেশীয় প্রজারা তাহার দিগকে সুরিয়ানি মোপিলা কহে।

মান্দ্রাজ রাজ্যের বর্ণনা সমাপন করিবার পূর্ব্বে আমারদিগকে প্রসঙ্গতঃ মহীসুর দেশস্থ রাজকীয় ব্যাপারের বর্ণনা করিতে হইল, হাইদরআলি তথাকার হিন্দু রাজবংশকে রাজ্যচ্যুত করিয়া স্বয়ং ভূপতি হইয়াছিলেন পরে সেরিঙ্গাপোটাম জয় হইলে সেই বংশীয় রাজা পুনশ্চ রাজ্য লাভ করেন কিন্তু অবশেষে একজন ইংলণ্ডীয় অধ্যক্ষ তাহার প্রতিনিধি রূপে রাজকীয় কার্য্য করিতে নিযুক্ত হওয়াতে তিনিও রাজস্বে বঞ্চিত হইয়াছেন। কুর্গ রাজ্যও পরে ইংরাজাধীন হওয়াতে মহীসুর দেশস্থ ইংরাজাধ্যক্ষের শাসনস্থ হইয়াছে।

বোম্বাই প্রেসিডেন্সি মান্দ্রাজ এবং বঙ্গ ভূমির ন্যায় ধন সম্পন্ন না হইলেও অনান্য কারণ বশতঃ তদপেক্ষা প্রসিদ্ধ হইয়াছে। ইংরাজেরা ভারত ভূমি মধ্যে সর্ব্বাদৌ যে বাণিজ্যালয় স্থাপন করেন তাহা বোম্বাই রাজ্যের অন্তঃপাতি, কাপ্তান বেষ্ট ১৬১২ শালে সৌরাষ্ট্র নগরে বসতি করিতে সনন্দ

Best received permission to settle at Surat as early as 1612, and left ten persons with a stock of £ 4,000 to purchase goods there. These ten persons became the nucleus of that vast power which now gives law to the whole length and breadth of India.

Bombay itself is a small island on the western coast of India. It was ceded to the British crown as the marriage portion of Catharine of Portugal, Queen of Charles the Second. The Crown granted it to the East India Company who rendered it the capital of their western provinces.

The territories subject to the presidency of Bombay are divided into the following districts; Darwar, Candeish, Northern Concan, Southern Concan, Poona, Ahmedabad, Kaira, Surat, and Broach. Most of these districts derive their names from their respective chief towns or sudder stations.

Poona was the capital of the Peishwa, the head of the Maharatta states, but was annexed to British India on the deposition of Bajee Rao in 1818.

The presidency of Bombay has now been still further enlarged by the annexation of Scinde. The province of Scinde occupies an important tract of country on both sides of the Indus, commanding the navigation of that river. It was lately under the government of chiefs of the Talpoor family, who under the title of Ameers, held the country nominally as a dependency of Affghanistan, but really as an

প্রাপ্ত হইয়াছিলেন পরে দশজন স্বদেশীয় লোককে ৪০০০০ টাকার পণ্য দ্রব্যাদি ক্রয় করিতে রাখিয়া গমন করেন ঐ দশ জন ইংরাজ হইতে ক্রমশঃ এই মহৎ রাজত্ব স্থাপন হয় যাহা সম্প্রতি অখিল ভারতবর্ষে ব্যাপ্ত হইয়াছে।

বোম্বাই নগর ভারতবর্ষের পশ্চিম কূলে এক ক্ষুদ্র উপদ্বীপ মাত্র, দ্বিতীয় চার্লস রাজার মহিষী পোর্ত্তুগালীয় কাথারিনের বিবাহে তাহা যৌতুক স্বরূপে ইংলণ্ড রাজকে দত্ত হইয়াছিল পরে চার্লস রাজা ইষ্ট ইণ্ডিয়া কোম্পানিকে দান করিয়াছিলেন তাহাতে কোম্পানি বাহাদুর ঐ উপদ্বীপকে আপনারদের পশ্চিম অঞ্চলস্থ রাজধানী করিয়াছেন।

বোম্বাই রাজ্যাধীন নিম্ন লিখিত জেলা আছে যথা–ধারোয়ার, কাণ্ডিশ, উত্তর কঙ্কান, দক্ষিণ কঙ্কান, পুনা, আমিদাবাদ, কৈরা, সৌরাষ্ট্র (সুরাট) এবং ব্রোচ। এই সকল জিলার অধিকাংশ আপন২ প্রধান নগরের নামে প্রসিদ্ধ হইয়াছে।

পুনা পূর্ব্বে পেশোয়া উপাধিধারি মহারাষ্ট্রীয় প্রধান অধিপতির রাজধানী ছিল কিন্তু ১৮১৮ সালে তথাকার বাজি রাও নামক রাজা পদচ্যুত হওয়াতে ইংরাজদিগের অধীন হইয়াছে।

সিন্ধু দেশ জয় হওয়াতে বোম্বাই রাজ্য আরও বৃদ্ধিশীল হইয়াছে, ঐ দেশ সিন্ধু নদীর উভয় পার্শ্বে ব্যাপ্ত সুতরাং নদী পথে গমনাগমন করিলে তদ্দেশ মধ্য দিয়া যাইতে হয় একারণ সে দেশকে ক্ষুদ্র জ্ঞান করা যায় না। কিয়দ্দিবস হইল তাহা তালপুর বংশীয় আমীরদিগের অধীন ছিল ঐ আমীরেরা আফগান রাজের বশীভূত এই ছল করিয়া আপনারাই আধিপত্য করিতেন। ১৮৪৩ সালে সে দেশ ইংরাজ

independent principality. It was annexed to the British empire in 1843. The chief towns are Hyderabad, Tatta, Kurrachee, Shikarpore.

The island of Ceylon is also a part of British India, being a dependency immediatley under the government of the crown. It is situated at the western entrance of the Bay of Bengal. It is celebrated in the Ramayana under the designation of Lanka, the kingdom of Ravana, whom Rama slew in battle.

The principal cities in Ceylon are Colombo the capital, Kandy the seat of the former sovereigns, Galle, Jaffna, Trincomale, Manaar, &c.

The interior of the island is diversified with lofty mountains and beautiful valleys. Adam's peak, the south-western point of the mountainous region, is 7150 feet in height.

The inhabitants of Ceylon are principally divided into two classes, the Singalese and Malabars—the former of the Buddhist, the latter of the Hindu persuasions. The language of the Malabars is Tamul, a dialect derived from the Sanscrit and spoken also on the continent. There is also a large number of Moors or Mahometans in the island.

In the opinion of the Mahometans, Ceylon was the place where Adam fell on his expulsion from paradise. They affect to discover the print of his foot on a stone on the top of a mountain thence called Adam's peak. The

দিগের অধীন হইয়াছে তথাকার প্রধান২ নগরের নাম হাই-দরাবাদ, তাতা করাচি, শিকারপুর ইত্যাদি।

সিংহল উপদ্বীপও ইংরাজাধীন ভারতবর্ষের এক অংশ কিন্তু তাহা কোম্পানির অধীন নহে তথায় কেবল ইংলণ্ডীয় রাণীর কর্ত্তৃত্ব আছে। ঐ দ্বীপ বঙ্গীয় অখাতের পশ্চিম প্রবেশ দ্বারে স্থাপিত এবং রামের হস্তে হত রাবণের পুরী অর্থাৎ লঙ্কা বলিয়া রামায়ণে প্রসিদ্ধ আছে।

সিংহলের অন্তঃপাতি নিম্ন লিখিত প্রধান২ নগর আছে যথা ইদানীন্তন রাজধানী কলম্ব,পূর্ব্বতন রাজারদের বাসস্থান কাণ্ডি, গাল, জাফনা, ত্রিঙ্কমালি, মানার ইত্যাদি।

ঐ উপদ্বীপের মধ্যাংশ উচ্চ২ পর্ব্বত এবং সুশোভন উপত্যকায় পূর্ণ আছে, পর্ব্বতীয় দেশের দক্ষিণ পশ্চিম কোণকে আদমকূট কহে তাহা ৭১৫০ ফুট উচ্চ।

সিংহলস্থ লোকেরা দুই শ্রেণীতে বিভক্ত যথা সিংহলীয় এবং মালাবার। সিংহলীয়েরা বৌদ্ধ মতাবলম্বী, মালাবারেরা হিন্দু ধর্ম্মাক্রান্ত। মালাবারদিগের ভাষা তামল, তাহা সংস্কৃতের এক শাখা এবং ভারত ভূমি মধ্যেও চলিত। সিংহলেতে ভূরি২ মোসলমানও আছে।

মোসলমানেরা কহে যে আদি পুরুষ আদম স্বর্গচ্যুত হইয়া সিংহলে পতিত হইয়াছিলেন অতএব তাহারা তথাকার এক পর্ব্বতস্থ প্রস্তরের উপর তাঁহার পাদ চিহ্ন কল্পনা করিয়া ঐ

impression on the stone, thus explained by the Moors, is attributed by the Hindus to Shiva, and by the Buddhists to Buddha.

The native States, dependent on the British government, have already been mentioned. Most of them are, however, the dominions of petty Princes who never possessed any consequence or reputation, and to whom the protection of the British government proved a clear gain. Such were the chiefs of Jeypore, Joudpore, Oudipore, in Rajpootna; of Sikkim in northern Hindustan; of Travancore and Cochin in Southern Hindustan, and of several other petty states all over the country. The only powers, now dependent on the British government, that formerly took a leading part in the politics of India, are the king of Oude, the Nizam or king of Hyderabad, Holcar or Rajah of Indore, Scindia or Rajah of Gwalior, the Rajah of Nagpoor. These princes were at one time possessed of extensive territories and of great power; they were subsequently compelled to cede portions of their dominions to the British government and to acknowledge its supremacy. Holcar, Scindia, and the Rajah of Nagpoor kept up a fierce strife for a long time with the British government.

The king of Oude or Luknow occupies the ancient capital (Ayodhia), so much celebrated in the Ramayana, of Dasaratha and Rama.

In Scindia's dominions stands Oujein, the capital of

শৈলের নাম আদমকূট রাখিয়াছে হিন্দুরা সেই চিহ্নকে মহাদেবের এবং বৌদ্ধেরা বুদ্ধের পদাঙ্ক কহিয়া থাকে।

এতদ্দেশীয় যেং রাজারা ইংরাজ দিগের আজ্ঞাবহ তাহাদের নাম পূর্ব্বেই উক্ত হইয়াছে। তাহারদের মধ্যে অধিকাংশ রাজগণ কখন কোন কারণে খ্যাত্যাপন্ন অথবা মর্য্যাদা ভাজন হয়েন নাই সুতরাং ইংরাজদিগের প্রতিপাল্য হওয়াতে তাহারদের লাভ ব্যতীত হানি হয় নাই। আজমিরস্থ জয়পুর, যোধপুর, উদয়পুর এবং উত্তর ভারতবর্ষস্থ সিকিম তথা দক্ষিণাঞ্চলস্থ ত্রাবাঙ্কুর এবং কোচিন প্রভৃতি অনেক ক্ষুদ্রং দেশের রাজারা ঐরূপ ছিলেন। অযোধ্যা,হাইদরাবাদ, ইন্দোর, গোয়ালিয়র এবং নাগপুর দেশীয় ভূপালেরাই কেবল পুর্ব্বে রাজকীয় ব্যাপারে খ্যাত্যাপন্ন ছিলেন কিন্তু এক্ষণে তাঁহারাও ইংজাদিগের বশীভূত হইয়াছেন, এককালে তাঁহারা প্রবল প্রতাপ এবং ভূরি দেশের অধিপতি ছিলেন পরে ইংরাজদিগকে আপনারদের স্বামি বলিয়া স্বীকার করত রাজ্যের কোনং অংশ দান করিতে বাধিত হইয়াছেন। অপর ইন্দোর, গোয়ালিয়র, এবং নাগপুর দেশের রাজারা বহু কাল পর্য্যন্ত ইংরাজদিগের সহিত তুমুল সংগ্রাম করিয়াছিলেন।

রামায়ণে বর্ণিত দশরথ এবং রামের রাজধানী অযোধ্যা সম্প্রতি লক্ষ্মণৌ রাজের অধিকারের অন্তঃপাতি আছে।

Vikramaditya, through which runs the first meridian of Hindu geographers.

In the country of Sikkim lies Darjeeling the Sanatorium of the Bengal presidency.

Cashmere which at the close of the late Seik war became a separate principality under British protection, is equally remarkable for its beautiful valleys and for its manufacture of shawls, from wool furnished by a peculiar species of goat.

Of the independent native states in India, the number has been gradually decreasing; the geographer can now scarcely point out more than one which is really independent. This one is Nepal, a kingdom remarkable for its eventful history for the last hundred years. About the middle of the eighteenth century, its valley was partitioned among three Hindu Rajas, those of Khatmandu, Lalita-patan, and Bhatgaon. These rajas were over-powered by Prithi Narayen chief of a mountain tribe named Gorkha, who made himself sole master of Nepal. The dynasty, thus founded, continues to this day. During the minority of Rana Bahadur, one of Prithi Narayen's successors, the Gorkha government vigorously pursued a system of aggression and conquest, and reduced all the mountain states from Bhootan to the Sutlej under its dominion. The war which subsequently broke out with the British government, forced the Gorkhas

বিক্রমাদিত্যের রাজপুরী উজ্জয়নী যেখানে হিন্দু ভূগোল বেত্তারা প্রথম যাম্যোত্তর রেখার কল্পনা করেন তাহা এক্ষণে গোয়ালিয়র রাজ্যের মধ্যবর্ত্তি হইয়াছে।

দ্রার্জ্জিলিং (দারুজলিঙ্গ) যেখানে বঙ্গ প্রদেশীয় লোকেরা শীতল বায়ু সেবনার্থ গমন করেন তাহা সিকিম রাজ্যের অন্তঃপাতি।

কাশ্মীর দেশ সিকদিগের সহিত যুদ্ধান্তে ইংরাজদিগের সাহায্যাধীন স্বতন্ত্র রাজ্য হইয়াছে সেখানকার উপত্যকাদি জনপদ অপূর্ব্ব শোভা শালী, সেখানে এক প্রকার ছাগ বিশেষের লোমে শাল প্রস্তুত হইয়াথাকে পৃথিবীর যাবদীয় লোক তাহা দেখিয়া চমৎকৃত হয়েন।

ভারতবর্ষীয় স্বাধীন রাজাদের সংখ্যা ক্রমশঃ ন্যূন হইয়াছে এক্ষণে যথার্থ স্বাধীন এক রাজার অধিক প্রায় দেখা যায় না, এক নেপালরাজই স্বাধীন অধিপতি, ঐ দেশে শত বর্ষ ব্যাপিয়া নানা প্রকার বিচিত্র ঘটনা হইতেছে অর্থাৎ প্রায় শত বৎসর গত হইল খাতমণ্ডু, ললিত পত্তন, এবং ভাট গেয়ন দেশস্থ তিন জন হিন্দু রাজা তথাকার সমস্ত উপত্যকা বিভাগ করিয়া লইয়াছিলেন পরে গোরক্ষ নামে পর্ব্বতীয় জাতির অধ্যক্ষ পৃথ্বীনারায়ণ তাহারদিগকে রাজ্যচ্যুত করিয়া আপনি অখিল নেপাল রাজ্য অধিকার করিয়াছিল পৃথ্বীনারায়ণের বংশ অদ্যাপি ঐ দেশে রাজ্য করিতেছে। অপর ঐ রাজবংশীয় রাণা বাহাদুরের অপ্রাপ্ত ব্যবহার অবস্থায় গোরক্ষ রাজপুরুষেরা মহাবল পরাক্রম হইয়া দিগ্বিজয় করিতে বাসনা করিয়া ভূতান্ত অবধি শতক্রু নদী পর্য্যন্ত সমস্ত

to abandon their conquests west of the Cali, and to restore to the king of Sikkim the territories they had wrested from him.

The kingdom of Nepal, thus curtailed, is divided into the following provinces: 1 Nepal proper, 2 country of the *chowbisi* or twenty-four rajas, 3 that of the *baisi* or twenty-two rajahs, 4 Mukwanpoor, 5 Kirauts, 6 Khatang, 7 Chayenpoor, 8 Saptai, 9 Morung.

The principal cities are Khatmandu the capital, Lalita-patan, Bhatgaon.

The territories now subject to Nepal are intersected by the Gandak, the Cosi, and some other tributaries of the Ganges.

The religion of the Nepalese is Hinduism, but Buddhism is also very prevalent. The country is inhabited by various tribes, some of whom are colonists from the plains, others, primitive highlanders. The latter appear to be of Tartar or Chinese descent.

The kingdom of Lahore, established and consolidated by Runjeet Sing, fell into confusion on the death of that sovereign. Its independence was greatly modified by the effects of its late war with Britain. Though deprived by treaty of some of its territories ceded to the English, (a destitution for which it must now cease to be called the *Punjab*) it may still be classed with the independent powers of Hindustan. At the present moment, however, it is dependent on the British government, and must continue so while

পর্ব্বতীয় দেশ জয় করিয়াছিল কিন্তু পরে ইংরাজদিগের সহিত যুদ্ধ হওয়াতে তাহারা কালী নদীর পশ্চিমস্থ অখিল জিত দেশ পরিত্যাগ করিতে এবং সিকিম রাজের যে২ ভূমি হরণ করিয়াছিল সে সমস্ত প্রত্যর্পণ করিতে বাধিত হইয়াছে।

এইরূপে নেপাল রাজ্যের পরিমাণ ন্যূন হওয়াতে এক্ষণে তাহা নিম্ন লিখিত অংশে বিভক্ত আছে যথা- ১ প্রকৃত নেপাল২, চৌব্বিশ রাজারদের দেশ, ৩ বাইস রাজাদের দেশ, ৪ মাখনপুর, ৫ কিরাত, ৬ খটঙ্গ, ৭ চয়নপুর, ৮ সপ্তাই, ৯ মোরঙ্গ।

উক্ত দেশের প্রধান২ নগরের নাম খাতমণ্ডু (রাজধানী) ললিত পত্তন, ভাটগেয়ন।

নেপাল রাজ্যান্তঃপাতি দেশে এই২ নদী প্রবাহ আছে, যথা গণ্ডকী, কৌশিকী, এবং গঙ্গার অন্যান্য উপকারিণী তরঙ্গিণী।

নেপাল দেশীয় লোকেরা হিন্দু ধর্ম্মাক্রান্ত বটে কিন্তু বৌদ্ধ ধর্ম্মও তথায় চলিত আছে। তথায় নানা জাতীয় লোক বাস করে তাহার মধ্যে কতক নিম্ন ভূমি হইতে গমন করিয়াছে কতক বা আদ্যাবধি পর্ব্বতীয় আছে। পর্ব্বতীয় লোকেরা বোধ হয় তাতার কিম্বা চীন জাতি হইতে উৎপন্ন হইয়াছে।

লাহোর রাজ্য রণজিৎ সিংহের দ্বারা স্থাপিত এবং দৃঢ়ীকৃত হইয়াছিল কিন্তু ঐ নৃপতির মরণান্তে তাহা অরাজক অবস্থাপন্ন হয় অনন্তর ইংরাজদিগের সহিত সংগ্রাম হওয়াতে তথাকার স্বাধীনতায় অনেক ব্যাঘাত পড়িয়াছে এবং সন্ধি পত্রের নিয়মানুসারে ইংরাজেরা ঐ রাজ্যের কিয়দংশে অধিকারী হইয়াছেন তথাচ এখনও তাহাকে স্বাধীন রাজ্য কহা যাইতে পারে পরন্তু ঐ দেশের কোন২ অংশ পরাধীন হওয়াতে সিক্দিগের রাজ্যকে আর পঞ্জাব অর্থাৎ পঞ্চনদ কহা যাইতে পারে না, সে রাজ্য সম্প্রতি ইংরাজদিগের অধীন, এবং তথাকার নব্য

its ruler is yet a minor; but on the Maharajah's attaining his majority, it may, if it can maintain internal order and discipline, preserve its independence like Nepal.

The principal towns subject to the Seik government are Lahore, Peshawer, Mooltan, Umritser.

The Punjab, which is now divided between the Lahore and the British governments, is so called from its intersection by five rivers, tributaries of the Indus. These are the Sutlej, the Beyah, the Ravey, the Chinaub, and the Jhylum or Behut.

Bhootan, or the dominions of the Debraj, is another independent principality in India. It is a small mountain country to the north of Assam and east of Sikkim. The inhabitants are mostly Buddhists, considering Dhurm raj or Boodh as their legitimate though invisible sovereign, and Deb raj, the actual king, as his earthly vicegerent.

Besides the British and native states in India, there are a few foreign settlements belonging to other European powers. These are so insignificant as not to need a detailed account. Goa, a Portuguese, and Pondichery, a French settlement, the former on the Malabar, the latter on the Coromandel coast, are the most remarkable of them.

মহীপাল যে পর্য্যন্ত বয়ঃপ্রাপ্ত না হয়েন তদবধি রাজ্য এইরূপ পরাধীন থাকিবে রাজা বয়ঃপ্রাপ্ত হইলে স্বাধীন হইবেন এবং যদিস্যাৎ সুনিয়মে প্রজা পালন করিতে সক্ষম হয়েন তবে নেপালরাজের ন্যায় স্বাধীনতা রক্ষা করিতে পারিবেন।

সিকদিগের রাজ্যাধীন প্রধান২ নগরের নাম লাহোর, পেশোর, মুলতান, অমৃতেশ্বর।

পঞ্জাব দেশ এক্ষণে সিক এবং ইংরাজদিগের মধ্যে বিভক্ত হইয়াছে তাহার ঐ নাম হওনের কারণ এই যে তথায় সিন্ধু-নদীর উপকারি পঞ্চ স্রোতঃ আছে যথা-শতদ্রু, বিয়া, রাবী, চিনাব, ঝিলন।

ভূতান্ত অর্থাৎ দেবরাজের দেশও ভারতবর্ষীয় স্বাধীন রাজ্য, ঐ দেশ আসামের উত্তর এবং সিকিমের পূর্ব্ব পর্ব্বতে বেষ্টিত। তথাকার লোকেরা প্রায় সকলেই বৌদ্ধ মতাবলম্বী, তাহারা কহে ধর্ম্মরাজ অর্থাৎ বুদ্ধ অন্তর্হিত থাকিলেও তিনিই আমারদিগের প্রকৃত রাজা,দেবরাজ তাঁহার প্রতিনিধি স্বরূপ হইয়া রাজ্য ভোগ করত পৃথিবীতে বাস করেন।

ইংলণ্ডীয় এবং এতদ্দেশীয় রাজাধীন দেশ ব্যতীত ভারত-বর্ষের মধ্যে ফ্রেঞ্চ প্রভৃতি ইউরোপীয় জাতিরদের অধিকৃত কএক জনপদ আছে কিন্তু সে সকল অতি সামান্য, তাহার বিস্তারিত বর্ণনার প্রয়োজন নাই। তাহার মধ্যে পোর্ত্তুগিস-দিগের অধিকৃত মালাবার অঞ্চলস্থ গোয়া নগর এবং ফ্রেঞ্চ-দিগের কর্ত্তৃত্বাধীন করমাণ্ডেল পার্শ্বস্থ পাণ্ডিচরি নামে জন-পদ সর্ব্বাপেক্ষা বিচিত্র।

Having given a short account of the natural and political divisions of Hindustan, we shall now exhibit at one view a general summary of its geography.

The boundaries of India, as already intimated, are the Himalaya on the north, the Indus on the west, the Brahmaputra on the east, and the Indian ocean on the south.

In consequence of its multifold divisions, the chief cities of India are numerous, every petty chieftain having a capital of his own. Some of the principal towns may, however, be given in this summary; they are Calcutta, Madras, Bombay, Agra, Delhi, Lucknow, Moorshedabad, Dacca, Nagpoor, Hyderabad, Arcot, Seringapatam, Gwalior, Indore, Khatmandoo, Lahore, Cashmere, &c.

The mountains in Hindustan are the Himalaya the Vindhya, and the Eastern and western ghauts with the Nilgiri between them. Besides these there are large ranges of hills such as those of Rajmahal, Sylhet, &c.

The rivers in India are very numerous. The principal of them are the Ganges, the Brahmaputra, the Indus, the Jumna, the Nerbuda, the Godavery, the Krishna, the Mahanudy, the Taptee, the Cavery, and many others which are either branches or tributaries of one or other of these.

আমরা হিন্দুস্থানের স্বাভাবিক এবং রাজকীয় বিভাগের বৃত্তান্ত লিখিলাম এক্ষণে সংক্ষেপে তথাকার দেশ বর্ণনা করত উপসংহার করিতেছি।

পূর্ব্বে উক্ত হইয়াছে যে হিন্দুস্থানের উত্তর সীমা হিমালয় পর্ব্বত, পশ্চিম সীমা সিন্ধু নদী, পূর্ব্ব সীমা ব্রহ্মপুত্র, দক্ষিণ সীমা ভারত সমুদ্র।

হিন্দুস্থানের মধ্যে বহুবিধ রাজ্য বিভাগ হওয়াতে তথাকার প্রধান নগরও বহুসংখ্যক হইয়াছে কেননা প্রত্যেক ক্ষুদ্র রাজার এক২ রাজধানী আছে। এস্থলে কেবল কতিপয় নগরের নামোল্লেখ করা যাইতেছে যথা-কলিকাতা, মান্দ্রাজ, বোম্বাই, আগ্রা, দিল্লী, লক্ষ্ণৌ, মুর্শিদাবাদ, ঢাকা, নাগপুর, হাইদরাবাদ, আর্কট, সেরিঙ্গাপোটাম, গোয়ালিয়র, ইন্দোর, খাতমণ্ডু, লাহোর, কাশ্মীর ইত্যাদি।

হিন্দুস্থানের মধ্যে এই২ পর্ব্বত আছে যথা-হিমালয়, বিন্ধ্য, পূর্ব্ব এবং পশ্চিম ঘাট, এবং তন্মধ্যবর্ত্তি নীলগিরি। এতদ্ব্যতিরিক্ত কএক উপপর্ব্বত শ্রেণীও আছে যথা-রাজমহলস্থ পর্ব্বত, সলেটস্থ পর্ব্বত।

হিন্দুস্থানে অসংখ্য নদী আছে তাহার মধ্যে প্রধান২ তরঙ্গিণীর নাম-গঙ্গা, ব্রহ্মপুত্র, সিন্ধু, যমুনা, নর্ম্মদা, গোদাবরী, কৃষ্ণা, মহানদী, তপতী, কাবেরী। এতদ্ব্যতীত আরও কএক ক্ষুদ্র নদী আছে তাহা উক্ত বৃহৎ২ তরঙ্গিণীর শাখা অথবা উপকারিণী মাত্র।

The lakes are neither numerous nor considerable. The Chilka, the Coloir, and those of Pulicat, Onore, and Samber are among the *natural*, and Puskar, Jeysummund, Rajasmund, the Ranni Talaw and the Golab Sagar are among the *artificial* lakes.

The bays are those of Bengal, Coringa, and Balasore; the gulphs are those of Cutch, Cambay, and Manaar.

The islands attached to Hindustan are Ceylon, Bombay, Salsette, Elephanta, and a few others of little note.

The principal capes are Comorin, Diu Head to the south of Catiwar, Ramas on the Malabar coast, Points Manapar, Calymere, &c.

The only strait is Palk's strait between Ceylon and the continent.

The soil in Hindustan is proverbially rich, not however without many exceptions.

The vegetable and mineral productions of Hindustan are numerous and important. The majestic Banian and peepul are well known. The teak, saul, sissoo, toon are among the most useful timber trees. Mahogany has also been introduced from America. The Cocoanut and other species of palm, and the Bamboo are likewise most serviceable. The sugar cane, hemp, flax, mustard, tobacco, indigo, poppies, cotton, together with rice, wheat, gram, and a variety of other pulse constitute a great part of the natural wealth of India.

হিন্দুস্থানে অধিক হ্রদ নাই যাহা আছে তাহাও প্রশস্ত নহে। চিল্কা, কলের, পুলিকাত, ওনোর, এবং সম্বল দেশস্থ হ্রদ সকল দেবখাত, পরন্তু পুষ্কর, জয় সমন্দ, রাজসমন্দ, রাণীতলাও, গোলাব সাগর, এ সকল মনুষ্য খাত।

হিন্দুস্থানে বঙ্গ করিঙ্গা এবং বালেশ্বর নামে বিখ্যাত কএক অখাত আছে এবং কচ কাম্বোজ ও মানার নামে প্রসিদ্ধ সিন্ধুশাখাও আছে।

হিন্দুস্থানের মধ্যে এই২ উপদ্বীপ আছে যথা-সিংহল, বোম্বাই, সালসেত, এলিফাণ্টা, তদ্ভিন্ন অন্যান্য কএক উপদ্বীপ আছে কিন্তু সে সকল অপ্রসিদ্ধ।

এখানকার প্রধান২ অন্তরীপের নাম কমোরিণ, কাতিয়ারের দক্ষিণ দিউ হেড, মালাবার কূলে রামাস, মানাপার, কালিমির ইত্যাদি।

অত্রত্য মোহানার মধ্যে সিংহল এবং হিন্দুস্থানের মধ্যস্থিত পাক নামক কেবল একটা মোহানা প্রসিদ্ধ।

হিন্দুস্থানের ভূমি অতি উর্ব্বরা, কেবল কোন২ স্থলে তাহার বিপরীত দেখা যায়।

হিন্দুস্থানে নানাবিধ উদ্ভিজ্জ দ্রব্য জন্মে এবং ধাতু প্রস্তরাদিও প্রচুর আছে। প্রকাণ্ডাকার বট এবং অশ্বথ বৃক্ষ কাহারও অগোচর নহে, সেগুন শিশু শাল তুন প্রভৃতি বৃক্ষ ও সে সকলের কাষ্ঠও অতি প্রসিদ্ধ, আমেরিকা হইতে মেহাগিনি বৃক্ষও আনীত হইয়াছে, নারিকেল তাল খর্জ্জুর বংশ প্রভৃতি বৃক্ষে সাধারণের মহোপকার হইয়া থাকে। অপর ইক্ষু, শোণ, পাট, সর্ষপ, নীল, অহিফেণ, তুলা, ধান্য, যব, গম, ছোলা প্রভৃতি অনেক প্রকার শস্য ও সামগ্রী জন্মে, তাহাই দেশের এক প্রকার স্বাভাবিক সম্পত্তি।

The fruits and flowers of Hindustan, indigenous and exotic, are various. Among the former are apples, plums, litchies, peaches, mangoes, plaintains, guavas, mulberries, rose-apples, grapes, oranges, &c. Among the latter is the far-famed lotus, as well as various species of roses, jessamine, champas, chrysanthemums, helianthus, oleander, &c.

Of quadrupeds the elephant, horse tiger, rhinoceros, bear, wolf, buffalo, camel, monkey, antelope, dog, jackal are most noted besides sheep, oxen, goats. Birds and insects are very numerous; the peacock is the most beautiful of the former, the firefly of the latter. Snakes are very common; some of them such as the Cobra de capello being dreadfully poisonous.

Diamond is found in alluvial deposits as Cudapah, &c. in the river Krishna, also in the bed of the Godavery, at Sambulpore, Pannah, &c. Ceylon is celebrated for its pearl-fishery. Many other precious stones and metals are also found in India.

The religion most prevalent in India is Brahminism, the votaries of which are distributed into castes, which, though no more than four in their origin, have since been multiplied almost *ad-infinitum* by the subdivision of the last or servile caste into countless tribes, and by the inter-marriage of the four original orders. Such inter-marriage has, however, ceased long ago. Mahometanism, introduced by the Afghan conquerors, has also spread far and wide

হিন্দুস্থানের মধ্যে নানাবিধ বিচিত্র ফল পুষ্প জন্মে তাহার মধ্যে কতক দেশীয় কতক বিদেশীয়—যথা আতা, কুল, লিচু, পিচ, আম্র, কদলী, পেয়ারা, তুঁত, গোলাপজাম, দ্রাক্ষা, নাগরঙ্গ, বীজপুর ইত্যাদি। পুষ্পের মধ্যে নানা জাতীয় পদ্ম, মল্লিকা, চম্পক, চন্দ্রমল্লিকা, সূর্য্যমুখী, করবীর. গোলাপ প্রভৃতি অতি প্রসিদ্ধ।

অত্র দেশে এই২ প্রসিদ্ধ চতুষ্পদ আছে যথা-হস্তি অশ্ব ব্যাঘ্র গণ্ডার ভল্লুক বরাহ বৃক মহিষ উষ্ট্র বানর হরিণ কুক্কুর শৃগাল গো মেষ ছাগল। কীট পতঙ্গ পক্ষিও বহুবিধ, পক্ষির মধ্যে ময়ূর সর্ব্বাপেক্ষা বিচিত্র এবং পতঙ্গের মধ্যে খদ্যোত সর্ব্বাপেক্ষা সুচারু। ভুজঙ্গও নানা প্রকার তাহারদের মধ্যে গোকুরা প্রভৃতি কোন২ বিষধর অতি ভয়ানক।

কোন২ নদীর পুলিন ভূমিতে হীরক পাওয়া যায় যথা-কৃষ্ণা নদীর সন্নিহিত কদাপা, গোদাবরী তটস্থ সম্বলপুর, তথা পান্না ইত্যাদি। সিংহল দ্বীপে মুক্তাফলের আহরণ হইয়া থাকে। ভারতবর্ষে রজত কাঞ্চন মণি মাণিক্যও বহুল পরিমাণে পাওয়া যায়।

ভারতবর্ষের মধ্যে ব্রাহ্মণদিগের উপদিষ্ট ধর্ম্ম সর্ব্বাপেক্ষা প্রবল, ঐ ধর্ম্মাবলম্বিরা ভিন্ন২ বর্ণে বিভক্ত হইয়াছে, আদৌ চতুর্ব্বর্ণ মাত্র ছিল কিন্তু আদ্য চারি বর্ণের মধ্যে পরস্পর দার পরিগ্রহাদি ও শূদ্রদিগের মধ্যে অগণ্য জাতি ভেদ হওয়াতে পরে অসংখ্য বর্ণ হইয়াছে। সম্প্রতি ঐ রূপ বিভিন্ন বর্ণে পরস্পর বিবাহাদি ব্যবহার লোপ পাইয়াছে। অপর আফগান জাতীয় বিজয়ি যবনেরদের দ্বারা ভারতবর্ষে মোসলমান ধর্ম্মের সঞ্চার হয় ক্রমে তাহাও বিলক্ষণ বৃদ্ধি শীল হওয়াতে ভূরি২ লোক তদবলম্বন করিয়াছে। এক্ষণে বৌদ্ধ ধর্ম্ম

and musters innumerable followers. Buddhism has been almost wholly banished from the plains of Hindustan, and prevails only in Bhootan and some other tracts in Northern Hindustan, as well as in Ceylon.

The languages spoken in Hindustan are various, but they are almost all derived from the Sanscrit, with the exception of the Hindustani which is derived from the Arabic and Persian.

AFGHANISTAN.

Afghanistan, otherwise called Eastern Persia because it was at one time comprehended under the general denomination of Persia, is situated between the river Indus and Persia, and is bounded on the north by the Hindu Coosh and south by Beloochistan. When in its glory the kingdom of Afghanistan extended southward as far as the sea. It could not, however, always maintain its ascendency over Beloochistan and Scinde, and the latter has lately been incorporated with British India.

Afghanistan exercised great influence in times of yore over the destinies of Hindustan. The first Mahometan rulers of this country came from Ghiznee. India has also in its turn exercised supremacy over Afghanistan; the sovereigns of that country were sometimes feudatory to the Mogul emperors of Delhi.

ভারতবর্ষ হইতে প্রায় সম্পূর্ণরূপে নিরাকৃত হইয়াছে কেবল উত্তর হিন্দুস্থানের অন্তঃপাতি ভূতান্ত প্রভৃতি কোন২ অংশে আর সিংহলে প্রবল আছে।

ভারতবর্ষের মধ্যে নানা প্রকার ভাষা চলিত আছে কিন্তু হিন্দুস্থানি ব্যতীত সকল ভাষাই সংস্কৃত হইতে উৎপন্ন, হিন্দুস্থানির মূল আরবি এবং পারস্য ভাষা।

আফগানিস্থান।

আফগানিস্থানের নামান্তর পূর্ব্ব পারস্য কেননা তাহা বহু-কাল পর্য্যন্ত পারস্য রাজ্যের অন্তঃপাতি ছিল। আফগানি-স্থানের পূর্ব্ব সীমা সিন্ধু নদী, পশ্চিম সীমা পারস্য দেশ, উত্তর সীমা হিন্দু কুশ পর্ব্বত, দক্ষিণ সীমা বেলুচিস্থান। আফগান রাজ্য স্বীয় সৌভাগ্য কালে সমুদ্র পর্য্যন্ত বিস্তৃত ছিল কিন্তু তথাকার রাজারা সিন্ধু এবং বেলুচি স্থানের লোকদিগকে সর্ব্বদা দমন করিতে পারিত না সম্প্রতি সেই সিন্ধু দেশ ইংরাজাধীন ভারতবর্ষে সংযুক্ত হইয়াছে।

আফগান লোকেরা পূর্ব্বকালে ভারত ভূমির উপর বিলক্ষণ কর্ত্তৃত্ব করিয়াছিল কেননা যে২ যবন রাজারা প্রথমতঃ ভারত-বর্ষ জয় করে তাহারা গজনন হইতে আসিয়াছিল। কিন্তু পরে এই ভারতবর্ষও এক২ বার আফগানি স্থানের রাজনন্দন স্বরূপ হইয়াছিল, কারণ মধ্যে২ আফগান রাজারা দিল্লীর মোগল ভূপালদিগের করপ্রদ কিঙ্কর তুল্য হইতেন।

The chief cities of Afghanistan are Cabul, Ghiznee, Candahar, and Peshawer. The last mentioned was, however, conquered by Runjeet Sing not many years ago, and formally given up by Shah Sujah when the British government undertook to re-instate him on the throne of Cabul. Peshawer has since continued a dependency of the Lahore government, and can scarcely be included in Afghanistan.

The government of Afghanistan has long been in a distracted state. The ruling power at Cabul is nominally the sovereign of the whole country, but the governors or chiefs of different cities have generally refused him submission except as it suited their convenience or pleasure.

The religion of the Afghans is Mahometanism of the Soonee sect. They are fond of independence and impatient of foreign control. The language commonly spoken by them is the Poshtoo. The population of Afghanistan is composed of Afghans, Beloochees, Tartars, Persians, Taujiks, Indians and other miscellaneous tribes. The Afghans never keep shops, nor exercise any handicraft themselves. The resident Indians follow these occupations.

Afghanistan is a mountainous country with narrow defiles and difficult passes. The extensive ranges of Hindu Coosh and of Soliman traverse nearly the whole country.

আফগানিস্থানের প্রধান২ নগরের নাম কাবুল, কান্দাহার এবং পেশোর। কিয়ৎ বর্ষ গত হইল রণজিৎ সিংহ পেশোর জয় করিয়াছিলেন এবং ইংরাজেরা রাজ্যচ্যুত শাহ সুজাকে পুনশ্চ কাবুল রাজ্যে অভিষিক্ত করিতে প্রতিজ্ঞা করিলে শাহ সুজা পেশোর নগর ত্যাগ করিতে স্বীকার করিয়াছিলেন সেই অবধি পেশোর লাহোর রাজ্যাধীন হইয়াছে সুতরাং এক্ষণে তাহাকে আফগানি স্থানের অন্তঃপাতি কহা যাইতে পারে না।

আফগানিস্থান রাজ্য বহু কালাবধি বিশৃঙ্খল অবস্থাতে আছে, কাবুল নগরের অধিপতি সমুদয় দেশের রাজা বলিয়া গণ্য হয়েন বটে কিন্তু অন্যান্য নগরের অধ্যক্ষেরা স্বেচ্ছা-ক্রমে তাঁহার প্রভুত্ব গ্রাহ্য বা অগ্রাহ্য করিয়া থাকেন।

আফগানেরা সুন্নি দলস্থ মোসলমান ধর্মাবলম্বি। তাহারা পরাধীন হইয়া বাস করিতে বিশেষতঃ বিদেশীয় লোকের বশীভূত থাকিতে অতিশয় বিরক্ত; তাহারদের মধ্যে চলিত ভাষার নাম পোস্তু। আফগানিস্থানে আফগান বেলুচি তাতার পারস্য তাজিক হিন্দু প্রভৃতি অনেক জাতীয় লোকের বসতি আছে আফগানেরা পণ্য দ্রব্যের ব্যবসায় অথবা কোন শিল্প কার্য্য করে না তথাকার হিন্দু জাতীয় প্রজারাই ঐ সকল কর্ম্ম করে।

আফগানিস্থান পর্ব্বতময় দেশ, তথায় ভূরি২ সঙ্কীর্ণ এবং দুর্গম উপত্যকাদি আছে, হিন্দু কুশ এবং সলিমান নামক শৈল শ্রেণী সে দেশের প্রায় সর্ব্বাংশে ব্যাপ্ত।

The cultivated parts of this kingdom abound with fruits and vegetables of various kinds. The people live chiely on rice and wheat. Among minerals gold is only found in the streams which flow from the Hindoo Coosh. There are also mines of lead and antimony in the Paropamisus ; but the country is by no means rich.

Domestic animals bred in Afghanistan are Camels, Oxen, Sheep, Goats, Horses, Greyhounds, &c. The long haired Cat, commonly called the Persian Cat, comes also from that country. Among the wild animals are Tigers, Wolves, Hyænas, Foxes, Hares, Bears, Deer, &c.; and among the birds are Eagles, Hawks, Herons, Cranes, Crows, Storks, &c.

The peculiar optical deception called *looming* by the English, *mirage* by the French, *fata morgana* by the Italians, and *seyrab* by the Persians often happens in Afghanistan. The ground appears covered with water like a large lake reflecting the images of trees and other objects that may be near. A Hindu poet* speaks of the peculiar deceptive appearance of light, water, and earth, from which one might infer that a like phenomenon was occasionally visible in India.

Afghanistan is also sometimes visited by the destructive hot wind, the *Simoon*, which rising in the deserts of Arabia and Mesopotamia becomes fatal to every one who exposes himself to it.

* Sri Bhagawat I, 1. *Tejo vari mridam yatha vinimayas, &c.*

ঐ দেশের যেং অঞ্চলে কৃষি কার্য্যে ব্যাঘাত হয় না সে সকল স্থান নানা জাতীয় ফলপুষ্পে পরিপূর্ণ থাকে। প্রজারা প্রায় অন্ন এবং গোধূমের পিষ্টক আহার করিয়া দিনপাত করে। তথাকার ধাতু রত্নাদির মধ্যে কেবল হিন্দুকুশ হইতে নির্গত নদী প্রবাহে স্বর্ণ সঞ্চিত হয় এতদ্ব্যতীত পেরো-পেমিশস পর্ব্বতে সীসা এবং রসাঞ্জনের আকর আছে কিন্তু ইহাতেও আফগানি স্থানকে ধনাঢ্য দেশ কহা যাইতে পারে না।

আফগানিস্থানের গ্রাম্য পশুর মধ্যে উষ্ট্র অশ্ব গো মেষ ছাগল কুক্কুর প্রভৃতি অতি প্রসিদ্ধ। অপর পারস্য নামে বিখ্যাত অনেক লোমযুক্ত বিড়ালও ঐ দেশে উৎপন্ন হয়। বন্য পশুর মধ্যে ব্যাঘ্র বৃক তরক্ষু শৃগাল শশক ভল্লূক হরিণ প্রভৃতি এবং পক্ষির মধ্যে উৎক্রোশ শকুনি বক কাক সারসাদি অতি বিখ্যাত।

আফগানিস্থানে কখনং মরীচিকার ন্যায় দৃকভ্রম হইয়া-থাকে ইংরাজেরা ঐরূপ ভ্রমকে “লূমিং” ফ্রেঞ্চেরা “মিরাজ” ইতালিয়ানেরা “ফাতা মর্গানা” এবং পারস্যেরা “সিরাব” কহে অর্থাৎ ঐ দেশে কখনং এমত বোধ হয় যেন ভূমি জলময় হ্রদ হইয়াছে এবং তন্মধ্যে নিকটস্থ বৃক্ষাদির প্রতিবিম্বও দেখা-যায়। ভারতবর্ষীয় এক জন কবিবর* তেজ জল মৃত্তিকা বিষয়ক দৃক ভ্রমের প্রসঙ্গ করিয়াছেন তাহাতে অনুমান হয় উক্ত প্রকার ভ্রম জ্ঞান ভারতবর্ষেও কখনং হইত।

আফগানি স্থানে কখনং সিমুন নামে বিখ্যাত প্রাণ সংহারক উত্তপ্ত বায়ুর বহন হয় ঐ বায়ু সিরিয়া এবং মিসো-পোটেমিয়া দেশস্থ মরু ভূমি হইতে উত্থিত হয় তাহা নাসিকা রন্ধ্রে প্রবিষ্ট হইলেই তৎক্ষণাৎ প্রাণ সংহার করে।

---

* “তেজো বারি মৃদাং যথা বিনিময়ঃ” ইতি শ্রীভাগবতের উক্তি।

Beloochistan, the ancient Gedrosia, is situated on the south of Afghanistan and extends as far as the Ocean, having Scinde in the east and Persia on the west. It belongs for the most part to the Khan of Kelat, and is inhabited by Jats, Braho Beloochees, Taujeks, and Rinds.

PERSIA.

Proceeding westward of Afghanistan the traveller finds himself in the dominions of Persia. The kingdom of Persia was originally founded by Cyrus, the conqueror of Babylon, and was anciently one of the four great empires of the world. Cyrus and his successors extended their power over a large portion of Asia and some parts of Africa. The last of them Darius Codomanus was, however, subdued by Alexander the Great, who incorporated the kingdom with his own dominions. The country was afterwards occupied by the Parthians, celebrated for the vigorous stand they made against the Romans. In the early part of the 3rd Century, Artaxerxes wrested the sceptre from the Parthians and established the Persian dynasty of the Sassanides. Not many centuries afterwards, the conquering followers of Mahomet established their dominion and their religion in Persia, forcing all those who still adhered to the ancient faith to seek shelter by expatriating themselves. A large body of the followers of Zoroaster subsequently obtained an asylum on the

বেলুচিস্থান অর্থাৎ প্রাচীন কালের গেদ্রোসিয়া আফগানি-স্থানের দক্ষিণে সমুদ্র পর্য্যন্ত ব্যাপ্ত, তাহার পূর্ব্ব দিকে সিন্ধু এবং পশ্চিমে পারস্য দেশ আছে। খেলাত নগরের খাঁ রাজা প্রায় অখিল বেলুচিস্থানে আধিপত্য করেন তথায় জাতি ব্রাহু বেলুচি, তাজক এবং রিন্দ লোকদিগের বসতি আছে।

পারস্য দেশ।

আফগানিস্থান হইতে উত্তরাস্যে গমন করিলে পারস্য রাজ্যে উপনীত হওয়া যায়, বাবিলন নগরের জয়কারি সাইরস রাজা ঐ রাজ্যের আদ্য স্থাপক, পারস্য রাজ্য মহীমণ্ডলস্থ চারি মহা সাম্রাজ্যের মধ্যে গণিত ছিল, সাইরস প্রভৃতি মহীপালেরা এস্যার অধিকাংশ এবং আফ্রিকার কিয়দংশের উপর প্রভুত্ব করিতেন, অবশেষে মহান্ আলেগজন্দর দেরা-ইয়স কদমেনস নামে পারস্যরাজকে পরাজয় করিয়া ঐ দেশ নিজ সাম্রাজ্যাধীন করেন। তাহার পর পার্থিয়ানেরা তদ্দেশ অধিকার করিয়া রোমানদিগকে তথা হইতে নিরাকরণ করত যশোভাজন হয় কিন্তু খ্রীষ্টের দুই শত বৎসর পরে আর্টেজর্শেস নামক এক বীর পার্থিয়ানদিগকে রাজ্যচ্যুত করিয়া পারস্য জাতীয় সাসানিদি বংশের রাজত্ব স্থাপন করিয়াছিলেন। অনন্তর কিয়ৎ কাল গত হইলে মহম্মদের বিজয়ি অনুচরেরা পারস্য দেশে আপনারদের রাজ্য এবং ধর্ম্ম স্থাপন করিয়া তত্রত্য প্রাচীন ধর্ম্মাবলম্বিকে দেশ হইতে দূরীকৃত করিল তাহাতে জোরোয়াস্তর মতাবলম্বি ভূরিং

hospitable shores of India, and are still distinguished as a separate tribe under the designation of Parsees.

The following are the provinces and chief towns of modern Persia :—GHILAN, chief town *Reshd* ; AZERBIJAN, *Tabrez* or *Tauris* ; MAZANDERAN, *Saree* ; KHORASAN, *Mushed, Nishapur* ; IRAK, *Ispahan, Teharan, Sultania* ; FARISTAN, *Shiraz, Busheer* ; LARISTAN, *Lar, Tarem* ; KIRMAN, *Kirman* ; KHUZISTAN, *Shuster*.

The rivers in Persia are the *Kera* which empties itself into the Tigris, near Bussorah ; the *Tedzen* which flows into the Caspian sea ; the *Heermund* which fals into the Lake Zurrah.

The Persian lakes are Zurrah in the western part of Afghanistan ; Urmea in Azerbijan ; Baktegaun, near Shiraz.

The mountains in Persia are branches of the Caucasian and Taurian ranges.

The Persian islands are those in the Persian gulph ; they are Ormus, Kishma, Karak, &c.

The principal capes are those of Bostana, Verdistan, and Bang.

Persia consists of mountainous tracts and deserts intersected by fertile valleys. The plains when well watered prove very fruitful, and yield rich harvests of rice, wheat, barley, cotton, indigo, tobacco, opium, rhubarb, and of many kinds of fruits. The climate of Persia is not uniform ; it is very cool in the northern but hot in the southern parts.

লোক ভারতবর্ষে আসিয়া আশ্রয় লইল তাহারা অদ্যাপি-পারসি নাম ধারি হইয়া এতদ্দেশে বাস করিতেছে।

ইদানীন্তন পারস্য ভূমিতে এই২ প্রদেশ এবং প্রধান নগর আছে যথা-ঘিলন, তাহার প্রধান নগর রেশদ। আজর্বিজান, তাব্রিজ অথবা তরস। মাজান্দেরান, সারি। খোরাসান, মশিদ এবং নিশাপুর। ইরাক, ইস্পাহান, তেহেরন সুলতানিয়া। কারিস্থান, শিরাজ, বশির। লারিস্থান, লার, তারেম। কর্ম্মান, কর্ম্মান। খুজিস্থান, শস্তর।

পারস্য দেশে এই২ নদী আছে যথা-কারা, (যাহা বশোরা নগর সন্নিধানে তিগ্রিশ নদীতে মিলিত হয়) তেজেন (যাহা কাস্পিয়ান সমুদ্রে পতিত হয়) হিরমন্দ (যাহা জারা হ্রদে সংযুক্ত হয়)।

পারস্য দেশে নিম্নলিখিত হ্রদ আছে যথা-আফগানিস্থানের পশ্চিম জারা হ্রদ, আজর্বিজানের অন্তঃপাতি উর্মিয়া হ্রদ শিরাজ সন্নিধানে বাক্তিগান হ্রদ।

পারস্য দেশে ককাশস এবং তরস পর্ব্বত শ্রেণীর কএক শাখা আছে।

পারস্য সিন্ধুশাখায় যে২ উপদ্বীপ আছে তাহাই পারস্য দেশীয় উপদ্বীপ যথা-অর্মশ, কিস্মা, কারাক ইত্যাদি।

পারস্য দেশের প্রধান২ অন্তরীপের নাম বোস্তানা, বর্দিস্থান, এবং বাং।

পারস্য দেশের মধ্যে পর্ব্বতীয় এবং উষর ভূমি অনেক আছে কেবল স্থানে২ উর্ব্বর ক্ষেত্র এবং উপত্যকা দেখাযায় ঐ ক্ষেত্র জলসিক্ত হইলে প্রচুর পরিমাণে ফল এবং শস্যোৎপাদক হয় তাহাতে ধান্য গোধূম যব তুলা নীল তামাকু অহিফেণ রুবার্ব্ব এবং নানা জাতীয় ফল জন্মে। পারস্য দেশের সর্ব্বত্র এক প্রকার বায়ু নহে উত্তরাঞ্চলের বায়ু শীতল দক্ষিণাঞ্চলের উষ্ণ।

Various animals wild and domestic are found in Persia, generally of the same species as those of India and Afghanistan. Insects and reptiles abound in damp marshy districts.

Silver, lead, iron, copper, and marble are also found in Persia. The turkois is supposed to be peculiar to it. It is, likewise, celebrated for Naphtha of which there are two sorts, the black and the white. The Persian gulph abounds with fine pearls. Milton's reference to the "wealth of Ormus" is well known.

The present capital of Persia is Teheran; a city nearly five miles in circumference, having six gates. In consequence of its being very unhealthy in the hot season, the king removes his head-quarters during summer to the plains of Sultanea. The population accordingly varies during the year; the number of inhabitants is 60,000 when the Shah resides in the capital, but it is reduced to 20,000 during his majesty's encampment in Sultanea.

The Persians of both sexes are generally very handsome, but their complexions towards the south are not so fair as in the north. They are a gay, lively, humane, and hospitable race. Their dress is costly, being richly embroidered with gold and silver. Their language is polished and poetic; and, though their literature is not so rich and diversified as the Sanscrit and Arabian, they cultivate letters very extensively and may be reckoned among the most literary nations of the east.

আফগানিস্থান এবং ভারতবর্ষের ন্যায় পারস্য দেশেও নানা জাতীয় গ্রাম্য এবং বন্য পশু আছে এবং আর্দ্র জলা ভূমিতে কীট পতঙ্গ বিস্তর থাকে।

পারস্য দেশে রূপা সীসা লৌহ তাম্র এবং মর্ম্মর নামক প্রস্তর বিশেষও পাওয়া যায়। বিশেষতঃ তুর্কেশ নামক এক প্রকার মণি এবং নেফ্‌থা নামক দুই প্রকার ভূমিজাত তৈল জন্মে তাহার মধ্যে এক প্রকার কৃষ্ণবর্ণ অন্য প্রকার শুক্ল বর্ণ। পারস্য সিন্ধু শাখায় উত্তম২ মুক্তা ফলের সূক্তি পাওয়া যায়, মিল্‌টন নামা মহা কবি অর্মশ নগরীয় ধনের যে বর্ণনা করিয়াছেন তাহা সর্ব্বত্র প্রসিদ্ধ।

পারস্য দেশের ইদানীন্তন রাজধানীর নাম তেহেরন তাহার পরিধি প্রায় সার্দ্ধ ক্রোশ দ্বয় এবং তাহাতে ছয়টা পুরদ্বার আছে। গ্রীষ্মকালে তথাকার বায়ুর বৈগুণ্য হেতুক রাজা সৈন্য সামন্ত সমভিব্যাহারে সোল্‌তানিয়ার ক্ষেত্রে বাস করেন সুতরাং বৎসরের সর্ব্ব সময়ে লোক সংখ্যা সমান থাকে না, রাজা যৎকালে রাজধানীতে বাস করেন তৎকালে লোক সংখ্যা ৬০০০০ কিন্তু তিনি সোল্‌তানিয়াতে শিবির করিলে পৌরজনের সংখ্যা ২০০০০ মাত্র হয়।

পারস্য দেশীয় স্ত্রী পুরুষ প্রায় সকলেই অতি সুরূপ কিন্তু দক্ষিণাঞ্চলের লোকেরা উত্তরাঞ্চলের ন্যায় গৌর বর্ণ নহে। পারস্য জাতি স্বভাবতঃ অতিশয় রসিক তাহারদের চিত্তে যথেষ্ট দয়ার সঞ্চার আছে আর তাহারা উত্তমরূপে অতিথি সেবা করিয়া থাকে। তাহারদের পরিধেয় বসন রজত কাঞ্চনে খচিত প্রযুক্ত অতি মহার্ঘ্য। তদ্দেশীয় ভাষার বিলক্ষণ লালিত্য আছে এবং যদিও তাহাতে সংস্কৃত এবং আরবির তুল্য বহুবিধ বিদ্যা না থাকে তথাপি লোকেরা তদবলম্বনে উত্তম রূপে বিদ্যার অনুশীলন করে একারণ তাহারদিগকে এস্যা খণ্ডস্থ পণ্ডিত বর্গের মধ্যে গণ্য করা যায়। পারসীক লোকেরা শিয়া

Their religion is Mahometanism of the Sheah school, their government is despotic, and their laws like those of other Mahometan kingdoms are founded on the Koran.

The Persian manufactures are carpets, silks, brocades, cottons, shawls and steel. The people also excel in making a peculiar wine. But the foreign commerce of Persia is almost entirely in the hands of foreigners, the inhabitants being averse to sea voyages.*

Persia exhibits many remains of antiquity the most celebrated of which are the ruins of Istakha or Persepolis, thirty miles northwest of Shiraz.

TURKEY IN ASIA.

The extensive territories distinguished by the above name are subject to the Ottoman Porte. They are bounded on the west by the Mediterranean and the long succession of straits which connect it with the Euxine. On the north they have the Black sea and the Caucasian territory where Turkey is conterminous with Russia. To the east is Persia, separated by a line varying with the fortune of war, but which at present nearly coincides with the course of the Tigris, beyond which the mountains of Kurdistan afford a doubtful and debateable

---

* Sadi, the great poet and moralist of Persia, says with reference to transmarine commerce: "The merchant either gains the shore with both hands full of gold, or else one day the waves cast him dead upon the beach."

মতানুসারে মোসলমান ধর্ম্মের অনুষ্ঠান করে তাহারদের রাজা একাধিপত্য করিয়া থাকেন এবং অন্যান্য যবন জাতির ন্যায় তাহারদেরও রাজনীতি কোরাণ শাস্ত্রানুযায়ি।

পারস্য দেশে এই২ বস্তু প্রস্তুত হইয়া থাকে যথা-স্বর্ণ খচিত বস্ত্র, গালিচা, শাল, এবং কৌশেয় ও কার্পাস বস্ত্র ও ইস্পাতের সামগ্রী। এতদ্ভিন্ন তথাকার লোকেরা এক প্রকার বিশেষ দ্রাক্ষারস প্রস্তুত করণে অতিশয় নিপুণ। পারসীক লোকেরা সমুদ্র যাত্রায় বিরত * একারণ তাহারা দেশ দেশান্তরে বাণিজ্য করিতে যায় না বিদেশীয় লোকেরা স্বয়ং গিয়া সেখানে বাণিজ্য করে।

পারস্য দেশে অনেকানেক প্রাচীন অট্টালিকাদির চিহ্ন আছে তাহার মধ্যে শিরাজ হইতে পঞ্চদশ ক্রোশ উত্তর পূর্ব্বে ইস্তাখারের অর্থাৎ পর্শিপোলিশের অবশিষ্টাংশ অতিশয় প্রসিদ্ধ।

এস্যা খণ্ডস্থ তুরকি রাজ্য।

যে২ প্রশস্ত দেশ উক্ত নামে প্রসিদ্ধ তাহা এক্ষণে তুরকি বাদশাহের অধীন। ঐ সকল দেশের পশ্চিম সীমা মেদিতরেনিন সাগর এবং মেদিতরেনিন ও অসিত সাগরের সংযোজক মোহানা সমূহ, উত্তর সীমা অসিত সাগর এবং ককেশিন দেশ [যাহা তুরকি এবং রুসিয়া রাজ্যের সামান্য সীমা] পূর্ব্ব দিকে পারস্য দেশ, কিন্তু তুরকি ও পারস্যের মধ্যস্থিত সীমা চিহ্ন সর্ব্বদা এক প্রকারে নির্দ্দিষ্ট থাকে না যুদ্ধের গতিতে তাহার হ্রাস বৃদ্ধি হয় এক্ষণে তিগ্রিশ নদীকেই সে সীমা

---

*গোলস্তান রচক সাদি নামা পারস্য কবি সমুদ্র যাত্রার বিষয়ে লিখেন " বণিক অঞ্জলি পূর্ণ স্বর্ণ লইয়া স্বদেশ প্রাপ্ত হয়েন অথবা তরঙ্গের বেগে তাঁহার শব সমুদ্র কূলে পতিত হয় "।

ground. To the south a portion of the empire, nominally at least, touches the Persian gulph, but is circumscribed by Arabia.*

Turkey in Asia thus extends over a number of the finest and fairest regions of this continent. Babylonia, Assyria, Armenia, Lydia, Syria, Judea, all these once renowned empires and kingdoms are now mostly included in Asiatic Turkey: which consists not so much of any one single country, as of several detached and dissimilar states, which the sword, wielded by fanaticism, has combined into one vast heterogeneous mass.

The Turkish territories in Asia may be divided into four parts; 1 Palestine, or the Holy land, 2 Syria, 3 Asia minor, 4 Provinces on the Euphrates.

1. Palestine is celebrated in ancient history for the testimony it bore to the unity of the Godhead in opposition to the polytheism and idolatry, which prevailed all over the earth, and for the introduction of the Christian religion, which from a small beginning at Jerusalem soon overspread the whole length of the Roman world, and is now professed by the most civilized nations of our globe.

The principal towns in Palestine are El-kods, (the holy city) or Jerusalem, Gaza called by the Arabians Ruzza, Jaffa or Joppa, Ramla or Arimathea, Ludd or Lydda, &c. The principal eminences are Zion, Carmel, B[illegible]han,

* Murray's Encyclopædia of Geography.

কহা যাইতে পারে কেননা তৎপার স্থিত খুর্দিস্থানের পর্ব্বতে কাহার অধিকার তন্নিশ্চয় নাই। তুরকি রাজ্যের কিয়দংশ দক্ষিণ দিকে পারস্য সিন্ধু শাখা পর্য্যন্ত ব্যাপ্ত কিন্তু তাহাও আরবি স্থানে বেষ্টিত।

অতএব এস্যা খণ্ডস্থ উত্তমং সুশোভিত দেশ তুরকি রাজ্যের অন্তঃপাতি, বাবিলন আসিরিয়া আর্ম্মিনিয়া লিদিয়া সিরিয়া য়িহুদিয়া প্রভৃতি পূর্ব্ব কালের সুবিখ্যাত সকল রাজ্য প্রায় এক্ষণে তুরকি রাজ্যাধীন হইয়াছে সুতরাং তুরকি রাজ্য এক জাতীয় না হইয়া বরং ভিন্নং দেশে নানা জাতীয় রূপে ব্যাপ্ত। স্বধর্ম্ম মত্ত মোসলমান যোদ্ধারা বল দ্বারা ঐ সকল দেশ জয় করিয়া এক বিজাতীয় প্রকাণ্ড রাজ্য স্থাপন করিয়াছে।

এস্যা খণ্ডস্থ তুরকি রাজ্য চারি ভাগে বিভক্ত যথা-১ পালেস্তিন অর্থাৎ পুণ্যভূমি, ২ সিরিয়া, ৩ ক্ষুদ্রতর এস্যা, ৪ ইউফ্রেতিস নদী পারস্থ দেশ।

১। পালেস্তিন প্রাচীন পুরাবৃত্তে অতিশয় প্রসিদ্ধ কেননা মহীতলের সর্ব্বত্র বহুং দেবতা এবং বিগ্রহ সেবার প্রথা থাকিলেও পালেস্তিনের লোকেরা এক ঈশ্বর বাদী ছিল এবং তত্রত্য যিরুশালেম নগরে খ্রীষ্টীয় ধর্ম্মের আদ্য প্রচার হয় প্রথমতঃ অত্যল্প লোকে ঐ ধর্ম্ম গ্রহণ করিয়াছিলেন বটে কিন্তু তাহা অবিলম্বে রোমীয় রাজ্যের সর্ব্বত্র ব্যাপ্ত হয় এবং এক্ষণে পৃথিবীর সর্ব্বশ্রেষ্ঠ লোকদিগের গ্রাহ্য হইয়াছে।

পালেস্তিনস্থ প্রধানং নগরের নাম এল-কোৎস অর্থাৎ পুণ্য পুরী (যিরুশালেম) গাজা যাহাকে আরবি ভাষায় "রাজা" কহে, জাফা অর্থাৎ জপা, রামলা অর্থাৎ আরিমেথিয়া, লডা অর্থাৎ লিডা। উক্ত দেশের প্রধানং পর্ব্বতের নাম

Tabor. Palestine is watered by the river Jordan so much celebrated in the Scriptures.

2. Syria, originally called Aram by its inhabitants, now called Bar-el-Shaw by the Arabs, is situated on the north of Palestine, and is divided into the following pashalics or provinces; Aleppo, Tripoli, Saide, Damascus.

Syria is celebrated both in sacred and profane history for its political relations with Palestine, for the extensive commerce which the Phœnicians, its ancient inhabitants, carried on with the most distant ports, and subsequently for the Greco-Syrian dynasty established within its precincts on the death of Alexander the Great; a dynasty which at one time ruled over a great portion of Asia.

The principal towns in Syria are Aleppo which is sometimes considered the capital of Asiatic Turkey, Antakia (Antioch), Tripoli, Saide (Sidon), Acre, Tadmor (Palmyra), Damascus, &c. The ruins of Palmyra, the city the heroic Zenobia, and of Longinus still bear witness to its ancient splendour. Tyre once the queen of the seas, and the birth place of commerce is a collection of miserable hovels.

The mountains in Syria are the Libanon, Rossus, Casius; the rivers, Adonis, Orontes, Jordan, Casimir, Nahar-el kebir; the lakes, Bahar-el-kades, Apamia, Acla, El-margi, Asphaltites or the Dead sea.

সিয়োন, কার্ম্মেল, বেশান, তেবর। পালেস্তিন দেশে ধর্ম্ম শাস্ত্র প্রসিদ্ধ যর্দ্দন নদী প্রবাহ আছে।

২। সিরিয়া দেশ আদৌ তদ্দেশীয় লোকের মধ্যে আরাম নামে বিখ্যাত ছিল সম্প্রতি আরবিরা তাহাকে বার-এল-শাম কহে। ঐ দেশ পালেস্তিনের উত্তরে স্থাপিত এবং নিম্ন লিখিত পাদশাহিতে অর্থাৎ প্রদেশে বিভক্ত যথা--আলেপো, ত্রিপোলি, সাইদ, দমস্ক।

সিরিয়া দেশ ধর্ম্মশাস্ত্রে এবং সাধারণ পুরাবৃত্তে অতিশয় প্রসিদ্ধ তাহার কারণ (১) তথাকার রাজারদের পালেস্তিন দেশের সহিত রাজকীয় সম্পর্ক ছিল, (২) তথাকার প্রাচীন বসতি ফিনিসিয়ান লোকেরা দূর দেশ পর্য্যন্ত নানা প্রকার বাণিজ্য করিত, (৩) মহান্ আলেকজন্দর রাজার মরণান্তে গ্রীক জাতীয় সিরিয়ান রাজারা ঐ দেশে রাজ্য স্থাপন করিয়া বহু কাল পর্য্যন্ত এস্যার অনেকাংশে প্রভুত্ব করিয়াছিলেন।

সিরিয়া দেশে এইং প্রধান নগর আছে যথা-আলেপো তাহা কখনং এস্যা খণ্ডস্থ তুরকি রাজ্যের রাজধানী বলিয়া গণিত হয়, আন্তেকিয়া (অর্থাৎ আন্তিওক), ত্রিপোলি, সাইদ (অর্থাৎ সাইদন), একর, তাদমর (অর্থাৎ পলিমিরা), দমস্ক ইত্যাদি। পালমিরা নগর জেনোবিয়া রাজ্ঞী এবং লঞ্জিনস পণ্ডিতের নিবাস স্থান ছিল তথাকার প্রাসাদাদির অবশিষ্টাংশ অদ্যাপি বিদ্যমান আছে তাহাতে বোধ হয় ঐ নগর পূর্ব্ব কালে অতি সুশোভিত ছিল। তায়ার নগর এক কালে সমুদ্রের স্বামিস্বরূপ এবং বাণিজ্যের আদ্য স্থান ছিল সম্প্রতি তথায় কএক ক্ষুদ্র কুটীর মাত্র আছে।

সিরিয়া দেশস্থ পর্ব্বতের নাম লিবেনন, রোশস, কেশস। তথায় আদোনিস, ওরন্তিশ, যর্দ্দন, কাশিমির, নাহার-এল-কেবর প্রভৃতি নদী আছে। তথাকার হ্রদের নাম বাহার-এল-কেদিস, আপামিয়া, এক্কা, এল-মেজি, আস্ফালতিস অর্থাৎমৃত সমুদ্র।

It was in this same country that the Crusaders found the famous nations called the Assassins, governed by the "old man of the mountain", a prince rendered formidable by the blind zeal of his subjects, who, at his command, put to death every person whom he designated as a victim, whom he scrupled not to select occassionally from the throne itself.* Syria has three distinct climates. The summits of Libanon covered with snow, diffuse a salubrious coolness through the interior; while the maritime low situations are constantly subjected to heat, accompanied with humidity; and the adjoining plains of Arabia Deserta are exposed to a dry and scorching heat.†

Syria, successively invaded by the Persians, the Greeks, the Arabs, the Crusaders, and the Turks, presents a very mixed population. The language most prevalent is Arabic. Various forms of Christianity and of Mahometanism divide the faith of the inhabitants.

The animals produced in Syria are buffaloes, camels, gazels, jackals, hyenas, ounces, which have sometimes been mistaken for tigers. The plains of Syria are occasionally visited by swarms of locusts, which coming from the deserts of Arabia completely destroy grass, foliage, and every description of vegetation in their track.

---

* Malte Brun. † *Ibid.*

ক্রুসেদর নামে প্রসিদ্ধ ধর্ম্ম যোদ্ধারা উক্ত দেশে আসাসিন অর্থাৎ গুপ্ত ঘাতুক দুরন্ত জাতির সাক্ষাৎ পায় তাহারদের দল-পতির উপাধি "পর্ব্বতের প্রাচীন পুরুষ" তিনি প্রজাদের প্রভু ভক্তি প্রযুক্ত সাধারণের ভয়স্থান ছিলেন কেননা প্রজারা তাঁহার আদেশানুসারে সকলকেই বধ করিত তিনি স্বয়ং কাহারও হত্যার সঙ্কল্প করিতে সঙ্কুচিত হইতেন না কখন২ রাজ বংশীয় লোকদিগকেও নষ্ট করিতে আজ্ঞা দিতেন।

সিরিয়া দেশে তিন প্রকার বায়ুর সঞ্চার আছে লিবেনন পর্ব্বতের শিখর হিমানীতে পরিপূর্ণ থাকাতে দেশের মধ্যভাগে উত্তম শীতল সমীরণ। সমুদ্র কূলস্থ নিম্ন ভূমি সর্ব্বদা আর্দ্র অথচ উষ্ণ থাকে এবং আরবি স্থানের উষর ভূমি সন্নিহিত দেশ উত্তপ্ত ও শুষ্ক।

সিরিয়া দেশ পারস্য গ্রীক আরবি ক্রুসেদর এবং তুরকি লোকদ্বারা ক্রমশঃ আক্রান্ত হওয়াতে তথাকার বসতি নানা জাতিতে মিশ্রিত হইয়াছে তাহারদের মধ্যে আরবি ভাষাই অধিক প্রচলিত এবং তাহারা খ্রীষ্টীয় ও মোসলমান ধর্ম্ম সম্বলিত নানাবিধ মত মান্য করে।

সিরিয়া দেশে এই২ জন্তু উৎপন্ন হয় যথা—মহিষ উষ্ট্র হরিণ শৃগাল তরক্ষু এবং বনবিড়াল যাহাতে কখন২ ভ্রম বশতঃ ব্যাঘ্র ভাণ হয়। কোন২ সময়ে রাশীকৃত পঙ্গপাল আরবি স্থানের উষর ভূমি হইতে আসিয়া উক্ত দেশে আক্রমণ করত শাক তৃণ ফল মূল বৃক্ষ পত্র সকলি সম্পূর্ণ রূপে নষ্ট করে।

3. Asia Minor is situated between the Black and the Mediterranean seas. It contained at one time many splendid cities of classical and Scriptural celebrity. The towering walls of Troy, the magnificent capital of Crœsus, the far-famed churches of Smyrna and the other cities mentioned in the Apocalypse, were all situated in this interesting part of our globe. The Turks, now masters of it, have divided it into the pashalics of Anadoli, Sivas, Trebizond, Konieh, Merash, and Adana, and the Musselim of Cyprus. The modern names of towns are, with some exceptions, very different from those by which they were designated before. A few of them can alone be mentioned here; Magnisa (Magnesia), Akhissar (Thyatira), Allashcheher (Philadelphia), Pergamah (Pergamus), Isnikmid (Nicomedia), Kadikeni (Chalcedon), Ismir (Smyrna), Konieh. (Iconium), Selefkeh (Seleucia), Malatia. The last mentioned was the principal town of Lesser Armenia, a country through which, in the middle ages, the great commercial road from Europe to India passed.

The mountains in Asia Minor are Keldir, Argis-Dag, Ala-Dag, Alma-Dag, Elkas-Dag which are for the most part branches of the Taurian chain.

The rivers are not of considerable size. They are the Seihoun (Pyramus), the Meinder, the Pactolus, the Hermus, the Simois, the Scamander, the Sakara, the Parthenius, the Kisil-Irmak (the Halys), the Jekil-Irmak (Iris).

৩। এস্যা মাইনর মেদিতরেনিন ও অসিত সাগরের মধ্যস্থলে স্থাপিত, পূর্ব্বে তথায় ভূরি২ সুশোভিত নগর ছিল প্রাচীন পুরাবৃত্তে এবং ধর্ম্ম শাস্ত্রে তাহার উল্লেখ আছে। ঐ রমণীয় দেশে উচ্চ প্রাচীর বিশিষ্ট ট্রয় নগরের এবং ক্রিশস রাজার অপূর্ব্ব রাজধানীর তথা ধর্ম্মশাস্ত্রোক্ত স্মির্ণা প্রভৃতি সপ্ত নগরের সুবিখ্যাত খ্রীষ্টসভা স্থাপিত ছিল; এক্ষণে তুরক জাতি সে দেশের ভূস্বামি হইয়া তাহা নিম্ন লিখিত পাদসাহিতে বিভক্ত করিয়াছে যথা আনাদোলি, সিবাশ, ত্রিবেজন্দ, কোনিএ, মেরাশ, এবং আদানা ও সাইপ্রস উপদ্বীপস্থ মোসেলিন। উক্ত দেশস্থ নগর নিকরের আধুনিক নাম প্রায় সকলি প্রাচীন উপাধি হইতে ভিন্ন, এস্থলে তাহারদের কএকটীর উল্লেখ করা যাইতেছে যথা-মাগ্নিসা, আখিসার (অর্থাৎ থিয়াতিরা) আলাশেচহর (অর্থাৎ ফিলাদেলফিয়া) পর্গামা (অর্থাৎ পার্গেনশ) ইসিকমিদ (অর্থাৎ নিকোমিদিয়া) কাদিকেনাই (অর্থাৎ চলাসিদন) ইস্মির (অর্থাৎ স্মির্ণা) কোনিএ (অর্থাৎ আইকোনিয়ম) সেলেফকে (অর্থাৎ সিলুশিয়া) এবং মালাশিয়া। মালাশিয়া নগর ক্ষুদ্রতর আর্মিনিয়ার প্রাচীন রাজধানী ছিল পূর্ব্বে ইউরোপ হইতে ভারতবর্ষে বাণিজ্য করিবার নিমিত্ত ঐ দেশের মধ্য দিয়া গমন করিতে হইত।

এস্যা মাইনরে এই২ পর্ব্বত আছে যথা—কেলদর, আর্গিশদাগ, আলা-দাগ, এলকাশ-দাগ, এসমস্ত প্রায় তরস শ্রেণীর অংশ।

এস্যা মাইনরে যে২ নদী আছে তাহা সুদীর্ঘ নহে তাহারদের নাম সাইহুন, মিন্দর, পাক্তোলস এবং হর্মস তথা সাইমোইশ, স্কামান্দর, সাকারা, পার্থিনিয়স, কিসিল-ইর্মাক, জেকিল-ইর্মাক।

The lakes are Tazla, Aksheher and a few others.

Both the ancients and moderns are loud in praise of the climate of Asia Minor; it enjoys a mildness of temperature, which is not experienced on the European side of the Archipelago. Among its vegetable productions are olives, oranges, myrtle, laurel, turpentine, mastic. The wild vine, tamarind, cypress, juniper are also plentiful and luxuriant in some parts.

Of the animal kingdom in Asia Minor very little is known. Of its mineralogy too, little has been reported by modern travellers though the ancients have spoken largely.

Attached to Asia Minor are several islands of great ancient celebrity over which the Turks have extended their dominion. The principal of these are Cyprus, Rhodes, Stanco (Cos), Patmos where St. John wrote the Apocalypse, Scio, Samos, Metylene.

4. The provinces on the Euphrates may be classified into Armenia with Kurdistan, and Mesopotamia or Algesira with Irak-Arabi. They are divided into the following pashalics, Kars, Erzerum, Van, Diarbeker, Orfa, Mosul, Kurdistan, Bagdad.

With the exception of a short period following the humiliation of its king Tigranes by Lucullus, the Roman general, Armenia had always preserved its native independence until its conquest by the Turks. It is one of the most ancient kingdoms in the world. It was

উক্ত দেশস্থ হ্রদের নাম তাজ্‌লা, আক্‌সেহর ইত্যাদি।

প্রাচীন এবং নব্য সকল লেখকেরাই নিঃসন্দেহ হইয়া এস্যা মাইনরের বায়ুর প্রশংসা লিখিয়াছেন তথাকার বায়ুর ন্যায় অনুষ্ণাশীত পবন ইউরোপে পাওয়া যায় না। এস্যা মাইনরে এইং বৃক্ষাদি উৎপন্ন হয় যথা-জলপাই, নাগরঙ্গ, মেদি, লারেল, তারপিন, মাস্তিক ইত্যাদি। কোনং অংশে বন্য দ্রাক্ষা তিন্তিড়ী সাই প্রেশ জুনিপরও যথেষ্ট আছে।

এস্যা মাইনরস্থ পশ্বাদির বিষয় সাধারণের বিদিত হয় নাই। প্রাচীন লেখকেরা তথাকার রত্ন মণি মাণিক্যের বর্ণনা করিয়াছেন কিন্তু আধুনিক ভ্রমণকারিরা তদ্বিষয়ে অধিক লেখেন নাই।

মেদিতরেনিন সমুদ্রস্থ কতিপয় সুবিখ্যাত উপদ্বীপও এস্যা মাইনরের সম্বলিত হইয়াছে তুরকি লোকেরা সেখানে আপনারদের প্রভুত্ব স্থাপন করিয়াছে তথাকার প্রধানং উপদ্বীপের নাম সাইপ্রস, রোদস, স্তাঙ্কো, সাইও, সেমস, মাইতিলিন এবং পাৎমস, যেখানে সাধু য়োহন প্রকাশিত ভবিষ্যৎ বাক্য নামক ধর্ম্ম গ্রন্থ রচনা করেন।

৪। ইউফ্রেতিশ নদীতটস্থ প্রদেশ খুর্দিস্থান সংযুক্ত আর্মিনিয়া এবং ইরাক আরবি সংযুক্ত আলগিরিজা এই দুই অংশে বিভক্ত, ঐ খণ্ডদ্বয়ের মধ্যে নিম্ন লিখিত পাদশাহি আছে যথা কার্শ, অর্জরম, বান, দায়ার্বকর, ওর্ফা, মোসল, খুর্দিস্থান, বাগদাদ।

আর্মিনিয়া দেশ তুরকি দিগের দ্বারা আক্রান্ত হইবার পূর্ব্বে সর্ব্বদা স্বাধীন ছিল কেবল তথাকার রাজা তাইগ্রেনিশ রোমানাধ্যক্ষ লুকলস দ্বারা পরাজিত হইলে কিয়ৎকালের জন্য পরাধীন হইয়াছিল। ফলতঃ আর্মিনিয়া দেশ মহীমণ্ডলের মধ্যে

on Ararat, one of its mountains, that the ark rested after the deluge. Its capital is Erzerum.

From Mosul, the chief city of the Pashalic of that name, the word *Muslin* is said to be derived.* Opposite to this city are to be seen the ruins of Nineveh of old. Irbel or Arbela where the fate of the ancient Persian empire was decided is also situated in that pashalic.

The ruins of Babylon may be seen near the city of Hillah in the pashalic of Bagdad. The country around these ruins has witnessed the alternate rise and fall of the most splendid empires. Here stood the capitals of Ninus, of Semiramis, of Nebuchadnezzar of old, as also the metropolis in later times of the Caliphs of Bagdad, the sovereign pontiffs of Mahometanism.

The mountains in this division of Asiatic Turkey are the Taurian chain, Ararat, Keldir, Djanik, Corduene, Sinjar.

The principal rivers are the Euphrates and the Tigris, which after enclosing a large majestic plain between their courses unite into one stream a little below the village of Korna, and assume the name of Shat-al-Arab. The renowned city of Bussorah is situated on this stream.

The productions of this part of Turkey in Asia are rice, barley, cotton, walnuts, apples, lemons, olives, apricots, dates, &c. The fields of Bagdad are, indeed, the garden of Asia.

---

* Malte Brun.

অতি প্রাচীন রাজ্য, এবং জলপ্লাবন রূপ প্রলয় কালে কতিপয় লোক সমন্বিত নৌকা তত্রত্য আরারাত পর্ব্বত অবলম্বন করিয়াছিল। তথাকার রাজধানীর নাম অর্জ্জরম।

কথিত আছে মোসল নামক পাদশাহির অন্তঃপাতি মোসল নগর হইতে সূক্ষ্ম বস্ত্র প্রতিপাদক মসলিন অর্থাৎ মলমল শব্দের উৎপত্তি হইয়াছে। ঐ নগরের সম্মুখে নিনিবী নাম্নী প্রাচীন নগরীর অবশিষ্টাংশ অদ্যাপি আছে। মোসল পাদশাহির মধ্যে ইর্বিল অথবা আর্বেলা নামক জনপদ আছে যেখানকার যুদ্ধান্তে পূর্ব্বতন পারস্য রাজ্যের বিনাশ হয়।

বাগদাদ বাদশাহির অন্তঃপাতি হিলা নগরের নিকট বাবিলনের অবশিষ্টাংশ অদ্যাপি দৃষ্ট হয় তথাকার চতুষ্পার্শ্বস্থ দেশে ক্রমশঃ অনেকানেক সুশোভিত রাজ্যের প্রাদুর্ভাব ও ধ্বংস হইয়াছে। প্রাচীন কালে ঐ অঞ্চলে সেমেরেমিশ রাজ্ঞীর এবং নাইনস নেবুকাদনেশর প্রভৃতি মহীপাল দিগের রাজ্য ছিল এবং ইদানীন্তন কালে যবন দিগের ধর্ম্মাধ্যক্ষ ও রাজা বাগদাদ নগরীয় কালিফেরাও তথায় বাস করিতেন।

এস্যা সংক্রান্ত তুরকির ঐ খণ্ডে তরস শ্রেণী তথা আরারাত, কেলদর, জানিক, কর্দ্দনি, সিঞ্জর প্রভৃতি পর্ব্বত আছে।

উক্ত দেশে ইউফ্রেতিস এবং তিগ্রিশ নদী আছে ঐ দুই তরঙ্গিণীর প্রবাহ ভূরি২ প্রশস্ত সুশোভিত ক্ষেত্র বেষ্টন করিয়া কর্ণা নামক জনপদের অদূরে পরস্পর সংযুক্ত হইয়াছে, এবং সঙ্গমের পর শাতাল-আরব নাম ধারিণী হইয়া বশরা নগরের প্রান্তে প্রবাহিতা হইতেছে।

ঐ অঞ্চলস্থ দেশে ধান্য যব কন্দরাল ফলপূর জলপাই আপ্রিকট খর্জ্জূর প্রভৃতি উদ্ভিজ্জ দ্রব্য উৎপন্ন হয় ফলতঃ বাগদাদ নগরস্থ ক্ষেত্রকে এস্যার রম্য বন কহা যাইতে পারে।

ARABIA.

On the other side of the Persian gulph lies Arabia, which being surrounded in three sides by water wears the appearance of a peninsula. It is bounded on the north by Syria, on the west by the Red Sea, on the south by the Indian ocean, on the east by a part of the same ocean as well as the Persian gulph and the Euphrates.

Ancient geographers in order to distinguish the various characters which its soil presented, divided the country into three parts; viz. Arabia Petrea, or *stony* Arabia, Arabia *desertu,* and Arabia Felix or *happy* Arabia. The modern divisions, as given by Niebuhr, are quite different. The series of deserts in the centre forms an extensive province called Nedjed. Hedjas is on the shore of the Red Sea, a little north of the middle of its length, and contains Mecca and Medina. Yemen is to the south of this, extending to the straits of Babel Mandel. Hadramaut lies along the shore of the Indian ocean. Oman is at the entrance of the Persian gulph, and Lahsa, or Hajar occupies the western shore of that gulph.*

Hedjas is the holy land of the Mahometans. It contains Mecca the birth place, and Medina the burial place of Mahomet. The former is, however, the principal resort of pilgrims.

---

* Malte Burn.

আরবিস্থান।

পারস্য সিন্ধু শাখার অপর পারে গমন করিলে আরবিস্থানে যাওয়া যায়, ঐ দেশ তিন পার্শ্বে জল বেষ্টিত হওয়াতে প্রায়দ্বীপাকার ধারণ করে তাহার উত্তর সীমা সিরিয়া দেশ, পশ্চিম সীমা লাল সমুদ্র, দক্ষিণ সীমা ভারত সমুদ্র, পূর্ব্ব সীমা পারস্য সিন্ধু শাখা এবং ইউফ্রেতিস নদী।

আরবিস্থানের ভূমি নানা স্থলে নানা রূপ ধারণ করাতে প্রাচীন ভূগোল বেত্তারা তাহাকে তিন অংশে বিভক্ত করিতেন যথা-১ পেত্রিয়া অর্থাৎ শিলাময় আরেবিয়া, ২ উষর আরেবিয়া, ৩ শুভ আরেবিয়া। নিবরোক্ত আধুনিক খণ্ড তদ্রূপ নহে তিনি কহেন মধ্য ভাগে যে২ উষর ভূমি আছে তাহা নেজেদ নামে প্রসিদ্ধ, হেজাস প্রদেশ লাল সমুদ্র তটের মধ্যাংশের কিঞ্চিৎ উত্তর, সেই অঞ্চলে মেক্কা এবং মেদিনা নামক নগর আছে। তদ্দক্ষিণে যেমেন প্রদেশ বাবেল মাণ্ডেল মোহানা পর্য্যন্ত ব্যাপ্ত। হাদ্রামাত প্রদেশ ভারত সমুদ্র তটস্থ, ওমান পারস্য সিন্ধুশাখার প্রবেশ দ্বারে স্থাপিত, এবং লাশা অথবা হাজার ঐ সিন্ধুশাখার পশ্চিম তট ব্যাপ্ত।

মোসলমানেরা হেজাসকে পুণ্য স্থান জ্ঞান করে কেননা মহম্মদের জন্ম ভূমি অর্থাৎ মেক্কা এবং তাঁহার সমাধি ক্ষেত্র অর্থাৎ মেদিনা ঐ প্রদেশের মধ্যে আছে কিন্তু তীর্থ যাত্রিরা প্রায় মেক্কাতেই গিয়া থাকে।

The deserts of Nedjed contains the districts of El-ared and. El-kherdje, the latter is celebrated for its capital Yemama which gave birth to the rival prophet Mosellama.

The most fertile province is Yemen, the garden of Arabia. It is under the government of a prince who under the names of Imam and Amir-al-mumin concentrates in himself all temporal and spiritual authority. His capital is Sana. In the Tehama or *low lands* of this province are situated Mocha and Aden two maritime cities, the former celebrated for the coffee which bears its name, but which is produced in mountains at considerable distances from the town, the latter interesting to Indians as one of the ports where our overland mail steamers touch in their way to and from Suez.

Hadramaut is composed of several provinces, Seger Mahrah, &c. governed by independent Sheiks. To one of these princes, the island of Socotra is subject. Oman is situated in the south East of Arabia, and is the nearest to India. Its chief Imam is that of Muscat.

Lahsa or Hajar comprehends also the islands of Bahrein in the Persian gulph, where pearl-fishery is carried on.

The north west corner of Arabia, which appears like a peninsula, contains Mount Sinai, where the ten commandments and the law were given to Moses.

নেজ্জেদ নামক উষর ভূমিতে এল-আরেদ এবং এল-খর্জি নামে দুই জেলা আছে, এল-খর্জির মধ্যে যেমামা নগর যেখানে মহম্মদের বিপক্ষ আচার্য্য মোসেলামার জন্ম হয়।

আরবিস্থানের মধ্যে যেমেন সর্ব্বাপেক্ষা উর্ব্বর দেশ, তাহাকেই তথাকার রম্য বন কহা যাইতে পারে ঐ দেশের রাজা ইমাম এবং আমিরুল মুমিন উপাধি ধারণ করিয়া রাজকীয় এবং ধর্ম্ম সংক্রান্ত সকল বিষয়ে স্বয়ং প্রভুত্ব করেন তাঁহার রাজধানীর নাম সানা। উক্ত প্রদেশের নিম্ন ভূমিতে অর্থাৎ তেহামাতে সমুদ্র তটস্থ মোকা এবং আদেন নামে দুই নগর আছে। মোকা হইতে ঐ নামে প্রসিদ্ধ কাওয়া আইসে তাহা নগরের কিয়দ্দূরে পর্ব্বতোপরি জন্মে। আর আদেন নগর ভারতবর্ষীয় লোকদিগের মধ্যে অতি প্রসিদ্ধ কেননা স্থলপথ গামি ডাক সম্বলিত বাষ্পীয় জাহাজ সূএজ নগরে যাতায়াত কালীন তথাকার বন্দরে এক২ বার বিশ্রাম করে।

হাদ্রামাতের অন্তঃপাতি সেজর মাহরা প্রভৃতি ভিন্ন২ প্রদেশ আছে তথায় সেক নামে প্রসিদ্ধ কতিপয় স্বাধীন রাজা প্রভুত্ব করিয়া থাকেন। শকত্রা উপদ্বীপ ঐ রাজারদের এক জনের অধীন। ওমান প্রদেশ আরবিস্থানের দক্ষিণ পূর্ব্ব কোণে স্থাপিত, তাহাই সর্ব্বাপেক্ষা ভারতবর্ষের নিকটবর্ত্তী, মস্কাত নগরাধ্যক্ষ ইমাম ঐ প্রদেশের মধ্যে সর্ব্ব প্রধান।

পারস্য সিন্ধুশাখাস্থ বাহারিন উপদ্বীপ লাশা অথবা হাজার প্রদেশের অন্তঃপাতি, তথায় মুক্তা ফলের শুক্তি সংগ্রহ হইয়া থাকে।

আরবিস্থানের উত্তর পশ্চিম কোণ প্রায় দ্বীপাকার বোধ হয় তথায় সিনায় নামক পর্ব্বত আছে যেখানে স্বয়ম্ভু পরমেশ্বর মোজেশের প্রতি দশাজ্ঞা এবং ব্যবস্থা প্রকাশ করিয়াছিলেন।

Arabia is full of mountains and deserts. The country is, however, in some quarters, interspersed with fertile valleys; and the tracts on the sea-shore are generally fruitful. Besides the vegetables and fruits which are almost common to all parts of Asia, Arabia produces coffee, gum-arabic, frankincense, myrrh, aloes, spikenard, and various other valuable gums and drugs.

Besides the gulphs and straits which form some of the conspicuous boundaries of Arabia, there are several small inlets of the sea which put on the appearance of gulphs and bays within its shores; such as Katiff bay, Sangar bay, gulph of Akaba, &c.

The principal capes are Musseldom, Ras-al-had, Ras-Mandeake, Fartak, Aden. Arabia also comprehends several small islands in the adjacent seas besides Bahrein and Socotra.

The Arabs are celebrated for their bravery, their wandering life, and their plundering propensities. The Beduin robbers have long been noted in history as presenting the most formidable obstacles to travelling. They are Mahometan in their religion. One of their sects, the Wahabees, are a sort of *rationalists* who are considered heterodox by the orthodox followers of the prophet of Mecca. The Arabic is one of the most learned languages in Asia, and in consequence of its being the language of the Koran is religiously cultivated and revered in all Mahometan countries. Some of the most valuable parts of the Arabic literature

আরবিস্থানে পর্ব্বত এবং উষর ভূমি বিস্তর, কোন২ স্থানে উর্ব্বরা উপত্যকাও আছে বিশেষতঃ সমুদ্র তটস্থ দেশে অনেক ফলোৎপত্তি হয়। এস্যা খণ্ডের অন্যান্য অংশে যেহ ফল এবং উদ্ভিজ্জ দ্রব্য উৎপন্ন হয় তাহা আরবিস্থানেও জন্মে তদ্ব্যতীত তথায় কাওয়া গঁদ ধুনা বোল ঘৃতকুমারী সম্বল প্রভৃতি নানা প্রকার ওষধি এবং নির্য্যাস পাওয়া যায়।

আরবিস্থান যেহ প্রসিদ্ধ সিন্ধুশাখা এবং মোহানাতে বেষ্টিত তদ্ব্যতীত সমুদ্রের অনেক ক্ষুদ্র২ অঙ্গও তাহার প্রান্তে আছে সে সকলও সিন্ধুশাখা এবং অখাতের আকার ধারণ করে যথা কাতিফ ও সাঙ্গার অখাত আকাবা সিন্ধু শাখা ইত্যাদি।

আরবিস্থানে নিম্ন লিখিত প্রধান২ অন্তরীপ আছে যথা মশোকদন, রাসাল–হদ, রাসমান্দিক, ফার্তাক. আদেন। বাহারিন এবং শকত্রা ব্যতীত যেহ ক্ষুদ্র উপদ্বীপ নিকটস্থ সমুদ্রোপরি আছে তাহাও আরবিস্থানের অন্তঃপাতি।

আরবি লোকেরা সাহস এবং তস্কর বৃত্তিতে অতিশয় বিখ্যাত. তাহারা এক স্থানে স্থির থাকে না। বেছুঁই আরবিরা দস্যু বৃত্তি করত যাত্রিরদের পথে ঘোরতর ব্যাঘাত করে তদ্ভিন্ন তাহারা বহুকালাবধি পুরাবৃত্তে অতিশয় খ্যাত তাহারা সাধারণতঃ মোসলমান ধর্ম্মানুষ্ঠান করে, তাহারদের মধ্যে ওহাবি নামে প্রসিদ্ধ এক দল হৈতুক পণ্ডিত আছে মহম্মদের নিয়মানুগামি অনুচরেরা তাহারদিগকে পাষণ্ড কহিয়া থাকে। এস্যা খণ্ডের মধ্যে আরবি ভাষা বিবিধ বিদ্যাশ্রয় হইয়াছে এবং কোরান গ্রন্থ ঐ ভাষায় রচিত হওয়াতে যাবদীয় মোসলমান রাজ্যে অতি ভক্তি পূর্ব্বক তাহার অনুশীলন হইয়া থাকে কিন্তু চমৎকারের বিষয় এই যে ঐ ভাষায় লিখিত অনেক২ প্রধান গ্রন্থ আরবিস্থানের বাহিরে

were, however, composed without the precincts of Arabia; the people are not now generally learned.

THIBET.

Having given a short description of the Asiatic countries which lie westward of Hindustan, we shall now retrace our steps and speak of those which are northward; and here Thibet, which is situated on the other side of the Himalaya, first claims our notice. This country extends from the eastern boundaries of Cashmere to the frontiers of China, almost parallel to the Himalaya range. It contains the sources of several great rivers which water the plains of Hindustan, of Burmah, and of China; such as the Indus, the Brahmaputra, the Irrawaddy, the Kiang-ko, the Hoang-ho.

Thibet is governed by a prince who under the appellation of the Grand Lama is considered an incarnation of Boodh; and, therefore, reckoned a divine person. The country has, however, *lost* rather than *gained* for being the seat of the spiritual head of the Buddhists; it was invaded in the last century by the Goorkhas of Nepal, when the emperor of China, affecting great reverence for the Grand Lama, sent an immense army, which cleared the country of the Nepalese only to retain it for his celestial majesty. The whole of Thibet is accordingly now subject to

রচিত হয় আর তদ্দেশীয় লোকের মধ্যে এক্ষণে বিদ্যার চর্চা নাই।

তিবেত।

আমরা ভারতবর্ষের পশ্চিমস্থ এস্যা সংক্রান্ত নানা দেশের সংক্ষেপ বর্ণনা করিলাম সম্প্রতি পশ্চিম দিক্ ত্যাগ করিয়া উত্তরাঞ্চলের বিবরণ লিখিব অতএব প্রথমতঃ হিমালয়ের অপর পারস্থ তিবেত দেশের উল্লেখ করিতেছি। ঐ দেশ কাশ্মীরের পূর্ব্ব সীমা অবধি চীনের প্রান্ত পর্য্যন্ত হিমালয়ের প্রায় সমানান্তরাল ভাবে ব্যাপ্ত। ভারতবর্ষ ব্রহ্ম এবং চীন দেশের কতিপয় মহতী তরঙ্গিণীর উৎপত্তি স্থান তিবেতের মধ্যে আছে যথা সিন্ধু ব্রহ্মপুত্র ঐরাবতী কায়াংকো হোয়াংহো।

তিবেত দেশের অধিপতি প্রধান লামা উপাধি ধারণ করেন লোকেরা তাঁহাকে বুদ্ধাবতার দেব পুরুষ জ্ঞান করে কিন্তু রাজা সর্ব্বদেশীয় বৌদ্ধ মতাবলম্বিদের প্রধান গুরু হওয়াতে দেশের উপকার না হইয়া অপকার হইয়াছে। অতীত শত বৎসরের মধ্যে নেপাল দেশীয় গোরক্ষ রাজপুরুষেরা তিবেত দেশ আক্রমণ করিয়াছিল, চীন দেশীয় রাজা তাহা শুনিয়া প্রধান লামার প্রতি যথেষ্ট ভক্তি প্রকাশ ছলে অসংখ্য সেনা প্রেরণ করেন ঐ সেনারা গোরক্ষদিগকে তিবেত হইতে দূর করিয়াছিল বটে কিন্তু পরে চীনেশ্বরের নামে আপনারা তাহা অধিকার করে সুতরাং অখিল তিবেত দেশ এক্ষণে চীনরাজের

China. Lahdak, otherwise called little Thibet, is alone, perhaps, an exception.

The principal divisions of Thibet are Lassa, Teshoo Loomboo, Oondes or the plains, and Lahdak.

Lassa, the residence of the Grand Lama, is the capital of the country. Teshoo Loomboo is the residence of another lama second in rank to the governor of Lassa. In the Oondes are the celebrated lakes of Manasarovara and Rawanhrad.

Lahdak appears to be independent of Chinese control. It is situated towards the western frontier, and has the advantage of being a great commercial mart. The shawl wool which is sent to Cashmere from the Oondes, has to pass by the route of Lahdak, which is also the place of transit for the caravans which come from Thibet, Hindustan, and Cabul.

The religion of the inhabitants of Thibet is Buddhism. The *lamas* or priests profess to be monks, and as such to have renounced the pleasures of the world. They consider Hindustan as the place whence the founder of their religion came to their own country, ever to abide at Lassa in the person of the Grand lama. The language and character of Thibet are both derived from Sanscrit. The character in use is two-fold; one is called *uchin* in which works are printed, the other *umin* in which manuscripts are written.

The domestic life of the Thibetans is characterized by a practice opposed to all notions of moral propriety.

অধীন হইয়াছে কেবল লাদাক অর্থাৎ ক্ষুদ্রতর তিবেত বোধ হয় স্বাধীন আছে।

তিবেত দেশ নিম্ন লিখিত প্রদেশে বিভক্ত আছে যথা- লাশা, তেস্থু লুম্বু, উন্দিশ অর্থাৎ নিম্ন ক্ষেত্র এবং লাদাক।

লাশা নগর প্রধান লামার রাজসদন তাহাই অখিল তিবেত ভূমির রাজধানী তেস্থু লুম্বু নগরেও এক জন লামা বাস করেন কিন্তু তিনি লাশাধিপতির তুল্য নহেন। উন্দিশ প্রদেশে রাবণ হ্রদ এবং মানস সরোবর আছে।

লাদাক প্রদেশ বোধ হয় চীনেশ্বরের অধীন নহে ঐ দেশ তিবেতের পশ্চিম প্রান্তে স্থাপিত, সেখানে অনেক প্রকার বাণিজ্য হইয়া থাকে কেননা শাল প্রস্তুত করিবার যে ছাগলোম উন্দিশ হইতে কাশ্মীরে প্রেরিত হয় তাহা ঐ নগরের পথ দিয়া নীত হয় এবং তিবেত হিন্দুস্থান ও কাবুল হইতে যেং বণিক পণ্য দ্রব্য লইয়া একত্র ভ্রমণ করে তাহারাও ঐ জনপদ দিয়া যাতায়াত করে।

তিবেত দেশীয় লোকেরা বৌদ্ধ ধর্ম্মের অনুষ্ঠান করে তাহারদের লামা অর্থাৎ যাজক বর্গ কহে আমরা বানপ্রস্থ হইয়াছি সংসারিক সুখ ভোগের প্রয়াস করি না। তাহা- রদের মতে বৌদ্ধ ধর্ম্ম প্রচারক পুরুষ ভারতবর্ষে জন্ম গ্রহণ করেন পরে প্রধান লামার শরীরে চির বিরাজমান থাকি- বার মানসে তিবেতে গমন করেন! তিবেত দেশীয় ভাষা এবং অক্ষর সংস্কৃত হইতে উৎপন্ন হইয়াছে। তাহারদের অক্ষর দুই প্রকার, এক প্রকারের নাম উচিন যাহাতে গ্রন্থাদি মুদ্রা- ঙ্কিত হয়, অন্য প্রকারের নাম উথিন যাহাতে পত্রাদি লিখিত হয়।

তিবেত দেশীয় গৃহস্থ লোকদের মধ্যে এক আশ্চর্য্য ব্যব- হার আছে তাহা সুনীতির নিতান্ত বিরুদ্ধ, অন্যান্য দেশে যে

Polygamy is allowed in a sense the reverse of that found in other parts of the eastern world. The eldest brother of a family has the privilege of choosing his wife; but she becomes the common property of all the brothers whatever their number. The same custom prevails among some of the mountain tribes of the Himalaya, who profess to derive it from the example of Draupadi and the Pandavas. It is also found in the Kandyan provinces of Ceylon.

TARTARY.

The immense region extending across the continent of Asia from the Caspian to the Pacific is known by the name of Tartary. These vast plains seem to have been the primeval seat of many nations now dispersed all over the world. The Goths and Huns from whom a large section of the modern European communities may trace their descent were originally bred in Tartary. The Turks, who at one time threatened the peace, independence, and safety of the whole world, issued from the same quarter. The Monguls, who had once established so splendid an empire in Hindustan, and who have still a nominal representative of the house of Timour at Delhi, migrated from the same plains. It is conjectured that the founders of Egyptian civilization in Africa, and of Brahminical institutions in India, were likewise of Tartar origin.

রূপ বহু বিবাহের প্রথা আছে তিবেতে তাহার বিপরীত, কেননা কোন গৃহস্থের জেষ্ঠ পুত্র স্বেচ্ছানুসারে দার প্ররিগ্রহ করিলে তাহার অনুজেরা সকলেই সেই স্ত্রীর পতি হয়। হিমালয়স্থ কোন২ পর্ব্বতীয় জাতিরাও দ্রৌপদীর সহিত পাণ্ডব-দিগের ব্যবহার স্মরণ করিয়া ঐ রীত্যনুসারে দার পরিগ্রহ করে। সিংহল উপদ্বীপান্তঃপাতি কান্দিয়া প্রদেশেও ঐ ব্যব-হার চলিত আছে।

তাতার দেশ।

কাস্পিয়ন সাগর অবধি পাসিফিক সমুদ্র পর্য্যন্ত এস্যা খণ্ডের সমস্ত ক্ষেত্রের সাধারণ নাম তাতার দেশ। যে২ জাতি ভূমণ্ডলের চতুর্দ্দিকে ব্যাপ্ত হইয়াছে বোধ হয় তাহারদের অনেকাংশ আদৌ ঐ প্রশস্ত ক্ষেত্রে বাস করিত। আধুনিক ভূরি২ ইউরোপীয় লোকের পূর্ব্ব পুরুষ গথ ও হন জাতি প্রথ-মতঃ তাতার দেশে উৎপন্ন হয়। দুর্দ্দান্ত তূরকিরা আদৌ ঐ অঞ্চল হইতে নির্গত হইয়া পরে অখিল ধরাতলে যুদ্ধ উপ-দ্রোহ এবং একাধিপত্য করিতে উদ্যত হইয়াছিল। মোগ-লেরাও ঐ দেশ হইতে আগমন করিয়া পরে ভারতবর্ষের মধ্যে মহা সমারোহ পূর্ব্বক রাজত্ব করিয়াছিল তৈমুর বেগের বংশধর বাদশাহ অদ্যাপি তাঁহারদের প্রতিনিধি রূপে দিলীশ্বর উপাধি ধারণ করেন। কোন২ গ্রন্থকার অনুমান করেন আফ্রিকাস্থ ইজিপ্ত দেশের বিজ্ঞবর পণ্ডিতেরা এবং ভারতবর্ষস্থ ব্রাহ্মণেরাও তাতার কুলে উৎপন্ন হইয়াছিলেন।

The Tartars, distinguished in times of yore, by the name of Scythians, have always been a fierce and warlike race. They have produced the most important revolutions in every quarter of the old continent; the western and eastern empires of Rome have both felt, at different times and in different ways, the fury of their emigrant tribes. China has twice yielded to their power, and though she is now the mistress of a vast portion of Tartary, it is by her own submission to Tartar sovereigns, that she exercises sway over the original seat of her conquerors. Her empire, too, is characterized by the *payment* of stipends to Tartar chiefs, not the *reception* of tribute from Tartar vassals. Eastern Tartary is in this manner subject to China; the Western is independent. We shall first speak of Independent Tatary, then of Chinese.

INDEPENDENT TARTARY is bounded on the north by Asiatic Russia, on the east by the Beloor mountains, on the south by the Hindu Coosh and Persia, on the west by the Caspian sea.

The chief divisions of Independent Tartary are Bochara and Kokan. Khiva, Badukshan, the deserts of Turcomania, and the country of the Kirghises are also included in this part of Tartary. The chief cities are Bochara, Samarcand, Balk, Khiva, Kokan; of these Bochara is the most important, both as a seat of Mahometan learning, and because of its *Khan* being

তাতার জাতি প্রাচীন কালে সিদিয়ান নামে প্রসিদ্ধ ছিল তাহারা সর্ব্ব কালেই বিলক্ষণ শৌর্য্য বীর্য্য প্রকাশ করিয়াছে এবং পুরাতন দ্বীপের সর্ব্বাংশে নানা প্রকার রাজ্য বিপর্য্যয় করিয়াছে বিশেষত রোম রাজ্যের পূর্ব্ব এবং পশ্চিম উভয় খণ্ডে ভিন্ন২ কালে এবং ভিন্ন২ রূপে তাহারদের উগ্রতা প্রকাশ হইয়াছে অধিকন্তু চীন দেশও দুইবার তাহারদের বশীভূত হয়। তাতার দেশের অধিকাংশ এক্ষণে চীন রাজ্যাধীন আছে বটে কিন্তু চীন জাতীয় লোকেরা স্বয়ং তাতার জাতীয় রাজারদের বশীভূত হইয়াই তাতারদেশে প্রভুত্ব করে। চীনেশ্বর ঐ প্রভুত্ব হেতুক তাতার দেশীয় প্রজার নিকট কর গ্রহণ করিতে পারেন না বরং তাঁহাকেই তাতার অধ্যক্ষগণকে বেতন দান করিতে হয়। তাতার দেশের পূর্ব্ব খণ্ডই চীন রাজ্যান্তঃপাতি, পশ্চিম খণ্ড স্বাধীন। আমরা প্রথমতঃ স্বাধীন তাতারের বিবরণ লিখিব পশ্চাৎ চীনাধীন তাতার দেশের বর্ণনা করিব।

স্বাধীন তাতারের উত্তর সীমা এস্যা সংক্রান্ত রুসিয়া, পূর্ব্ব সীমা বেলুর পর্ব্বত, দক্ষিণ সীমা হিন্দু কুশ এবং পারস দেশ, পশ্চিম সীমা কাস্পিয়ান সমুদ্র।

স্বাধীন তাতার দুই প্রধান খণ্ডে বিভক্ত যথা-বোখারা এবং কোকান। অপর খিবা, বাদাকশান, তূরকিমান উষর ভূমি, এবং কির্গিশদের দেশও স্বাধীন তাতারের অন্তঃপাতি। তথাকার প্রধান২ নগরের নাম বোখারা, সামার্কন্দ, বক, খিবা, এবং কোকান, তাহার মধ্যে বোখারাই সর্ব্ব শ্রেষ্ঠ কেননা সেখানে যাবনিক বিদ্যার বিশেষ চর্চ্চা হইয়া থাকে এবং

considered the most powerful and dignified of all the Tartar chiefs.

Independent Tartary forms a part of the great table land of Asia, and is consequently very elevated. It is watered by the Oxus and the Jaxartes, both of which fall into the lake Aral.

The climate of Tartary seems, in general, to be healthy. Its productions are similar to those of the adjacent countries. Commerce here, as elsewhere in Asia, is carried on by means of caravans. It appears that the mountains of the south east, the Beloor and Hindoo Coosh, contain gold, silver and several precious stones.

The inhabitants are of various tribes, leading a pastoral life, and occupied in rearing cattle. The introduction of Mahometanism has rendered them somewhat civilized.

CHINESE TARTARY extends from the Beloor mountains to the Pacific Ocean, and may be classed under three divisions, Kalmukia, Mongolia, and Mantchooria, or Mandshur Tartary.

The Kalmuks or inhabitants of Kalmukia are branches of the Mongul race from whom Mongolia has its name They boast that the Huns, who struck such terror into the Roman world, were of their race, and they claim the mighty Genges-Khan for their countryman.

সেখানকার খাঁ উপাধি ধারি অধ্যক্ষ অন্যান্য তাতার রাজ-দিগের অপেক্ষা অধিক পরাক্রমী ও মান্য।

স্বাধীন তাতার এস্যা খণ্ডস্থ শৈলময় মহা প্রস্থের এক অংশ তন্নিমিত্ত তাহা অতিশয় উচ্চ, সেখানে ওক্সস এবং যাক্সার্ত্তিস নামে দুই তরঙ্গিণী আছে তাহারদের উভয়ই আরাল হ্রদে পতিত হয়।

তাতার দেশের বায়ু সামান্যতঃ অতি উত্তম। তথাকার শস্যোৎপত্তি নিকটবর্ত্তি অন্যান্য দেশের ন্যায় হইয়া থাকে কারোয়াঁ নামে ভ্রমণকারি বণিকেরা তথায় বাণিজ্য করিয়া থাকে এস্যার প্রায় সর্ব্বত্র ঐ রূপ বাণিজ্যের প্রথা আছে। কথিত আছে দক্ষিণ পূর্ব্বাংশে বেলুর এবং হিন্দু কুশ পর্ব্বতে রজত কাঞ্চন এবং রত্ন পাওয়া যায়।

তাতার দেশে নানা জাতীয় প্রজা আছে সকলেই প্রায় গোপাল বৃত্তি হইয়া পশু পালন করে তথায় মোসলমান ধর্ম্ম স্থাপন হওয়াতে লোকেরা যৎকিঞ্চিৎ সভ্য হইয়াছে।

চীনাধীন তাতার দেশ বেলুর পর্ব্বত অবধি পাসিফিক সমুদ্র পর্য্যন্ত ব্যাপ্ত তাহা কালমুকিয়া মোঙ্গলিয়া, এবং মাঞ্চুরিয়া নামক তিন ভাগে বিভক্ত।

কালমুক জাতি মোঙ্গলিয়া নিবাসি মোগল বংশের শাখা স্বরূপ, তাহারা দম্ভ করত কহে রোমরাজ্যের ভয় বিস্তারক দুর্দ্দান্ত হন জাতি আমারদের জাতি এবং মহা প্রতাপি জেঙ্গেজ খাঁও আমারদের স্বদেশীয়।

The southern parts of Mongolia are noted for the great sandy desert, called Cobi or Shamo, which, extending from south-west to north-east for 2000 miles, separates, like a great inland sea, the countries on which it borders.

The most eastern part of Tartary is called Mantchooria, situated on the north of China. It is divided into several provinces such as Kirin, Sagalien oula, Tzitzikar, Leaotong.

It was the Mandshur Tartars who achieved a second conquest of China after the expulsion of the descendants of Genges-Khan. The Tartars, thus dominant in China, reduced the Monguls and all other tribes as far as the Beloor mountains to their subjection. But the seat of the Tartar-Chinese empire continued still within the boundaries of China; and, hence the reduction of eastern Tartary by the Mandshurs, has given rise to the name of Chinese Tartary.

On the southern frontiers of Mantchooria is the peninsula of Corea, situated between the yellow Sea and the Sea of Japan. It is nominally subject to China, though its chief scarcely feels his dependence on the Chinese emperor.

The chief towns in Chinese Tartary are Cashgar, Khoten, Saghalien. The frontiers are watered by several rivers, the largest of which is the Amoor.

মোঙ্গলিয়ার দক্ষিণাংশে কোবি নামে প্রসিদ্ধ বালুকাময় প্রকাণ্ড উষর ভূমি আছে তাহা দক্ষিণ পশ্চিম কোণ হইতে উত্তর পূর্ব্ব কোণে ১০০০ ক্রোশ পর্য্যন্ত ব্যাপ্ত হইয়া ভূমি মধ্যস্থ প্রশস্ত সমুদ্রের ন্যায় চতুপার্শ্বস্থ দেশকে বিভিন্ন করে।

তাতার দেশের পূর্ব্বাংশের নাম মাঞ্চুরিয়া তাহা চীনের উত্তরে স্থাপিত এবং নানাবিধ প্রদেশে বিভক্ত যথা-কিরিন, সাগালিএন ঔলা, জিৎজিকার, লেউতং।

জেঙ্গেজ খাঁর বংশ চীন দেশ হইতে নিষ্কাসিত হইলে মাঞ্চুরি তাতারেরা দ্বিতীয় বার চীন দেশ জয় করিয়াছিল অনন্তর তাহারা বেলুর পর্ব্বত পর্য্যন্ত গমন করিয়া মোগল প্রভৃতি অন্যান্য তাতার জাতিকে বশীভূত করে। পরন্তু বিজয়ি তাতারেরা চীন রাজ্য জয় করিলেও তথাকার রাজধানী চীন দেশের মধ্যেই ছিল সুতরাং মাঞ্চুরিরা পূর্ব্ব তাতার দেশ জয় করাতে তাহা চীনাধীন তাতার নামে বিখ্যাত হইল।

মাঞ্চুরি তাতার দেশের দক্ষিণ প্রান্তে কোরিয়া নামক প্রায়দ্বীপ আছে, তাহা পীত সাগর এবং জাপান সমুদ্রের মধ্যস্থলে স্থাপিত। ঐ দেশ নামতঃ চীনাধীন কিন্তু তথাকার অধ্যক্ষ চীনেশ্বরের অধীনতা কদাচিৎ স্বীকার করেন।

চীনাধীন তাতার দেশে এই২ প্রধান নগর আছে যথা কাশগার, খোতেন, সাগালিএন। ঐ দেশের প্রান্ত ভাগে কএক নদী আছে তাহার মধ্যে আমুর সর্ব্বাপেক্ষা বৃহৎ।

ASIATIC RUSSIA.

Asiatic Russia covers the whole of that extensive region which is situated between Tartary and the Arctic Ocean, and between the Uralian mountains and the Pacific Ocean. The greater part of the Caucasian countries, recently conquered by Russia, is also attached to the Asiatic division of the Muscovite empire.

Asiatic Russia may accordingly be divided into the Caucasian territories, Siberia, and Kamschatka.

The Caucasian countries, so called from Mount Caucasus which runs across them, are situated between the Black and the Caspian seas, and are bounded on the south by the dominions of Turkey and Persia. They are inhabited by a great number of rude mountainous tribes who may be classed under the names of Georgians, Abassians, Circassians, Ossites, Kistes, and Lesghians. Over all these, Russia has established her supremacy; but over a dominion extending amid inaccessible cliffs, buried in snows, or on boundless plains, traversed by shepherds, her hold is necessarily feeble. She claims a submission which is more nominal than real, and leaves the natives to the free use of their own institutions.

Georgia and Circassia have long been noted for the beauty of their females, many of whom are sold as slaves among the Turks and Persians.

এস্যা সংক্রান্ত রুসিয়া।

তাতার দেশ এবং হিম সাগরের মধ্যবর্ত্তী তথা উরেল পর্ব্বত ও পাসিফিক সমুদ্রের মধ্যস্থ যে প্রকাণ্ড দেশ তাহা-রই নাম এস্যা সংক্রান্ত রুসিয়া। ককেসিয় দেশের অধি-কাংশ যাহা সম্প্রতি রুসিয়া রাজ জয় করিয়াছেন তাহাও এস্যা সংক্রান্ত রুসিয়া রাজ্যের অন্তঃপাতি।

অতএব এস্যা সংক্রান্ত রুসিয়া এই২ অংশে বিভক্ত হইতে পারে যথা-ককেসিয় প্রদেশ, সাইবিরিয়া, এবং কামস্কাটকা।

ককেশস পর্ব্বত হইতে ককেশিয় দেশের নাম উৎপন্ন হইয়াছে, সে দেশ অসিত সাগর এবং কাস্পিয়ান সমুদ্রের মধ্যস্থলে স্থাপিত, তাহার দক্ষিণ প্রান্তে তুরকি এবং পারস্য রাজ্য। ভূরি২ পর্ব্বতীয় অসভ্য লোক ঐ দেশে বাস করে তাহারদের নাম জর্জিয়, আবাসিয়, সর্কেশিয়, ওশিতি, কিস্তি, এবং লেসগি; রুসিয়ানেরা তাহারদের সকলের উপর প্রভুত্ব করে কিন্তু ঐ দেশ অগম্য হিমকুট শৈলে এবং গোপ্যান্ন বৃত্তি লোকের বাসস্থানে ব্যাপ্ত হওয়াতে তথায় রুসিয়ানেরদের রাজত্ব প্রবল হইতে পারে নাই প্রজারাও যথার্থ রূপে তাহা-রদের প্রভুত্ব স্বীকার করে না। সুতরাং রুসিয়ানেরা তাহারদের রাজনীতির কোন ব্যত্যয় করেন নাই।

জর্জিয়া এবং সর্কেশিয়া দেশের অঙ্গনারা বহুকাল পর্য্যন্ত অতিশয় সুন্দরী বলিয়া বিখ্যাত আছে সুতরাং তাহারদের অনেকে তুরকি এবং পারস্য লোকদিগের নিকট দাসী রূপে বিক্রীতা হইয়া থাকে।

Among wild and pastoral tribes, towns and cities must be scarce. There are but few in the Caucasian countries, of which Teflis, the capital of Georgia, is the most important.

These regions are watered by the rivers Kur and Kuban. Both the ancients and moderns agree that the Caucasian countries, (in which the Colchis of antiquity was situated) possess mines of gold, silver, and iron. Several rivers carry down gold dust mixed with sand, which being stopped by sheep skins, placed on purpose, furnishes an explanation of the fable of the golden fleece.

On the north of the Caspian sea are the Russian provinces of Astrachan and Orenburgh. Astrachan, the chief city of the former, and the capital of Asiatic Russia west of the Ural, is situated at the mouth of the Volga on the Caspian. It is conveniently situated for commerce, and can communicate with Persia, by means of the Caspian. It is inhabited by Russians, Greeks, English, French, Persians, Armenians, and, it is said, by some *Hindus* also.

Siberia is the name by which the whole extent of Northern Asia is distinguished. It is bounded on the north by the Arctic Ocean, on the east by the Uralian mountains, on the south by the mountains which separate it from Independent and Chinese Tartary, and

বন্য গোপাল বৃত্তি লোকদিগের অনেক নগর অথবা জনপদ থাকিবার সম্ভাবনা নাই সুতরাং ককেসিয় দেশে অত্যল্প নগর আছে তাহার মধ্যে জর্জিয়ার রাজধানী তিফ্লিশ অতিশয় প্রসিদ্ধ।

উক্ত দেশের মধ্যে কুর এবং কুবান দুই নদী আছে। কলচিশ নামে প্রসিদ্ধ পূর্ব্বতন জনপদ ককেসিয় দেশের অন্তঃপাতি, প্রাচীন এবং আধুনিক লেখকেরা সকলেই কহেন যে ঐ দেশে স্বর্ণ রৌপ্য এবং লৌহের আকর আছে এবং কোন২ নদীর জল বালুকা মিশ্রিত সুবর্ণ রেণুতে সংযুক্ত আছে লোকেরা ঐ সুবর্ণ সঞ্চয় করিবার নিমিত্ত মেষ চর্ম্ম ব্যবহার করিয়া থাকে বোধ হয় তাহাতেই প্রাচীন ইতিহাসে সুবর্ণময় লোমের গল্প কল্পিত হইয়াছিল।

কাস্পিয়ান সমুদ্রের উত্তর আস্ত্রাকান এবং ওরেনবর্গ নামে রুসিয়দের দুই প্রদেশ আছে, প্রথমোক্ত প্রদেশের প্রধান নগরেরও নাম আস্ত্রাকান তাহাই উরেল পর্ব্বতের পশ্চিমস্থ এস্যা সংক্রান্ত রুসিয়ার রাজধানী এবং কাস্পিয়ান সমুদ্র তটে বলগা নদীর সঙ্গম সন্নিধানে স্থাপিত। সে স্থলে বাণিজ্যের অতিশয় সুগম এবং কাস্পিয়ান সমুদ্র দিয়া তথা হইতে পারস্য দেশে সহজে যাতায়াত করা যায়। ঐ নগরে রুসিয়, গ্রীক, ইংরাজ, ফ্রেঞ্চ, পারস্য, এবং আরমানি লোকে বাস করে, কথিত আছে কতিপয় হিন্দু লোকও তথায় পাওয়া যায়।

এস্যা খণ্ডের সমস্ত উত্তরাঞ্চলের নাম সাইবিরিয়া, তাহার উত্তর সীমা হিম সমুদ্র পূর্ব্বসীমা উরেল পর্ব্বত দক্ষিণ সীমা স্বাধীন এবং চীনাধীন তাতারদেশের ব্যবধান পর্ব্বত পশ্চিম

on the west by the Pacific Ocean. No part of this country was known to the ancient Greeks and Romans; the moderns too, had for a long time, but imperfect and defective notions of its limits and extent; it was reserved for Russia to explore its bleak and unknown regions, and to establish her empire over them.

Siberia formed for a long time one single government of which Tobolsk was the seat; it has since been divided into *Western* and *Eastern* Siberia, with Tobolsk the capital of the former, and Irkoutsk of the latter.

Siberia is distributed into the provinces of Tobolsk, Omsk, Kolyvan, Tomsk, Krasnoiarsk, Nerchinsk, Irkoutsk, Yiakoutsk, Okoutsk, and Chukchi. In the most western parts of Siberia are situated some districts subject to the governments of Perm and Orenburgh on the other side of the Urals; Chukchi, the most eastern part, can scarcely be considered a dependency of Russia, for the race that inhabits this bleak region, have in their rude retreat preserved entire the independence so long lost by all the other nations of Siberia.*

Siberia is almost enclosed with large mountains. Its rivers are among the most considerable in Asia, but they flow across dessert plains from which an eternal winter banishes the arts and social life. The principal rivers are the Obe, Yenesei, and the Lena, which all rise in the mountains south of the country

* Malte Burn.

সীমা পাসিফিক সমুদ্র। ঐ দেশের কোন অংশ পূর্ব্বতন গ্রীক এবং রোমানেরদের বিদিত ছিল না পরবর্ত্তি লোকেরাও বহুকাল পর্য্যন্ত তথাকার পরিমাণাদি উত্তম রূপে জানিত না সম্প্রতি রুসিয়ানেরা ঐ হিমময় নির্মনুষ্য প্রায় দেশ প্রকাশ করিয়া তথায় আপনারদের প্রভুত্ব স্থাপন করিয়াছে।

পূর্ব্বে অখিল সাইবিরিয়া দেশে এক জন অধ্যক্ষ শাসন করিতেন তবলস্ক নগর তাঁহার রাজসদন ছিল সম্প্রতি ঐ দেশ পশ্চিম এবং পূর্ব্ব সাইবিরিয়া নামে দুই খণ্ডে বিভক্ত হইয়াছে পশ্চিম খণ্ডের রাজধানী তবলস্ক পূর্ব্ব খণ্ডের ইর্কটস্ক।

সাইবিরিয়া দেশ এই২ প্রদেশে বিভক্ত হইয়াছে যথা তবলস্ক, ওমস্ক, কোলিবান, তোমস্ক, ক্রাস্নেরস্ক, নর্চিনস্ক, ইর্কটস্ক, ইয়াকটস্ক, ওকটস্ক, এবং চুক্চি। সাইবিরিয়ার সর্ব্ব পশ্চিমাংশে উরেল পর্ব্বতের অপর পার স্থিত পর্ম এবং ওরেনবর্গ রাজ্যান্তঃপাতি কএক প্রদেশ আছে কিন্তু পূর্ব্বাঞ্চলস্থ চুক্চি প্রদেশকে প্রকৃত রূপে রুসিয়াধীন কহা যায় না কেননা ঐ হিমময় প্রদেশের অসভ্য লোকেরা আপনারদের নিভৃত ভূমিতে স্বাধীন রূপে কালযাপন করে সাইবিরিয়াস্থ অন্যান্য জাতি সকলেই পরাধীন কেবল চুক্চি প্রদেশের জনগণ পর তন্ত্র নহে।

সাইবিরিয়ার প্রায় চতুষ্পার্শ্বে বৃহৎ২ পর্ব্বত আছে তথাকার নদী নদও এস্যা খণ্ডের অন্যান্য দেশাপেক্ষা বৃহৎ কিন্তু সে সকল তরঙ্গিণীর পার্শ্বে কেবল ঊষর ভূমি দেখা যায়। সেখানে হেমন্তের অবসান নাই একারণ অধিক লোকে বসতি করিতে পারে না শিল্পকার্য্যাদিরও চর্চ্চা হয় না। ওবী, ইনেসি, এবং লীনা এই সকল সেখানকার প্রধান নদী এবং সকলই দক্ষিণ প্রান্তস্থ পর্ব্বত হইতে নির্গত হইয়া হিম সাগরে

and fall into the Arctic Ocean. The tributary and secondary streams are very numerous. Of its lakes, the most conspicuous is the Baikal, which is also the largest in the old world.

The seas and gulphs in Siberia are inlets from the Arctic and the Pacific oceans. The principal of them are the Sea of Kara, the gulph of Obe, the sea of Okotsk, the sea of Kamschatka. There are also numerous islands attached to Siberia in the Arctic and Paicfic Oceans, such as the Kurile, Behring's, Liakhoo, &c.

In consequence of the extreme cold in Siberia its plains cannot be fertile; and agricultural industry is necessarily on a low scale. The wealth of the country consists in its furs and its minerals.

The zoology of Siberia, owing to the ungenial nature of its climate, is very scanty. The reindeer and some peculiar dogs, weasels, and seals are alone remarkable. Its rivers are, however, very full of fish.

The population of Siberia is very small with reference to its superficial extent. It was computed in 1801, to be little more than a million; this calculation, if correct, would give but one inhabitant for every five miles, the extent of the country being reckoned 5000000 square miles.

The population consists of Russian colonists and native Siberians. The latter are composed of Tartar and other pastoral tribes, who are either converts to

পতিত হয় ঐ তিন তরঙ্গিণীর উপকারিণী নানা শাখা আছে। সাইবিরিয়া দেশীয় হ্রদের মধ্যে বৈখাল সর্ব্বশ্রেষ্ঠ, পুরাতন দ্বীপে তত্তুল্য অন্য হ্রদ নাই।

সাইবিরিয়া দেশে যে২ সিন্ধুশাখাদি আছে সে সকল পাসিফিক এবং হিম সাগরের অঙ্গ, তাহার মধ্যে করা সমুদ্র, ওবী সিন্ধুশাখা, ওকটস্ক সমুদ্র, এবং কামস্কাটকা সমুদ্র প্রধান। প্যাসিফিক এবং হিমসাগরে সাইবিরিয়া দেশান্তঃপাতি কএক উপদ্বীপ আছে যথা কুরিল, বেহরিং, লিয়াখু ইত্যাদি।

সাইবিরিয়া দেশে হিমের আতিশয্য প্রযুক্ত ভূমি উর্ব্বরা হইতে পারে না সুতরাং কৃষিকার্য্য উত্তম হয় না। পশুলোম এবং ধাতু রত্নাদিতেই দেশের সম্পত্তি হইয়া থাকে।

সাইবিরিয়া দেশে শীতের প্রাদুর্ভাব প্রযুক্ত অনেক পশ্বাদি বাস করিতে পারে না তথায় কেবল শকট বাহক হরিণ এবং বিশেষ২ কুক্কুর নকুল ও জলজন্তু অতি বিচিত্র হয়। আর নদীতে বিস্তর মৎস্য থাকে।

সাইবিরিয়ার লোক সংখ্যা এমত অল্প যে তাহা কোন মতে দেশের পরিমাণানুযায়ি বোধ হয় না, ১৮০১ শালে একবার গণনা হওয়াতে প্রজার সংখ্যা দশ লক্ষের কিঞ্চিৎ অধিক হইয়াছিল কিন্তু দেশের পরিমাণ পঁচিশ লক্ষ বর্গ ক্রোশ সুতরাং উক্ত সংখ্যা অলীক না হইলে স্থূল গণনাতে সার্দ্ধ ক্রোশ দ্বয় ভূমিতে কেবল এক২ জনের বসতি কহিতে হয়।

উক্ত রাজ্যে তদ্দেশীয় সাইবিরিয়ান লোক ব্যতীত অনেক বিদেশীয় রুসিয়ানও বাস করে। সাইবিরিয়ান লোকেরা তাতার প্রভৃতি গোপাল বৃত্তি জাতির বংশে উৎপন্ন, তাহারদের

Mahometanism, or are adherents of a species of Buddhism.

Siberia abounds with natural curiosities. Among others we may mention the mass of native iron, found in 1749, weighing 1680 pounds, which according to a tradition of the Tartars had fallen from the atmosphere.

The eastern part of Siberia between longitudes 160° and 170° juts into the sea in the form of a long peninsula called Kamtchatka. This is a cheerless cold region utterly unfavourable to agriculture. The only redeeming quality is its zoology. Beasts, birds, and fish are abundant, and its animals produce excellent furs. Dogs are used in this country in drawing sledges.

BURMAH.

Having gone over all the Asiatic countries northward of Hindustan, we shall now proceed eastward. The regions immediately east of Hindustan are generally distinguished by the name of the *Indo-Chinese* countries; we shall speak of them separately beginning with Burmah.

Burmah, otherwise called the kingdom of Ava, is bounded on the north by Assam and a part of Thibet, on the east by China and Laos, or the Shan country, west by Bengal and Arracan, south by the Indian ocean and the British territories.

মধ্যে কতক মোসলমান ধর্ম্মাক্রান্ত হইয়াছে কতক এক প্রকার বৌদ্ধ ধর্ম্মের অনুষ্ঠান করে।

সাইবিরিয়াতে নানাবিধ স্বাভাবিক বিচিত্র দ্রব্য আছে সে সকলের বর্ণনা নিষ্প্রয়োজন, এস্থলে কেবল এক প্রকাণ্ড অয়ঃ পিণ্ডের প্রসঙ্গ করিতেছি। ইংরাজি ১৭৪৯ শালে ঐ লৌহ পিণ্ড প্রকাশ হইয়াছিল তাহার পরিমাণ ন্যূনাধিক ২১ মোন তাতার লোকেরা কহে আকাশ হইতে তাহা পতিত হইয়াছিল।

১৬০° এবং ১৭০° দেশান্তরের মধ্য স্থলে সাইবিরিয়ার পূর্ব্বাংশ সুদীর্ঘ প্রায়দ্বীপাকারে সমুদ্র পর্য্যন্ত ব্যাপ্ত, সে অংশের নাম কামস্কাটকা, সেখানে বিজাতীয় শীত হইয়া থাকে সুতরাং প্রজারা অতিশয় ক্লেশ ভোগ করে কিন্তু সে দেশের এক বিশেষ গুণ এই যে তথায় চতুষ্পদ পশ্বাদি অনেক থাকে এবং জলচর ও খেচর জন্তুও বিস্তর পাওয়া যায় তাহাতে উত্তম২ পশম উৎপন্ন হয়। ঐ দেশের লোকেরা এক প্রকার একচক্র রথ ব্যবহার করে প্রায় কুক্কুরেই তাহা বহন করিয়া থাকে।

ব্রহ্মদেশ।

আমরা ভারতবর্ষের উত্তর অঞ্চল স্থিত দেশ সমূহের বর্ণনা করিলাম সম্প্রতি পূর্ব্ব দিকে দৃষ্টিপাত করিয়া দেশ দেশান্তর বর্ণনা করিব। ভারতবর্ষের অব্যবহিত পূর্ব্ব দিক্‌স্থ জনপদ সকলের প্রসিদ্ধ নাম হিন্দু চীন দেশ। আমরা প্রথমতঃ ব্রহ্ম রাজ্যের বর্ণনা করত ক্রমশঃ ঐ সমস্ত দেশের প্রসঙ্গ করিব।

ব্রহ্ম দেশের নামান্তর আবা রাজ্য। তাহার উত্তর সীমা আসাম এবং তিব্বতের কিয়দংশ, পূর্ব্বসীমা চীন এবং শেয়ম অর্থাৎ শ্যাম রাজ্য, পশ্চিম সীমা বঙ্গ এবং আরাকান দেশ, দক্ষিণ সীমা ভারত সমুদ্র এবং ইংরাজাধীন কতিপয় দেশ।

Burmah is distributed into various districts, each governed by a military chief called Maywoon, assisted by subordinate officers designated Raywooms. The principal towns are Ava the capital, Amerapoora, Monchaboo, Pegu, Rangoon, Basseen, Syriam, Negram, Prome, Tongho.

The principal rivers are the Irawaddy, the Kienduen, Saluen, or Martaban, Pegu river, the Lokiang.

Before the late war Burmah possessed many maritime ports;—viz. those in Arracan and the Tenasserim provinces; these having been ceded to the British government, it has now scarcely any sea coast left in its own possession except the Delta of the Irawaddy.

The Institutions of the Burmese appear to be derived from India and China. Their kings according to their own account came from Magadha or Behar; their code is the Dharma Shastra, one of the many commentaries on Menu; their religion is Buddhism. There have been according to their traditions several *glorified* men who, under the common appellation of Buddhas enforced from time to time the doctrines of their faith—one of whom they also call Gaudma or Gadtama. They are not fettered by the rules of caste; but they abstain from animal food, and though their country abounds with cattle they do not use milk. Game is, however, acceptable to them. Their food generally is uncleanly.

ব্রহ্ম দেশ বহু সংখ্যক জেলাতে বিভক্ত, প্রত্যেক জেলায় মেয়ুন উপাধি ধারি এক২ জন সৈন্য শাসক অধ্যক্ষ প্রজাপালন করেন এবং রেয়ুন উপাধিধারি কএক জন রাজপুরুষ তাঁহারদিগের সহকারিতা করিয়া থাকেন। উক্ত দেশে এই২ প্রধান নগর আছে যথা-আবা (রাজধানী) অমরপুর, মঞ্চাবু, পেগু, রেঙ্গুন, সিরিয়াম, নেগ্রাম, প্রোম, তঙ্গু।

উক্ত দেশস্থ প্রধান২ নদীর নাম ঐরাবতী, কিএন্দুএম, সেলুয়েন অথবা মার্তাবান, পেগু, সোকিয়াং।

ইংরাজদিগের সহিত সংগ্রাম হইবার পুর্ব্বে সমুদ্র তটস্থ অনেকানেক নগর ব্রহ্ম রাজ্যাধীন ছিল যথা আরাকান এবং তেনসেরিম দেশের নগর সমূহ। কিন্তু যুদ্ধান্তে সে সকল ইংরাজাধীন হওয়াতে সম্প্রতি উক্ত রাজ্যের মধ্যে সমুদ্র তটস্থ নগর প্রায় নাই কেবল ঐরাবতীর সঙ্গম স্থলে কএকটী আছে।

ব্রহ্ম দেশীয় ধর্ম্ম এবং ব্যবহার তত্ত্বাদি বোধ হয় ভারতবর্ষ এবং চীন দেশ হইতে সংগৃহীত হইয়াছিল এবং তদ্দেশীয় প্রজারাও স্বয়ং কহিয়া থাকে যে তাহারদের আদ্য রাজা মগধ অর্থাৎ বেহার দেশ হইতে আগমন করেন এবং তাহারদের ব্যবহার তত্ত্ব ধর্ম্ম শাস্ত্র অর্থাৎ মনু সংহিতার টীকা হইতে উদ্ধৃত। তাহারা বৌদ্ধ ধর্ম্মের অনুষ্ঠান করত কহে যে বুদ্ধ নামধেয় মহাতেজা অনেক পুরুষোত্তম মধ্যে২ পৃথিবী মণ্ডলে অবতীর্ণ হইয়া ধর্ম্ম শিক্ষা দিয়াছিলেন তাহারদের এক জনের নামান্তর গদমা অর্থাৎ গৌতম। তাহারদের মধ্যে বর্ণভেদ নাই তাহারা মাংসাশী নহে এবং আপনারদের দেশে যথেষ্ট গো মহিষাদি থাকিলেও সে সকলের দুগ্ধ পান করে না। পরন্তু বন্য পশু পক্ষ্যাদি মৃগয়াতে ধৃত হইলে তাহার মাংস ভক্ষণে আমোদী হয় ফলতঃ তাহারদের আহারাদিতে পারিপাট্য নাই।

The sacred language of the Burmese is the Pàli; but they use the Sanscrit characters in writing their common dialects.

They are in their persons more like the Chinese than the Hindus. They are of low stature, but strong and athletic, and are accustomed to tatoo their thighs and legs.

The seasons in Ava resemble those of Bengal,—cold, hot, and rainy. The vegetable productions are plentiful, generally the same as in Hindustan. The tea-plant is found north of Amerapoora, but the leaves are of an inferior description, and never used except as a pickle. Timber, such as teak, &c. is abundantly produced.

The precious metals are said to be plentiful in Burmah. A marble of an excellent quality is also found in great abundance. The petroleum oil is universally used by the natives and yields a large revenue to government.

The government is of course despotic. The king is treated with extreme veneration. The administration of the country is conducted in a very rude and unskilful manner. There is no hereditary rank or standing nobility in Burmah.

SIAM.

Siam is situated to the south east of Burmah. It extends eastward as far as Cochin China, and southward

ব্রহ্মদেশীয় লোকদিগের শাস্ত্রীয় ভাষার নাম পালি, কিন্তু তাহারদের চলিত ভাষা দেবনাগর অক্ষরে লিখিত হয়।

ব্রহ্মদেশীয় লোকদের আকৃতি হিন্দু দিগের সদৃশ নহে বরং চীনদিগের তুল্য। তাহারদের শরীর অনতিদীর্ঘ অথচ বলিষ্ঠ এবং প্রতাপী অপর তাহারা জঙ্ঘা এবং উরুদেশে উলকি ধারণ করিয়া থাকে।

আবা দেশে হেমন্ত গ্রীষ্ম বর্ষাদি ঋতুর প্রাদুর্ভাব হয় সুতরাং তথায় হিন্দুস্থানের সদৃশ যথেষ্ট শস্যোৎপত্তি হইয়া থাকে। অমরপুরের উত্তরে চা উৎপন্ন হয় কিন্তু তাহার পত্র উত্তম নহে লোকে তাহা কেবল আচারবৎ ভক্ষণ করে। উক্ত দেশে সেগুন প্রভৃতি বৃহৎ২ কাষ্ঠও প্রচুর ভাবে উৎপন্ন হয়।

ব্রহ্মদেশে নানাবিধ মহামূল্য ধাতু আছে এবং এক প্রকার উত্তম মর্ম্মর প্রস্তরও যথেষ্ট রূপে পাওয়া যায়। সেখানে প্রস্তরজাত যে এক তৈল বিশেষ প্রস্তুত হয় সকল লোকেই তাহা ব্যবহার করিয়া থাকে এবং তাহাতে শুল্ক দ্বারা অনেক রাজস্ব উৎপন্ন হয়।

ব্রহ্মদেশের রাজা স্বেচ্ছানুসারে রাজত্ব করেন প্রজারা তাঁহার প্রতি অতিশয় ভক্তি করিয়া থাকে। কিন্তু রাজকীয় কার্য্য নির্ব্বাহে সুশৃঙ্খলা মাত্র নাই। অপর ঐ দেশে কাহারও কৌলীন্য মর্য্যাদাদি নাই।

শায়াম।

ব্রহ্মদেশের দক্ষিণ পূর্ব্ব কোণে শায়াম দেশ। তাহা পূর্ব্বদিকে কোচিন চীন এবং দক্ষিণে মলয়া প্রায়দ্বীপের অধি-

over a great part of the peninsula of Malacca. It comprehends the coasts on the gulph of Siam in three directions, and has the British Tenasserim provinces on the west.

The Siamese is one of the oldest empires of India beyond the Ganges. Besides Siam proper, it comprehends a large section of Laos or the Shan country, of Cambodia, and of the Malay peninsula.

The ancient capital of Siam was Yuthia or Yudra. The Chinese King Piatak removed the seat of government from thence to Bankok the present capital.

The principal river in Siam is the Menam which takes its rise in Yunan or Laos, and flows almost like a straight line in a south easterly direction, until it discharges itself into the gulph of Siam. There is another large river, the Meikon, which flows to the east of the Siamese empire.

The vegetable productions of Siam are much the same as those of Bengal, but owing to the extortions and oppressions to which the peasantry is subject, very little of its soil is cultivated. Gamboge is produced in the Siamese portion of Cambodia. Precious metals and stones are also found in that country.

There is nothing remarkable in the zoology of Siam; but it is singular that neither here nor in Burmah is the jackal to be seen though so common in India.

The manners and customs of the Siamese are similar to those of the Burmese; but their national vanity is still more extraordinary. Like the other

কাংশ পর্য্যন্ত ব্যাপ্ত। শায়াম সিন্ধু শাখার তিন পার্শ্বে যেং জনপদ আছে সে সকল শায়াম দেশের অন্তঃপাতি এবং ইংরাজাধীন তেনেসেরিম প্রদেশ তাহার পশ্চিম।

গঙ্গার পূর্ব্বদেশীয় রাজ্যের মধ্যে শায়াম অতি প্রাচীন। শান প্রদেশ কাম্বোদিয়া এবং মলয়া প্রায়দ্বীপের অধিকাংশও উক্ত শায়াম রাজ্যাধীন।

শায়াম রাজ্যের প্রাচীন রাজধানীর নাম যুথিয়া পরে পয়াতক নামা চীনরাজ তথা হইতে রাজসিংহাসন স্থানান্তর করিয়া বাঙ্কক নগরে স্থাপন করেন সেই অবধি ঐ নগরী রাজধানী হইয়াছে।

শায়াম দেশস্থ প্রধান নদীর নাম মিনাম, তাহা লেয়স অথবা যুনান দেশে উৎপন্ন হইয়া প্রায় সরল রেখাকারে দক্ষিণ পূর্ব্ব দিকে বহন শীলা হইয়াছে এবং শায়াম সিন্ধু শাখাতে আসিয়া পড়িয়াছে। শায়াম রাজ্যের পূর্ব্বাঞ্চলে গাইকন নাম্নী আর এক তরঙ্গিণী আছে।

শায়াম দেশে বঙ্গদেশের ন্যায় শস্যোৎপত্তি হইয়া থাকে কিন্তু কৃষক লোকেরা উপদ্রবাদির ভয়ে সদা উৎকণ্ঠিত থাকাতে অত্যল্প ভূমিতে কৃষি কার্য্য হয়। শায়াম রাজ্যাধীন কাম্বোদিয়া দেশে গাম্বোজ জন্মে সেখানে মহা মূল্য ধাতু রত্নাদিও পাওয়া যায়।

শায়াম রাজ্যে বিচিত্র পশ্বাদি নাই অপর চমৎকারের বিষয় এই যে ভারতবর্ষে বহু সংখ্যক শৃগাল থাকিলেও তৎসন্নিহিত ব্রহ্মদেশে অথবা শায়াম রাজ্যে ঐ জন্তু একটীও দেখা যায় না।

শায়াম দেশীয় লোকদিগের রীতি নীতি ব্রহ্ম দেশস্থ লোকদিগের তুল্য, তাহারদের জাত্যভিমান বরং আরো অধিক। উক্ত দেশের প্রজারা অন্যান্য হিন্দু চীন লোকের

Indo-Chinese nations they are extremely gross feeders, eating rats, lizards, grass-hoppers and other insects disgusting to the natives of Hindustan. Their religion is that of Buddha.

CAMBODIA.

Cambodia or Camboja is situated to the south east of Siam. It can scarcely be considered as a separate kingdom, being for the most part partitioned among the Siamese and Cochin Chinese. Its capital Saignon is held by a viceroy from Cochin China. There is, however, a small section of the country which is independent with Panompin as its chief city.

Cambodia has a fine large river called Meikon, which rises in the north of Laos and discharges itself into the China sea.

COCHIN CHINA.

Cochin China is a narrow strip of land, extending north and south, almost parallel to the eastern coasts of the China sea. It is now the seat of an empire which comprehends Tonquin, and the largest portion of Cambodia, together with the little state of Siampa.

The capital of Cochin China is Hue which is also a great commercial port. Saignon, (in Cambodia) Faifoe and Cachao are also towns favourally situated for trade.

ন্যায় অতি জঘন্য রূপে আহারাদি করে, উন্দুর শরট প্রভৃতি কীট ও পতঙ্গ ভক্ষণ করিতে তাহারদের ঘৃণা বোধ হয় না ভারত বর্ষীয় লোকেরদের মনে ঐ সকল কীট পতঙ্গ দর্শনেই ঘৃণা জন্মে। শায়াম দেশস্থ লোকেরা বৌদ্ধ ধর্ম্মাবলম্বি।

কাম্বোদিয়া।

কাম্বোদিয়া অথবা কাম্বোজ দেশ শায়ামের দক্ষিণ পূর্ব্ব দিকে স্থাপিত। শায়াম এবং কোচীন চীন দেশীয় লোকেরা তাহার অধিকাংশ আপনারদের মধ্যে বিভাগ করিয়া লওয়াতে ঐ দেশকে স্বতন্ত্র রাজ্য কহা যাইতে পারে না। তথাকার প্রধান নগর সাইগ্নন তাহাও কোচিন চীন রাজের প্রতিনিধির অধীন। কাম্বোদিয়ার যে অত্যল্প অংশ স্বাধীন সেখানকার রাজধানী পেনম্পিন।

কাম্বোদিয়াতে এক সুশোভিত বৃহৎ নদী আছে তাহা লেয়শের উত্তরে উৎপন্ন হইয়া চীন সমুদ্রে মিলিত হয়।

কোচিন চীন।

কোচিন চীন দেশ বিস্তারে অধিক নহে কিন্তু চীন সমুদ্র তটের প্রায় সমানান্তরাল ভাবে উত্তর দক্ষিণে ব্যাপ্ত। সম্প্রতি অখিল তঙ্কিন দেশ এবং কাম্বোদিয়ার অধিকাংশ তথা সিয়াম্পা ভূমি ঐ রাজ্যাধীন হইয়াছে।

কোচিন চীনের রাজধানীর নাম হুই, সেখানে যথেষ্ট বাণিজ্য হইয়া থাকে। অপর ফাইফো কাচো এবং কাম্বোদিয়াস্তঃপাতি সাইগ্নন নগরেও বাণিজ্যের সুবিধা আছে।

The institutions of Cochin China were borrowed from China which once exercised dominion over it for many years; but the actual administration of the country is not conducted so well as in China. The inhabitants are Buddhists in their religion and are rude in their manners. They live upon rice and use animal food very sparingly; but look upon the flesh of the elephant as a dainty. Like the Burmese and the other Indo-Chinese tribes; they abstain from milk, the custom of milking their cattle not being at all prevalent. Their language is the Anam, from whence the empire is called the Anam empire. It is a dialect of the Chinese, and has scarcely any literature to boast of.

The soil of Cochin China is very fertile, and produces the same sort of fruits and vegetables as India. The empire is intersected by several rivers, some of which are called after the towns which stand on them. The principal of them are the Sang-Koi, the Kua Bokho, the Kua Gok, the Saigon, the Cambodia or Meikon. The capes are numerous along the sea coast; such as Cape St. James, Cape Pardaran, Pagoda, Balanga, Varela.

The ascendancy which a French missionary (Adran) gained over the mind of one of the kings of Cochin China, named Caung Shang, is a fact worthy of notice. The missionary had proved a steady friend to the prince in his days of humiliation and exile, and it is but natural that he should, on his restoration, treat his

কোচিন চীনের রীতি নীতি চীন দেশ হইতে সংগৃহীত হয় ফলতঃ পূর্ব্বে তথায় চীন রাজের সম্পূর্ণ আধিপত্য ছিল কিন্তু এক্ষণে সেখানকার রাজকীয় কার্য্য চীন রাজ্যের ন্যায় শৃঙ্খলা পুর্ব্বক নির্ব্বাহ হয় না। তথাকার প্রজারা বৌদ্ধ ধর্ম্মাক্রান্ত কিন্তু তাহারদিগের আচার ব্যবহার অতি জঘন্য, অপর তাহারা অন্ন আহার করিয়াই প্রাণ ধারণ করে মাংস প্রায় ভক্ষণ করে না কেবল হস্তিমাংস সুখাদ্য জ্ঞান করে। ব্রহ্ম প্রভৃতি হিন্দুচীন জাতির ন্যায় ঐ দেশের লোকেরাও দুগ্ধ পানে বিরত, গো দোহন ব্যবহার তাহারদের মধ্যে চলিত নাই। সে দেশের ভাষার নাম আনাম তন্নিমিত্ত রাজ্যেরও নামান্তর আনাম হইয়াছে সে ভাষা চীনের শাখা স্বরূপ তাহাতে গ্রন্থাদি প্রায় নাই।

কোচিন চীনের ভূমি অতিশয় উর্ব্বরা তাহাতে ভারতবর্ষের ন্যায় ফলমূল উৎপন্ন হয়। উক্ত রাজ্যের মধ্যে অনেক নদী আছে কোন২ নদী নিকটস্থ নগরের নামেই প্রসিদ্ধ। তথায় শাঙ্কোই, কুয়া বোখু, কুয়া সোক, সাইগন, কাম্বোদিয়, অর্থাৎ মাইকম এই সকল প্রধান তরঙ্গিণী। সেখানকার সমুদ্র তটে বহুসংখ্যক অন্তরীপ আছে যথা সেণ্ট জেম্‌স, পার্দারান, পাগোদা, বালাঙ্গা, বারেলা।

কোচিন চীন দেশের বিবরণ মধ্যে এক বিচিত্র কথা এই যে কাং শাং নামা তত্রত্য নৃপতি স্বয়ং বৌদ্ধ ধর্ম্মাবলম্বী হইলেও আদ্রাম নামা এক জন ফ্রেঞ্চ পাদরির অতিশয় অনুগত হইয়াছিলেন। উক্ত রাজা একদা দুরবস্থাপন্ন হইয়া দেশত্যাগী হইলে ঐ ধর্ম্মযাজক তাঁহার বিশেষ আনুকূল্য করেন সুতরাং কাংশাং সৌভাগ্য ক্রমে রাজ্য লাভানন্তর ঐ হিতৈষি অনুচরের প্রতি অতিশয় কৃতজ্ঞতা ও আদর প্রকাশ করিতেন। ভারতবর্ষস্থ তাঞ্জোর দেশীয় রাজাও আপন

faithful adherent with gratitude and veneration. The case was similar to that of Swartz and the King of Tanjore.

The missionary's influence with the King procured toleration for Christianity in Cochin China. A number of conversions naturally followed; so that in 1820 the French missionaries could reckon 70,000 Christians among the inhabitants of the country. Portuguese and French missionaries had, indeed, settled in the Indo-Chinese countries at a every early period and made great efforts to convert the people.

Tonquin, situated in the north of Cochin China, is the largest and most valuable of its dependencies. It is more decidedly Chinese than any other part of the empire; and was formerly comprehended in China itself. Its principal city is Kecho.

MALACCA.

The Malay peninsula, situated to the south of the Tenasserim provinces, and joined with the main land by the isthmus of Kraw, carries the continent of Asia very near the equator. It is inhabited by a race of men who bear little resemblance to the Indo-Chinese nations, and who appear to have immigrated to the continent from the island of Sumatra. The Malays are active, restless, and courageous; remorseless to their enemies; capricious to their friends; and treacherous to strangers. Their religion is Mahometanism of the Soonee sect.

পরমোপকারি সোয়ার্ট নাম্না ধর্ম্ম যাজকের ঐ রূপ আদর করিতেন।

কোচিন চীনের রাজা উক্ত পাদরির বাধ্য হওয়াতে তৎকালে ঐ দেশে খ্রীষ্টীয় ধর্ম্ম প্রচারে কোন ব্যাঘাত হয় নাই। অনেকেই ঐ ধর্ম্মাবলম্বন করিতে প্রবৃত্ত হইয়াছিল সুতরাং পাদরি বর্গ ১৮২০ শালে খ্রীষ্টীয় ধর্ম্মাক্রান্ত জন গণের গণনা করিয়া দেখিয়াছিলেন যে উক্ত দেশে ৭০০০০ জন খ্রীষ্টীয়ান আছে। পর্ত্তুগাল এবং ফ্রান্স দেশীয় পাদরিরা বহু কালাবধি হিন্দু চীন দেশে বাস করিয়া প্রজারদিগকে খ্রীষ্ট ধর্ম্মাক্রান্ত করিতে যত্ন করিয়াছিলেন।

তঙ্কিন দেশ কোচিন চীনের উত্তর দিকে ব্যাপ্ত, তাহা ঐ রাজ্যাধীন সকল দেশাপেক্ষা অতি বৃহৎ ও ধনাঢ্য। তঙ্কিন কোচিন চীনের অন্যান্য অংশাপেক্ষা চীনের সহিত অধিক সাদৃশ্য রাখে ফলতঃ পুর্ব্বে তাহা চীনাধীনই ছিল, তথাকার প্রধান নগরের নাম কেচো।

মালাকা।

মলয়া প্রায়দ্বীপ তেনেসেরিম প্রদেশের দক্ষিণ ক্রো সংযোগ ভূমির দ্বারা মহাদ্বীপের সহিত সংলগ্ন। ঐ প্রায়-দ্বীপ যোগে এস্যা খণ্ড বিষুব রেখার অতি নিকটস্থ হইয়াছে। মলয়া দেশীয় লোকেরা হিন্দু চীন দিগের সদৃশ নহে বোধ হয় তাহারা সুমাত্রা উপদ্বীপ হইতে এস্যা খণ্ডে আসিয়াছিল। মলয়ার লোকেরদের সাহস এবং উদ্যম বিলক্ষণ আছে কিন্তু তাহারা অতি অস্থির এবং শত্রুর প্রতি নিতান্ত নির্দ্দয় হয় ও মিত্রের প্রতি স্বেচ্ছাচার আর বিদেশীয় লোকের উপরে বিশ্বাস ঘাতকতা করে। তাহারা সুন্নি দলস্থ মোসল-মান ধর্ম্মাবলম্বি, এবং অহিফেণ সেবনে মত্ত হইলে কিরীচ

They are notorious for the use they make of their deadly creese, especially when under the influence of opium.

The most celebrated town in the Peninsula is Malacca. There the Portuguese settled as early as 1511. The Dutch subsequently had possession of it; but it is now subject to Britain being included within the presidency of Bengal.

The climate of Malacca is very salubrious. It is constantly visited by invalids from Bengal desirous of recruiting their health. The soil is not remarkable for its fertility; it is nevertheless a great seat of commerce.

CHINA.

China is one of the most ancient kingdoms in Asia, and is celebrated for the jealousy with which it has excluded foreign institutions, and preserved its own laws. Though overrun more than once, by ferocious savages, and still governed by princes of Tartar origin, it has civilized its conquerors, and stamped the laws and maxims of its philosopher Confucius on their government. The country is now in the same state in which it has been from time immemorial.

The last conquest of China by the Mandshurs has served to extend Chinese influence over more than half of central Asia.* The largest section of Tartary together with Corea submits to her sway; and Tibet, though the seat of the spiritual head of Buddhism, is made to acknowledge her temporal supremacy. Having already

অস্ত্র ত্যাগ পূর্ব্বক রক্তারক্তি করিতে কিঞ্চিন্মাত্র সঙ্কুচিত হয় না।

মলয়া উপদ্বীপের মধ্যে মালাকা নগর সর্ব্ব প্রসিদ্ধ, পর্ত্তু-গিজেরা সেখানে ১৫১১ শালে প্রথমতঃ বসতি করে পরে ডচ জাতি ঐ নগর অধিকার করিয়াছিল কিন্তু এক্ষণে তাহা ইংরাজদিগের অধীন হইয়া বঙ্গদেশীয় প্রেসিডেন্সির সম্ব-লিত হইয়াছে।

মালাকার বায়ু অতি সুখস্পর্শ একারণ বঙ্গ দেশস্থ ভূরি২ দুর্ব্বল লোক শারীরিক বল বৃদ্ধি মানসে তথায় গমন করিয়া থাকেন। সেখানকার ভূমি অত্যন্ত উর্ব্বরা নহে তথাপি সে স্থলে বাণিজ্যের অভাব নাই।

চীনদেশ।

এস্যার মধ্যে চীন অতি প্রাচীন রাজ্য, সেখানকার এক বিচিত্র লক্ষণ এই যে প্রজারা বিদেশীয় ব্যবস্থাতে বিরত হইয়া বহুকালাবধি স্বদেশীয় রীতি নীতিতে অনুরক্ত আছে। দুর্দান্ত অসভ্য লোকে সেখানে বারম্বার উপদ্রোহ করিয়াছিল এবং তাতার জাতীয় রাজা অদ্যাপি তথায় প্রভুত্ব করেন তথাপি চীনদেশীয় প্রজারা জয়কারি রাজপুরুষদিগকে স্বমতে আনিয়া কংফুছে নামা স্বজাতীয় পণ্ডিতের ব্যবস্থানুসারে রাজনীতির সঞ্চার করাইয়াছে সুতরাং আবহমান কালাবধি ঐ দেশ এক প্রকার অবস্থাতেই আছে।

চীন দেশ সম্প্রতি মাঞ্চুরি তাতার জাতির দ্বারা জিত হও-য়াতে চীন জাতীয় রাজনীতি এস্যার মধ্য ভাগে অনেক দূর পর্য্যন্ত প্রবল হইয়াছে। তাতার দেশের অধিকাংশ ও কোরিয়া দেশ চীনাধীন হইয়াছে, তিবেত দেশ বৌদ্ধ ধর্ম্মাবলম্বি গণের ধর্ম্মাধ্যক্ষের রাজসদন স্বরূপ তাহাও চীন রাজের শাসনাধীন হইয়াছে। আমরা পূর্ব্বেই চীন রাজ্যাধীন দেশ দেশান্তরের

spoken of the several dependencies of China, we have here only to notice *China proper* itself.

China proper is bounded in the north by the great wall which separates it from Mongolia, in the west by Tartary, and the east and south by the sea. Very little is known of the interior of China owing to its jealous exclusion of foreigners. The following are the provinces into which it is divided according to the information communicated to Lord Macartney, when on his embassy from Great Britain; Petcheli, Kiang-nan, Kiangsi, Tchekiang, Fokien, Hoquang, Honan, Shantong, Shansi, Shensi, Seshuen, Quantong, Quangsi, Yunan, Keitcheou.

Pekin, the capital of the empire, is situated in Petcheli; Nankin the ancient capital, in Kiang-nan; Canton, the best known of the Chinese towns, is in Quantong.

The two great rivers of China are the Hoan-ho and the Yang-tse-kiang, the *yellow* and the *blue* rivers; the rest are for the most part tributary to these two. There are only two other large ones perfectly independent of the *yellow* and *blue* rivers; these are the Hoang-kiang and the Payho.

China contains many lakes of which the Poyang-hoo in the province of Kiansi is 90 or 100 miles in circumference. Taihoo to the south of Nankin is surrounded by very romantic hills. Mountains there are many, but their names are not known to foreigners.

বর্ণনা করিয়াছি কেবল প্রকৃত চীনের বিবরণ অবশিষ্ট আছে।

প্রকৃত চীন দেশের উত্তর সীমায় এক বৃহৎ প্রাচীর আছে তাহাতে ঐ দেশ মোঙ্গলিয়া হইতে ব্যবহিত হইয়াছে, পশ্চিম সীমা তাতার দেশ দক্ষিণ এবং পূর্ব্ব সীমা মহা সমুদ্র। বিদেশীয় লোকের প্রতি চীনদেশে প্রবেশ করিবার নিষেধ আছে একারণ তথাকার মধ্য ভাগের বিষয় সুপ্রকাশিত হয় নাই। লার্ড মেকার্টনি গ্রেট ব্রিটেন দেশ হইতে দূত স্বরূপে আগমন করিলে প্রজারা তাঁহার নিকট যেং দেশ বর্ণনা করিয়াছিল তাহাতে বোধ হয় চীনের অন্তঃপাতি এইং প্রদেশ আছে যথা-পিচলি, কিয়াংনান, কিয়াংসি, ছেকিয়াং, ফোকেন, হোকোয়াং, হোনান, শাংতং, শান্সি, শেন্সি, সেশুএন, কোয়াস্তং, কোয়াংশি, যুনান, কাইছেয়াউ।

চীন দেশের রাজধানী পিকিন তাহা পিচলি প্রদেশের অন্তঃ পাতি। পূর্ব্বে কিয়াংনান্ প্রদেশের মধ্যস্থ নানকিন নগরে রাজধানী ছিল কিন্তু চীনদেশের অন্যান্য নগরাপেক্ষা বিদেশি লোকের পক্ষে কান্তন বিশেষ পরিচিত, তাহা কোয়াস্তং প্রদেশান্তঃ পাতি।

চীন দেশে দুই প্রধান নদী আছে, তাহারদের নাম হোয়াংহো এবং ইয়াং ছেকিয়াং অর্থাৎ পীত এবং নীল নদী তদ্ব্যতীত যেং তরঙ্গিণী আছে তাহা প্রায় ঐ নদীদ্বয়ের উপকারিণী মাত্র কেবল হোয়াং কিয়াং এবং পেহো এই দুই নদী স্বতন্ত্র।

চীন দেশে ভূরিং হ্রদ আছে তাহার মধ্যে কেবল কিয়াংসি প্রদেশস্থ পোয়াংহু হ্রদের পরিধি, পরিমাণে ৪৫ অথবা ৫০ ক্রোশ। নানকিন নগরের দক্ষিণে তাইহু নামে এক হ্রদ আছে তাহার চতুষ্পার্শ্বে অতি বিচিত্র পর্ব্বত দেখা যায় ফলতঃ উক্ত দেশে অনেকানেক শৈল আছে কিন্তু বিদেশীয় লোকেরা তাহার নাম অবগত নহে।

The seas and gulphs attached to China are inlets from the Pacific Ocean; such as the yellow sea, the gulphs of Leaotong and Pekin, the China sea. The islands are those of Hainan, Formosa, Loo-choo, Chusan.

The canals in China are memorable instances of the ingenuity and industry of its inhabitants. The most celebrated is the imperial canal forming a communication between Pekin and Canton, about 1660 miles long, and well meriting the appellation of an artificial river.

The great wall on the northern frontiers of China is also a striking proof of Chinese industry, though it does not exhibit much architectural ingenuity, and is of very little use at present to the country. The porcelain tower at Nankin, is likewise admired as a curiosity, and is unquestionably a monument of great art. The material is a fine white tile, which being painted in various colours has the appearnce of porcelain; and the whole is so skilfully joined together as to seem one entire piece.

The Chinese are, perhaps, the most ingenious and industrious people in Asia. Their skill in imitation is, however, greater than their inventive genius. They have a great respect for learning, which with them is the sole road to rank, distinction, and power. Learning is widely diffused in the country, but the standard is not

চীনদেশে যেং সমুদ্র ও সিন্ধু শাখা আছে সে সকল পাসিফিক সাগব হইতে নির্গত যথা-পীত সাগর, লিওওতং এবং পিকিন নামে সিন্ধু শাখা, ও চীন সমুদ্র। উক্ত দেশ সংক্রান্ত উপদ্বীপের নাম হাইনান, ফর্মোসা, লুচু, শুজান।

চীন দেশে অনেকানেক প্রণালী অর্থাৎ খাল থাকাতে নিশ্চয় বোধ হয় যে তথাকার প্রজারা পরিশ্রমি এবং কর্ম্ম তৎপর। কান্তন এবং পিকিন নগর সংযোজক রাজ প্রণালী নামে যে খাল আছে তাহাই সর্ব্বাপেক্ষা প্রসিদ্ধ তাহার দৈর্ঘ পরিমাণে প্রায় ৮৩০ ক্রোশ সুতরাং তাহাকে এক প্রকার কৃত্রিম নদী কহা যাইতে পারে।

চীন দেশের উত্তর প্রান্তে যে বৃহৎ প্রাচীর আছে তাহাতেও তত্রত্য লোকদিগের কার্য্যতৎপরতা সপ্রমাণ হয় কিন্তু সে প্রাচীরে নির্ম্মাণ দক্ষতার বিশেষ চিহ্ন নাই আর তাহাতে এক্ষণে দেশের কোন উপকার দর্শে না। নানকিন নগরে " পোর্শেলন টৌর" নামে এক অপূর্ব্ব স্তম্ভ আছে দর্শক মাত্রেই অতি বিচিত্র জ্ঞান করিয়া তাহার প্রশংসা করেন তাহাতেও প্রজাবৃন্দের কার্য্য নৈপুণ্য সপ্রমাণ হয়। ঐ স্তম্ভ একপ্রকার শ্বেতবর্ণ উত্তম টাইলে নির্ম্মিত এবং বিচিত্র বর্ণ হওয়াতে কাচময় বোধ হয় আর টাইল সকল এমত কৌশলে সংযুক্ত হইয়াছে যে সমস্ত স্তম্ভে এক খান অখণ্ড টাইল বা প্রস্তর ভাণ হয়।

এস্যাখণ্ডের লোক মধ্যে বোধ হয় চীনেরা সর্ব্বাপেক্ষা কার্য ক্ষম এবং পরিশ্রমি, কিন্তু তাহারা নূতন প্রকার দ্রব্য প্রস্তুত করণে পটু নহে কোন বস্তু দেখিলে অবিকল তদনুরূপ করিতে পারে। তাহারা বিদ্যার মহা সমাদর করিয়া থাকে ফলতঃ বিদ্যা না থাকিলে কেহ তদ্দেশে মর্য্যাদা অথবা রাজকীয় উচ্চ পদ প্রাপ্ত হয় না, দেশের সর্ব্বত্র বিদ্যার চর্চ্চা আছে

high. Science and the mechanical arts are in a very crude state.

The religion of the Chinese is that of Fo, a modification of Buddhism. Their institutions, rites, and ceremonies, like those of most Buddhist communities, are not dissimilar to the external observances of Romanism.

There is no state religion among them, but the toleration which might be the natural consequence of this is materially affected by their political jealousy of any innovation. Both Christianity and Mahometanism have suffered from this narrow policy.

The government of China is perfectly despotic. The emperor is considered as the vice-gerent of the Deity, and is treated almost with religious veneration. The people look upon him as entitled to the empire of the whole world. Indeed, they believe their country to be the centre of the habitable globe, all other religions being mere stripes of land surrounding their own kingdom as petty appendages.

The Chinese are singular in their notions of female beauty, which in their estimation consists in the smallness of the feet. These are accordingly cramped from their infancy in order to prevent their growth. The women are held in very low estimation. But the worst feature in the character of the Chinese is the impunity with which infanticide is committed.

The Chinese are eminent as a manufacturing people. The fabric of porcelain and silk, though practised on an

কিন্তু প্রায় কাহারো অধিক ব্যুৎপত্তি হয় না আর পদার্থাদি বিদ্যার অধিক অনুশীলন নাই।

চীন দেশীয় লোকেরা ফো নামে প্রসিদ্ধ ধর্ম্মোপদেশকের মতাবলম্বী অর্থাৎ তাহারা এক প্রকার বৌদ্ধ ধর্ম্মের অনুষ্ঠান করে। অন্যান্য বৌদ্ধ ধর্ম্মাবলম্বি জনগণের ন্যায় চীনদিগের রীতি নীতি এবং ক্রিয়া কলাপ রোমান কেথোলীকদিগের ক্রিয়া কাণ্ডের সদৃশ বোধ হয়। চীনদেশে রাজাজ্ঞায় সংস্থাপিত কোন বিশেষ ধর্ম্ম নাই সুতরাং প্রজারা স্বেচ্ছানুসারে ধর্ম্ম যাজন করিতে পারে কিন্তু কোন নূতন মত প্রচার করণে রাজার অতিশয় দ্বেষ সুতরাং প্রজারা স্বেচ্ছানুসারে ধর্ম্ম যাজন করিতে অনুমতি পাইলেও নব্য মত গ্রহণ করিতে পারে না এই কারণ খ্রীষ্টীয় এবং মোসলমান উভয় দলস্থ লোকেরা তথায় অনেক অমঙ্গল প্রাপ্ত হইয়াছে।

চীন দেশীয় রাজ পুরুষেরা সকল বিষয়েই স্বেচ্ছানুসারে কর্ম্ম নির্ব্বাহ করেন প্রজারা রাজাকে পরমেশ্বরের প্রতিনিধি বোধ করিয়া দেবতার ন্যায় মান্য করে এবং মনে করে তিনি অখিল ধরামণ্ডলের স্বামী ফলতঃ তাহারা আপনারদের দেশকে পৃথিবীর মধ্যস্থ এবং অন্যান্য দেশকে তৎপ্রান্তবর্ত্তি ক্ষুদ্রং ভূমি খণ্ড জ্ঞান করে।

নারী গণের রূপ বর্ণনা বিষয়ে চীনদিগের মত অতি অদ্ভুত তাহারা বোধ করে পাদ ক্ষুদ্র হইলেই স্ত্রীলোকের শোভা হয় একারণ চরণের বৃদ্ধি নিবারণার্থ স্ত্রীলোকদিগের বাল্যাবস্থাবধি পাদ পেষণ করিয়া থাকে অপর তাহারা অঙ্গনারদের সমাদর মাত্র করে না। কিন্তু সর্ব্বাপেক্ষা তাহারদের জঘন্য রীতি এই যে তাহারদের দেশে শিশু হত্যার দণ্ড নাই।

চীন দেশস্থ লোকেরা দ্রব্যাদি নির্ম্মাণে বিলক্ষণ নিপুণ, এইক্ষণে ইউরোপ খণ্ডে চীন মৃত্তিকাময় পাত্র এবং কৌশেয়

improved scale in Europe, originated in China. We are, likewise, indebted to its inhabitants for Nankeens, and for various manufactures of ivory, paper, tortoise-shell, and other useful and ornamental articles, at once admirable and unrivalled.

The soil being very fertile, China is also a great agricultural country. Her chief export is *tea*, for which every nation in the world has recourse to her. China is, however, averse to foreign trade. The natural wealth of the country and the industry of the inhabitants have made her independent of foreign productions or manufactures. The only import for which she cares is opium, which she receives from India. With the exception of five or six places, foreigners are strictly prohibited to settle or even land on her shores.

China is also rich in her fruits and flowers and her mineralogy. Gold, silver, copper, precious stones are abundant. Her zoology is little known.

Notwithstanding her natural wealth, and her manufactures, China is devoid of banking establishments. No transaction is made on credit; no *hoondees* or bills of exchange are given or received in the internal trade. Advances of money are never made except on pawn The commerce of China consists chiefly in the bartering of the productions of the different provinces.

বস্ত্র উত্তম রূপে প্রস্তুত হয় বটে কিন্তু আদৌ চীন দেশেই তাহার সৃষ্টি হয়। ঐ দেশেই নাঙ্কিন নামক বস্ত্র এবং গজদন্ত কূর্ম্ম পৃষ্ঠ ও কাগজ প্রভৃতিতে নানাবিধ প্রয়োজনীয় ও শোভাকর বস্তু প্রস্তুত হয় সে প্রকার সুচারু দ্রব্য অন্য দেশে হয় না।

চীন দেশের ভূমি উর্ব্বরা হওয়াতে কৃষিকার্য্য উত্তম রূপে হইয়া থাকে, চা নামে প্রসিদ্ধ শুষ্ক পত্র তথা হইতেই দেশ দেশান্তরে প্রেরিত হয় সর্ব্বদেশীয় লোকেরা তাহা ব্যবহার করিয়া থাকেন। কিন্তু চীন দেশের লোকেরা বিদেশের বাণিজ্যে অত্যন্ত বিরত, আপনারদের দেশে বিবিধ সম্পত্তি থাকাতে এবং প্রজারা পরিশ্রমি হইয়া স্বয়ং অনেক দ্রব্য প্রস্তুত করাতে বিদেশীয় দ্রব্যের প্রয়োজন বোধ করে না কেবল ভারতবর্ষোৎপন্ন অহিফেণের যৎকিঞ্চিৎ প্রয়াস রাখে। বিদেশীয় লোকেরা উক্ত দেশের পাঁচ অথবা ছয় নগর ব্যতীত অন্য কোন স্থলে বসতি অথবা অবরোহণ করিতে পায় না।

চীন দেশে ফল পুষ্প এবং প্রস্তর রত্নাদি বিস্তর আছে আর রজত কাঞ্চন তাম্র ইত্যাদির সীমা নাই।

চীন দেশে অনেক স্বাভাবিক এবং কৃত্রিম দ্রব্য থাকিলেও কেহই তেজারতি কার্য্য করে না, সাক্ষাৎ মূল্য উপস্থিত না হইলে ক্রয় বিক্রয়াদিমাত্র হয় না সুতরাং বাণিজ্য ব্যবসাতে হুণ্ডির দানাদান নাই, কোন সামগ্রী বন্ধক না রাখিলে কেহ কর্জ্জ দেয় না তথাকার বাণিজ্যের প্রধান ধারা এই যে ভিন্নং প্রদেশের দ্রব্যাদি বিনিময়ে ক্রয় বিক্রয় হয়।

THE ASIATIC ISLANDS.

The seas which wash the coasts of Asia are interspersed with islands, especially on the east and south-east; but they are almost all included in the *Kingdom of Japan* and the *East Indian archipelago.*

THE EAST INDIAN ARCHIPELAGO is the general designation of those large clusters of Islands which are ranged between the Indian and the Pacific oceans; and to the south of the Indo-Chinese countries. Although they have few political ties with each other, and some islands are even subdivided into separate states, the aspect of nature, the state of civilization, and the peculiar character of the people, present such a similarity, that they may be advantageously treated under one head.

The principal Islands of this range are Sumatra, Java, Borneo, the Molucca or Spice islands, and the Philippines.

Most of these are situated directly on the equator. Some of them are traversed by lofty mountains which are crowned almost to their pinnacles with majestic trees, luxuriant shrubs, and aromatic plants, presenting the most varied and picturesque scenery. Volcanoes are also abundant in these insular regions.

These islands are celebrated like Ceylon for their vegetable and mineral productions, and their zoology.

এস্যা সংক্রান্ত উপদ্বীপ।

এস্যার সন্নিহিত চতুষ্পার্শ্বস্থ বারিধিতে বিশেষতঃ পূর্ব্ব এবং দক্ষিণ পূর্ব্ব দিক্‌স্থ সমুদ্রে ভূরি২ উপদ্বীপ আছে কিন্তু সে সকলই প্রায় জাপান রাজ্য এবং ভারতবর্ষীয় দ্বীপ মালার মধ্যে গণ্য হইয়া থাকে।

ভারতবর্ষীয় দ্বীপমালা শব্দে ঐ সমস্ত বৃহৎ২ দ্বীপ স্তবক বুঝায় যাহা হিন্দুচীন দেশের দক্ষিণে ভারতবর্ষীয় এবং পাসিফিক সমুদ্রের মধ্যস্থলে আছে। ঐ সকল উপদ্বীপ এক রাজার অধীন নহে বরং এক২ উপদ্বীপের মধ্যেও ভিন্ন২ রাজ্য আছে কিন্তু সকলেরি স্বাভাবিক শোভা একরূপ এবং প্রজারদের সভ্যাসভ্যতা ও রীতি নীতি এক প্রকার একারণ সকল উপদ্বীপের বর্ণনা একত্র করা যাইতে পারে।

ঐ দ্বীপমালার অন্তঃপাতি প্রধান২ উপদ্বীপের নাম সুমাত্রা, জাবা, বর্ণিও, মলক্কা অর্থাৎ মসলার উপদ্বীপ এবং ফিলিপাইন।

উল্লেখিত উপদ্বীপের অধিকাংশ বিষুব রেখার উপর স্থাপিত কোন২ উপদ্বীপে উচ্চ২ পর্ব্বত আছে তাহা শিখর পর্য্যন্ত বৃহৎ২ বৃক্ষ ও পুষ্প পল্লব বিশিষ্ট গুল্ম এবং সুশোভিত ওষধিতে পরিপূর্ণ থাকাতে দেশের বিচিত্র শোভা হইয়া থাকে। উক্ত উপদ্বীপ সমূহে অনেকানেক আগ্নেয় পর্ব্বত আছে।

ঐ সকল উপদ্বীপ সিংহলের ন্যায় নানাবিধ ধাতু রত্ন এবং উদ্ভিজ্জ সামগ্রী ও পশ্বাদিতে পরিপূর্ণ প্রযুক্ত বিখ্যাত হইয়াছে। তথায় নিম্ন লিখিত দ্রব্য উৎপন্ন হওয়াতে দেশের

The most conspicuous articles of their natural wealth are cinnamon, camphor, clove, nutmeg, pepper, ginger, arrow-root, sago. The minerals which they yield are gold, tin, copper, iron, salt, sulphur, and diamond.

The inhabitants of these islands are generally rude in their manners, customs, and institutions. They are divided into various village associations over whom the king and the aristocracy domineer like despots. They appear to have received, at an early period, the doctrines of Buddhism from Hindustan; their faith at that time resembled that which prevailed in the Indo-Chinese countries. The Malays and Javanese were subsequently converted to the religion of Mahomet, which is still their persuasion. Their practices are, however, in some respects different from those of the continental Mahometans; they pay no regard to the prohibition of wine and other intoxicating liquors, and they are by no means strict in immuring their females.

The natives of some of the Philippine islands have been converted to Christianity by the Spaniards. The alliance which Magellan formed with those people in the Emperor's name, as well as his tragical death, is well known.*

The islands of the Indian-Archipelago have, since the opening of the passage round the Cape of Good Hope, been the scene of many a conflict between the natives

* See *Encyclopædia Bengulensis*, no. VII. chap. 3, Sec. 12.

বিলক্ষণ সম্পত্তি বৃদ্ধি হয় যথা-দারুচিনি, কর্পূর, লবঙ্গ, জায়ফল, মরিচ, আর্দ্রক, সাগু, আরোরুট। সেখানে এই২ ধাতু রত্নও পাওয়া যায় যথা-স্বর্ণ, টিন, তাম্র, লৌহ, লবণ, গন্ধক, হীরক।

উক্ত উপদ্বীপ সমূহস্থ লোকেরদের রীতি নীতি ও আচার ব্যবহার সামান্যতঃ অসভ্য, তাহারদের মধ্যে ক্ষুদ্র২ গ্রাম্য সভা আছে তাহাতে রাজা এবং কুলীন বর্গ স্বেচ্ছানুসারে অধ্যক্ষতা করেন। বোধ হয় বহু কাল পূর্ব্বে ভারতবর্ষ হইতে তাহারদের মধ্যে বৌদ্ধ ধর্ম্মের প্রচার হয় তৎকালে তাহারা হিন্দু চীন লোকদিগের ন্যায় ধর্ম্মানুষ্ঠান করিত পরে মালাই এবং জাবানি লোকেরা মোসলমান ধর্ম্ম অবলম্বন করে তাহারা অদ্যাপি ঐ ধর্ম্মানুযায়ি আছে কিন্তু কোন২ বিষয়ে তাহারদের আচার ব্যবহার এস্যা মহাদ্বীপস্থ মোসলমান-দিগের বিপরীত কেননা তাহারা মদিরা প্রভৃতি মাদক দ্রব্য গ্রহণের নিষেধ মান্য করে না এবং অঙ্গনারদিগকেও অন্তঃ-পুরে বদ্ধ করিয়া রাখে না।

ফিলিপাইন দ্বীপ স্তবকের কোন২ উপদ্বীপের লোকেরা স্পেনীয়দিগের উপদেশানুসারে খ্রীষ্ট ধর্ম্ম অবলম্বন করি-য়াছে। মাগেলন সাহেব স্পেনরাজের নামে তাহারদের সহিত যে মিত্রতা করিয়াছিলেন এবং পরে যে প্রকারে স্বয়ং পঞ্চত্ব প্রাপ্ত হয়েন তাহা সাধারণের অবিদিত নহে*।

উত্তমাশা অন্তরীপ দিয়া ভারতবর্ষে আগমন করিবার পথ প্রকাশ হইলে পরে ভারতবর্ষীয় দ্বীপমালায় তত্রত্য এবং ইউরোপীয় লোকদিগের মধ্যে বারম্বার তুমুল সংগ্রাম হই-

*বিদ্যাকল্পদ্রুম ৭ কাণ্ড ৩ অধ্যায় ১২ পরিচ্ছেদ।

and the Europeans. At present the Dutch exercise or claim supremacy over them all; but the English too have a well-grounded prospect of obtaining a footing in Borneo.

The principal towns in these islands are Acheen, Siak, Palembang, Bencoolen in Sumatra; Batavia, Bantam in Java; Borneo, Sucadana, Pontiana, Matan in Borneo; Gilolo, Amboyna, Nassau in the Moluccas; Manilla, Zebu, Mindanao, Samar, Bohol in the Philippines.

THE KINGDOM OF JAPAN comprehends the islands of Niphon, Kinsue, Sikohf and Jesso. The last mentioned is Japanese only by conquest or rather occupation. Niphon is the largest of the Japan islands.

These islands are equally remarkable for their natural wealth and for the industry of their inhabitants. Their natural wealth consists chiefly in minerals. Gold, silver, copper, sulphur, marble, porcelain clay are found in great abundance.

The whole country is full of mountains and hills, some of which are volcanic; the coasts are beset with rocks, thus presenting a strong barrier to the waves of the Pacific which, rolling uninterrupted from an immense distance, must dash against them with peculiar violence.

The soil is not naturally fertile but the industry of the inhabitants renders it very fruitful. Great attention is paid to the art of agriculture, and large

য়াছিল। সম্প্রতি ডচ জাতি ঐ সমস্ত উপদ্বীপে আধিপত্য অথবা তদভিমান করে কিন্তু ইংরাজেরাও বর্ণিও উপদ্বীপে প্রভুত্ব করিবার উদ্যোগে আছেন।

উক্ত উপদ্বীপ সমূহের মধ্যে এইং প্রধান নগর আছে যথা সুমাত্রা উপদ্বীপে আচীন, সিয়াক, পালেম্বাং, বেঙ্কু-লেন। জাবা উপদ্বীপে বাতাবিয়া, বান্তাম। বর্ণিও উপ-দ্বীপে বর্ণিও, সকাদানা, পন্তিয়ানা, গাতান। মলক্কাতে জিলোলা, আম্বয়না, নাশা। ফিলিপাইনে মেনিলা, জিবু, মিন্দেনেও, সামার, বোহোল।

জাপান রাজ্যের মধ্যে চারি উপদ্বীপ আছে যথা নিফন, কিনসিউ, সিকফ, জেসো। জেসো উপদ্বীপ স্বভাবতঃ জাপান রাজ্য নহে কিন্তু জাপান জাতীয় লোকেরা তাহা অধিকার করিয়াছে। জাপান দেশে যেং উপদ্বীপ আছে নিফন তৎ-সর্ব্বাপেক্ষা বহৎ।

উক্ত উপদ্বীপ সমূহে স্বাভাবিক সম্পত্তি যথেষ্ট আছে এবং তথাকার প্রজারা অতিশয় পরিশ্রমি। সেখানে স্বাভা-বিক সম্পত্তির মধ্যে ধাতু রত্নাদিই শ্রেষ্ঠ কেননা উক্ত দেশে রজত, কাঞ্চন, তাম্র, গন্ধক, মর্ম্মর এবং চীন নামে প্রসিদ্ধ মৃত্তিকা বিস্তর পাওয়া যায়।

উক্ত দেশের মধ্যে আগ্নেয় পর্ব্বত ও অন্যান্য শৈল ভূরিং আছে এবং তথাকার সমুদ্র তট শিলা দ্বারা পরিপূর্ণ সুতরাং পাসিফিক মহাসাগরের তরঙ্গ অনেক দূর হইতে অবাধে আসিয়া মহাবেগে মৃত্তিকায় পড়িলেও তাহা ভগ্ন হয় না।

জাপান উপদ্বীপের ভূমি স্বভাবতঃ অত্যন্ত উর্ব্বরা নহে কিন্তু প্রজারা বহু পরিশ্রমে কৃষি কার্য্য করাতে যথেষ্ট ফলোৎ-পত্তি হয়। কৃষি বিদ্যার প্রতি তথাকার লোকদিগের বিলক্ষণ

crops repay the labour of cultivation. The principal produce is rice which is the chief diet of the people. Tea is cultivated all over the country and used by all the inhabitants; its culture is, however, confined to those spots where nothing more essential will grow. Figs and chestnuts and many other choice fruits and flowers are also plentiful. The ground is, likewise, adorned with the fir, the cypress, the bamboo and other useful trees. But the most remarkable vegetable production in these islands is the *arusi*, from which is distilled the inimitable varnish called Japan.

Zoology is necessarily scanty in Japan. The inhabitants subsist on a vegetable diet and care neither for flesh nor for milk; they are unwilling to give up their lands for pasturage, and devote almost every spot to agriculture. Animals have accordingly been nearly banished from the islands; even sheep and goats are scarce. The caprice or personal taste of the sovereign has granted a dispensation only for *dogs* which are fed at the expence of the towns.

But rich and industrious as they are, the Japanese are extremely jealous of intercourse with foreigners. Content with the resources of their own country, they are still more averse than the Chinese to foreign trade. Many attempts have been made by the European nations to establish commercial relations with Japan,

যত্ন আছে এবং শস্যোৎপত্তি উত্তমরূপে হওয়াতে তাহারদের সে যত্ন সফল হয়। সেখানে শস্যের মধ্যে ধান্যই অধিক জন্মে আর তাহাতেই প্রজারদের আহার হইয়া থাকে। দেশের সর্ব্বত্র চা গুল্ম রোপিত হয়, এবং লোকেরা সকলেই তাহা ব্যবহার করিয়া থাকে কিন্তু যেখানে শস্যাদি জন্মে না তদ্ব্যতীত অন্য স্থলে চা রোপণ হয় না। উক্ত দেশে উড়ুম্বর চেস-নট প্রভৃতি অনেক সুস্বাদু ফল এবং মনোহর পুষ্প উৎপন্ন হয় আর সাইপ্রেশ দেবদারু বংশ প্রভৃতি বৃক্ষেতে ভূমির শোভা হইয়া থাকে কিন্তু তথাকার উদ্ভিজ্জ দ্রব্যের মধ্যে আরুসি নামক বৃক্ষ সর্ব্বাপেক্ষা আশ্চর্য্য কেননা জাপান নামে প্রসিদ্ধ অসিত প্রলেপ ঐ বৃক্ষের রসে প্রস্তুত হয় সে প্রকার প্রলেপ অন্য কোন দেশে নাই।

জাপান দেশে পশ্বাদি অধিক নাই প্রজারা প্রায় নিরামিষ্য আহার করিয়া থাকে দুগ্ধ অথবা মাংসের প্রয়াস করে না একারণ পশু চারণের নিমিত্ত কোন স্থল রাখে না ভূমির প্রায় সর্ব্বাংশে কৃষি কার্য্য করে সুতরাং উক্ত দেশে প্রায় পশু পাওয়া যায় না অপর মেষ ছাগলাদিও দুষ্প্রাপ্য কেবল রাজার অনুমতি প্রযুক্ত কুক্কুরের প্রতি যত্ন আছে তাহাতে পৌরজনগণকে ঐ জন্তু পালন করিতে হয়।

জাপান দেশীয় লোকেরা ধনাঢ্য এবং কর্ম্ম তৎপর হইলেও বিদেশীয় লোকদিগের সহিত সংশ্রব রাখিতে বিরত এবং দেশ দেশান্তরে বাণিজ্য করণে চীন দেশীয় লোকাপেক্ষা অধিক অনিচ্ছু। ইউরোপীয় লোকেরা তাহারদের সহিত বাণিজ্য বিষয়ক নিয়ম ধার্য্য করিতে অনেক চেষ্টা করিয়াছিলেন কিন্তু সকলই বৃথা হইয়াছে। কেবল ডচ এবং চীন

but they have all proved unsuccessful. The Dutch and the Chinese are alone permitted to trade at a port called Nangasaki, and that under the most singular restrictions.

The government of Japan is very peculiar. The legendary records of the country commence like those of Egypt, with the most extravagant accounts of celestial princes. To them succeeded a dynasty which under the designation of the Dairi concentrated all spiritual and temporal authority in itself. The priest-kings were afterwards relieved of their temporal powers which were assumed by chiefs called *Cubos.* The Cubo is now the temporal, the Dairi the spiritual head of the empire.

The penal laws are singularly severe and barbarous. A father is punishable for the delinquencies of his sons, and every one for those of his neighbours. The smallest crimes may be visited with capital punishment which is inflicted by ripping open the belly, throwing the culprit into boiling oil, or hacking him to pieces.

The principal cities are Jeddo, the capital of the temporal sovereign, Meaco the residence of the supreme pontiff, Osaka, Matsumi in Jesso, Nangasaki in the island of Dazima.

The climate is extremely hot in summer and severely cold in winter. The heat is only tempered by the sea breezes.

দেশীয় লোকেরা তত্রত্য নাঙ্গাসাকি নগরে গিয়া বাণিজ্য করিয়া থাকে কিন্তু তাহাও সহজে হয় না।

জাপান দেশীয় রাজশাসনের ধারা অতি আশ্চর্য্য, ইজিপ্ত দেশীয় গ্রন্থের ন্যায় তাহারদের প্রাচীন ইতিহাসে কথিত আছে যে দেবতারা আদৌ ভূমণ্ডলে অবতীর্ণ হইয়া স্বয়ং প্রজা পালন করিয়াছিলেন পরে দাইরি নামে কতিপয় ভূপাল প্রকাশ পান তাঁহারা ধর্ম্ম শাসন এবং রাজকীয় ব্যবহার উভয়ের নির্ব্বাহ করিতেন। অনন্তর কুবো নামধারি কএক বীর ঐ যাজক ভূপতিবর্গকে রাজ্যচ্যুত করিয়া আপনারা প্রজাপালন করিয়াছিল। এক্ষণে কুবো জাপান দেশের রাজ্য রক্ষক, দাইরি কেবল ধর্ম্ম শাসক হইয়াছেন।

জাপান দেশের দণ্ডনীতি অতিশয় কঠিন এবং অসঙ্গত। পুত্রের দোষে পিতার দণ্ড হইয়া থাকে এবং সকলকেই আপন২ প্রতিবাসির অপরাধের নিমিত্তে শাস্তি পাইতে হয়। অপর ক্ষুদ্র অপরাধেও প্রাণ দণ্ড হয়। প্রাণ দণ্ডের তিন প্রকার ধারা উদর বিদারণ, উত্তপ্ত তৈলে ক্ষেপণ, এবং অস্ত্র দ্বারা শরীর খণ্ড২ করণ।

জাপান দেশীয় প্রধান২ নগরের মধ্যে যেদো নগরে রাজার বাস স্থান, এবং মিয়াকো প্রধান যাজকের আশ্রম। অন্যান্য নগরের নাম ওসাকর, জেশো উপদ্বীপস্থ মাৎসুমি, দেজিমা দ্বীপস্থ নাঙ্গাশাকা।

উক্ত দেশের বায়ু গ্রীষ্ম কালে অতিশয় উত্তপ্ত হয় এবং হেমন্তে ভয়ানক শীতল হয়। কেবল নিদাঘ সময়ে সমুদ্র সমীরণ বহনে শরীর যৎকিঞ্চিৎ স্নিগ্ধ হইয়া থাকে।

জাপান দেশীয় প্রজারদের মধ্যে দ্বিবিধ ধর্ম্ম প্রচলিত আছে অর্থাৎ দাইরি মহাযাজকের শাসনাধীন সিন্ত নামে এক প্রকার পৌত্তলিক ধর্ম্ম এবং বুৎস অথবা বুদ্ধ উপাধি

The religion of the inhabitants is either that of Sintos, a species of paganism, of which the Dairi is the head; or of Budso or Buddh. The sentiment of religion predominates in the Japanese mind; pilgrimages are very common; and great regard is paid to ritual observances. The Portuguese, who were at first very cordially received, tried hard to disseminate the doctrines of Christianity in Japan, and had at one time the most pleasing prospect of converting both king and people to their faith; but certain incidents created a political alarm in the minds of the Japanese who thereupon persecuted, massacred, or expelled all the professors of Christianity; and strictly prohibited Europeans to visit their shores. The Dutch obtained a footing at Nangasaki only by dissembling their religion.

The Japanese are represented as a fine set of men, energetic, independent, honourable, hospitable to strangers, and extremely obliging to friends. They are, however, very sensitive and quickly resent injuries and insults. But satisfaction is sought under such circumstances by *suicide*, which is looked upon in the same light in which duelling is viewed by Europeans.

The language of the Japanese is generally believed to be fundamentally Chinese, though Malte Burn is of a different opinion. This people are given very much to travelling within their own shores.

পুরুষের ধর্ম। তত্রত্য লোকদিগের মনে ভক্তি রসের বিলক্ষণ প্রাবল্য আছে তাহারা তীর্থ যাত্রা এবং যাগযজ্ঞাদি অনুষ্ঠানে অতিশয় উৎসুক। পর্ত্তুগিসেরা ঐ দেশে প্রথমতঃ যথেষ্ট আদর প্রাপ্ত হইবাতে খ্রীষ্ট ধর্ম্ম প্রচার করণে অনেক যত্ন করিয়াছিল এবং একদা রাজা প্রজা সকলকেই স্বমতাবলম্বী করিবার প্রত্যাশাতে হৃষ্টচিত্ত হইয়াছিল কিন্তু কোন কারণ বশতঃ জাপান দেশীয় লোকেরা খ্রীষ্ট ধর্ম্ম গ্রহণ করিলে রাজ্য বিপর্য্যয় হইবে এই ভাবিয়া খ্রীষ্টীয় জনগণের প্রতি অতিশয় অত্যাচার করিতে লাগিল এবং কতককে হত ও কতককে দেশ হইতে নিরাকৃত করিল আর ইউরোপীয় সকল লোককে জাপান দেশে আসিতে নিষেধ করিল তাহাতে অবশেষে কেবল ডচ জাতি ছল পূর্ব্বক আপনারদের ধর্ম্ম গোপন করিয়া নাঙ্গাশাকিতে বাস করিতে অনুমতি প্রাপ্ত হয়।

কথিত আছে জাপান দেশীয় লোকদিগের চরিত্র অতি উত্তম, তাহারা বিলক্ষণ কর্ম্ম তৎপর, পর তন্ত্র হওনে বিরত, অপমান স্বীকারে কাতর, পরের প্রতি আতিথ্য করণে সদা উদ্যত, এবং আত্মীয় জনগণের হিতৈষী। কিন্তু তাহারদের অভিমান ক্ষুদ্র নহে,' কেহ অপমান কিম্বা অনিষ্ট করিলে তৎক্ষণাৎ ক্রুদ্ধ হয় ও অন্যায় অপমান গ্রস্ত হইলে অত্যাচারির কোন অনিষ্ট না করিয়া বরং আত্ম হত্যাই করে ফলতঃ ইউরোপে বিবাদ হইলে যেমন লোকেরা দ্বন্দ্ব যুদ্ধ করে জাপান দেশীয় লোকেরা তদ্রূপ না করিয়া আত্ম হত্যা করে।

সাধারণের মতে জাপানীয় বাণীর মূল চীন দেশীয় ভাষা কিন্তু মালব্রুন নামক গ্রন্থকারের মত তাহা নহে। জাপানীয় লোকেরা স্বদেশের মধ্যে ভ্রমণ করিতে ভাল বাসে।

GENERAL SUMMARY OF ASIA.

	Extreme Latitudes.	Extreme Longitudes.	Population.	Chief Cities.
Russia, ...	39° 75° N	37°E. 170°W.	3000000	Astrachan, Tobolsk, Irkoutsk.
Turkey, ...	30° 42° N.	25°51′ 45° E.	12000000	Allepo, &c.
Tartary (independent,)	35° 51° N.	54° 74° E.	10000000	Bokhara.
Tartary (Chinese,)	37° 53° N.	72° 142° E.	20000000	Cashgar.
Arabia, ...	12° 34° N	33° 59° E.	13000000	Mecca, Sana.
Persia, ...	26° 39° N.	46° 62° E.	12000000	Teheran.
Afghanstan, ...	25° 36° N.	57° 71° E.	8000000	Cabul.
Hindustan, ...	7°57′ 35° N	67° 92° E.	134000000	Calcutta.
Thibet, ...	28° 37° N.	74° 100° E.	4000000	Lahssa.
Birman empire, ...	15°45′ 26° N.	92° 104° E.	8000000	Ava.
Siam, ...	7° 22° N.	98° 104° E.	2730000	Bankok.
Cambodia, ... } Cochin China, ... } Tonquin, ... }	8°30′ 23° N.	105° 109°E.	5194000	Saignon. Hue. Kecho.
China, ...	20° 41° N.	101° 122°-53′E.	200000000	Pekin.
Japan, ...	26°35′ 49° N.	130° 145° E.	20000000	Jeddo.
Malaya, ...	1°22′ 8°27′ N.	99° 104° E.	....	Malacca.

এস্যার সংক্ষেপ বর্ণন।

দেশ।	প্রান্ত অক্ষাংশ।	প্রান্ত দেশান্তর।	লোক সংখ্যা।	প্রধান নগর।
রুশিয়া............	৩৯° ৭৯° উ	৩৭° পূ ১৭০° প	৩০০০০০০০	আস্ত্রাকান, তোবলস্ক
তুরকি....	৩০° ৪২° উ	২৫°৫১′ ৪৫° পূ	১২০০০০০০০	আলেপো,
তাতার (স্বাধীন)....	৩৫° ৫১° উ	৫৪° ৭৪° পূ	১০০০০০০০০	বোখারা,
তাতার (চীনাধীন)..	৩৭° ৫৩° উ	৭২° ১৪২° পূ	২০০০০০০০০	কাশগার,
আরব......	১২° ৩৪° উ	৩৩° ৫৯° পূ	১৩০০০০০০০	মক্কা, সিনা,
পারস্য..........	২৬° ৫৯° উ	৪৬° ৬২° পূ	১২০০০০০০০	তেহেরণ,
আফগানি স্থান	২৫° ৩৬° উ	৫৭° ৭১° পূ	৮০০০০০০০	কাবুল
হিন্দুস্থান.........	৭°৫৭′ ৩৫° উ	৬৭° ৯২° পূ	১৩৪০০০০০০০	কলিকাতা,
তিব্বেত..........	২৮° ৩৭° উ	৭৩° ১০০° পূ	৪০০০০০০০	লাশা,
ব্রহ্ম সাম্রাজ্য......	১৫°৩৫′ ২৬° উ	৯২° ১০৪° পূ	৮০০০০০০০	আবা,
শায়াম.........	৭° ২২° উ	৯৮° ১০৪° পূ	২৭৩০০০০০	বেঙ্কক,
কাম্বোদিয়া......				সাগনন,
কোচীন চীন	৮°৩০′ ২৩° উ	১০৫° ১০৯° পূ	৫১৯৪০০০	হুই,
তঙ্কিন				কেচো,
চীন........	২০° ৪১° উ	১০১° ১২২°৫৩′ পূ	২০০০০০০০০০	পেকিন,
জাপান.........	২৬°৩৫′ ৪৯° উ	১৩০° ১৭৫° পূ	২০০০০০০০০	জেদো,
মলয়া	১°২২′ ৮°২৭′ উ	৯৯° ১০৪° পূ	....	মালাক্কা,

EUROPE.

Europe is the smallest in extent of the four great divisions of the world, and yet we must pronounce it to be the most important. Asia, indeed, was the cradle of civilization and knowledge, but of her empires some have long ceased to exist, others soon became and have ever since continued stationary. Europe has cultivated the sciences, arts, and refinement, with almost uninterrupted success, and brought them to the elevated state at which they have now arrived. All the branches of industry are conducted with a skill and to an extent unattained in any other part of the earth. European vessels carry on the commerce of the most distant regions. The military and political influence of Europe is now of a magnitude with which the most powerful and populous empires of other quarters can no longer be compared. European colonists have now peopled, and are *more* and *more* peopling, all the formerly savage and unoccupied quarters of the earth; and with the exception of some strong holds of ancient and imperfect civilization, such as China and Japan, the whole world is, through their influence, rapidly becoming civilized and European.

Europe is bounded on the north by the Arctic Ocean, and on the west by the Atlantic. On the south the grand inlet of the Mediterranean divides it from Africa; and the Grecian Archipelago, with its subordinate

ইউরোপ।

চতুঃখণ্ড ভূমণ্ডলের মধ্যে ইউরোপ পরিমাণে অতি ক্ষুদ্র কিন্তু প্রজারদের গুণে সর্ব্বাপেক্ষা মহৎ হইয়াছে। এস্যা খণ্ডে বিদ্যা এবং সভ্যতার উন্নতি প্রথমতঃ হয় বটে কিন্তু এস্যার অন্তঃপাতি রাজ্যের মধ্যে কোন২ রাজ্য বহু দিবস হইল বিনষ্ট হইয়াছে অপর কোন২ রাজ্য অবিলম্বে মন্দ-গতি প্রাপ্ত হইয়া অদ্যাবধি অনুজ্জ্বল ভাবে আছে। পরন্তু ইউরোপ খণ্ডে প্রায় সর্ব্বকালেই বিদ্যা শিল্প ও সভ্যতার বিশেষ অনুশীলন থাকাতে এক্ষণে তথায় জ্ঞানের প্রাদুর্ভাব বিলক্ষণ হইয়াছে। উক্ত খণ্ডস্থ লোকেরা সকল কার্য্যেই সুনিপুণ এবং উদ্যোগী, অন্য কোন খণ্ডে তদ্রূপ মনুষ্য দেখা যায় না। ইউরোপীয় জাহাজ অতিদূর দেশেও বাণিজ্যার্থ প্রেরিত হয় এবং ইউরোপীয় লোকদিগর রণ কৌশল ও প্রভাব যাদৃশ বৃদ্ধি পাইয়াছে অন্যান্য খণ্ডস্থ অতি পরাক্রম-শালি এবং ভূরি প্রজা সমন্বিত রাজ্যেরও তাদৃশ উন্নতি হয় নাই। অধিকন্তু ইউরোপীয় লোকেরা বহু কালাবধি অনে-কানেক অসভ্য ও নির্মনুষ্য দেশে গমন করিয়া বসতি করিয়াছে এবং অদ্যাপি নূতন২ দেশে গমনাগমন করিতেছে তাহারদের উপদেশে পৃথিবীর যাবদীয় দেশ ক্রমশঃ ইউরোপ তুল্য সভ্য হইতেছে কেবল চীন জাপান প্রভৃতি অর্দ্ধ সভ্য কএক পুরাতন রাজ্যে তাহারদের প্রাদুর্ভাব হয় নাই।

ইউরোপের উত্তর সীমা হিমসাগর, পশ্চিম সীমা আট-লান্টিক সাগর, দক্ষিণ সীমা মেদিতরেনিয় নামক সুদীর্ঘ সমুদ্র যাহা ইউরোপ এবং আফ্রিকার মধ্যস্থিত হইয়া উভ-য়ের ব্যবধান স্বরূপ হইয়াছে। পূর্ব্ব সীমা গ্রীক আর্কি-পিলেগো নামক বারিধি এবং তৎসংক্রান্ত অসিত সাগর

branch, connected only by a narrow strait, the Euxine or Black Sea, divides it from a great part of Asia.

The form of this continent is singularly broken and varied. Inland seas and gulphs penetrate much further within its shores than in any other continent.

The mountains of Europe do not reach such a stupendous height, nor stretch in such unbroken chains as those of Asia and America. The Alps are by much the highest of the European mountains, and may, perhaps, rank fourth after the Himalaya, the Andes, and the Caucausus among the eminences on our globe. The other principal chains in Europe are the Pyrenees, the Dofrafields, the Carpathians, the Apennines, and the Uralians which divide it from Asia. Etna, Vesuvius, Stromboli, and Hecla are volcanoes.

The capes and promontories of Europe are numerous. They are the North Cape of Lapland; the Naze, south of Norway; Spurn Head north of the Humber; Lizard's point and Land's End in England; Cape Clear, south of Ireland; Cape La Hague, north west of France; Capes Ortegal and Finisterre north west of Spain; Cape St. Vincent south west of Portugal; Cape Passaro south of Sicily; Spartivento and Di Leuca south of Italy; and Cape Matapan, south of the Morea in Greece.

The coasts of Europe being largely broken in by seas and gulphs, the continent is diversified with a large number of peninsulas. Besides the Crimea, Morea in Greece, Jutland in Denmark, and the eastern part of

নামক জলাশয় যাহা এক সঙ্কীর্ণ মোহানার দ্বারা ঐ বারিধির সহিত সংযুক্ত হইয়া ইউরোপ এবং এস্যার মধ্য স্থলে আছে।

ইউরোপ খণ্ডের ভূমি অতি বিচিত্র এবং বিভিন্ন, কেননা অন্যান্য খণ্ডাপেক্ষা তন্মধ্যস্থিত সাগর ও সিন্ধুশাখা স্থলের অনেক দূর পর্য্যন্ত ব্যাপ্ত হইয়াছে।

ইউরোপের পর্ব্বত সকল এস্যা এবং আমেরিকাস্থ শৈলের ন্যায় উন্নত অথবা অনেক দূর পর্য্যন্ত ব্যাপ্ত নহে। ইউরোপ মধ্যে আলপস পর্ব্বত সর্ব্বাপেক্ষা উচ্চ, হিমালয় আন্দিস ও কাকেশস ব্যতীত পৃথিবী মণ্ডলে তত্তুল্য উন্নত গিরি নাই ইউরোপের অন্যান্য বৃহৎ২ শৈলের নাম পিরিনিস,দফ্রেফিল্ড, কার্পেথিয়ান, আপিনাইন, এবং ইউরেলিআন যাহা ইউরোপ এবং এস্যার মধ্যবর্ত্তি। অপর এটনা, বিস্তুবিয়স, স্ত্রম্বলি, হেক্লা নামক যে২ পর্ব্বত আছে সে সকলই আগ্নেয়।

ইউরোপের মধ্যে অনেকানেক অন্তরীপ এবং অধিত্যকা আছে যথা-লাপলণ্ডের উত্তর অন্তরীপ, নরওএর দক্ষিণে নেজ নামক অন্তরীপ, হম্বর নদীর উত্তর স্পর্ণ হেড, ইংলণ্ডের মধ্য-বর্ত্তি লিজার্ড পৈণ্ট (অর্থাৎ শরট বিন্দু)এবং লেণ্ডস এণ্ড (অর্থাৎ ভূমি প্রান্ত) আয়র্লেণ্ডের দক্ষিণ ক্লিয়ার নামক অন্ত-রীপ, ফ্রান্সের উত্তর পশ্চিম লা হাগ, স্পেনের উত্তর পশ্চম পোর্ত্তুগাল এবং ফিনিস্তর, পর্ত্তুগালের দক্ষিণ পশ্চিম সেণ্ট বিন্সেণ্ট, সিসিলির দক্ষিণ পাসারো, ইতালির দক্ষিণ স্পার্টি-বেন্তো এবং দি লূকা, এবং গ্রীশের অন্তঃপাতি মোরিয়ার দক্ষিণ মাতাপান।

ইউরোপের প্রান্তে নানাবিধ সমুদ্র এবং সিন্ধুশাখা থাকাতে তথায় ভূরি২ প্রায়দ্বীপাকার ভূমি খণ্ড হইয়াছে। ক্রিমিয়া এবং গ্রীশের অন্তঃপাতি মোরিয়া তথা দেন্মার্কের অন্তঃপাতি জৎলণ্ড এবং লাপলণ্ডের পূর্ব্ব ও ফিনলণ্ডের

Lapland and the western of Finland, several whole countries may be called peninsulas, such as Italy, Spain and Portugal, Sweden and Norway.

The Islands in Europe are chiefly those which are situated in the Atlantic Ocean and the Mediterranean sea. The Baltic sea is also interpersed with islands. The principal islands are; in the Atlantic and Arctic Oceans, Great Britain, Ireland, the Shetland isles, the Orkneys, the Hebrides, Holy island, the isles of Mann, Anglesea, Scilly, Wight, Jersy, Guernsey, Alderney, Sark and Sheppey; Spitzbergen, Nova Zembla, Iceland and the Feroe isles;

In the Baltic, Funen and Zealand, Falster, Langeland, Femeren, Laaland, Moen, Bornholm; Oeland and Gothland; Rugen; Dago, Oesel, and Aland; the isle of Heligoland;

In the Bay of Biscay, Belle isle, Isles of Rhé, Oleron, and Noirmoutier;

In the Mediterranean, the Balearic isles, the Hieres, Sardinia, Corsica, Elba, Sicily, Liperi isles, Malta, the Ionian isles, Candia, Negropont, with numerous others in the Archipelago.

The Isthmuses are those of Corinth and Prekop.

The seas, gulphs, and other openings and passages of water in Europe are the White sea, the Baltic sea with the gulphs of Bothnia and Finland, the Skager Rack, the Cattegat and the Sound; the North sea or German ocean; the Irish sea and St. George's channel;

পশ্চিম অংশ ব্যতীত অনেকানেক দেশকেও সর্ব্বাংশে প্রায়-দ্বীপ কহা যাইতে পারে যথা-ইতালি, স্পেন এবং পোর্ত্তুগাল, স্বইদন এবং নরওএ।

ইউরোপীয় উপদ্বীপের অধিকাংশ আট্লাণ্টিক এবং মেদিতরেনিন সাগরের মধ্যে স্থাপিত। অপর বাল্টিক্ সমুদ্রেতেও অনেক উপদ্বীপ আছে। আট্লাণ্টিক এবং হিম সাগরস্থ প্রধান২ উপদ্বীপের নাম যহা, ব্রিটেন, আয়র্লণ্ড, স্কটলণ্ড উপদ্বীপ, অর্কনি, হোলি আইলণ্ড (অর্থাৎ পুণ্য উপদ্বীপ) মান, এঙ্গলসি, শিলি, ওয়াইট, জর্সি, গর্ণসি আলডর্ণি, সার্ক এবং সেপি নামক উপদ্বীপ। তথা স্পিট্স বর্গেন, নোবা জেম্লা, আইশ্লণ্ড, এবং ফেরো উপদ্বীপ।

বাল্টিক সমুদ্রস্থ উপদ্বীপের নাগ ফুনেন এবং জিলণ্ড, স্কাণ্ডর, লেঙ্গলেণ্ড, ফেমেরেন, লেয়লেণ্ড, মোএন, বর্ণহম, ইলণ্ড এবং গথলণ্ড, রুগেন, ডেগো, ইসেল, এবং আলণ্ড, হেলিগোলণ্ড।

বিস্কে নামক অখাতে বেল আইল, রি, ওলিরণ, এবং নৈরমুতির।

মেদিতরেনিন সমুদ্রে বেলেরিক উপদ্বীপ, হাইব্রিস, সার্দিনিয়া, কর্সিকা, এলবা, সিসিলি, লিপরি, মালতা, আইওনিয়ান উপদ্বীপ, কাণ্ডিয়া, নিগ্রোপণ্ট, এবং দ্বীপমালাস্থ ভূরি২ উপদ্বীপ।

ইউরোপস্থ সমুদ্র আখত সিন্ধু শাখা এবং অন্যান্য জলপথের নাম শুক্ল সমুদ্র, বালটীক সমুদ্র যাহাতে বোথনিয়া এবং ফিনলণ্ড সিন্ধু শাখা, স্কেগর রাক, কাটিগট, এবং সৌণ্ড সংযুক্ত আছে, তথা উত্তর অথবা জর্মাণ সাগর, আইরিশ সাগর, এবং সেণ্ট জর্জ সৌঁত, ইংলিশ চানেল অর্থাৎ সৌঁত্ এবং ডোবর মোহানা, বিস্কে অখাত, মেদিতরেনিন সমুদ্র,

the English channel and straits of Dover; the Bay of Biscay; the Mediterranean sea, the straits of Gibraltar, Messina, and Bonifacio; the Adriatic or gulph of Venice, the Dardanelles, sea of Marmora, and straits of Constantinople, the Black sea, straits of Caffa or Jenicale and the sea of Azof.

The rivers of Europe are numerous but none of them of the very first magnitude. The Volga and Danube are the largest, but the former alone can come into rivalry with the great rivers of Asia. The others are the Thames, Severn, Mersey, Trent, Humber, Tees and Tyne in England; the Forth, Clyde, and Tay in Scotland; the Shannon in Ireland; the Elbe in Germany; the Weisel or Vistula in Poland and Prussia; the Volga and Don in Russia; the Rhine in Germany and the Netherlands, the Seine, Rhone, Loire, Garonne in France; the Tagus in Portugal and Spain; the Ebro in Spain; the Po and Tiber in Italy; and the Danube which flows through Germany, Hungary, and Turkey into the Black Sea.

The lakes are numerous, chiefly enclosed between mountain regions, but few are of sufficient magnitude to be classed with inland seas. The principal of them are Ladoga, Onega, Wenner, Welter, Geneva Lucerne, Constance, Zurich.

The soil of Europe does not possess that brilliant luxuriance of vegetation which adorns the equatorial

জিব্রলটর মোহানা এবং বোনিফেসিও মোহানা, আড্রিয়াটিক অর্থাৎ বিনিশ সিন্ধু শাখা, দার্দেনিলিশ, মার্ম্মরা সমুদ্র, এবং কনস্তান্ত নোপল মোহানা, অসিত সমুদ্র, কাফা অর্থাৎ জেনিকেলি মোহানা, এবং আসফ সমুদ্র।

ইউরোপে ভূরি২ নদী আছে কিন্তু তাহার একটীও বৃহৎ নহে। বলগা ও দেনিউব নামক তরঙ্গিণীই সর্ব্বাপেক্ষা দীর্ঘ কিন্তু এস্যা খণ্ডস্থ প্রধান২ নদীর সহিত তুলনা করিলে কেবল বলগা যৎকিঞ্চিৎ সমান হইতে পারে। অন্যান্য নদীর মধ্যে ইংলণ্ডে তেমস, সেবর্ণ, মর্শ, ট্রেন্ট, হম্বর, টিস এবং টাইন আছে। স্কটলণ্ডে ফোর্থ, ক্লাইড, এবং টে। আয়র্লণ্ডে শানন জর্ম্মণিতে এল্‌ব, পোলণ্ড এবং প্রুসিয়াতে উইসেল এবং বিস্তুলা। রুসিয়াতে বলগা এবং দন। জর্ম্মণি এবং নেদর্লণ্ডে রাইন। ফ্রান্সে সিন, রোন, লয়র, গারোন। পর্ত্তুগাল এবং স্পেনে তেগস। স্পেনে ইব্রো। ইতালিতে পো তাইবর, এবং দেনিউব যাহা জর্ম্মণি, হঙ্গেরি, তুর্কি দিয়া অসিত সাগরে পতিত হয়।

ইউরোপে অনেকানেক হ্রদ আছে তাহার অধিকাংশ পর্ব্বতীয় ভূমিতে বেষ্টিত, কিন্তু সে সকলের পরিমাণ ভূমিমধ্যবর্ত্তি সাগর তুল্য নহে। প্রধান ২ হ্রদের নাম লেডোগা, ওনিগা, ওএনর, জেনিবা, লুসর্ণি, কনস্তান্স, জুরিচ।

বিষুবৎ রেখার সন্নিকট এস্যা এবং আমেরিকার ভূমি যেমত উর্ব্বরা এবং বিজাতীয় শস্যেতে শোভিত ইউরোপের ভূমি তাদৃশ নহে তথাপি সেখানে যাদৃশ মহামূল্য দ্রব্যসামগ্রী উৎপন্ন হয় বোধ হয় পৃথিবীর অন্য কোন খণ্ডে তাদৃশ হয় না। শস্য এবং দ্রাক্ষাফল যাহাতে মনুষ্য মাত্রের তুষ্টি

regions of Asia and America; but it is distinguished for productions, perhaps, surpassing in value those of any other quarter of the globe. Corn and wine, the most substantial and most agreeable articles of human diet, are produced in high perfection and on a very extensive scale.

The inhabitants of modern Europe, many of whom are descended from the Tartar emigrants from Central Asia, may be ranged under three divisions; the Sclavonic, Teutonic and Roman. The Turks who have obtained a footing in the eastern parts of Europe are of a cognate race with the Tartars.

The Sclavonic races cover by far the greater extent of Europe, since they occupy the whole of the eastern plain bordering on Asia between the Black and the Arctic Seas. They were for a long time distinguished by Asiatic rather than European characteristics; and though their habits and manners have recently taken a tincture from the West, they still resemble most of the Asiatic nations in their submission to a despotic rule; yet they are a brave, enterprising, and persevering race, and have lately become noted for their conquests in Europe and Asia. The Russians and Poles are generally of this class.

The Teutonic race occupies generally the centre and north of Europe. Besides Germany, their original seat, they have filled the greater part of Scandinavia, the Netherlands, and Great Britain, and may be reckoned at

এবং তৃপ্তি জন্মে তাহা তথায় বহুল পরিমাণে উত্তম রূপে প্রস্তুত হয়।

ইউরোপস্থ আধুনিক লোক সমূহের অধিকাংশ এস্যার মধ্য ভাগ হইতে আগত তাতার জাতির বংশে উৎপন্ন হইয়াছে, তাহার দিগকে তিন শ্রেণীতে বিভক্ত করা যাইতে পারে যথা স্ক্লেবানিক, তিউতোনিক, এবং রোমান। তুর্কি লোকেরা তাতার জাতীয় অন্য বংশে উৎপন্ন, তাহারা ইউরোপের পূর্ব্বাংশে বসতি করিয়াছে।

স্ক্লেবোনিক জাতি ইউরোপের অধিকাংশে ব্যাপ্ত হইয়া এস্যা সংলগ্ন অসিত এবং হিম সাগরের মধ্যবর্ত্তি সমস্ত ভূমি অধিকার করিয়াছে ফলতঃ তাহারদের রীতি নীতি বহুকালাবধি ইউরোপীয়দের সদৃশ ছিল না বরং এস্যা খণ্ডস্থ লোকদিগের সমান ছিল এবং যদিও সম্প্রতি তাহারদের আচার ব্যবহার ইউরোপীয়দের যৎকিঞ্চিৎ তুল্য হইয়াছে তথাচ তাহারা অদ্যাপি এস্যাস্থ লোকদিগের ন্যায় একাধিপতি রাজার বশে থাকিতে সম্মত আছে। কিন্তু তাহারদের সাহস উদ্যোগ এবং স্থৈর্য্য অল্প নহে তাহারা সম্প্রতি ইউরোপ এবং এস্যাতে অনেক দেশ জয় করিয়া বিখ্যাত হইয়াছে।

তিউতোনিক জাতি ইউরোপের মধ্য এবং উত্তরাঞ্চলে বাস করে। জর্মনি দেশে তাহারদের আদ্য নিবাস এক্ষণে তাহারা তদ্ব্যতীত স্কান্দিনেবিয়া, নেদর্লণ্ড এবং মহাব্রিটেনে ব্যাপ্ত হইয়াছে, তাহারদের সংখ্যা ন্যূনাধিক ৫০০ লক্ষ। তাহারদের সাহস, বুদ্ধি, ক্লেশসহিষ্ণুতা এবং কর্ম্ম তৎপরতা বিলক্ষণ আছে অধিকন্তু তাহারদের উদ্যোগেই ইউরোপীয়

upwards of fifty millions. They are brave, hardy, intelligent, and industrious, and it is owing to their exertions that European literature, science, and art have become so conspicuous in the world.

The Roman race, so called from its once peopling the main body of the western empire of Rome, comprehends the modern inhabitants of France, Italy, and Spain. They were the most early civilized of the modern European nations. In solid energy and intelligence they can scarcely maintain their ground against the Teutonic races, but they have carried the cultivation of the fine arts to a higher pitch.

The religion of Europe is almost entirely monotheistic. The most widely prevailing faith is Christianity which assumes the threefold forms of the Protestant, Roman Catholic, and Greek churches. In Turkey alone Mahometanism is dominant, being the religion of the Sultan. Paganism has very nearly been banished from Europe by the extension of Christianity. Only in the north eastern extremity on the shores of the Icy ocean a handful of Pagans is found.

The languages spoken in Europe were with some exceptions originally mere barbarous dialects, since polished and enriched by the communication of Greek and Latin lore.

The European nations far surpass the people of other quarters in their ingenuity and their manufactu-

সাহিত্য দর্শন এবং শিল্প বিদ্যা ভূমণ্ডলে দেদীপ্যমান হই-য়াছে।

রোমীয় জাতি পূর্ব্ব কালে রোমরাজ্যের পশ্চিমাংশে বাস করিত একারণ তাহারদের ঐ নাম হয়। তাহারা এক্ষণে ফ্রান্স ইতালি এবং স্পেনে বাস করিয়া থাকে। ইউরোপীয় অন্যান্য জাতির মধ্যে ঐ জাতীয় লোক সর্ব্বাদৌ সভ্য হয় তাহারদের বুদ্ধি এবং প্রতাপ তিউতোনিক জাতির তুল্য প্রগাঢ় নহে কিন্তু তাহারা শিল্প কার্য্যাদিতে প্রধান হইয়াছে।

ইউরোপের প্রায় সকল লোক এক ঈশ্বর বাদী। তথায় খ্রীষ্ট ধর্ম্ম সর্ব্বাপেক্ষা অধিক প্রবল। ঐ ধর্ম্ম তিন রূপ ধারণ করিয়া চলিত হইয়াছে যথা প্রটেষ্টাণ্ট, রোমান কেথোলিক, এবং গ্রীক মণ্ডলী। মোসলমান মত কেবল তুর্কি দেশের রাজ ধর্ম্ম সুতবাং সেখানে তাহাই প্রবল, কিন্তু ইউরোপ মধ্যে খ্রীষ্টীয় ধর্ম্ম প্রচার হওয়াতে বহু দেবার্চ্চনার প্রথা তথা হইতে প্রায় সম্পূর্ণরূপে নিরাকৃত হইয়াছে। কেবল উত্তর পূর্ব্ব প্রান্তে হিম সাগরের নিকট কতিপয় পৌত্তুলিক লোক পাওয়া যায়।

ইউরোপীয় ভাষার অধিকাংশ আদৌ অতিশয় অস্পষ্ট ও অসভ্য বাণী ছিল কিন্তু গ্রীক এবং লাটিন বিদ্যার মিশ্রণে এক্ষণে তাহা সুকোমল এবং অনেক প্রকার জ্ঞানের আকর স্বরূপ হইয়াছে।

বুদ্ধি, শিল্পনৈপুণ্য, রাজনীতি, বিচারদর্শিতা, বাণিজ্যের উদ্যোগ, দর্শন বিদ্যা সহকারে কার্য্য নির্ব্বাহ, জাহাজনির্ম্মাণ

ing industry, their political constitutions and their improved jurisprudence, their enterprize in commerce and their practical application of the sciences, their navy and their warlike tactics. No nation has ever pretended to stand in rivalry with them as merchants, mechanics, or voyagers.

As no part of Europe extends to the torrid zone it is no where so hot as the southern parts of Asia. Its climate is generally temperate; but the northern regions are intensely cold.

The following are the principal kingdoms in Europe; viz. Great Britain and Ireland, Sweden and Norway, Denmark, Russia, Poland, Prussia, the Germanic kingdoms of Austria, Hanover, Bavaria, Wirtemburg, and Saxony, Turkey, Greece, Switzerland, the Ionian republic, the Italian kingdoms of Lombardy, Tuscany, Sardinia, Naples and the States of the Church, France, Spain, Portugal, Belgium, Holland.

GREAT BRITAIN AND IRELAND.

The British islands may reasonably claim priority of notice in a general survey of Europe. Independently of their peculiar interest to us as subjects of their queen, they derive a fair title to this distinction from their pre-eminence in arts, in arms, in all that constitutes the greatness and prosperity of a state. This insular empire, placed nearly in the north-western angle of Europe,

রণ দক্ষতা প্রভৃতি গুণে ইউরোপীয় লোকেরা পৃথিবী মণ্ডলস্থ অন্যান্য লোকাপেক্ষা অতিশয় শ্রেষ্ঠ ফলতঃ বাণিজ্য শিল্প কার্য্য এবং জাহাজ যোগে অর্ণব পার হওনে কোন জাতি অদ্যাবধি তাহারদের তুল্য বলিয়া অভিমান করিতে পারে নাই।

ইউরোপের কোন অংশ উষ্ণ মেখল পর্য্যন্ত ব্যাপ্ত নহে একারণ তত্রত্য বায়ু কোন স্থলেই এস্যার দক্ষিণাংশের ন্যায় উষ্ণ নহে। তথাকার বায়ু সামান্যতঃ অনুষ্ণাশীত কিন্তু উত্তরাঞ্চলে শীতের অতিশয় প্রাদুর্ভাব।

ইউরোপের মধ্যে নিম্ন লিখিত রাজ্য আছে যথা-মহা ব্রিটেন এবং আয়র্লণ্ড, স্থুইদেন এবং নরওএ, দেনমার্ক, রুষিয়া, পোলণ্ড, পসিয়া, আস্ত্রিয়া, হানোবর, বেবেরিয়া, উইর্তেম্বর্গ, সাক্সনি প্রভৃতি জর্মাণ দেশ। তথা তুর্কি, গ্রীশ, স্থুইজর্লণ্ড, আইয়োনিয়ন দেশ। লম্বার্ডি, টস্কেনি, সার্দিনিয়া, নেপলস, রোমান ধর্ম্মাধ্যক্ষের রাজ্য প্রভৃতি ইতালীয় দেশ, এবং ফ্রান্স, স্পেন, পর্ত্তুগাল, বেলজিয়ম, হোলাণ্ড।

গ্রেটব্রিটেন এবং আয়র্লণ্ড।

ইউরোপীয় দেশ বর্ণনা কালে আদৌ ব্রিটেন দেশীয় উপদ্বীপ সমূহের প্রসঙ্গ করা ন্যায়সিদ্ধ কেননা আমরা তত্রত্য রাজ্ঞীর প্রজা সুতরাং তথাকার বিবরণে আমারদের বিশেষ মনোযোগ করা কর্ত্তব্য অধিকন্তু ব্রিটেন দেশীয় লোকেরা শিল্প কার্য্য রণ কৌশল এবং রাজ্য বর্দ্ধক অন্যান্য গুণেতে শ্রেষ্ঠ তন্নিমিত্তও সর্ব্বাগ্রে তাঁহারদের বিবরণ লেখা কর্ত্তব্য, বস্তুতঃ ব্রিটেন উপদ্বীপ ইউরোপের উত্তর পশ্চিম কোণ

commands peculiar advantages in its relations with that continent, no less for natural strength in war than as an emporium of commerce in peace; on its southern side, it is almost in contact with France, Holland, and Germany, for ages the most enlightened and flourishing countries of the civilized world; on the east a wide expanse of sea separates it from the bleak regions of Scandinavia; on the west, it overlooks the Atlantic ocean whose limit in another hemisphere is the coast of America, while in the extreme north, it may be almost said to face the unexplored expanse of the Polar sea.

Great Britain includes England, Scotland, and Wales, and constitutes with Ireland and a few other adjacent islands the UNITED KINGDOM. England is the seat of empire; the others were incorporated with it at different times. Wales was incorporated in the reign of Edward I, and Ireland in the reign of Henry II. The crown of Scotland was united to that of England on the accession of James 6th of Scotland to the English throne. By the union of the crowns that Prince became James the 1st of Great Britain. The two kingdoms were not, however, united till the reign of queen Anne a century later.

ENGLAND (inclusive of Wales) is bounded on the south by the English channel interposed between its coast and that of France; on the east by the German

সন্নিধানে স্থাপিত হওয়াতে বিগ্রহ কালে স্বভাবতঃ দুর্জ্জেয় এবং সন্ধিকালে বাণিজ্যের প্রধান স্থান হইয়াছে সুতরাং তাহাকে ইউরোপের সম্বন্ধে অত্যুত্তম স্থল কহিতে হইবে। উক্ত উপদ্বীপ দক্ষিণে ফ্রান্স হোলাণ্ড এবং জর্মনির সহিত প্রায় সংলগ্ন, যাহা বিদ্যা এবং ধন সম্পত্তির আলয় বলিয়া বহুকালাবধি সভ্য সমাজে বিখ্যাত হইয়াছে। পূর্ব্বদিকে তাহা মহা সমুদ্র দ্বারা স্কান্দিনেবিয়া নামে শীতার্ত্ত দেশ হইতে বিভিন্ন। পশ্চিমে আটলাণ্টিক সাগর তটের সন্নিহিত, যাহার অপর পারে আমেরিকা দেশ। উত্তর প্রান্তে প্রায় অপরিচিত সৌমেরব সমুদ্র পর্য্যন্ত ব্যাপ্ত।

গ্রেট ব্রিটেনের অন্তঃপাতি তিন দেশ আছে যথা ইংলণ্ড স্কটলণ্ড এবং ওএল্স। ঐ তিন দেশ আয়ার্লণ্ড প্রভৃতি কএক নিকটস্থ উপদ্বীপ সংযোগে সংযুক্ত রাজ্য নামে বিখ্যাত হইয়াছে। ইংলণ্ড দেশে ঐ রাজ্যের রাজধানী আছে স্কটলণ্ডাদি দেশ ক্রমশঃ তাহার সহিত সংযুক্ত হইয়াছে। ওএলস দেশ প্রথম এডোয়ার্ড রাজার কালে এবং আয়ার্লণ্ড দ্বিতীয় হেনরির রাজত্ব সময়ে ইংলণ্ডের সহিত সংযুক্ত হইয়াছিল। স্কটলণ্ড দেশীয় ষষ্ঠ জেমস রাজা ইংলণ্ড রাজ্যে অভিষিক্ত হইলে ঐ দুই দেশ এক রাজার অধীন হয় তাহাতে গ্রেট ব্রিটেন দেশীয় প্রথম জেমস বলিয়া উক্ত রাজার উপাধি হয় পরে এক শত বৎসর গত হইলে ঐ দুই রাজ্য সম্পূর্ণ রূপে মিশ্রিত হয়।

ওএল্স সংযোগে ইংলণ্ডের দক্ষিণ সীমা ইংরাজি সোঁত যাহা ইংলণ্ড এবং ফ্রান্সের মধ্যবর্ত্তী। পশ্চিম সীমা আয়র্লণ্ডীয় সাগর এবং সেণ্ট জর্জ নামক সোঁত। পূর্ব্ব সীমা জর্মান

sea, on the north by Scotland from which it is separated by the Tweed, the Cheviot Hills and the Frith of Solway; on the west by the Irish sea and St. George's channel. The superficial area of England is not very great, being only 57,960 miles, but it is possessed of vast resources owing to its commerce, and the ingenuity and industry of its inhabitants. Its political supremacy extends to every quarter, and it carries on trade with the most distant parts of the earth. It is one of the richest countries, as it is one of the most powerful kingdoms in the world.

England and Wales are divided into counties or shires. Wales, until the time of Edward I, was an independent principality, but is now an appendent territory, of very inferior magnitude. It has still, however, its own courts of judicature, and retains some national peculiarities.

The division of England into counties or shires was originally made by Alfred. Each county is under the jurisdiction of a lord lieutenant, a sheriff, and justices of the peace and quorum, who hold sessions for the trial of petty offences. The number of counties in England is forty, and in Wales twelve, making in all fifty two. The following statistical table, collected from various sources, will give the extent and population of each country.

সমুদ্র। উত্তর সীমা স্কটলণ্ড কিন্তু তন্মধ্যে টুইড নদী চেবিওট পর্ব্বত এবং শোলওএ সিন্ধু সঙ্গম ব্যবধান স্বরূপ আছে। ইংলণ্ডের ভূমি পরিমাণ অধিক নহে, কেবল ৫৭৯৬০ মাইল মাত্র কিন্তু বাণিজ্য এবং প্রজারদের পরিশ্রম ও বুদ্ধি হেতুক তথাকার সম্পত্তি অতিশয় বৃদ্ধি পাইয়াছে। ফলতঃ ইংলণ্ডের রাজকীয় প্রভাব পৃথিবীর সর্ব্ব খণ্ডে ব্যাপ্ত হইয়াছে এবং তথাকার লোকেরা সর্ব্বত্র বাণিজ্য করিয়া থাকে সুতরাং ভূমণ্ডলের মধ্যে তত্তুল্য ধনাঢ্য এবং পরাক্রমশালি দেশ কুত্রাপি নাই।

ইংলণ্ড এবং ওএলস দেশ ২ জেলাতে বিভক্ত, তাহার নাম কৌণ্টি অথবা শির। এডোয়ার্ড রাজার পূর্ব্বে ওএলস দেশ স্বাধীন ছিল এক্ষণে ইংলণ্ডের সহিত সংযুক্ত হইয়াছে কিন্তু তাহার পরিমাণ অধিক নহে তথাপি সেখানে স্বদেশীয় বিচারাগার এবং অন্যান্য জাতির চিহ্ন আছে।

আলফ্রেড রাজা প্রথমতঃ ইংলণ্ড দেশকে কৌণ্টি অথবা শির নামক জেলাতে বিভক্ত করেন। প্রত্যেক কৌণ্টিতে এক২ জন লার্ড লেপ্তেনেণ্ট এবং শরিফের আধিপত্য আছে ও কতিপয় শান্তি রক্ষক রাজপুরুষ ক্ষুদ্র অপরাধি লোকদিগের বিচারার্থ সভা করেন। ইংলণ্ডের মধ্যে চল্লিশ এবং ওএলসের মধ্যে দ্বাদশ কৌণ্টি আছে সুতরাং দুই দেশে সর্ব্বশুদ্ধ দ্বি-পঞ্চাশৎ কৌণ্টি। নিম্ন লিখিত তালিকায় প্রত্যেক কৌণ্টির পরিমাণ এবং লোক সংখ্যা বর্ণিত আছে, তাহা নানা গ্রন্থ হইতে সংগৃহীত হইল।

Counties.	Extent.	Population	Chief Towns.
	sqr. mls.		
Bedford, ...	430	107937	Bedford.
Berks, ...	744	161226	Reading, Windsor.
Buckingham,.	748	155989	Buckingham.
Cambridge, ..	686	164509	Cambridge.
Chester, ...	1017	395309	Chester.
Cornwall,....	1407	341209	Launcestor, Falmouth.
Cumberland, .	1497	177942	Carlisle.
Derby, ...	0 77	272202	Derby.
Devon,......	2488	533731	Exeter, Plymouth.
Dorset,......	1129	174743	Weymouth, Dorchester.
Durham, ...	1C40	324277	Durham.
Essex, ...	1525	344995	Colchester.
Gloucester, ..	1 122	431307	Gloucester, Bristol.
Hereford, ...	971	114438	Hereford.
Hertford, ...	602	157237	Hertford.
Huntingdon, .	345	58699	Huntingdon.
Kent, ...	1462	548161	Canterbury, Greenwich.
Lancashire, ..	1806	1667064	Lancaster, Liverpool, Manchester.
Leicester,.. ..	816	215855	Leicester.
Lincoln	2787	362717	Lincoln
Middlesex, ..	297	1576616	London, Westminister.
Monmouth, ..	516	134349	Monmouth.
Norfolk, ...	2013	412621	Norwich.
Northampton,.	965	199061	Northampton.
Northumberland,	1809	250268	Newcastle.

কৌণ্টী	পরিমাণ	লোকসংখ্যা	প্রধান নগর
	বঃ ক্রোঃ	১৮৪১	
বেডফর্ড.......	২৩৩	১০৭৯৩৭	বেডফর্ড.
বর্ক্স.........	১৮৬	১৬১২২৬	রিডিং, উইণ্ডর
বকিংহেম	১৮৭	১৫৫৯৮৯	বকিংহেম,
কেম্ব্রিজ	১৭১	১৬৪৫০৯	কেম্ব্রিজ,
চেষ্টর	২৮৯	৩৯৫৩০৯	চেষ্টর,
কর্ণওয়াল	৩৫১	৩৪১২০৯	লানসেষ্টন, ফালমৌথ,
কম্বরলণ্ড	৩৭৪	১৭৭৯৪২	কার্লাইল,
ডর্বি	২৬৯	২৭২২০২	ডর্বি,
ডিবন........	৬২২	৫৩৩৭৩১	একসিটর, প্লিমৌথ,
ডর্সেত	২৮২	১৭৪৭৪৩	ওএমৌথ, ডর্চেষ্টর,
ডর্হেম	২৬০	৩২৪২৭৭	ডর্হেম,
এসেক্স......	৩৮১	৩৪৪৯৯৫	কলচেষ্টর,
গ্লষ্টর........	২৮০	৪৩১৩০৭	গ্লষ্টর, ব্রিষ্টল,
হেরিফোর্ড....	২৪২	১১৩৪৩৮	হেরিফোর্ড,
হার্টফোর্ড	১৫০	১৫৭২৩৭	হার্টফোর্ড,
হণ্টীংডন	৮৬	৫৮৬৯৯	হণ্টীংডন,
কেণ্ট	৩৬৫	৫৪৮১৬১	কেণ্টরবেরি, গ্রিনিচ,
লাঙ্কেশির	৪৫১	১৬৬৭০৬৪	লাঙ্কেষ্টর, লিবরপুল, মাঞ্চেষ্টর
লেষ্টর	২০৪	২১৫৮৫৫	লেষ্টর,
লিঙ্কন	৬৯৭	৩৬২৭১৭	লিঙ্কন,
মিডেল সেক্স	৭৪	১৫৭৬৬১৬	লণ্ডন, ওএষ্টমিনিষ্টর,
মন্মৌথ......	১২৯	১৩৪৩৪৯	মনমৌথ,
নর্ফক........	৫০৩	৪১২৬২১	নরউইচ,
নর্থাম্পটন ..	২৪১	১৯৯০৬১	নর্থাম্পটন
নর্থম্বলণ্ড	৪৫২	২৫০২৬৮	নিউ কাষ্টল

Counties.	Extent.	Population	Chief Towns.
	q. mls.		
Nottingham, .	774	249773	Nottingham.
Oxford, ...	742	161573	Oxford.
Rutland, ...	200	21310	Oakham.
Salop, ...	1403	239114	Shrewsbury.
Somerset,....	1549	436002	Bath.
Southampton,.	1533	354910	Southampton,
Stafford, ...	1596	510206	Stafford.
Suffolk, ...	1566	315129	Ipswich.
Surrey,......	811	582613	Southwark.
Sussex, ...	1461	299770	Brighton.
Warwick, ..	984	402121	Warwick
Westmoreland	722	56469	Kendal.
Wilts, ...	1283	260007	Salisbury.
Worcester, ..	674	233184	Worcester.
York, ...	6013	1491584	York.

WALES.

Counties.	Extent.	Population	Chief Towns.
Anglesey, ..	402	50890	Beaumaris.
Caernarvon,..	775	81068	Caernarvon, Bangor,
Denbigh, ...	..	89291	Denbigh.
Flint, ...	..	66547	Holywell.
Merioneth, ..	..	39236	Dolgelly.
Montgomery,.	..	69220	Welshpool.
Brecknock, ..	..	53295	Brecknock.
Cardigan, ..	726	68380	Cardigan.
Caermarthen,.	926	106482	Caermarthen.
Glamorgan,..	..	173462	Swansea.
Pembroke, ..	..	8826[illegible]	Pembroke.
Radnor, ...	..	25180	Radnor.

কৌণ্টি	পরিমাণ	লোকসংখ্যা	প্রধান নগর
নটিংহেম	১৯৩	২৪৯৭৭৩	নটিংহেম,
অকসফোর্ড ..	১৮৫	২৬১৭৭৩	অক্সফার্ড,
রুটলণ্ড	৫০	২১৩১০	ওকহেম
সালপ	৩৫১	২৩৯০১২	শ্রুসবরি,
সমর্সেট..	৩৮৭	৪০৩৯০৮	বাত,
সৌথাম্পটন	৩৮৬	৩৫৪৯১০	সৌথাম্পটন
ষ্টাফোর্ড	২৯৯	৫১০২০৬	ষ্টাফোর্ড,
সফোক	৩৯৬	৩১৫১২০	ইপ্সচ,
সরি	২০৩	৫৮২৬১৩	সৌথ ওয়ার্ক,
সসেকস..	৩৬৫	২৯৯৭৭০	ব্রাইটন,
ওয়ারিক......	২৪৬	৪০২১২১	ওয়ারিক,
ওএষ্ট আর্লণ্ড..	১৮০	৫৬৩৬৯	কেণ্ডল,
উইলটস্.......	৩২১	২৬০০০৭	সল্সবরি,
উষ্টর........	১৬৮	২৩৩৪৮৩	উষ্টর,
ইয়র্ক....	১৫০৩	১৩৯১৫৮৩	ইয়র্ক,

ওএলসের কৌণ্ট।

কৌণ্টি	পরিমাণ	লোকসংখ্যা	প্রধান নগর
এংগ্লেসি......	১০০	৫০৮৯০	বোমারিস,
কের্নার্বন......	১৯৪	৮১০৬৮	কের্নার্বন, বাঙ্গোর.
ডেনবিগ		৮৯২৯১	ডেনবিগ,
ফ্লিন্ট........		৬৬৫২৭	হোলিওএল,
মেরিনেথ		৩৯২৩৮	ডলজিলি,
মণ্টগোমরি		৬৯২২০	ওএলশপুল,
ব্রিকনক্......		৫৩২৯৫	ব্রেকনক,
কার্ডিগান......	১৮৬	৬৮৩৮০	কার্ডিগান,
কেয়ার্মার্থেন	২৩১	১০৬৪৮২	কেয়ার্মার্থেন,
গ্লামারগেন		১৭৩৪৩২	সোয়ান সি,
পেম্ব্রোক.......		৮৮২৬২	পেম্ব্রোক,
রাডনর		২৫১৮৬	রাডনর,

Kent is the finest and largest of the southern counties. From its position it has ever been regarded as the key of England, connecting that kingdom with the continent; whence it holds a conspicuous place in her annals. The men of Kent have been noted as a race peculiarly stout, hardy, and courageous. They were among the first to embrace Christianity when Pope St. Gregory I. sent missionaries to convert the Anglo-Saxons; Augustine having been favourably received by Ethelbert king of Kent.

The celebrated towns of Canterbury and Greenwich are situated in Kent. Canterbury, though not the largest, is perhaps the most ancient and venerable of the English cities. It is the ecclesiastical metropolis of the kingdom, the residence of its primate; who as such places the crown on the sovereign's head, and ranks next in dignity to the royal family.

Greenwich is remarkable for its two great monuments of charity and science. Its superb and extensive hospital for disabled and superannuated mariners, originally begun as a royal palace, but subsequently set apart as a charitable institution, now supports 300 boarders and pays pensions to 5,400 in different quarters of the kingdom. The celebrated observatory of Greenwich stands

দক্ষিণ অঞ্চলস্থ কৌণ্টির মধ্যে কেণ্ট সর্ব্বাপেক্ষা বৃহৎ এবং উত্তম। সর্ব্বকালেই লোকেরা ঐ প্রদেশকে ইংলণ্ডের পুর-দ্বার স্বরূপ জ্ঞান করিয়াছে কেননা ঐ রাজ্য তদ্দ্বারা ইউ-রোপ মহাদ্বীপের সহিত সংযুক্ত এবং ঐ কারণেই ইংলণ্ডীয় পুরাবৃত্তে কেণ্ট প্রদেশের বিশেষ প্রসঙ্গ আছে। উক্ত প্রদেশের লোকেরা দীর্ঘাবয়ব বলিষ্ঠ এবং বিক্রমশালি রূপে বিখ্যাত। প্রথম গ্রেগোরি নামা রোম নগরীয় ধর্ম্মাধ্যক্ষ যৎকালে এঙ্গ্লো শাক্সনদিগকে খ্রীষ্ট ধর্ম্মাক্রান্ত করিবার অভিপ্রায়ে ধর্ম্ম প্রচারক প্রেরণ করিয়াছিলেন তৎকালে কেণ্ট প্রদেশীয় লোকেরা আদৌ ঐ ধর্ম্ম গ্রহণ করে এবং তদ্দেশীয় রাজা অগষ্টিন নামক পুরোহিতের যথোচিত সমাদর পূর্ব্বক অভ্যর্থনা করেন।

কেণ্টরবরি এবং গ্রিনিচ নামে প্রসিদ্ধ দুই নগর কেণ্ট প্রদে-শের অন্তঃপাতি। কেণ্টরবরি নগর পরিমাণে বৃহৎ নহে কিন্তু ইংলণ্ডীয় সকল নগরাপেক্ষা প্রাচীন এবং খ্যাত। ইংলণ্ডীয় প্রধান ধর্ম্মাধ্যক্ষ যিনি রাজার মস্তকে কিরীট দান করিয়া রাজ্যাভিষেক করেন এবং রাজবংশীয় পুরুষ ব্যতীত সর্ব্বাপেক্ষা মর্য্যাদাভাজন হয়েন তিনি উক্ত কেণ্টরবরি নগরে বাস করিয়া থাকেন সুতরাং ঐ নগরকে ধর্ম্ম সম্বন্ধে প্রধান পুরী কহা যাইতে পারে।

গ্রিনিচ নগরে বিদ্যানুশীলনের এবং দয়া ধর্ম্ম পালনের চিহ্ন স্বরূপ দুই প্রসিদ্ধ অট্টালিকা আছে। তাহার মধ্যে একটী জরাতুর বৃদ্ধ পোতবাহ লোকেরদের সাহায্যার্থ বহৎ অতিথি শালা হইয়াছে আদৌ রাজসদন করিবার মানসে তাহার নির্ম্মাণারম্ভ হইয়াছিল পরে দয়াধর্ম্ম পালনার্থ প্রতিষ্ঠিত হয় সম্প্রতি তাহাতে ৩০০ লোক আশ্রয় পাইয়া থাকে এবং ইংলণ্ডের নানাস্থলের ৫৪০০ লোক তথা হইতে বৃত্তি প্রাপ্ত হয়। অপর গ্রিনিচ নগরে এক প্রসিদ্ধ জ্যোতির্গণনাগার

on an eminence in the centre of the park, furnished with the best instruments that can be obtained for perfecting those observations by which British vessels are guided through the most distant seas. Nor has it served only this practical purpose, but has been the means of advancing, in a remarkable degree, the knowledge of mankind respecting the system of the universe. The recorded observations of Flamsteed, of Halley, of Bradley, and of Maskelyne, have ranked among the most important contributions to astronomical science.

Berkshire is noted for the castle of Windsor, originally erected as a fortress, but now used only as a palace. The town is, indeed, the pride of the country, being equally remarkable for the beauty of its site and the magnificence of the royal castle.

The name of Cambridgeshire is most conspicuous for its capital, the seat of one of the two great universities of England. The first origin of this institution is a subject of antiquarian controversy; but from a deed of Henry III. it appears to have assumed its regular character and functions in 1229. Since that time, have been built the thirteen colleges and four halls, in which the masters, tutors, and students, not only teach and are taught, but are lodged and boarded.

Some of the greatest men of England, if not of the whole world, have issued from the university of Cambridge. Newton, Milton, Bentley, Porson, Cromwell, Pitt were all reared in that great seat of learning.

আছে তাহা উপবনের মধ্যবর্ত্তি শৈলোপরি স্থাপিত, সেখানে অতি সূক্ষ্মরূপে জ্যোতিষ গণনা করণার্থ উত্তম২ যন্ত্র স্থাপিত আছে সেই গণনার দ্বারা ইংলণ্ডীয় জাহাজ অতি দূরস্থিত সমুদ্রেও যাত্রা করণে শক্ত হয়। ঐ গণনা এইরূপে কেবল অর্থকরী হইয়াছে এমত নহে কিন্তু তাহাতে ভূগোল এবং খগোল সম্বন্ধীয় বিদ্যারও আশ্চর্য্য উন্নতি হইয়াছে কেননা ফ্লামষ্টিড, হালি, ব্রাডলি, মাস্কেলেন প্রভৃতি পণ্ডিতেরা যেং নূতন বিষয় প্রকাশ করিয়াছেন তাহাতে জ্যোতিঃশাস্ত্রের বিশেষ উপকার দর্শিয়াছে।

বর্কশিরের মধ্যে উইণ্ডসর নামক রাজপুরী আছে তাহা প্রথমতঃ দুর্গবৎ নির্ম্মিত হইয়াছিল কিন্তু এক্ষণে রাজ সদন রূপে ব্যবহৃত হয়। উক্ত প্রদেশের মধ্যে ঐ নগরকে শ্লাঘনীয় কহা যাইতে পারে কেননা সেখানকার রাজসদন যাদৃশ ধনাঢ্য ভূমিও তাদৃশ শোভিত।

ইংলণ্ডীয় দুই বিদ্যাস্থানের মধ্যে একটী কেম্ব্রিজশিরের প্রধান নগরে স্থাপিত একারণ উক্ত প্রদেশ অতিশয় বিখ্যাত। ঐ বিদ্যাস্থান কোন কালে স্থাপিত হয় প্রাচীন ইতিহাসজ্ঞ পণ্ডিতেরদের তদ্বিষয়ে মতের ঐক্য নাই কিন্তু তৃতীয় হেন্রি রাজার এক সনন্দে বোধ হয় তাহা ১২২৯ শালের পূর্ব্বেই প্রকৃতরূপে সংস্থাপিত হইয়াছিল তদনন্তর সেখানে ত্রয়োদশ পাঠশালা এবং চারি সভাস্থান নির্ম্মিত হয় তথায় আচার্য্য অধ্যাপক ও ছাত্র সকলের অবস্থিতি এবং দিনপাতের সংস্থান পূর্ব্বক অধ্যাপন অধ্যয়ন হইয়া থাকে।

ইংলণ্ডের অথবা ভূমণ্ডলের মধ্যে সর্ব্ব প্রধান কএক জন পণ্ডিত কেম্ব্রিজ বিদ্যা মন্দিরে শিক্ষা করিয়া কৃতকার্য্য হইয়াছিলেন, নিউটন মিলটন বেণ্টলি পর্শন ক্রমওএল, পিট প্রভৃতি মহাজনেরা ঐ প্রধান বিদ্যাগারে অধ্যয়ন করিয়াছিলেন।

Among the midland counties is situated LONDON the metropolis of Great Britain. London is at present, perhaps, the greatest city in the whole world, as the seat of British legislation, jurisprudence, and government, the principal residence of the sovereign of England, where affairs of state are transacted, and relations maintained with foreign courts, and as the centre of all important operations whether of commerce or finance, and of correspondence with every quarter of the globe. It is unrivalled in point of wealth and grandeur.

London is also one of the most ancient of the *modern* cities of Europe. It is supposed to have been founded by a Gothic tribe, and to have received its name from the more ancient capital of Scania, designated in Latin *Londinum Gothorum* and now called *Lund.** The Romans considered it as the chief city in Britain; and Egbert made it the seat of his first council on the abolition of the Heptarchy. It was not, however, constituted the capital of England until its recovery from the Danes by Alfred.

---

* The word *Lund* reminds us of a curious passage in a Sanscrit work, the *Meru Tantra,* which we cannot help translating here. "In the anterior Shasters 980 *Trantras* have been proclaimed in the *Feringee* language. Five hundred and sixty-nine tribes of *Engraj* (Englishmen,) natives of *Lundra,* will by studying those scriptures become lords of the world and invincible in war."

ইংলণ্ডের মধ্যবর্ত্তি কৌণ্টির মধ্যে লণ্ডন গ্রেটব্রিটেন রাজ্যের রাজধানী। লণ্ডন নগরে ব্রিটেন দেশীয় রাজ ব্যবস্থা নির্ণয় এবং বিচার ও প্রজা পালন কার্য্য নির্ব্বাহ হইয়া থাকে তথায় ইংলণ্ডীয় রাজ্ঞী প্রায় সর্ব্বদা বাস করেন এবং রাজপুরুষেরা রাজকীয় ব্যাপার নিষ্পন্ন ও বিদেশীয় রাজাদের সহিত সন্ধি বিগ্রহের নিয়ম ধার্য্য করিয়া থাকেন অধিকন্তু সেখানে বাণিজ্য এবং রাজস্বের বিষয় নির্দ্ধারিত হয় এবং তথা হইতে পৃথিবীর সর্ব্বাংশে পত্রাদি প্রেরিত হয় তন্নিমিত্ত লণ্ডনকে সম্প্রতি ভূমণ্ডলস্থ সকল নগর অপেক্ষা প্রধান কহা যায়, ফলতঃ তত্তুল্য ধনাঢ্য এবং মহৎ জনপদ কুত্রাপি নাই।

ইউরোপস্থ ইদানীন্তন নগর নিকরের মধ্যে লণ্ডন অতি প্রাচীন, বোধ হয় গথ জাতীয় কতিপয় লোক প্রথমতঃ তাহার নির্ম্মাণ করে এবং স্কেনিয়া দেশের আদ্য রাজধানী যাহা লাটিন ভাষায় লণ্ডিনম গথোরম কিন্তু এক্ষণে লণ্ড* নামে প্রসিদ্ধ তাহা হইতেই লণ্ডন নাম উৎপন্ন হইয়াছে। রোমানেরা ঐ জনপদকে ব্রিটেনের প্রধান নগর জ্ঞান করিত এবং হেপ্তার্কি নামক সপ্ত রাজ্য নষ্ট হইলে এগবর্ট রাজা প্রথমতঃ ঐ নগরে রাজসভা করিয়াছিলেন কিন্তু আলফ্রেড দ্বারা দেন জাতির হস্ত হইতে উদ্ধৃত হইবার পূর্ব্বে তাহা ইংলণ্ডের রাজধানী হয় নাই।

---

* লণ্ড শব্দের প্রসঙ্গে মেরু তন্ত্রের এক বচন আমারদের স্মরণে আসিল অতএব এ স্থলে তাহার অনুবাদ করা যাইতেছে যথা "পূর্ব্বাম্নায়ে নয় শত ষড়শীতি তন্ত্র ফিরঙ্গ ভাষায় প্রকাশিত আছে, লণ্ড নগর নিবাসি পঞ্চ শত নবষষ্টি ইংরেজ জাতি ঐ শাস্ত্র অধ্যয়ন করিয়া যুদ্ধে অপরাজিত হওত পৃথিবীপতি হইবে"।

London is the principal literary emporium of England. Almost all books of importance are there printed and published; and thence distributed over the kingdom, forming a considerable branch of commerce. The annual value sold is estimated at from 1,000,000 £ to 2,000,000 £ sterling. Being also the centre of intelligence relative to public affairs at home and abroad, the metropolis gives circulation to a prodigious number of newspapers and periodical journals. Some of the newspapers circulate upwards of 8,000 a day, and by the profit derived from such extensive sale, and from advertisements, they are enabled to maintain complete and costly establishments for obtaining early political intelligence, and for reporting trials and parliamentary proceedings. The number of single papers published annually in London, as calculated from stamp returns, exceeds 16,000,000. The metropolis is also the cheif market for collections of rare and curious books; and these literary treasures, accumulating since the invention of printing, present a fund of interesting research and speculation, which cannot be paralleled in any other European capital.

Oxford is celebrated for its university, the most richly endowed in Europe, and the nursery of many a great man. It is the most ancient seat of learning in England, and has always been reputed as the great bulwark of the established church. It is considered superior to Cambridge as a school of ancient litera-

ইংলণ্ড দেশের মধ্যে লণ্ডন নগরই প্রধান বিদ্যাশ্রম, প্রায় তাবৎ মহৎ২ গ্রন্থ তথা হইতে মুদ্রিত এবং প্রকাশিত হইয়া দেশের সর্ব্বাংশে প্রেরিত হয়,উক্ত নগরে ঐ রূপ অসংখ্য গ্রন্থ প্রকাশ হওয়াতে বাণিজ্যও বিলক্ষণ হইয়া থাকে কেননা যেং পুস্তক সম্বৎসরে বিক্রীত হয় তাহার মূল্য এক কোটি অবধি প্রায় দুই কোটি টাকা পর্য্যন্ত গণনা করা যাইতে পারে। লণ্ডন নগরে ক স্বদেশ কি বিদেশ সকল স্থানের রাজকীয় ব্যাপার ঘটিত সংবাদ প্রাপ্ত হইবার উত্তম উপায় আছে একারণ তথায় অসংখ্য সমাচার পত্র এবং নানাবিধ গ্রন্থ নিয়মিত কালে প্রকাশিত হয়, কোন২ সমাচার পত্রের প্রত্যাহিক গ্রাহক সংখ্যা ৮০০০ অপেক্ষাও অধিক সুতরাং এমত বহু সংখ্যক পত্র বিক্রয় হওয়াতে এবং নানাবিধ বিজ্ঞাপন প্রকাশ করিতে পাওয়াতে পত্র প্রকাশকদিগের প্রচুর অর্থ লাভ হয় তাহাতে তাহারা বহু ব্যয়ে বহু লোক নিযুক্ত করিয়া রাজকীয় সংবাদ ত্বরায় সঞ্চয় করিতে এবং বিচারাগারের ও পার্লেমেন্ট মহা সভার সকল বৃত্তান্ত লিখিতে সমর্থ হয়। ষ্টাম্প আফি-সের গণনাতে বোধ হয় যে লণ্ডন নগরে সম্বৎসরের মধ্যে ১৬০০০০০০ সংখ্যার অধিক পত্র প্রকাশিত হইয়া থাকে। অত্যন্ত দুষ্প্রাপ্য এবং অদ্ভুত পুস্তক সকলও লণ্ডন নগরে পাওয়া যায় ঐ সকল বিদ্যারত্ন ছাপাযন্ত্রের সৃষ্টি অবধি উত্তর২ বৃদ্ধি প্রাপ্ত হইয়াছে তথায় সম্প্রতি বিজাতীয় পদার্থ অন্বেষণ এবং শাস্ত্র চিন্তার যে নানা সদুপায় হইয়াছে ইউরোপীয় অন্য কোন নগরে তাদৃশ নাই।

অক্সফোর্ড নামক জনপদে এক ইউনিবর্সিটি অর্থাৎ মহা বিদ্যালয় আছে তন্নিমিত্ত ঐ জনপদ ভূমণ্ডলে বিখ্যাত,ইউরো-পের মধ্যে তত্তুল্য ধনশালি বিদ্যামন্দির নাই, সেখানে অনেক মহামহোপাধ্যায় পণ্ডিত বিদ্যাশিক্ষা করিয়া কৃতকার্য্য হইয়া-ছেন ঐ বিদ্যালয় ইংলণ্ডের সকল বিদ্যা মন্দিরাপেক্ষা প্রাচীন

ture and philosophy, though the latter ranks first as a seminary of science. Oxford like Cambridge improves its students rather by private tutorship, with strict and impartial public examinations than by lectureships; for though these are numerous on the foundation, they have fallen into disuetude, with the exception of a few which have of late been revived with success.

Liverpool and Manchester, so well known in the mercantile world, are situated in Lancashire. The former is distinguished for its commerce, the latter for its manufactures.

Cornwall has from the earliest times been renowned for its mineral products. It is the most westerly county of England, and has the form of a triangular peninsula. Its mineral products are chiefly tin and copper; it also yields some lead.

The population of England has been steadily increasing for centuries past, but the increase could not be very accurately estimated before the introduction of the decennial census in 1801. The population at the beginning of the century was nine millions; it now exceeds fifteen. The condition of the people has also greatly improved as is attested by an extraordinary diminution in the rate of mortality. Though the climate is not the most agreeable, the inhabitants thrive under it in a wonderful manner, and generally live to a great age in full possession of their faculties. The

এবং বহুকালাবধি রাজপালিত ধর্ম্মের পোষক রূপে খ্যাত; অপর তাহা সাহিত্য এবং দর্শন শাস্ত্রানুশীলনে কেম্ব্রিজ হইতেও শ্রেষ্ঠ কিন্তু পদার্থ বিদ্যার চর্চ্চায় কেম্বিজ প্রধান। অক্স ফোর্ড এবং কেম্ব্রিজস্থ ছাত্রেরা সাধারণ অধ্যাপক অপেক্ষা অসাধারণ শিক্ষকের নিকট উপদেশ পাইয়া অধিক ব্যুৎপন্ন হয় এবং নিরপেক্ষ লোক দ্বারা প্রকাশ্য পরীক্ষা হওয়াতে তাহারদের বিদ্যোৎসাহ অতিশয় বৃদ্ধিপ্রাপ্ত হয় তথায় অনেক সাধারণ অধ্যাপক নিযুক্ত আছেন বটে কিন্তু তাঁহারদের নিকট উপদেশ গ্রহণের প্রথা প্রায় লুপ্ত হইয়াছে কেবল কএক জন মাত্র সম্প্রতি অধ্যাপনা করিতে আরম্ভ করিয়াছেন।

লিবরপুল এবং মাঞ্চেষ্টর নামক দুই নগর যাহা বাণিজ্য ব্যবসায়ি লোকের নিকট অতিশয় বিখ্যাত, তাহা লাঙ্কাশির জেলার অন্তঃপাতি। লিবরপুল বাণিজ্যের প্রধান স্থান, এবং মাঞ্চেষ্টরে শিল্প কার্য্যাদি বিস্তর হইয়া থাকে।

কর্ণওয়াল জেলাতে বিস্তর ধাতু উৎপন্ন হয় তন্নিমিত্ত তাহা বহু কালাবধি বিখ্যাত হইয়াছে ঐ জেলা ইংলণ্ডের সর্ব্ব পশ্চিমাংশে ত্রিকোণ প্রায়দ্বীপাকারে স্থাপিত, তথায় টিন তাম্র এবং সীসা বিস্তর পাওয়া যায়।

শতং বৎসরাবধি ইংলণ্ডের প্রজা বৃদ্ধি হইতেছে কিন্তু কিয়ৎ পরিমাণে বৃদ্ধি হইত তাহা ১৮০২ শালে দশ বাৎসরিক লোক সংখ্যার ব্যবস্থা হওনের পূর্ব্বে যথার্থ রূপে জানা যাইত না। উক্ত শালের গণনাতে ৯০ লক্ষ লোক নির্ণীত হইয়াছিল কিন্তু এক্ষণে এক কোটি পঞ্চাশ লক্ষের অধিক মনুষ্য হইয়াছে অপর উক্ত দেশে মৃত্যুর সংখ্যা স্বল্প হওয়াতে বোধ হয় প্রজাদের অবস্থাও পূর্ব্বাপেক্ষা উত্তম হইয়াছে তথাকার বায়ু অতি সুখস্পর্শ নহে তথাচ প্রজারদের শারীরিক বলপুষ্টি বিলক্ষণ হয় তাহাতে তাহারা সমুদয় ইন্দ্রিয়

most alarming disease among them is consumption; the great difference in the temperature between their fire-sides and the open air naturally exposes them to attacks of cold.

The national character of the English exhibits many features which one cannot contemplate without admiration. Their enterprize, energy, and activity are evident from the rapid improvement of their commerce and their manufactures. Their military virtues have been brilliantly exhibited by their triumphs in Europe and Asia. Their public spirit and mutual confidence are sufficiently attested by the success with which so many joint stock companies have contributed at once to the improvement of the country and the private fortunes of the proprietors. Their love of liberty has been both a cause and an effect of their free constitution; the freedom with which they comment on the acts of government does not in any degree affect their allegiance to, or reverence for the sovereign. Nor is their industry less remarkable. The knowledge that the highest offices and dignities in the state are accessible to all, redoubles their activity, and encourages them to perseverance. The members of the highest families in the realm do not disdain the office of subalterns in the army, or the navy, and are contented to rise through the usual gradations.

বিশিষ্ট হইয়া দীর্ঘায়ু হয়। তথাকার রোগের মধ্যে যক্ষ্মাই অতি ভয়ানক কেননা গৃহের মধ্যে সর্ব্বদা প্রজ্বলিত অগ্নি থাকাতে অন্তরস্থ বায়ু অনুষ্ণাশীত হয় কিন্তু বহিস্থ সমীরণ অতি শীতল সুতরাং দ্বারের বাহিরে আসিলেই শ্লেষ্মা জন্মায়।

ইংরাজদিগের চরিত্রে অনেক গুণ আছে তাহা বিবেচনা করিলে বিস্ময় জন্মে। বাণিজ্য এবং শিল্প কার্য্যের বৃদ্ধিতে তাহারদের উদ্যোগ যত্ন এবং কৌশল উত্তমরূপে সপ্রমাণ হয় এবং ইউরোপ এস্যা উভয় খণ্ডে তাহারা বিজয়ি হওয়াতে তাহারদের শৌর্য্য বীর্য্য এবং রণ কৌশল দেদীপ্যমান হইয়াছে। অপর ভূরি২ লোক একত্র সংযুক্ত হইয়া বাণিজ্যাদি দ্বারা দেশের উন্নতি এবং আপনারদের ধন বৃদ্ধি করিয়া কৃতকার্য্য হওয়াতে তাহারদের স্বদেশ বাৎসল্য এবং পরস্পর বিশ্বাস স্পষ্ট দেখা যাইতেছে। তাহারদের সাধারণ রাজশাসনের নিয়ম দৃষ্টে নিশ্চয় বোধ হয় যে তাহারা পরতন্ত্র হওনে একান্ত বিমুখ বস্তুতঃ স্বাধীনতার অনুরাগই ঐ নিয়মের হেতু ও ফল। তাহারা অকাতরে রাজ পুরুষদিগের কার্য্যের দোষাদোষ ব্যক্ত করিলেও কদাপি রাজ্যাধিপতির অমর্য্যাদা অথবা অহিত করে না। তাহারদের পরিশ্রম ও কার্য্য তৎপরতাও অত্যন্ত আশ্চর্য্য, কোন প্রজার পক্ষে অতি সম্ভ্রান্ত পদ প্রাপ্তিতেও নিতান্ত প্রতিবন্ধক নাই এই জানিয়া তাহারা উত্তর২ অধিক কর্ম্ম তৎপর হয় এবং সকল বিষয়ে যত্ন পূর্ব্বক উৎসুক থাকে। অপর কৌলীন্য মর্য্যাদাবান সদ্বংশোদ্ভব সন্তানেরাও যুদ্ধ অথবা নাবিকতা সম্বন্ধীয় অতি ক্ষুদ্র কর্ম্ম স্বীকারে বিরত হয় না বরং ধারাবাহিক বৃদ্ধি পাইবার প্রত্যাশায় ক্ষুদ্র পদেও আহ্লাদ পূর্ব্বক নিযুক্ত থাকে।

Patriotism and loyalty to the sovereign are distinguishing characteristics of the English people. Notwithstanding the conflict of parties and the heat of political discussion, any thing that evidently concerns the national interest and honor, or the health and safety of the royal person, is sure to allay the elements of discord and to become a bond of general union.

Nor is the attention which England pays to the interests of other countries less striking. She has become connected with every quarter of the globe by her colonies and her dependencies; and this connection serves to foster in her sons a spirit of universal philanthropy which actuates them to watch over the moral improvement of the most distant regions of the earth. Her religious and charitable societies, supported by voluntary subscriptions, carry on their pious work in every part of the world.

But these excellencies are chequered by many exceptions. The statistics of crime and immorality in England exhibit a black catalogue of iniquity, no less atrocious than similar returns in other countries.

The religion of the English is Christianity, to which they were converted at an early period of their history. In common with the other branches the Latin Church, they formerly recognized the Pope or Bishop of Rome as their spiritual head. They have now renounced that dependence for more than three centuries. The government of their church is at present confided to their

ইংরাজদিগের বিশেষ গুণ এই যে তাহারদের স্বদেশ বাৎসল্য এবং রাজভক্তি অতিশয়, পরস্পর দলাদলি এবং রাজনীতি বিষয়ক ঘোর বিবাদ সত্ত্বেও যখন কোন কারণ বশতঃ দেশের হিতাহিত অথবা রাজ্ঞীর শারীরিক ভদ্রাভদ্রের প্রত্যক্ষ ভয় উপস্থিত হয় তখন সকলেই গৃহ বিচ্ছেদ ত্যাগ করিয়া পরস্পর এক মতাবলম্বন করে।

ইংলণ্ডদেশের লোকেরা অন্যান্য দেশের কুশলেও অতিশয় মনোযোগি। তাহারা দেশ দেশান্তরে প্রবাস অথবা আধিপত্য করাতে ভূমণ্ডলের সর্ব্ব খণ্ডেই তাহারদের সংশ্রব হইয়াছে সেই কারণে তাহারদের হৃদয়ে সাধারণ লোক বাৎসল্য উদ্রিক্ত হয় সুতরাং অতি দূর দেশেরও রীতি নীতি শোধনে তাহারদের বিলক্ষণ যত্ন আছে। অপর তাহারা স্বেচ্ছা পূর্ব্বক অর্থব্যয় স্বীকার করিয়া ভূরি২ ধর্ম্ম এবং দান সভা স্থাপন পুরঃসর পৃথিবীর সর্ব্বাংশে পুণ্য কর্ম্ম করিয়া থাকে।

কিন্তু উক্ত গুণ বর্ণনায় অনেকানেক ব্যভিচার আছে ইংলণ্ডদেশীয় দুষ্কর্ম্ম এবং দুর্নীতির বিবরণ শুনিলে অন্যান্য দেশীয় দুরাচারি লোকদিগের ন্যায় তাহারদেরও ঘোর অপকৃষ্টতা প্রকাশ পায়।

ইংরাজেরা অতি প্রাচীন কালে খ্রীষ্টধর্ম্ম অবলম্বন করিয়াছিল এবং অদ্যাবধি তাহার অনুষ্ঠান করিয়া থাকে। লাটিন সভার অন্যান্য জাতির ন্যায় তাহারা পূর্ব্বে পোপ অর্থাৎ রোম নগরের ধর্ম্মাধ্যক্ষকে প্রধান গুরু বলিয়া মান্য করিত কেবল তিন শত বৎসরাবধি তাহাকে আর মান্য করে

Archbishops and Bishops with their own sovereign as the supreme head.

The English are also eminently distinguished by their cultivation of literature, science, and the arts. They are not, however, quite equal to the Germans in their knowledge of the ancient languages, or to the Italians in their proficiency in the fine arts. What distinguishes them more than others is their perseverance in useful pursuits; without disregarding what is liberal in education they generally adapt it to some end they have in view; and without neglecting taste and ornament in workmanship, they attend to solidity and durability.

Their language is a compound of foreign admixtures with the Anglo-Saxon as its base. The successive invasions of England by the Saxons, the Danes, and the Normans, contributed to the formation of a new language which has now become one of the richest in the world.

The constitution of England, though apparently full of the elements of discord, has worked very harmoniously upon the whole, and been found by experience to be based on great political wisdom. The general administration of the kingdom is confided to the crown which has the army, the navy, the courts of justice, and the church under its own control; but the Queen cannot levy taxes without the consent of parliament; her vast prerogatives are thus balanced by her inability to raise

না আপনারদের রাণীকেই সর্ব্বপ্রধান জ্ঞান করিয়া ধর্ম্ম শাসনের ভার স্বদেশীয় ধর্ম্মাধ্যক্ষগণের হস্তে সমর্পণ করিয়াছে।

ইংরাজেরা সাহিত্য দর্শন ও শিল্প বিদ্যার অনুশীলনেও অতিশয় বিখ্যাত হইয়াছেন কিন্তু তাঁহারা জর্মাণদিগের তুল্য প্রাচীন ভাষায় অথবা ইতালীয়দিগের তুল্য শিল্প বিদ্যায় নিপুণ নহেন। তাঁহারদের বিশেষ গুণ এই যে সংসারের উপকারিণী বিদ্যার অনুশীলনে সদা যত্ন করিয়া থাকেন অপর বুদ্ধির চালনা ও দর্শন সাহিত্যাদি বিদ্যাভ্যাসে ক্রুটি না করিয়া তাহাতেই সাংসারিক অভিপ্রায় সিদ্ধ করিতে চেষ্টা করেন এবং শিল্প কার্য্যের শোভা ও অলঙ্কার উপেক্ষা না করিয়াও তাহা দৃঢ় অথচ বহুকাল ব্যাপি করিতে যত্নবান হয়েন।

উক্ত জাতির ভাষার মূল এংগ্লো শাক্সন কিন্তু এক্ষণে তাহা ভূরিং বিদেশীয় শব্দে মিশ্রিত হইয়াছে ফলতঃ ইংলণ্ড দেশ শাকসন দেন এবং জর্মাণ জাতির দ্বারা ক্রমশঃ আক্রান্ত হওয়াতে তথায় এক প্রকার নূতন ভাষার সৃষ্টি হয় যাহা এক্ষণে ভূমণ্ডলস্থ সকল ভাষার শ্রেষ্ঠ হইয়াছে।

ইংলণ্ড দেশীয় রাজশাসনের নিয়ম দৃষ্টি করিলে আপাততঃ বোধ হয় তাহাতে অনেক গোলযোগ আছে কিন্তু ফলে তদ্দ্বারা প্রায় সকল কালেই উত্তমরূপ কার্য্য সিদ্ধি হইয়াছে সুতরাং নিয়ম কর্ত্তারদের রাজনীতি নৈপুণ্য প্রকাশিত হইতেছে। উক্ত রাজ্যে রাজকীয় সকল কার্য্য নির্ব্বাহের ভার রাজ্ঞীর উপর সমর্পিত আছে কেননা দেশের সৈন্য সামন্ত নাবিক বিচারকর্ত্তা ধর্ম্মাধ্যক্ষ সকলেই তাঁহার শাসনাধীন হইয়া স্বং কর্ম্ম সম্পন্ন করেন কিন্তু রাণী পার্লেমেণ্ট নামক মহা সভার অমতে শুল্ক অথবা রাজস্ব সঞ্চয় করিতে

money for the maintenance of her establishments. She has recourse to parliament every year for pecuniary contributions. The parliament is composed of the *Lords* and *Commons.* The lords are either those whom the favor of the sovereign has created peers of the realm, or others who have inherited peerages previously conferred on their ancestors. The commons are those who are returned by the free-holders of counties, cities, or boroughs, as representatives of the people. The parliament has supreme legislative authority in the kingdom; but its enactments are not valid without the consent of the Queen. The Queen again cannot exercise her own prerogatives except through a responsible minister; she must therefore have a ministry, and she must have such a ministry as may be able to pass her measures in parliament. Though the Queen has full powers to nominate her own ministers, she finds it necessary for the harmonious passing of her contemplated acts to select those who have the confidence of parliament; and as the ministers are responsible for the acts of the sovereign, they resign their posts when their counsels are unheeded. None can take up or maintain those posts in opposition to the sense of parliament. It is, therefore, parliament that in point of fact guides the Queen in the choice of her ministers; and it is the ministers whose counsels virtually govern the empire. Parliament on the other hand is kept in check by the prerogative of the crown which

পারেন না সুতরাং তিনি স্বেচ্ছানুসারে ধন সংগ্রহ করিয়া রাজপুরুষদিগের প্রতিপালন করণে অসমর্থ একারণ তাঁহার শক্তি অপরিমিত নহে প্রতি বৎসর তাঁহাকে পার্লেমেন্টের নিকট ধন যাচ্ঞা করিতে হয়। পার্লেমেন্টের সভ্যগণ দুই শ্রেণীতে বিভক্ত প্রথম কুলীনবর্গ, দ্বিতীয় সামান্য সভা। যাঁহারা স্বয়ং রাজ সনন্দ প্রাপ্ত হইয়া স্বদেশীয় কৌলীন্য মর্য্যাদা ভাজন হইয়াছেন অথবা পিতৃ পিতামহাদি পূর্ব্ব পুরুষ হইতে ক্রমাগত কৌলীন্য পদাভিষিক্ত আছেন তাঁহারদিগকেই কুলীনবর্গ কহা যায়। অপর যাঁহারা কৌন্টি অথবা নগর কিম্বা বরো নামে প্রসিদ্ধ গ্রামস্থ স্বাধীন লোক দ্বারা যথা নিয়মে নির্ব্বাচিত হয়েন তাঁহারা প্রজাবর্গের প্রতিনিধি এবং সামান্য সভ্য বলিয়া বিখ্যাত। ইংলণ্ডীয় রাজ্য মধ্যে পার্লেমেণ্ট মহা সভার ব্যবস্থা স্থাপনে প্রচুর শক্তি আছে কিন্তু রাজ্ঞীর সম্মতে সে সকল ব্যবস্থা গ্রাহ্য হয় না। অপর দোষাদোষের ভাগি এক জন অমাত্যের সহকারিতা ব্যতীত রাজ্ঞীও কোন কার্য্য নির্ব্বাহ করিতে পারেন না সুতরাং তাঁহার পক্ষে এমত অমাত্য নিযুক্ত করা নিতান্ত আবশ্যক যাঁহারা পার্লেমেণ্ট সভায় তাঁহার বাঞ্ছিত বিষয় ধার্য্য করাইতে পারেন। রাণীর এমত শক্তি আছে যে যাহাকে ইচ্ছা অমাত্য করিতে পারেন কিন্তু তাঁহার সঙ্কল্পিত ব্যাপারে পার্লেমেণ্ট সভার সভ্যগণকে সম্মত করিবার কারণ তাঁহাকে এমত লোক নির্ব্বাচিত করিতে হয় যাহারদের প্রতি উক্ত সভার অনুরাগ আছে। অপর রাজ্ঞীর কৃত কার্য্যের দোষা-দোষ অমাত্যের প্রতি আরোপিত হওয়াতে অমাত্যেরা স্বীয় মন্ত্রণা গ্রাহ্য না হইলে কর্ম্ম পরিত্যাগ করেন তাহা হইলে পার্লেমেণ্টের মত ব্যতিক্রম করিয়া কেহই রাজমন্ত্রি হইতে সাহস করে না সুতরাং বস্তুতঃ পার্লেমেণ্টের মতেই রাণীকে অমাত্য নিযুক্ত করিতে হয় সেই অমাত্যগণের মন্ত্রণানুসারে

can dissolve it at any moment, and issue writs for a new election. But as the same members are again returnable, nothing is ever done or attempted by the Queen or her ministers against the general voice of the nation.

England, though not naturally favoured with a genial climate, has by the industry and ingenuity of the inhabitants become pre-eminent as an agricultural country, and can boast of many productions which contribute to the wants and comforts of the people. It grows wheat and barley, the staple food of the nation. Potatoes, peas, turnips, carrots and many other vegetables and seeds are also plentiful. Its fruits and flowers are still more abundant. Apples, pears, cherries, grapes, chestnuts, walnuts, gooseberries, strawberries, currants, plums, and various other species contribute to the luxury of the people. Of the beauty and variety of its flowers, the few that have been imported in India, and are reared with extreme care, may in a small measure serve as specimens.

The zoology of England does not present a great variety. Wild beasts, hurtful to man, have long since been exterminated. Cattle, sheep, pigs, are reared with great care since they afford the most substantial food of the people. Horses and dogs are also bred with exraordinary attention. Deer are confined to the parks of the nobility and gentry. Rabits, pigeons,

রাজকীয় কার্য্য নির্ব্বাহ হইয়া থাকে। অপর রাজ্ঞীর এমত ক্ষমতা আছে যে মুহূর্ত্তের মধ্যে পার্লেমেণ্ট সভা ভঙ্গ করিয়া নূতন সভার নিমিত্ত আদেশ পত্র প্রচার করিতে পারেন তজ্জন্য সভ্যগণকেও সাবধানে থাকিতে হয়। অধিকন্তু প্রজার-দিগের এমত অধিকার আছে যে পার্লেমেণ্ট ভগ্ন হইলে পূর্ব্ব নির্ব্বাচিত প্রতিনিধিগণকে পুনর্নির্ব্বাচিত করিতে পারে অত-এব রাণী এবং তাঁহার মন্ত্রিরা প্রজারদের ইচ্ছার বিপরীত কোন কার্য্য করিতে পারেন না।

ইংলণ্ড দেশের বায়ু শস্যাদির পক্ষে উত্তম নহে তথাপি প্রজারদের পরিশ্রম এবং কার্য্য নৈপুণ্যে তথায় কৃষিকার্য্য উত্তমরূপে হইয়া থাকে তাহাতে প্রজারদের স্বচ্ছন্দে দিন পাতের উপযুক্ত অনেক ফল মূল হয়। উক্ত দেশে যথেষ্ট গম এবং যব উৎপন্ন হইয়া থাকে তদ্দ্বারা প্রজারদের সামান্য আহার প্রস্তুত হয়। সেখানে আলু কলায় শাল্-গ্রাম গাজর প্রভৃতি শাক শস্যও প্রচুর জন্মে এবং ফল পুষ্প অত্যধিক হইয়া থাকে বিশেষতঃ আতা পেয়ারা চেরি দ্রাক্ষা• চেসনট কন্দরাল করমচা টেঁপারি বদরী ষ্ট্রবেরি প্রভৃতি ভূরি২ ফলে লোকদিগের তৃপ্তি জন্মে। ইংল-ণ্ডীয় অনেকানেক পুষ্প লতা ও গুল্ম ভারতবর্ষে আনীত হইয়াছে এবং যত্ন পূর্ব্বক রোপণ করিলে এখানেও সে সকল উত্তম রূপে বৃদ্ধি পায় তাহাতে তদ্দেশীয় বিচিত্র কুসুমের শোভা যৎকিঞ্চিৎ বুঝা যাইতে পারে।

ইংলণ্ডের মধ্যে বিচিত্র পশ্বাদি দেখা যায় না তথাকার হিংস্রক বন্য জন্তু বহু দিবস হইল সম্পূর্ণরূপে বিনষ্ট হইয়াছে। গ্রাম্য পশুরমধ্যে গো মেষ শূকর অতি যত্নে পালিত হয় কেনন ঐ সকলের মাংস ভক্ষণ করিয়া প্রজারদের শরীর পুষ্টি হয়। তথায় অশ্ব এবং কুক্কুরের প্রতি অত্যন্ত যত্ন আছে।

turkeys, geese, and various kinds of poultry, are objects of the farmer's care. Insects and reptiles are very scarce.

In hot houses and menageries are found many plants and animals of foreign growth. Exotic plants thrive in English hot-houses much better than they do in the open air in their native climes. The size of a pineapple grown in England far exceeds the common size in India.

The convenience of traveling in England contributes at once to the civilization of the people and the full development of the resources of the country. The rail-roads promote intercommunication between different places with extraordinary rapidity.

England, though not a large country, is diversified with mountains, lakes, rivers, and canals. The two principal rivers are the Thames and the Severn.

Wales is a mountain region. The verdant and extensive plains of western England here give place to the lofty mountain, the deep valley, the roaring torrent, and the frightful precipice.

The Welsh are a Celtic race, the genuine descendants of the ancient Britons, who in these mountain recesses sought refuge from the sword of the Saxons, which so completely dispossessed them of the low country of England. Though now under the same government as the English, they take

মৃগ পশু কুলীন এবং সম্ভ্রান্ত লোকদের উপবন মধ্যে পাওয়া যায়। ইজারদারেরা শশক কপোত পেরু রাজহংস কুক্কুট প্রভৃতি পক্ষিও পালন করিয়া থাকে। উক্ত দেশে কীট পতঙ্গ প্রায় নাই।

ইংলণ্ডস্থ উষ্ণ গৃহে এবং বিচিত্র পশ্বালয়ে বিদেশীয় ভূরিং গুল্ম এবং জন্তু দেখিতে পাওয়া যায় ফলতঃ অনেকানেক গুল্ম তথাকার বায়ুর কৃত্রিম তাপে এমত তেজস্কর হয় যে স্বং দেশীয় স্বাভাবিক বায়ুর গুণেও তদ্রূপ হয় না তাহার দৃষ্টান্ত এই যে ইংলণ্ডীয় উষ্ণ গৃহে উৎপন্ন আনারস ভারতবর্ষীয় আনারস অপেক্ষাও বৃহদাকার হইয়া থাকে।

ইংলণ্ডদেশে গ্রাম পর্য্যটন করিবার উত্তম উপায় আছে তাহাতেই প্রজারদের সভ্যতা এবং দেশের সম্পত্তি অতিশয় বৃদ্ধিশীল হয়। অপর বাষ্পীয় শকট যোগে আশ্চর্য্য বেগে গমনাগমন করা যায়।

ইংলণ্ড দেশ পরিমাণে বৃহৎ নহে তথাপি তাহাতে ভূরিং পর্ব্বত হ্রদ নদ নদী ও খাল আছে। নদীর মধ্যে টেমস এবং সেবর্ণ সর্ব্ব প্রধান।

ওএলস দেশকে পর্ব্বতময় কহা যাইতে পারে ইংলণ্ডের পশ্চিমাঞ্চলে বিস্তৃত দূর্ব্বাদল শ্যামবর্ণ ক্ষেত্র আছে কিন্তু ওএলসের অঞ্চলে তদ্বিপরীত উচ্চ পর্ব্বত, গভীর উপত্যকা, ভয়ানক অতট, এবং শব্দায়মান প্রবাহ দেখা যায়।

ওএলস দেশীয় লোকেরা প্রাচীন ব্রিটনদিগের বংশে সাক্ষাৎ উৎপন্ন সুতরাং তাহারদিগকে সেলট জাতি কহা যাইতে পারে, তাহারা শাকসন জাতির দ্বারা ইংলণ্ডের নিম্ন ভূমি হইতে দূরীকৃত হইয়া প্রাণভয়ে অগম্য গিরি কাননে পলায়ন করিয়াছিল সম্প্রতি ইংলণ্ডীয় রাজ্যাধিপতির শাসনে ইংরাজদিগের সহিত সংযুক্ত হইয়াছে তথাপি স্বজাতীয় লক্ষণ ধারণ করত ব্রিটেন দেশীয় প্রাচীন শূর বীরের বংশে

pride in their own national peculiarities, and boast of their origin from the ancient chiefs of Britain; looking down upon their neighbours of the plains as an inferior race.

The counties and towns in Wales have already been given in a preceding tabular list.*

SCOTLAND, as has been already observed, is a part of the island of Great Britain, and a member of the United Kingdom. It is separated from England by the Tweed, the Cheviot hills, and the Solway Frith. In its general outline it consists of two great and perfectly distinct parts; the Low lands and the Highlands. The former comprehends all Scotland south of the friths of Forth and Clyde; while immediately north of the Clyde, the highland ranges begin to tower in endless succession.

Among the Scottish mountains, the most considerable are the Grampians, a name which is given very generally to all those which cover the surface of the Highlands, but is applied more particularly to the chain running across the counties of Perth and Argyle, and comprising Ben Lomond, Ben Ledi, Ben More, Ben Lawers, &c.

The rivers of Scotland are not so much distinguished for their length or magnitude, as for the pastoral scenery through which they wind their early course

* See page 108.

উৎপন্ন বলিয়া আত্ম শ্লাঘা করে এবং নিম্ন ভূমিস্থ ইংরাজ-দিগকে ক্ষুদ্র জাতি জ্ঞান করে।

ওএলসের অন্তঃপাতি যেং কৌণ্টি এবং নগর আছে পূর্ব্বেই তাহার বর্ণনা করা গিয়াছে।

পূর্ব্বেই উক্ত হইয়াছে যে স্কটলণ্ড গ্রেটব্রিটেন উপদ্বীপের এক অংশ এবং সংযুক্ত রাজ্যের অঙ্গ। তাহা টুইড নদী চেবিওট পর্ব্বত এবং শলওএ সিন্ধু সঙ্গম দ্বারা ইংলণ্ড হইতে বিভিন্ন হইয়াছে। ঐ দেশ সামান্যতঃ দুই প্রধান অংশে বিভক্ত যথা-নিম্ন এবং উন্নত ভূমি। ফোর্থ এবং ক্লাইড সিন্ধু সঙ্গমের দক্ষিণ স্কটলণ্ডের সর্ব্বাংশ নিম্ন ভূমির মধ্যে গণ্য তাহার অব্যবহিত উত্তরে উন্নত ভূমির উপক্রম সেই ভূমি ক্রমশঃ অসীম পরিমাণে উচ্চং পর্ব্বত হইয়াছে।

স্কটলণ্ডীয় পর্ব্বতের মধ্যে গ্রাম্পিয়ান সর্ব্ব প্রধান। তথাকার উন্নত ভূমির শৈল মাত্রই সামান্যতঃ ঐ নামে প্রসিদ্ধ কিন্তু পর্থ এবং আর্গিল প্রদেশের মধ্যবর্ত্তি শৈলশ্রেণি ঐ নামে বিশেষ রূপে বিখ্যাত। উক্ত শ্রেণির মধ্যে বেন লমণ্ড, বেন লেডি, বেন মোরে, বেন লয়র্শ নামক গিরিকূট আছে।

স্কটলণ্ডীয় নদী উৎপত্তি স্থলের সন্নিহিত শস্যক্ষেত্রাদি বিশিষ্ট উভয় পার্শ্বস্থ গ্রাম এবং সমুদ্র সঙ্গমের নিকটস্থ

and for the magnificent estuaries which they form at their junction with the sea. The principal rivers are the Forth, Clyde, Tweed, Tay, and Sprey.

Scotland like England is divided into counties and shires of which the following is a list :

Counties.	Extent.	Populat.	Cheif Towns.
	sqr. miles.		
Aberdeen, ...	1960	192283	Aberdeen.
Argyle,...	3129	97140	Cambelton.
Ayr,........	1039	164522	Ayr, Irvine.
Banff, ...	645	50076	Banff.
Berwick, ...	442	34247	Dunse.
Bute,....	161	15695	Rothesay.
Caithness, ...	687	36197	Thurso.
Clackmannan,.	48	19116	Clackmannan.
Dumbarton, ..	228	44295	Dumbarton.
Dunfries, ...	1254	72855	Dunfries.
Edinburgh, ...	354	225623	Edinburgh, Dalkeith.
Eglin, ...	473	34994	Eglin.
Fife, ...	467	140310	Cupar, Kirkaldy.
Forfar, ...	888	170380	Forfar, Dundee.
Haddington,..	272	35781	Haddington.
Inverness, ...	4054	97615	Inverness.
Kincardine, ..	380	33052	Bervie.
Kinross, ...	72	8763	Kinross.

বিস্তৃত প্রবাহে যাদৃশ শোভিত,সামান্য পরিমাণে তাদৃশ বৃহৎ নহে, নদীর মধ্যে ফোর্থ, ক্লাইড, টুইড, টে,এবং স্পে প্রধান।

স্কটলণ্ডও ইংলণ্ডের ন্যায় কৌণ্টি অর্থাৎ প্রদেশে বিভক্ত তাহার বিবরণ নীচে লেখা গেল।

কৌণ্টি	পরিমাণ	লোকসংখ্যা	প্রধান নগর
	বং ক্রোশ		
আবর্ডিন......	৪৯০	১৯২২৮৩	আবর্ডিন
আর্গিল	৭৮২	৯৭১৪০	কেম্বেলটন
এয়ার	২৫৯	১৬৪৫২২	এযার, অর্বিন
বান্ফ.........	১৬১	৫০০৭৬	বান্ফ
বুট	৪০	১৫৬৯৭	রথসে
কেথনেস	১৭২	৩৬১৯৭	থর্শো
ক্লাকমেনান	১২	১৯১১৬	ক্লাকমেনান্
ডম্বার্টন	৫৭	৪৪২৯৫	ডম্বার্টন
ডম্ফ্রীজ	৩১৩	৩৫৭৮১	ডম্ফ্রীজ
এডিনবর্গ......	৮৮	৯৭৬১৫	এডিনবর্গ, ডালকিথ
এগলিন	১১৮	৩৩০৫২	এগলিন
ফাইফ.........	১১৭	৭২৮৫৫	কূপার, কারকালডি
ফারফার	২২২	২২৫৬২৩	ফারফার, দণ্ডি
হাডিংটন	৬৮	৩৪৯৯৪	হাডিংটন
ইনবরনেস	৮১৩	১৪৫৩১০	ইনবরনেস
কিঙ্কারদিন.....	৯৫	১৭০৩৮০	বরবি
কিনরস........	১৮	৮৭৬৩	কিনরস

Counties.	Extent.	Populat.	Chief Towns.
Kirkcudbright	821½	8763	Kirkcudbright.
Lanark, ...	942	427113	Glasgow, Lanark.
Linlithgon, ..	120	26848	Lenlithgon.
Nairn, ...	195	923	Nairn.
Orkney and Zetland,..	1280	60007	Kirkwall.
Peebles, ...	319	10520	Peebles.
Perth, ...	2588	138151	Perth.
Renfrew	225	138151	Paisley, port Glasgow.
Ross, and Cromarty,	2885	78058	Dingwall, Cromarty.
Roxburgh, ..	715	46027	Kelso.
Selkirk,.	263	7989	Selkirk.
Stirling,.	489	82179	Stirling.
Sutherland, ..	1754	24666	Dornoch.
Wigton, ...	451½	44068	Wigton.

The whole of the south of Scotland, though diversified with elevated ranges of hills, is always considered as belonging to the Lowlands. Its counties are generally divided into agricultural, pastoral, and manufacturing counties. Berwickshire is included in the agricultural district; but the city which goes by its name is considered as neutral ground, belonging neither to England nor Scotland. Great Britain, therefore, is sometimes designated England, Scotland, and Berwick upon Tweed.

Edinburgh, the capital of Scotland, is a city of no very high antiquity. In the tenth century mention is

কৌণ্টি	পরিমাণ	লোকসংখ্যা	প্রধান নগর
	বংক্রোশ		
কার্ককদব্রাইট ...	২০৫	৮৭৬৩	কারর্কদ ব্রাইট
লানার্ক........	২৩৫	৪২৭১১৩	গ্লাসগো, লানার্ক
লনলিথগন	৩০	২৬৮৪৮	লিনলিথগন
নাইর্ন	৪৯	৯৯২৩	নাইর্ন
অর্কনিও জেটলণ্ড	৩২০	৬০০০৭	কর্কওয়াল
পিবলেস	৭৯	১০৫২০	পিবলেশ
পার্থ	৮৪৬	১৩৮১৫১	পার্থ
রেনফ্রু	৫৬	১৩৮১৫১	পাইসলিপোর্টগ্লাসগো
রসএবংক্রুমারটী..	৭২৫	৭৮০৫৮	ডিঙ্গওয়াল, ক্রমারটী
রকসবর্গ	১৭৯	৪৬০২৭	কেলসো
সেলকার্ক	৬৬	৭৯৮৯	সেলক্রার্ক
ষ্টারলিং	১২২	৮২১৭৯	ষ্টারলিং
সদরলণ্ড	৪৩৮	২৪৬৬৬	ডরনচ
উইগটন	১৩১	৪৪০৬৮	উইগটন

স্কটলণ্ডের দক্ষিণাংশের কোন২ স্থলে পর্ব্বত থাকিলেও সে সমুদয় অঞ্চলকে নিম্ন ভূমি কহাযায়। তথাকার কৌণ্টি তিন শ্রেণিতে বিভক্ত; কৃষিকার্য্যস্থল পশু চারণ স্থল এবং শিল্প কার্য্যস্থল। বরউইক শির কৃষি কার্য্য স্থলের মধ্যে গণ্য কিন্তু বরউইক নামক নগরকে স্বতন্ত্র ভূমি বলাযায় তাহা ইংলণ্ড এবং স্কটলণ্ড উভয়ের বহির্ভূত একারণ গ্রেট ব্রিটেন কখন২ ইংলণ্ড স্কটলণ্ড এবং টইড নদী পারস্থিত বরইউক নামে বিখ্যাত হয়।

স্কটলণ্ডের রাজধানী এডিনবর্গ অতিশয় প্রাচীন নগর নহে খ্রীষ্টের প্রায় সহস্র বৎসর পরে এডিন নগরের নাম শ্রুত হয়

first made of the town of *Edin*, and it was under the sway of the Stuarts that it became gradually the undisputed capital of Scotland. But few cities have increased more rapidly than Edinburgh.

Edinburgh is a city eminently scientific and literary, and has even become known under the appellation of the "modern Athens." Its university, founded in 1581, has risen to great fame both as an institution, and a nursery for eminent men. The medical School, in particular, attracts students from all the three kingdoms; and the degree of M. D. bestowed here after strict examination, is reckoned to confer peculiar distinction.

Lanark and Renfrew are the great manufacturing counties of Scotland. Glasgow is the pride of Lanarkshire, the commercial capital of Scotland and in population as well as superficial extent the third town in Great Britain after London and Manchester. But Glasgow is not a mere commercial town; it is a great seat of learning. Its university, founded in 1450, has been adorned by a long succession of illustrious teachers, of whom Simson, Hutcheson, Reid, Adam Smith, Millar would be alone sufficient to ensure its celebrity.

The *Highlands* form a very extensive territory, comprising somewhat more than half the surface of Scotland. They include the whole region north of the Forth and Clyde, except the belt on the eastern coast between the friths of Forth and Moray. The High-

পরে ষ্টুয়ার্ট বংশীয় রাজারদের কালে তাহা ক্রমশঃ রাজধানী রূপে সাধারণ সমীপে খ্যাত হয় এবং অবশেষে প্রায় কোন নগর তাহার ন্যায় উন্নতিশালি হয় নাই।

এডিনবর্গে সাহিত্য পদার্থাদি বিদ্যার উত্তম অনুশীলন হইয়া থাকে ঐ নগর আধুনিক এথেন্স নামেও প্রসিদ্ধ হইয়াছে। তথাকার ইউনিবর্সিটী অর্থাৎ বিদ্যা মন্দির ১৫৮১ শালে স্থাপিত হয় সে মন্দির বিদ্যাস্থান এবং মহামহোপাধ্যায় পণ্ডিতের আশ্রম বলিয়া অতিশয় প্রসিদ্ধ হইয়াছে, তৎ সংক্রান্ত বৈদ্যশাস্ত্রালয়ে ইংলণ্ডাদি ত্রিবিধ দেশ হইতে ছাত্রেরা আগমন করে কেহ সেখানে সূক্ষ্মরূপে পরীক্ষা দিয়া "এম ডি" অর্থাৎ আয়ুর্ব্বেদের আচার্য্য উপাধি পাইলে বিশেষ সম্ভ্রম ভাজন হয়।

স্কটলণ্ডের মধ্যে লেনার্ক এবং রেনফ্রু প্রধান শিল্পস্থান। গ্লাসগো লেনার্কের শ্লাঘ্যতম নগর এবং স্কটলণ্ডের প্রধান বাণিজ্যস্থান, তাহা পরিমাণ এবং লোক সংখ্যায় লণ্ডন এবং মাঞ্চেষ্টরের তৃতীয়।

গ্লাসগো কেবল বাণিজ্যস্থান নহে কিন্তু প্রসিদ্ধ বিদ্যাস্থানও বটে তথাকার বিদ্যা মন্দির ১৪৫০ শালে স্থাপিত হইয়াছিল সেখানে সিমশন, হচিসন, রিড, আদমস্মিথ, মিলর প্রভৃতি মহাযশস্বি অধ্যাপকেরা অধ্যাপন করত তাহার অলঙ্কার স্বরূপ ছিলেন।

স্কটলণ্ডের উন্নত ভূমি দেশের অর্দ্ধাংশের কিঞ্চিৎ অধিক* সুতরাং পরিমাণে বৃহৎ বটে, ফোর্থ এবং ক্লাইড নদীর উত্তর সমস্ত দেশ ঐ ভূমি সম্বলিত, কেবল ফোর্থ এবং মোরে সিন্ধু সঙ্গমের মধ্যবর্ত্তি বলয়াকৃতি স্থল তৎ সংক্রান্ত নহে। স্কটল-

lands in their aspect differ from the Lowlands; to a greater degree, indeed, than the Lowlands differ from England. This region consists altogether of continuous ranges of lofty mountains, which, on the borders, leave between them some of the fine and broad valleys called *straths*, but in the interior, only the deep and often rocky intervals called *glens*. They are peopled by a race totally distinct from the Lowlanders. These mountaineers wear a costume quite peculiar to themselves; they speak a Celtic dialect, deep, strong, and guttural, bearing no resemblance to the Teutonic speech of the Lowlands and of England. They have ever maintained that valour which, under Galgacus, set bounds to the career of the Roman conquest, and preserved their mountains untouched by the invader; and they have since been converted from formidable foes into gallant defenders of the rest of the empire.

The Highlands are composed of two great districts, the west and the north. The former comprehends the shires of Dumbarton, Argyle, Bute, and part of Perth; the latter embraces the counties of Inverness, Ross, Sutherland, &c.

Scotland, though formerly a distinct kingdom and often at war with the other great division of Great Britain, is now politically united with England. The English and the Scotch enjoy equal rights as subjects of the same Queen; but the Scotch are not so largely represented in parliament as the English.

গুীয় উন্নত এবং নিম্ন ভূমির মধ্যে অনেক বৈলক্ষণ্য আছে ফলতঃ উক্ত নিম্ন ভূমি ইংলণ্ড হইতে যত বিভিন্ন উন্নত ভূমি হইতে তদপেক্ষা অধিক বিভিন্ন কেননা ঐ উন্নত ভূমি অবি-শ্রান্ত উচ্চ২ শৈল শ্রেণীতে পরিপূর্ণ, শৈল শ্রেণীর প্রান্তে স্ত্রাথ নামে বিস্তারিত উত্তম২ উপত্যকা আছে এবং মধ্যস্থলে গ্লেন নামে প্রসিদ্ধ শিলাময় গভীর অন্তরাল ভূমি আছে। উন্নত এবং নিম্ন ভূমি নিবাসি লোকেরা কোনমতে একজাতীয় নহে, উন্নত ভূমিস্থ লোকেরদের পরিচ্ছদ স্বতন্ত্র এবং তাহারদের বাণী সেলটিকভাষা হইতে উৎপন্না হইয়াছে তাহা কণ্ঠ্য ও মহাপ্রাণ বর্ণে পরিপূর্ণা সুতরাং নিম্ন ভূমিস্থ এবং ইংলণ্ডীয় লোক দিগের তিউতোনিক ভাষার সহিত সে বাণীর কোন সাদৃশ্য নাই। পার্ব্বতীয় লোকেরা বহু কালাবধি পুরুষানুক্রমে শৌর্য্য বিক্রম প্রকাশ করিয়াছে,প্রাচীন কালে তাহারা গল্‌গে-কস নামক বীরের অধ্যক্ষতায় রোমান দিগের রাজ্য বৃদ্ধিতে ব্যাঘাত করত আপনারদের গিরি কানন শত্রু হইতে রক্ষা করিয়া ছিল। কিন্তু এক্ষণে বৈরিভাবে না থাকিয়া গ্রেট ব্রিটেন রাজ্যের সাহসিক রক্ষক হইয়াছে।

উন্নত ভূমি পশ্চিম এবং উত্তর এই দুই বৃহৎখণ্ডে বিভক্ত, ডম্বার্টন, আর্গিল, বুট, এবং পর্থের কিয়দংশ পশ্চিম খণ্ডের অন্তঃপাতী; ইন্‌বর্নেশ, রস, সদর্লণ্ড প্রভৃতি উত্তর খণ্ডের মধ্যবর্ত্তী।

স্কটলণ্ড পূর্ব্বে স্বতন্ত্র রাজ্য ছিল তথাকার লোকেরা ইংরাজ দিগের সহিত পুনঃ২ সংগ্রাম করিত এক্ষণে ঐ দুই রাজ্য সংযুক্ত হইয়াছে এবং ইংরাজ ও স্কট জাতি এক রাণীর শাসনে সমান পদ ভোগ করিয়া কাল যাপন করি-তেছে কিন্তু পার্লেমেণ্ট মহাসভায় স্কটলোকের প্রতিনিধি ইংরাজ দিগের ন্যায় বহু সংখ্যক নহে।

The Scotch are not generally so rich as their southern neighbours. The resources of their country have, however, been greatly developed of late by the industry of the people, and their commerce has also risen in proportion. The Scotch nobility are almost entirely assimilitated to the English, and retain but few of their national peculiarities.

The Scotch are a grave, serious, and reflecting people; but ardent at the same time both in the pursuit of the objects of their desire, and in the repulsion of those of their aversion. This was evident from the zeal with which they opposed episcopacy, and contended for Presbyterianism in the time of the Stuarts; and with which a large portion of them have of late followed the Free Church movement.

The religion of the Scots is, like that of their neighbours, Christianity, the only difference between them and the English being about the form of Church government; the English have Bishops to superintend their clergy, the Scotch entrust the discipline of their pastors to presbyteries composed of the pastors themselves. As Presbyterians, they have recently divided into two contending parties, some adhering to the General Assembly recognized by the State, others forming a *Free* church of their own. A considerable portion of the higher ranks belongs to neither of these parties, being attached to the episcopal church, which though

স্কটলণ্ড দেশীয় লোকেরা সামান্যতঃ ইংরাজ দিগের ন্যায় ধনী নহে কিন্তু প্রজারদের পরিশ্রমে সম্প্রতি তথাকার সম্পত্তি যথেষ্ট বৃদ্ধি পাইয়াছে এবং তাহারদের বাণিজ্যও অতিশয় উন্নতিশালি হইয়াছে। স্কট জাতীয় কুলীন বর্গ প্রায় সকলেই ইংরাজ দিগের তুল্য হইয়া স্বজাতীয় লক্ষণ পরিত্যাগ করিয়াছে।

স্কট জাতীয় লোকেরদের বিলক্ষণ স্থৈর্য্য গাম্ভীর্য্য এবং বিবেচনা আছে অধিকন্তু ইষ্ট সাধনে এবং অনিষ্ট বর্জ্জনে তাহারা অতিশয় উৎসুক ইহার এক দৃষ্টান্ত এই যে ষ্টুয়ার্ট বংশীয় রাজারদের কালে তাহারা বিশপ নামে প্রসিদ্ধ ধর্ম্মাধ্যক্ষ দিগের শাসন খণ্ডনার্থ এবং সামান্য পুরোহিত দিগের শাসন প্রবল করণার্থ বিজাতীয় যত্ন করিয়াছিল সম্প্রতি তাহারদের অনেকে ফ্রিচর্চ্চ নামে বিখ্যাত ধর্ম্ম শাসন স্থাপন নিমিত্ত তদ্রূপ ব্যগ্র হইয়াছে।

স্কটজাতিও ইংরাজ দিগের ন্যায় খ্রীষ্ট ধর্ম্মাক্রান্ত কেবল ধর্ম্ম শাসনের বিষয়ে মতের প্রভেদ আছে, ইংরাজেরা পুরোহিত বর্গের শাসনার্থ বিশপ অর্থাৎ ধর্ম্মাধ্যক্ষ নিযুক্ত করে স্কটজাতি প্রেস্‌বিটেরি নামে বিখ্যাত পুরোহিত সভার প্রতি ধর্ম্ম শাসনের সকল ভার অর্পণ করে। কিন্তু তাহারা প্রেসবিটেরি মতাবলম্বি হইয়াও এক্ষণে দুই দলে বিভক্ত হইয়াছে কতক লোক রাজ সংক্রান্ত ধর্ম্মসভাকে মান্যকরে কতক আপনারাই স্বতন্ত্র এক সভা করিয়াছে। সম্ভ্রান্ত প্রধান লোকদিগের মধ্যে অনেকে ঐ দুইদলের কোন দলভুক্ত না হইয়া বিশপ সংক্রান্ত অন্য এক সভার অনুগত হইয়াছে যদিও সেই সভা

unpopular in Scotland numbers many of the nobility among its adherents.

IRELAND is a fine and extensive island, situated to the west of England, forming the third grand division of the United Kingdom of Great Britain and Ireland.

Ireland, though it cannot on the whole be called mountainous, is, however, diversified by ranges of mountains, superior is extent, and, with the exception of those of Wales, equal in elevation to any of England,

The rivers in Ireland are also very large. The Shannon is without a rival in the three kingdoms. The Barrow, Boyne, Foyle, Bann, and Blackwater are likewise all important streams. The lakes or loughs form a conspicuons feature of the country. Lough Neagh is the largest in the United Kingdom, covering nearly 100,000 acres. Lough Foy le, Lough Swilly and Belfast Lough are properly bays.

Ireland is divided into four great provinces ; viz. Leinster, Munster, Connaught, and Ulster, which formed separate kingdoms before the conquest of the island by the En,lish. The provinces again have been sub_ divided into counties of which the following is a list :—

প্রজা সাধারণের প্রিয় নহে তথাপি ভূরি২ প্রধান লোক তদধীন হইয়া বাস করিতেছে।

আয়র্লণ্ড দেশ এক বিস্তারিত এবং সুশোভিত উপদ্বীপ তাহা ইংলণ্ডের পশ্চিম দিকে স্থাপিত তাহাকেই গ্রেটব্রিটেন ও আয়র্লণ্ড নামক সংযুক্ত রাজ্যের তৃতীয় খণ্ড বলা যায়।

আয়র্লণ্ড দেশ সর্ব্বাংশে পর্ব্বতময় নহে তথাপি তাহাতে এমতর পর্ব্বত শ্রেণী আছে যাহা পরিমাণে ইংলণ্ডীয় পর্ব্বত হইতে অধিক ফলতঃ ওএলস ব্যতীত ইংলণ্ডে আয়র্লণ্ডীয় পর্ব্ব তাপেক্ষা উচ্চতর শৈল নাই।

আর্য়লণ্ডের নদ নদীও বৃহদাকার, ঐ তিন রাজ্যের মধ্যে শানন নদী অদ্বিতীয়। বারো, বৈন, ফৈল, বান, এবং ব্লাকওয়াটর এসকলও প্রসিদ্ধ প্রবাহ। উক্ত দেশে অনেক হ্রদও আছে লোকেরা তাহাকে লফ কহে, সংযুক্ত রাজ্যের মধ্যে লক নি নামক হ্রদের তুল্য অন্য হ্রদ নাই তাহা প্রায় ৩০০০০০ বিঘা ভূমির উপর ব্যাপ্ত। লফ ফৈল, লফ শুইলি, এবং বেলফাষ্ট লফকে প্রকৃত রূপে অখাত কহা যাইতে পারে।

আয়র্লণ্ড চারি প্রধান খণ্ডে বিভক্ত যথা--লিনষ্টর, মনষ্টর, কনাট, এবং অলষ্টর,। ইংরাজদিগের দ্বারা আয়র্লণ্ড জিত হইবার পূর্ব্বে ঐ সকল খণ্ডে স্বতন্ত্র২ রাজ্য ছিল এক্ষণে তাহা কৌণ্টি অর্থাৎ জেলাতে বিভক্ত হইয়াছে যথা।

Counties.	Extent.	Chief Towns.
	in sqr. mls.	
Pr. of Leinster.		
Dublin, ...	221	Dublin.
Louth, ...	173	Drogheda.
Meath, ...	512	Trim.
Wicklow, ...	486	Wicklow.
Wexford, ...	535	Wexford.
Longford, ...	209	Longford.
Westmeath, ...	361	Mullingar.
King's county, ...	440	Philipstown.
Queen's county,....	367	Portarlington.
Kildare, ...	369	Athy.
Kilkenny, ...	469	Kilkenny.
Carlow,....	214	Carlow.
Pr. of Ulster.		
Down, ...	544	Newry.
Antrim, ...	605	Belfast.
Londonderry,......	49	Londonderry.
Donegal..........	1061	Ballyshannon.
Fermanagh, ...	440	Enniskillen.
Cavan,....	478	Cavan.
Monaghan, ...	280	Monaghan.
Armagh,..	283	Armagh.
Tyrone,..	724	Omagh.
Pr. of Munster.		
Clare,...........	744	Ennis.

কৌণ্টি।	পরিমাণ।	প্রধান নগর।
	বং ক্রোশঃ	
লিনষ্টর প্রদেশ....		
ডব্লিন	৫৫	ডব্লিন
লৌথ	৪৩	ড্রঘেডা
মিথ	১২৮	ট্রিম
উইকলো	১২১	উইকলো
ওএক্স ফোর্ড	১৩৪	ওএক্স ফোর্ড
লাংফোর্ড	৫২	লাং ফোর্ড
ওএষ্ট মিথ	৯০	মলিঙ্গার
কিংসকৌণ্টী	১১০	ফিলিপস টৌন
কূইন্স কৌণ্টী	৯২	পোর্টার্লিং টন
কিলডের	৯২	এথি
কিলকেনি....	১১৭	কিলকেনি
কার্লো	৫৩	কার্লো
অলষ্টর প্রদেশ....		
ডৌন	১৩৬	নিউরি
এণ্ট্রিম	১৫১	বেলফাষ্ট
লণ্ডন ডেরি	১১৯	লণ্ডনডেরি
ডোনিগাল	২৬৫	বালিশানন
ফর্মানা	১১০	এনিস্কিলেন
কেবান	১১৯	কেবান
মনাগান	৭০	মনাগান
আর্মা	৭১	আর্মা
টিরোন	১৮১	ওমা
মন্ষ্টর প্রদেশ		
ক্লেয়ার	১৮৬	এনিস

Counties.	Extent.	Chief Towns.
	in sqr. mls.	
Kerry,.............	1012	Tralee.
Cork,.............	1638	Cork.
Waterford,........	410	Waterford.
Tipperary,..	867	Clonmel
Limerick,....	604	Limerick.
Pr. of Connaught.		
Leitrim,...	400	Carrick-on-sh.
Sligo,....	386	Sligo.
Mayo,............	1235	Castlebar.
Galway,..	1546	Galway.
Roscommon, ...	541	Roscommon.

Dublin is the most important county of Ireland since it contains the capital of the Island. The city of Dublin is very ancient having been distinguished ever since the time of the Romans. It has, however, very little foreign trade, its commerce being almost confined to England, particularly Liverpool. The English sway in Ireland commenced in 1170, during the reign of Henry 2nd. who assumed the title of "Lord of Ireland." The Irish have ever since been under the government of the English crown. For a long time they laboured under great hardships and suffered much persecution. Thei. attachment to the Roman Catholic religion subjected them to the disabilities and penalties which were imposed upon the followers of that system after England became Protes-

কৌণ্টি	পরিমাণ	প্রধান নগর
	বংক্রোশ	
কেরি	২৫৩	ট্রেলি
কার্ক	৪০৯	কার্ক
ওয়াটর ফোর্ড....	১০২	ওয়াটর ফোর্ড
টিপরেরি	২১৭	ক্লম্মেল
লিমেরিক	১৫১	লিমেরিক
কনাট প্রদেশ		
লাইট্রিম	১০০	কারিক-ওন-স
শ্লিগো	৯৪	শ্লিগো
মেও	৩০৯	কাষ্টলবার
গালওয়ে	৩৮৪	গালওএ
রুস্কমন	১৩৫	রুস্কমন

আয়র্লণ্ডের মধ্যে ডব্লিন সর্ব্বাপেক্ষা প্রধান কৌণ্টি কেননা উক্ত উপদ্বীপের রাজধানী তদন্তঃপাতি। ডব্লিন নগর অতি প্রাচীন কেননা তাহা রোমানদিগেরকালাবধি প্রসিদ্ধ আছে, ঐ নগরে বিদেশীয় বাণিজ্য প্রায় হয় না ওঁথাকার লোকেরা কেবল ইংলণ্ডস্থ বিশেষতঃ লিবর্পুলস্থ লোক দিগের সহিত বাণিজ্য করিয়া থাকে। দ্বিতীয় হেনরি রাজার রাজত্ব কালে ১১৭০ শালে ইংরাজেরা আয়র্লণ্ড অধিকার করেন তাহাতে উক্ত রাজা" আয়র্লণ্ডের অধিপতি" এই উপাধি ধারণ করিয়া ছিলেন আয়র্লণ্ডীয় লোকেরা সেই সময়াবধি ইংলণ্ডীয় রাজ্যেশ্বরের অধীন আছে। উক্ত লোকেরা বহুকাল পর্য্যন্ত অনেক অত্যাচার এবং যন্ত্রণা প্রাপ্ত হইয়াছিল তাহারা রোমান কেথোলিক ধর্ম্মে বিরত হয় নাই একারণ ইংলণ্ডরাজ্যে ঐ ধর্ম্মের অবসান হইলে তদবলম্বিদের বিরুদ্ধে যে সকল দণ্ড

tant. These sufferings, combined with their national desire of independence, have contributed to keep up a strong feeling of hostility to the English government, which occasionally breaks out into open rebellion. The British legislature has, however, lately granted relief to the Roman Catholics by removing their disabilities; but the Irish, though now entitled to equal privileges with the English, are still dissatisfied. They regard with feelings of impatience the established protestant church in their country, and consider it a great grievance that they are called upon to support a religion opposed to their own persuasion. The consequence is there is little sympathy between the Irish and the English.

Ireland has long presented a painful spectacle of poverty and degradation. The people are not wanting in enterprize or even industry; but various causes have combined to keep them low in the scale of improvement. The obstructions which the government had thrown on the development of the resources of the country have, however, now been removed; a brighter aspect is therefore in view.

The Irish character presents very marked features, many of which are amiable and even admirable. They are brave, lively, merry, and witty; and hospitable to such a degree, that in some counties the door is regularly kept open during meals. But they are deficient in cleanliness; have little taste for conveniences or

নীতি ধার্য্য হইয়াছিল তাহাতে অতিশয় ক্লেশ পাইয়াছিল। আয়র্লণ্ডীয় লোকেরা পরতন্ত্র হওনে স্বভাবতঃ কাতর এবং রাজনিয়মে অত্যাচার গ্রস্ত হইতে লাগিল সুতরাং ইংরাজ দিগের শাসনে অতিশয় বিরক্ত হইয়া কখনং সাক্ষাৎ বিদ্রোহ করিয়াছিল। পরন্তু ইংলণ্ডীয় রাজসভার আদেশে রোমান কেথোলিক দিগের বিরুদ্ধ ব্যবস্থাদির লোপ হইয়াছে তাহাতে তাহারদের ক্লেশ শান্তি হইয়াছে কিন্তু আয়র্লণ্ডীয় লোকেরা সম্প্রতি ইংরাজ দিগের তুল্য পদ প্রাপ্ত হইলেও সন্তুষ্ট হয়নাই রোমান কেথোলিকের বিরুদ্ধ প্রটেষ্টেণ্ট নামক ধর্ম্ম রাজাজ্ঞায় তাহাদের দেশে সংস্থাপিত হইয়াছে একারণ তাহারা সদা অস্থির, ফলতঃ রাজস্ব দিয়া আপনারদের মতের বিপরীত ধর্ম্ম রক্ষা করিতে হয় ইহাকে এক প্রকার গলগ্রহ জ্ঞান করে সুতরাং ইংরাজ এবং আয়রিশ লোকদিগের মধ্যে হৃদ্যতা নাই।

আয়র্লণ্ড দেশ বহুকালাবধি দারিদ্র এবং জঘন্যতাবস্থায় আছে তাহাতে মনে ক্ষেদ জন্মে, প্রজারা পরিশ্রমে কাতর অথবা নিরুদ্যম নহে তথাপি নানা কারণ বশতঃ তাহারদের অবস্থা কিঞ্চিন্মাত্র শোধিত হইল না। কিন্তু রাজাজ্ঞা প্রযুক্ত দেশীয় সম্পত্তি বৃদ্ধিতে যে ব্যাঘাত ছিল সে সকল ব্যাঘাত এক্ষণে রহিত হইয়াছে সুতরাং সম্প্রতি উন্নতি হইবার সম্ভাবনা আছে।

আয়র্লণ্ড দেশীয় লোক দিগের চরিত্র অনেকানেক বিষয়ে প্রশংসা এবং অনুরাগের উপযুক্ত। তাহারদের সাহস, কর্ম্মপরতা, রসিকতা এবং আমোদ বিলক্ষণ আছে এবং আতিথ্য ধর্ম্মে এমত মনোযোগ যে কোনং জেলার গৃহস্থেরা ভোজন কালে কখন দ্বার রুদ্ধ করে না কিন্তু তাহারা পরিষ্কার পরিচ্ছন্ন থাকে না এবং স্বচ্ছন্দে ও সুখে বাস করিবার উপায় চিন্তা করে না

luxuries; and are destitute of that sober and steady spirit of enterprize which distinguishes the English.

In funerals, marriages, and similar solemnities, the Irish retain several old national customs. The practice of employing hired howling women at funerals, called *ululates*, is very prevalent. Marriages in many parts of the country are marked by some real, or at least apparent, violence; the bridegroom collects a large party of friends, seizes and carries off the seemingly reluctant bride.

Besides Great Britain and Ireland there are several smaller islands which cannot be omitted in a description of the United Kingdom. These may be classed as English, Scotch, or Irish according as they are contiguous to England, Scotland, or Ireland.

The English islands are Wight, Man, Scilly, and a group off the coasts of France, containing Jersey, Guernsey, Alderney, and Sark. These latter formed originally a part of the patrimony of the Norman kings, and are naturally French, though subject to the crown of England.

The Scotch islands are (1) those at the mouth of the Clyde, (2) the Hebrides or western isles, (3) the Northern islands.

The isles at the mouth of the Clyde are Bute and Arran. The Hebrides contain Islay, Jura, Mull, Skye, North and South Uist, Harris, Lewis. The Orkney and Shetland isles are called the northern.

The Irish islands are Rachlin, Tory, Iniskea, Achill, Inorisbofin, Clear.

আর ইংরাজেরদের ন্যায় স্থৈর্য্য গম্ভীর্য্য পূর্ব্বক কোন কর্ম্ম করিতে জানে না।

আয়িরিস লোকেরদের মধ্যে অন্ত্যেষ্টিক্রিয়া ও বিবাহাদি কার্য্যে অনেক পুরাতন রীতি চলিত আছে। তাহারা অন্ত্যেষ্টি ক্রিয়াকালে অদ্যাপি উলুলাতী নাম্নী বেতন গ্রাহিণী কতিপয় বৃদ্ধা নারীকে চিৎকারপূর্ব্বক রোদন করণার্থ নিযুক্ত করে এবং কোন২ প্রদেশে বিবাহ কালে যথার্থরূপে অথবা কপটতা পূর্ব্বক বলাৎকার করিবার প্রথা আছে কেননা বর ভূরি২ মিত্রবর্গ একত্র আনিয়া অনিচ্ছুবৎ কন্যাকে হরণ করিয়া লইয়া যায়।

সংযুক্ত রাজ্য বর্ণনা কালে গ্রেট ব্রিটেন এবং আয়র্লণ্ড ব্যতীত কয়েক ক্ষুদ্র২ উপদ্বীপের প্রসঙ্গ করা আবশ্যক ঐ সকল উপ দ্বীপ ইংলণ্ড স্কটলণ্ড এবং আয়র্লণ্ডের নিকটস্থ অতএব সে সকলকে ইংলণ্ডীয় স্কটলণ্ডীয় অথবা আয়র্লণ্ডীয় কহাযায়।

ইংলণ্ডীয় উপদ্বীপ এই২ যথা ওয়াইট, মেন, সিলি, এবং জর্সি, গর্ণসি, আলডর্ণি, শার্ক প্রভৃতি ফ্রান্সের নিকটস্থ দ্বীপ স্তবক। ঐ দ্বীপ স্তবক আদৌ নর্মাণ রাজারদের পৈতৃক বিষয় ছিল তথাকার স্বাভাবিক লক্ষণ ফ্রান্সের সদৃশ কিন্তু তাহা ইংলণ্ড রাজ্যাধীন।

স্কটলণ্ডীয় উপদ্বীপ ত্রিবিধ (১) ক্লাইড নদীর মুখের সন্নিহিত (২) হেব্রিডিস অর্থাৎ পশ্চিম উপদ্বীপ (৩) উত্তর উপদ্বীপ।

ক্লাইড নদী মুখের সন্নিহিত উপদ্বীপের নাম বুট এবং আরান ইশ্লে, জুরা, মল, স্কাই, উত্তর এবং দক্ষিণ উইষ্ট, হারিস, লূইস হেব্রিডিসের অন্তঃপাতি। অর্কনি এবং শেটলণ্ডের নাম উত্তর উপদ্বীপ

আয়র্লণ্ডীয় উপদ্বীপ এই২ যথা রাক্লিন, টোরি, ইনিস্কিয়া, আচিল, ইনোরিসবফিন, ক্লিয়ার।

FRANCE.

France is a great and powerful kingdom. It is bounded on the north by the English channel and a part of Belgium, on the east by Germany, Switzerland and Sardinia; on the south by the Mediterranean sea and the Pyrenees; on the west by the Atlantic ocean or rather the Bay of Biscay.

The surface of this extensive territory, though bordering upon the greatest mountain ranges of Europe, is in general level. The only range exclusively French is that of Auvergne, in the centre of the kingdom. By far the greater part of France, including the whole north and the whole east, is one widely extended plain, yielding in very high perfection all the fruits and products of the temperate zone.

The rivers of France, though not of the first magnitude, are noble and commodious. The principal streams are the Loire, the Rhone, the Seine, the Garonne, the Rhine. The last mentioned is to France only a limitary river.

The local divisions of France, prior to the revolution, were provinces, thirty-two in number, some of which originally formed independent states, and even little kingdoms. Since the revolution, the division into provinces has been superseded by a minuter one into departments. The following table exhibits both the provinces and departments together with their extent and chief towns.

ফ্রান্স।

ফ্রান্স রাজ্যকে মহা পরাক্রম শালি কহা যাইতে পারে, তাহার উত্তর সীমা ইংলণ্ডীয় সোঁত এবং বেল্‌জিয়মের একাংশ, পূর্ব্ব সীমা জর্ম্মনি, সুইজর্লণ্ড, এবং সার্দ্দিনিয়া, দক্ষিণ সীমা মেদিতরেনিন সমুদ্র এবং পিরিনিস পর্ব্বত, পশ্চিম সীমা আটলাণ্টিক সাগর অথবা বিস্কে নামক অখাত।

ঐ বৃহৎ দেশ ইউরোপীয় উচ্চ২ পর্ব্বতের অতি নিকটস্থ হইলেও তথাকার ভূমি প্রায় সর্ব্বাংশে সরল, রাজ্যের মধ্যস্থিত আবর্ণ পর্ব্বতকেই কেবল প্রকৃতরূপে ফ্রান্স দেশীয় কহা যাইতে পারে। সমুদয় উত্তরাঞ্চল এবং পূর্ব্বাঞ্চল সম্বলিত ফ্রান্সের অধিকাংশ ভূমি অনেক দূর পর্য্যন্ত নিতান্ত সরল, সেখানে অনুষ্ণাশীত মেখলের প্রকৃত ফল পুষ্প রাশীকৃত জন্মে।

ফ্রান্সের নদ নদী পৃথিবীর মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ নহে তথাপি তাহা অতিশয় বৃহৎ এবং মহোপকারিণী। প্রধান২ নদীর নাম লৈর, রোন, সিন, গারোন, রাইন। কিন্তু রাইন নদী ফ্রান্সের প্রান্তস্থিত মাত্র।

ফ্রান্স দেশে রাজ্য বিপর্য্যয় হইবার পূর্ব্বে তাহা দ্বাত্রিংশৎ প্রদেশে বিভক্ত ছিল সেই সকল প্রদেশ আদৌ স্বতন্ত্র২ রাজ্য ছিল এক্ষণে ডিপার্টমেণ্ট নামক ক্ষুদ্রতর অংশে আরো সূক্ষ্মরূপে বিভক্ত হইয়াছে। উক্ত দেশে যে২ প্রদেশ এবং অংশ আছে প্রধান২ নগরের নাম সম্বলিত তদ্বিবরণ লেখা যাইতেছে। যথা

Provinces.	*Departments.*	*Cities & Towns.*
Flanders, ...	Nord,	Lisle.
Artois, ...	Pas de Calais,	Arras.
Picardy, ...	Somme,	Amiens.
Normandy, ...	Lower Seine,	Rouen.
	Calvados,	Caen.
	Manche,	St. Lo.
	Orne,	Alencon.
	Eure,	Evreux.
Isle of France.	Seine,	Paris.
	Seine and Oise,	Versailles.
	Oise,	Beauvais.
	Seine and Marne,	Melun.
	Aisne,	Laon.
Champagne,....	Marne,	Chalons.
	Ardennes,	Mezieres.
	Aube,	Troyes.
	Upper Marne,	Chaumont.
Lorraine, ...	Meuse,	Bar le duc.
	Moselle,	Metz.
	Meurthe,	Nancy.
	Vosges,	Epinal.
Alsace, ...	Upper Rhine,	Colmar.
	Lower Rhine,	Strasburg.

প্রদেশ।	অংশ।	প্রধান নগর।
ফ্লাণ্ডর্শ........	নর্ড	লাইল
আর্তয়........	পা দি কেলে	আরাস
পিকার্ডি........	সম	আমিন্স
নর্মাণ্ডি........	লোয়র সিন	রৌএন
	কালবেডো	কেন
	মাঞ্চ	সেণ্টলো
	অর্ন	আলেন্সন
	ইউর	এব্রো
আইল অব ফ্রান্স	সিন	পারিস
	সিন এবং অয়	বর্শলস
	অয়	বোবাই
	সিন এবং মার্ন	মেলুঁ
	এন	লেয়ন
শাম্পেন........	মার্ন	শেলন
	আর্ডেন	মেজিএরিস
	ঔবি	ট্রয়স
	অপর মার্ন	শমোঁ
লোরেন........	মো	বার্লেডক
	মোসেল	মেটস
	মোর্থে	নান্সি
	বসগে	এপিনাল
আলসেশ........	অপর রাইন	কলমার
	লোয়র রাইন	ষ্ট্রাসবর্গ

Provinces.	*Departments.*	*Cities & Towns.*
Britany, ...	Isle and Vilaine,	Rennes.
	Cotes du Nord,	St. Brieux.
	Finisterre,	Quimper.
	Morbihan,	Vannes.
	Lower Loire,	Nantes.
Maine & Perche.	Mayenne,	Laval.
	Sarthe,	Le Mans.
Anjou, ...	Maine and Loire,	Angers.
Touraine, ...	Indre and Loire,	Tours.
Orleannois, ...	Loiret,	Orleans.
	Eure and Loir,	Chartres.
	Loir and Cher,	Blois.
Berri, ...	Indre,	Chateauroux.
	Cher,	Bourges.
Nivernois, ...	Nievre,	Nevers.
Burgundy, ...	Yonne,	Auxerre.
	Cote d' Or,	Dion.
	Saone and Loire,	Macon.
	Aisne,	Chalons.
Franche comte, .	Upper Saone,	Vesoul,
	Doubs,	Besancon.
	Jura,	Lons le Soulnier

প্রদেশ।	অংশ।	প্রধান নগর।
ব্রিটেনি........	আইল এবং বিলেঁ	রেনস
	কোটস ডু নর্ড	সেন্টব্রো
	ফিনিষ্টর	কুইম্পর
	মর্বিহান	বান্স
	লোয়র লয়ার	নান্টিস
মেন এবং পর্চ....	মেন	লাবাল
	সার্থি	লেমান্স
আঁজু..........	মেন ও লয়ার	আঁজের্শ
তুরেন.........	ইন্দ্র ও লয়ার	তুর্শ
ওর্লিয়ানৈ.......	লৈরে	ওর্লিয়ন্স
	ওর ও লৈর	শাত্রে
	লৈর ও শর	বুয়
বেরি..........	ইন্দ্র	শাতুরো
	শর	বোর্জেশ
নিবর্নৈ.........	নিবর	নিবর্শ
বর্গণ্ডি.........	ইয়োন	ওজের
	কোট ডি অর	দিযোঁ
	সেওন ও লয়ার	মাকোন
	আইন	শালন্স
ফ্রান্সকমতে........	অপর সেওন	বেস্থল
	ডুবস	বেসাঙ্কন
	জুরা	লনস লে সলনির

Provinces.	*Departments.*	*Cities & Towns.*
Poitou, ...	Vendee,	Bourbon Vendee.
	Daix,	Niort.
	Vienne,	Poitiers.
Aunis, Saintonge Angoumois, ..	Creuze,	Gueret.
	Upper Veinne,	Limoges.
	Correse,	Tulle.
	Charente,	Angouleme.
	Lower Charente,	Rochelle.
Auvergne, ...	Puy de Dome,	Clermont.
	Cantal,	Aurillac.
Lyonnois, ...	Rhone,	Lyons, with Suburbs.
	Loire,	Montbrisson.
Dauphine, ...	Isere,	Grenoble.
	Upper Alps,	Gap.
	Drome,	Valénce.
Guienne.	Dordogne,	Perigueux.
	Gironde,	Bordeaux.
	Lot and Garonne	Agen.
	Lot,	Cahors.
	Aveyron,	Rhodez.
	Gers,	Auch.
Bourbonnois, ..	Allier,	Moulins.
Gascony & Bearn,	Landes,	Mont de Marsan.
	Upper Pyrenees,	Tarbe.
	Lower Pyrenees,	Bayonne.

প্রদেশ।	অংশ।	প্রধান নগর।
পৈতু	বেণ্ডি	বর্বোঁ বেণ্ডি
	দাই	নিওর
	বিএন	পৈতিয়র্শ
আলিশ, শান্তং.... আঙ্গুময়........	ক্রো	গেরেট
	অপর বিএন	লিমোজিস
	কো:রজ	তলে
	শারেন্ত	আঙ্গুলেম
	লোয়র শারেন্ত	রোশেল
আবর্ণ	পুইদি দোম	ক্লার্মণ্ট
	কান্তাল	আরিলাক
লিওনয়........	রোন	লিয়ন্স
	লয়ার	মনব্রিসন
দফিন	আসিরি	গ্রেনোবল
	অপর আলপ্স	গাপ
	ড্রোম	বালেন্স
গিএঁ	দর্দো	পেরিগো
	গিরন্দি	বর্দো
	লত ও গারোন	আগন
	লত	কেহর্শ
	আবেরোঁ	রোদেজ
	গর্শ	আশ
বর্বোনয়	আলিয়র	মুলিন্স
গাস্কোনিও বেরণ	লান্দস	মন্ দি মার্শান
	অপর পিরেনিস	তার্বে
	লোয়র ঐ	বেয়োঁ

Provinces.	*Departments.*	*Cities & Towns.*
Foix, ...	Arriege,	Foix.
Rousillon,......	Eastern Pyrenees	Perpignan.
Languedoc, ...	Upper Garonne,	Toulouse.
	Aude,	Carcassonne.
	Tarn,	Alby.
	Tarn & Garonne,	Montauban.
	Herault,	Montpelier.
	Gard,	Nismes.
	Lozere,	Mende.
	Upper Loire,	Le Puy en Velay.
	Ardeche,	Privas.
Provence,......	Lower Alps,	Digne.
	Mouths of the Rhone,	Marseilles.
	Var,	Toulon.
	Vaucluse,	Avignon.
Corsica, ...	Corsica,	Ajaccio.

Paris is the capital of France and is only second to London as a centre of civilzation and refinement. The Seinee flows through the city which covers on both banks of the river an extent of about twelve square miles.

The ancient name of France was Gaul which included Switzerland and Belgium. It was by his victories in Gaul that Julius Cæsar established that power and greatness of which nothing but the hands of assassins could afterwards deprive him. On the fall of the western

প্রদেশ।	অংশ।	প্রধান নগর।
ফয়....	আরিএজ	ফয়
রুসিলোঁ........	পূর্ব্ব পিরেনিস	পর্পিনান
লাঙ্গুইদক	অপর গারোন	তুলোস
	ঔদ	কার্কেশোন
	তারন	আল্বি
	তারন ও গারোন	মন্তোবাঁ
	হরোল্ত	মন্তপিলিয়ার
	গার্দ	নিস্মে
	লোজের	মেন্দে
	অপর লয়ার	লেপূই এন বেল্পে
	আবর্দশ	প্রিবাস
প্রোবেন্স	লোয়র আল্পস	দিগ্নে
	রোন সঙ্গম	মার্সেল
	বার	তুলোঁন
	বাক্লুস	আবিগ্নান
কর্সিকা	কর্সিকা	আজাসিও

ফ্রান্সের রাজধানীর নাম পারিস তাহা সভ্য ভব্যতায় লণ্ডনের দ্বিতীয়। সিন নদী ঐ নগরের মধ্য দিয়া গমন করিয়াছে তাহার উভয় পার্শ্বে নগরের পরিমাণ প্রায় তিন বর্গ ক্রোশ।

ফ্রান্সের প্রাচীন নাম গাল, পূর্ব্বকালে সুইজর্লণ্ড এবং বেলজিয়মও ঐ নামে ব্যক্ত হইত। রোমান সৈন্য শাসক জুলিয়স সিজর গাল দেশ জয় করিয়া এমত মহাবল পরাক্রম হইয়াছিলেন যে পরে তাঁহার বিপক্ষ দল তাঁহাকে খর্ব্ব করিবার কোন উপায় না দেখিয়া গোপনে বধ করিয়াছিল।

empire, Gaul was over-run by various hordes of barbarians, one of whom, the Franks, founded the monarchy called France.

France has been latterly the theatre of two great revolutions, in one of which the sovereign was brought to the block, in the other the reigning king was obliged to become a fugitive from his own kingdom. The second revolution has, however, been happily followed by the establishment of peace and order, and of a strong government under a branch of the expelled dynasty.

The constitution of France resembles in some respects that of England. There is a chamber of Peers corresponding to the house of Lords, and a chamber of Deputies to the house of Commons.

France is both an agricultural and a manufacturing country. Grain is produced with such diligence as to yield enough in ordinary years to supply its extensive population with food. Wine ranks next in importance to grain, and forms a most valuable part of French industry. The wines of France are generally accounted the most delicate in the world.

The most important manufactures of France are silk and woollen. The woollen fabrics are either very coarse or very fine. French articles exported to India are many of them far inferior to English manufactures.

পশ্চিম রাজ্য বিনষ্ট হইলে পর গাল দেশ ভূরি২ অসভ্য জাতির দ্বারা আক্রান্ত হইয়াছিল অবশেষে ফ্রাঙ্ক নামে এক অসভ্য জাতি তথায় ফ্রান্স রাজ্য স্থাপন করে।

কিয়দ্দিবস গত হইল ফ্রান্স দেশে দুইবার ঘোরতর রাজ্য বিপর্য্যয় হইয়াছিল, প্রথম বিপর্য্যয়ে নৃপতির মুণ্ড পাত হয় দ্বিতীয় বিপর্য্যয়ে তাৎকালিক রাজাকে স্বদেশ ত্যাগ করিয়া পলায়ন করিতে হয় পরন্তু দ্বিতীয় বিপর্য্যয়ের পর অবধি দূরীকৃত রাজবংশ সম্পর্কীয় এক নৃপতির শাসনে দেশের মধ্যে কুশল শান্তি এবং সুনিয়ম পুনঃ স্থাপিত হইয়াছে।

ফ্রান্স দেশীয় রাজশাসনের নিয়ম কোন২ বিষয়ে ইংলণ্ডের সদৃশ। তথায় "চেম্বর অব পিয়র্শ" নামে কুলীনদের সভা হইয়া থাকে যাহা ইংলণ্ডীয় "হৌস আব লর্ডস" অর্থাৎ কুলীন সমাজ তুল্য, অপর প্রতিনিধিদিগেরও এক সভা হয় তাহা ইংলণ্ডীয় "হৌস আব কামান্স" অর্থাৎ সাধারণ লোকদিগের সমাজ সদৃশ।

ফ্রান্স দেশে কৃষি এবং শিল্প কার্য্য উভয়ই হইয়া থাকে, শস্য প্রস্তুত করণে লোক দিগের এমত যত্ন যে দেশের মধ্যে বহু সংখ্যক প্রজা থাকিলেও সামান্যতঃ সকলেরই আহারোপযুক্ত শস্য উৎপন্ন হয়। অপর উক্ত দেশে দ্রাক্ষারসও উত্তম হয় প্রজারা তাহা প্রস্তুত করণার্থে বহুতর পরিশ্রম করিয়া থাকে ফলতঃ ভূমণ্ডলস্থ প্রায় সকল লোকেই ফ্রান্স দেশীয় দ্রাক্ষারস সর্ব্বাপেক্ষা মধুর জ্ঞান করেন।

ফ্রান্স দেশীয় শিল্প কার্য্যের মধ্যে কৌশেয় এবং লোমজ বস্ত্র অত্যুত্তম অথবা অত্যধম বিনা মধ্যম প্রকার প্রস্তুত হয় না তথাকার যে২ সামগ্রী ভারতবর্ষে আইসে তাহার অধিকাংশ ইংলণ্ডীয় দ্রব্য অপেক্ষা অধম।

The commerce of France has greatly suffered from Napoleon's adverse policy. A more enlightened view is now taken by its rulers; and it is hoped that commerce will gradually improve.

The French have long been distinguished for their gaiety and refinement. The morality of Paris is not considered very strict. They are, however, by no means inferior to the other nations of Europe in point of intellectual acquirements. They occupy a leading place in the republic of science, and their language is understood all over the continent. France abounds with Universities, Colleges, and Schools tending to keep up the high literary character of its inhabitants.

The French, though formerly the most zealous supporters of the Roman Catholic system, and though still fond of religious contemplation, are not now tenacious of opinions considered orthodox in their country. The great bulk of the inhabitants are still, however, professed members of the Roman Catholic Church. They were not long ago notorious for their infidelity.

The French have always been celebrated for the attention they pay to their dress and their luxuries of the table. Paris has long been considered as the capital of the fashionable world. "Parisian millinery" and "French cookery" have become proverbial in Europe.

নেপোলিয়ন নামক মহাবীরের বিপরীতাচরণে ফ্রান্স দেশের বাণিজ্যের অতিশয় হ্রাস হইয়াছিল কিন্তু এক্ষণে তথাকার রাজা সুবিবেচনা পূর্ব্বক বাণিজ্যের অনুকূল হইয়াছেন সুতরাং তদ্বিষয়ে উন্নতির সম্ভাবনা আছে।

ফ্রান্স দেশীয় লোকেরা বহু কালাবধি হাস্য রস এবং সভ্যতা প্রকাশে বিখ্যাত আছে কিন্তু পারিস নগরে সদসৎ ব্যবহারের তাদৃক্ বিবেচনা নাই। তাহারা বিদ্যা এবং বুদ্ধিতে অন্য জাতি অপেক্ষা কোন মতে ন্যূন নহে বস্তুতঃ তাহাদিগকে পদার্থ বিদ্যাতে শ্রেষ্ঠ কহিতে হইবেক ইউরোপীয় সকল জাতিই তাহারদের ভাষা বুঝিতে পারে। প্রজারদের পাণ্ডিত্য রক্ষা করণার্থ ফ্রান্স মধ্যে ভূরি২ ইউনিবর্সিটি, কালেজ প্রভৃতি বিদ্যালয় আছে।

ফ্রেঞ্চ জাতি পূর্ব্বে রোমান কাথোলিক ধর্ম্ম রক্ষার্থে অতিশয় উৎসুক হইত অদ্যাপি তাহারা ধর্ম্ম চিন্তনে ত্রুটি করে না কিন্তু যে২ মত তাহারদের দেশে শাস্ত্র সিদ্ধ বলিয়া গণ্য হয় তাহাতে আর অধিক অনুরক্ত হয় না তথাপি অধিকাংশ প্রজা রোমান কেথোলিক ধর্ম্মের অনুষ্ঠান করে পরন্তু কিয়দ্দিবস হইল তাহারা নাস্তিক বলিয়া সর্ব্বত্র বিখ্যাত ছিল।

ফ্রেঞ্চজাতি উত্তম অশন বসনে অনুরক্ত এনিমিত্ত সর্ব্ব কালেই বিখ্যাত হইয়াছে পারিস নগর বহু কালাবধি নব্য বিলাস স্থান বলিয়া গণ্য হইয়াছে "পারিস নগরীয় পরিচ্ছদ" এবং "ফ্রান্স দেশীয় অন্ন ব্যঞ্জন" ইউরোপের সর্ব্বত্র বিখ্যাত

There is nothing very remarkable in the zoology of France. The domestic animals are similar to those of England; the wild animals are bears, wolves, otters, weasels, &c.

SPAIN.

Spain forms the principal part of a very extensive peninsula, the most southern and also the most western portion of Europe. It is bounded on the north by the bay of Biscay and the Pyrenees, on the south and east by the Mediterranean sea, and on the west by Portugal and the Atlantic ocean.

Spain is traversed by long and lofty ranges of mountains, having plains of vast extent between them and the sea. They are parts of the great chain which separates it from France, and have received specific names from the provinces through which they pass.

Spain is likewise celebrated for its rivers, the chief of which are the Ebro, Tagus, Douro, Guadiana, Guadalquiver, and the Minho. Some of these streams pass through Portugal into the sea, and cannot, therefore, be considered exclusively Spanish. The Douro was the scene of many operations during the peninsular war, and supplied the second title, when the justice of the British sovereign conferred distinctions of honor upon the great captain of the age*.

* The Duke of Wellington whose second title is the Marquis of Douro.

ফ্রান্স দেশীয় পশ্বাদির বর্ণনায় কোন বিচিত্রতা নাই, গ্রাম্য পশু প্রায় সকলি ইংলণ্ড দেশের ন্যায় দেখা যায় বন্য পশুর মধ্যে ভল্লুক তরক্ষু নকুল প্রভৃতি অনেক আছে।

স্পেন।

স্পেন দেশ ইউরোপের সর্ব্ব দক্ষিণ এবং সর্ব্ব পশ্চিম দিক্স্থ বৃহৎ প্রায়দ্বীপের প্রধান অংশ। তাহার উত্তর সীমা বিস্কে অখাত এবং পিরিনিস পর্ব্বত, দক্ষিণ ও পূর্ব্ব সীমা মেদিতরেনিন সমুদ্র, পশ্চিম সীমা পর্ত্তুগাল এবং আটলাণ্টিক সাগর।

স্পেন দেশ সুদীর্ঘ উচ্চ২ পর্ব্বত শ্রেণীতে ব্যাপ্ত কিন্তু পর্ব্বত এবং সমুদ্রের মধ্যস্থলে অতিশয় বিস্তৃত ক্ষেত্র আছে। ঐ সকল শৈল স্পেন এবং ফ্রান্সের ব্যবধান স্বরূপ বৃহৎ পর্ব্বতের অংশ মাত্র, তাহা যে২ দেশে ব্যাপ্ত আছে তদনুসারে বিশেষ২ উপাধি প্রাপ্ত হইয়াছে।

স্পেন দেশে কএক প্রসিদ্ধ নদী প্রবাহিতা আছে তাহার মধ্যে প্রধান২ তরঙ্গিণীর নাম ইব্রো, তেগস, ডোরো, গুএডিয়ানা, গুএডাল কুইবর, এবং মিনহো। এই সকল নদীর মধ্যে কোন২ টা পর্ত্তুগালের মধ্য দিয়া গিয়া সমুদ্রে পতিত হইয়াছে সুতরাং সে সকলকে নিতান্ত স্পেনীয় কহা যাইতে পারে না। "পেনিনসুলার" নামক সংগ্রাম কালে ডোরো নদী তীরে অনেক বার যুদ্ধ হইয়াছিল তন্নিমিত্ত ব্রিটেন দেশীয় রাজা তাৎকালিক মহা সৈন্য শাসকের যথোচিত মর্য্যাদা করণার্থ ঐ নদীর নামে তাঁহার দ্বিতীয় উপাধি ধার্য্য করিয়াছিলেন *।

---

* ডিউক অব ওএলিংটন মহাবীরের দ্বিতীয় উপাধি মার্কুইশ অব ডোরো।

Spain is noted in ancient history for the early exploits of Hannibal, the great Carthaginian general. It was the scene in times more recent of strong conflicts between the French and the English.

Upon the destruction of the western empire, Spain was over-run like most other countries in Europe by the Goths. Her growth as an independent power was afterwards impeded by the invasion of the Arabs, who kept possession of the country for several centuries, and were not finally expelled before the union of the crowns of Castile and Aragon under Ferdinand and Isabella in 1474. Then followed a most glorious epoch in the history of Spain. The discovery of America, the conquest of the golden regions of Mexico and Peru, the first circumnavigation of the Globe, all these contributed to extend Spanish influence to the utmost parts of the earth. But on the death of Philip II. Spain began to decline and has ever since been in a flourishing condition.

Spain was originally divided like some other European countries into small principalities forming at one time independent kingdoms. These kingdoms have long since merged into one monarchy and are now subdivided into the following *departments*:—

New Castile; Madrid, Toledo, Guadalaxara, Cuenea, La Mancha.

Estremadura;

Old Castile; Burgos, Soria, Segovia, Avila.

কার্থেজিন সেনানী মহাবীর হানিবল প্রথমতঃ স্পেনে শৌর্য্য বীর্য্য প্রকাশ করেন তন্নিমিত্ত স্পেন দেশ প্রাচীন কালে অতিশয় বিখ্যাত হয় ইদানীন্তন কালেও ইংরাজ এবং ফ্রেঞ্চ জাতিরা ঐ স্থানে বারম্বার তুমুল সংগ্রাম করিয়াছে।

পশ্চিম রাজ্য ক্ষয়ানন্তর স্পেন দেশ ইউরোপীয় অন্যান্য দেশের ন্যায় গথ জাতির দ্বারা আক্রান্ত হইয়াছিল পরে আরবি লোকদিগের আক্রমণ বশতঃ বহু কাল পর্য্যন্ত স্বাধীন অথবা বৃদ্ধিশীল হইতে পারে নাই কেননা আরবি লোকেরা শত২ বৎসরাবধি তথায় প্রবল ছিল অবশেষে ১৪৭৪ সালে ফর্ডিনাণ্ড এবং ইসেবেলার অধীনে কাষ্টিল এবং আরাগন রাজ্য সংযুক্ত হওয়াতে তাহারা উক্ত দেশ হইতে সম্পূর্ণ রূপে নিরাকৃত হয়। আরবিরা দূরীকৃত হইলে স্পেন দেশ অতি মহৎ হইয়া উঠে তৎকালে আমেরিকা খণ্ড প্রকাশ এবং মেক্সিকো ও পেরুর স্বর্ণময় ভূমি জয় তথা ভূমণ্ডলের প্রথম পরিবেষ্টন হওয়াতে অতি দূর স্থিত দেশ দেশান্তরও স্পেন রাজ্যের প্রভাবে ব্যাপ্ত হইয়াছিল কিন্তু দ্বিতীয় ফিলিপ রাজার মরণানন্তর স্পেন দেশের প্রভাব ক্ষয় হইতে লাগিল অদ্যাপি সে অবস্থার শোধন হয় নাই।

অন্যান্য দেশের ন্যা ইউরোপীয়য় স্পেন দেশ প্রথমতঃ বিবিধ প্রদেশে বিভক্ত ছিল এবং তাহা আদৌ স্বতন্ত্র২ রাজ্যরূপে গণ্য হইত বহু কাল গত হইল সে সকল রাজ্য এক সম্রাটের অধীন হইয়া ক্ষুদ্র২ খণ্ডে বিভিন্ন হইয়াছে যথা।

নিউ কাষ্টিল। মেড্রিড, টোলেড়ো, গোয়াডালাক্সারা, কুই-নিয়া, লা মাঙ্কা।

এষ্ট্রি মেডুরা।

ওলড কাষ্টিল। বর্গোস, সোরিয়া, সিগোবিয়া, আবিলা, ।

LEON; Leon, Palencia, Tow, Valladolid, Zamora, Salamanca,
ASTURIAS.
GALICIA.
CATALONIA.
NAVARRE.
BISCAY; Biscay, Guipuscoa, Alava.
ARAGON.
VALENCIA.
MURCIA.
GRANADA.
ANDALUSIA; Seville, Jaen, Cordova.

Spain was an absolute monarchy until lately. Constitutional forms, have now been introduced but with no great success as yet.

The people are but imperfectly civilized, and, though not individually devoid of heroism, are destitute of that steadiness and wisdom which constitute national strength. They are Roman Catholics in religion, and are distinguished by the bigotry and superstition which are inseparable from a low state of education.

The commerce of Spain is in a state of depression. Her agriculture and manufacture are likewise indifferent and unimproved. Her wines are alone of any value. Her sherry ministers to human enjoyment all over the globe.

The climate of Spain is very pleasant and the soil in parts very fertile. Olives and grapes are the most

লিয়ন। লিয়ন, পেলেন্সিয়া, টৌ, বেলেডলিড, জামরা, সালামাঙ্কা।
আষ্টুরিয়াস
গালিসিয়া
কাটালোনিয়া
নাবার
বিস্কে। বিস্কে, গুইপূস্কোয়া, আলাবা।
আরাগন।
বালেন্সিয়া
মর্শিয়া
গ্রানাডা
আণ্ডালুসিয়া। সেবিল, জেন, কর্ডোবা।

কিয়ৎকাল পূর্ব্বে স্পেনের রাজা স্বেচ্ছানুসারে রাজ্য শাসন করিতেন এক্ষণে রাজ শাসন নিয়মবদ্ধ হইবার উপক্রম হইয়াছে কিন্তু ফলে সে নিয়ম অদ্যাপি উত্তম রূপে চলিত হয় নাই। তথাকার প্রজারা অর্দ্ধ সভ্য মাত্র, ব্যক্তিভাবে তাহার-দের শৌর্য্য বীর্য্য প্রকাশে ত্রুটি না থাকিলেও বিবেচনা ও ধৈর্য্য গাম্ভীর্য্যের যথেষ্ট অভাব আছে সুতরাং সমষ্টি ভাবে তাহারা পরাক্রমশালী নহে। তাহারদের ধর্ম্ম রোমান কেথোলিক, অপর বিদ্যা ও পাণ্ডিত্যের উন্নতি না হওয়াতে তাহারা স্বভাবতঃ ধর্ম্ম মত্ত এবং মিথ্যা জ্ঞানে পরিপূর্ণ।

স্পেন দেশে বাণিজ্যের সুবিধা নাই কৃষি এবং শিল্প কার্য্যও উত্তম হয় না তথায় কেবল দ্রাক্ষারস উৎকৃষ্ট রূপে প্রস্তুত হয় এবং ভূমণ্ডলস্থ প্রায় যাবদীয় লোক সেখানকার শেরি নামক দ্রাক্ষারস পান করিয়া আপ্যায়িত হয়।

স্পেন দেশের বায়ু অতি সুখস্পর্শ এবং কোন২ অংশের মৃত্তিকা অত্যন্ত উর্ব্বরা কিন্তু তত্রত্য ফল মূলের মধ্যে জলপায়ী

valuable vegetable productions, and extensive forests of cork are very common. The zoology of Spain is similar to that of France.

The coasts of Spain are diversified by capes of which the principal are Ortegal, Finisterre, Trafalgar, de Gata, St. Martin, Creux.

A strong fortress in Spain, Gibraltar, is subject to the English crown. The Spaniards have made several attempts to recover it but in vain.

The Balearic islands of Majorca, Minorca, and Ivica, situated in the Mediterranean sea, are subject to the Spanish monarch.

PORTUGAL.

Portugal, or as it was then called Lusitania, was by the ancients considered a part of Spain. Its existence as a distinct kingdom dates from the commencement of the Twelfth century.

The boundaries of Portugal are the Atlantic ocean on the south and west, the Spanish province of Galicia on the north; and Estremadura and Leon on the east. The general outline and aspect of the country are similar to those of Spain from which it is separated only by political causes; its mountains and rivers being mere continuations of those of the other part of the peninsula.

Portugal is divided into six provinces, viz. Estremadura, Alemtejo, Algarve, Beira, Entre Douro e Minho, Tras os Montes. Lisbon, the capital of the kingdom, is

এবং দ্রাক্ষাই শ্রেষ্ঠ। অপর তথায় কার্ক অর্থাৎ সোলার ন্যায় কাষ্ঠময় বন অনেক আছে। উক্ত দেশের পশ্বাদি ফ্রান্সের তুল্য।

স্পেন দেশে নানাবিধ অন্তরীপ আছে তাহার মধ্যে অর্টিগাল, ফিনিষ্টর, ট্রাফালগার, ডিগাটা, সেণ্ট মার্টিন, এবং ক্রো সর্ব্ব প্রধান।

স্পেনের অন্তঃপাতি জিব্রালটর নামক দুর্গ ইংলণ্ডীয় রাজ্যের অধীন। স্পেনীয় লোকেরা তাহা অধিকার করিতে বারম্বার যত্ন করিয়াছিল কিন্তু তাহাতে কোন ফল দর্শে নাই।

মেদিতরেনিন সমুদ্রস্থ মেজর্কা, মাইনর্কা, এবং ইবিকা নামে বালেরিক উপদ্বীপ স্পেন রাজের অধীন।

পর্তুগাল।

পর্তুগাল দেশ প্রাচীন কালে লূসিটেনিয়া নামে কথিত হইত তাৎকালিক লোকেরা তাহাকে স্পেনের এক অংশ জ্ঞান করিত ফলতঃ খ্রীষ্টের একাদশ শত বৎসরের পরে তাহা-স্বতন্ত্র রাজ্য হয়।

পর্ত্তুগালের দক্ষিণ এবং পশ্চিম সীমা আটলাণ্টিক সাগর, উত্তর সীমা স্পেনীয় গালিসিয়া প্রদেশ, পূর্ব্বসীমা এষ্ট্রিমেডুরা এবং লিওন। ঐ দেশের আকার এবং ভূমি সামান্যতঃ স্পেনের সদৃশ ফলতঃ তাহা কেবল স্বতন্ত্র রাজ্য প্রযুক্ত স্পেন দেশ হইতে বিভিন্ন। তথাকার পর্ব্বত এবং নদী স্পেনীয় পর্ব্বত ও নদীর অংশ মাত্র।

পর্ত্তুগাল দেশ ছয় প্রদেশে বিভক্ত, যথা এষ্ট্রিমেডুরা, আলেমটিজো, আলগার্ব, বাইরা, এণ্ট্রে ডৌরো ই মিনহো, ট্রাস অস মণ্টিস। লিসবন নগর উক্ত দেশের রাজধানী, তাহা তেগস নদী

situated on the Tagus; Oporto or Porto, the ancient capital, on the Douro; Port wine comes from the latter city being exported chiefly to England. The other towns of note are Evora, Elvas, Taro, Coimbra, Braga, Braganza. The principal capes are Mondego, Espichel, Carvoeiro, Roca, and St. Vincent.

The government of Portugal was despotic, but here also constitutional forms have been introduced. The people, once so celebrated for their commercial enterprize, and their discoveries of unknown regions, are now still lower than the Spanish in the scale of civilization. They are of the same religion with their neighbours, and speak a language which is a dialect of the Spanish though it has a distinct literature of its own.

The Portugueze possess some territories, of no great importance or extent, in various parts of world. The Azores, Madeira, the Cape de Verde, and several other islands besides some continental regions in Asia and Africa, are appendages to the crown of Portugal.

ITALY.

Italy is an extensive region in the south of Europe, one of the finest in the world as to soil and climate, and noted as the theatre of many of the greatest events in history. It is now in a state of degradation and decline, but is filled with grand monuments, and scenes calculated to awaken the most lofty recollections,

তীরে স্থাপিত, প্রাচীন রাজধানী ওপর্টো অথবা পোর্টানগর ডৌরো নদী তটে নির্ম্মিত। এই শেষোক্ত নগর হইতে পোর্ট ওয়াইন নামক দ্রাক্ষারস আইসে তাহা প্রায় ইংলণ্ডেতেই প্রেরিত হয়। অন্যান্য প্রধান নগরের নাম ইবোরা, এলবাস, টারো, কৈম্ব্রা, ব্রাগা, ব্রাগানজা। প্রধান২ অন্তরীপের নাম মণ্ডিগো, এস্পিচেল, কার্বোআইরো, রোকা, এবং সেণ্ট বিন্সেণ্ট।

পর্ত্তগাল দেশের রাজা পূর্ব্বে স্বেচ্ছানুসারে রাজশাসন করিতেন কিন্তু এক্ষণে নিয়মানুসারে শাসন হইবার উপক্রম হইয়াছে। তথাকার প্রজারা এককালে যত্ন পূর্ব্বক বাণিজ্য এবং নূতন২ দেশ প্রকাশ করিয়া সুবিখ্যাত হইয়াছিল কিন্তু এক্ষণে সভ্যতা বিষয়ে স্পেনীয় লোক হইতেও অধম হইয়াছে। তাহারদের ধর্ম্ম স্পেনীয় লোক দিগের তুল্য এবং ভাষাও স্পেনীয় ভাষার শাখা পরন্তু তাহারদের ভাষাতে স্বতন্ত্র২ বিদ্যা আছে।

পৃথিবীতলের বিবিধ অংশে পর্ত্তগালীয় লোকদিগের অধিকৃত কতিপয় দেশ আছে কিন্তু সে সকল দেশ পরিমাণে বৃহৎ নহে। আজোর, মেদেরা, কেপ ডি বর্ড প্রভৃতি উপদ্বীপ এবং এস্যা ও আফ্রিকাস্থ কতিপয় দেশে পর্ত্তগাল রাজের অধিকার।

ইতালি।

ইতালি ইউরোপের দক্ষিণ অঞ্চলস্থ বিস্তৃত দেশ, তাহাকে বায়ু এবং মৃত্তিকার গুণে পৃথিবীর উত্তম২ দেশের মধ্যে গণ্য করা যাইতে পারে এবং তথায় নানাবিধ মহৎ ব্যাপার হওয়াতে তাহা পুরাবৃত্তে অতিশয় বিখ্যাত হইয়াছে। এক্ষণে উক্ত দেশের অবস্থা উত্তম নহে কিন্তু সেখানে পূর্ব্বকালীন মাহাত্ম্যের ভূরি২ চিহ্ন আছে তত্রত্য জনপদাদি দৃষ্টি করিলে অদ্যাপি হৃদয় পুলকিত হয়।

Italy is a peninsula enclosed by the Mediterranean, and it branches on all sides but the north-west, where it is bounded by the stupendous chains of the Alps. The surface of the country is finely diversified by the loftiest mountains and the most beautiful plains in Europe. The Appennine, branching from the Alps on the western frontiers, runs for a long space to the south east, and is a chain purely Italian. The Italian mountains are throughout covered with luxuriant foliage, and are in appropriate keeping with the finely cultivated valleys which surround them. In the southern quarter the mountains assume a very formidable and volcanic character, pouring deluges of burning lava from the cone of Vesuvius, and convulsing Calabria with the most terrible earthquakes.

The rivers in Italy are of no great magnitude; they are celebrated only for the classical recollections, which their names awaken. The principal streams are the Po, the Tiber, Adige, Arno. The lakes of Italy are Maggiore or Locarno, Como, Garda, Perugia, Bolsena, Commachio, Celano and others of inferior note.

Italy is celebrated for its beautiful climate and is rich in its vegetable and mineral productions. It produces rice, rye, millet, flax, cotton, tobacco as well as grapes, olives, dates, figs, oranges, almonds, and cherries. Its mountains contain quarries of beautiful sorts of marble, alabaster, jasper, &c. The inhabitants are devotedly attached to the fine arts such as painting, sculpture, architecture, and music. Their moral charac-

ইতালি দেশ প্রায়দ্বীপাকারে উত্তর পশ্চিম কোণ ব্যতীত সর্ব্ব দিকে মেদিতরেনিন সমুদ্র এবং তৎশাখাতে বেষ্টিত। উত্তর পশ্চিম কোণে তাহা আল্পস নামক প্রকাণ্ড পর্ব্বত দ্বারা সীমাবদ্ধ। উক্ত দেশ ইউরোপীয় অত্যুচ্চ পর্ব্বতে এবং শোভিত ক্ষেত্রে অলঙ্কৃত আছে, তথাকার আপিনাইন পর্ব্বত পশ্চিম প্রান্তে আল্পসের শাখা স্বরূপে বিস্তৃত হইয়া দক্ষিণ পূর্ব্ব মুখে অনেক দূর পর্য্যন্ত ব্যাপ্ত হইয়াছে তাহাকেই প্রকৃত ইতালীয় পর্ব্বত কহা যাইতে পারে। ইতালীর পর্ব্বত সকল সর্ব্বাংশে শ্যামল বনে পরিপূর্ণ সুতরাং চতুর্দ্দিকস্থ শস্যাদি বিশিষ্ট উপত্যকার ন্যায় শোভিত। দক্ষিণাঞ্চলে ঐ সকল পর্ব্বত ভয়ঙ্কর আগ্নেয় রূপ ধারণ করে তত্রত্য বিসুবিয়স নামক শৈল কূট হইতে জ্বলন্ত লাবা বৃষ্টি হয় তাহাতে কালেব্রিয়া দেশে ভয়ানক ভূমিকম্প হইয়া থাকে।

ইতালীস্থ কোন নদী পরিমাণে বৃহৎ নহে কিন্তু তরঙ্গিণীর প্রসঙ্গে তত্রত্য অনেকানেক প্রাচীন ঘটনা স্মরণে আইসে তজ্জন্য তাহারা অতি বিখ্যাত হইয়াছে। পো, তাইবর, আসিগা, আর্ণো, এই কয়েক নদী প্রধান। ইতালিতে মাগিওরা অথবা লোকার্ণো, কোমা, গার্ড, পেরুগিয়া, বলসেনা, কোমাচিও, সিজেনো এবং অন্যান্য কতিপয় ক্ষুদ্র হ্রদ আছে।

ইতালি দেশ বায়ুর গুণে অতিশয় প্রসিদ্ধ, তথায় শস্যাদি ও ধাতু রত্ন বিস্তর, বিশেষতঃ ধান্য শর্ষপ ক্ষুমা তুলা তামাকু দ্রাক্ষা জলপায়ী খর্জ্জুর উডুম্বর নাগরঙ্গ বাদাম চেরি যথেষ্ট উৎপন্ন হয়। অপর তত্রত্য পর্ব্বতে মর্ম্মর আলাবাস্তর সূর্য্যকান্ত প্রভৃতি সুন্দর২ প্রস্তরও জন্মে। তদ্দেশীয় প্রজারা চিত্রকর্ম্ম ভাস্কর বৃত্তি গৃহ নির্ম্মাণ এবং গান বিদ্যাতে অতিশয়

ter is considered inferior to some of the other nations of Europe. They are courteous and affable but not very ingenuous.

As the cradle of European learning, Italy is full of universities or academies. The prevailing religion is Roman Catholicism. Systems at variance with the predominant faith are not much tolerated. The current language is a dialect derived from the Latin.

Italy is now divided politically into five great portions; viz. the States of the church, Lombardy, Tuscany, Sardinia, Naples.

THE STATES OF THE CHURCH are those which are under the government of the pope or bishop of Rome The pope exercised at one time great influence over the kingdoms of Europe, and claimed them all as his dependencies. But his temporal pretensions were scarcely ever acknowledged by the European monarchs even while they submitted to his spiritual authority. Now that some of the most important divisions of Europe have abjured even his spiritual supremacy, the influence of the pope has been considerably reduced.

Rome, once the mistress of the known world, is the capital of the pope's dominions. The other towns of note, subject to papal control, are Bologna, Ravenna; Ferrara, Loretto, &c.

LOMBARDY.* The estates comprehended under this title are now subject to Austria, and include the governments of Milan, Venice, Parma, and Modena.

অনুরক্ত কিন্তু তাহারদের রীতি নীতি ইউরোপীয় অন্য কোন২ জাতির তুল্য উত্তম নহে, তাহারা মৃদু এবং মিষ্টভাষি বটে কিন্তু সরলান্তঃকরণ নহে।

ইতালিতে ইউরোপীয় বিদ্যার আদ্য সৃষ্টি হয় একারণ তাহা পাঠশালাদি ভূরি২ বিদ্যা মন্দিরে পরিপূর্ণ। তথায় রোমান কেথোলিক ধর্ম্ম সর্ব্বাপেক্ষা প্রবল, রাজা সংস্থাপিত ধর্ম্মের বিরুদ্ধ কোন মত সহিষ্ণুতা করেন না। ইতালীয় চলিত ভাষা লাটিন হইতে উৎপন্ন হইয়াছে।

ইতালি দেশ পাঁচ রাজ্যে বিভক্ত, যথা--ধর্ম্মাধ্যক্ষের অধিকার, লম্বার্ডি, টস্কেনি, সার্দিনিয়া, এবং নেপল্‌স।

যে২ দেশ পোপের অর্থাৎ রোম নগরীয় ধর্ম্মশাসকের অধীন তাহাকেই ধর্ম্মাধ্যক্ষের অধিকার কহাযায়। পোপ এক কালে ইউরোপের সর্ব্বত্র মহা প্রভাবশালী ছিলেন এবং আপনাকে সার্ব্বভৌম বোধ করত সকল দেশকে নিজস্ব জ্ঞান করিতেন কিন্তু ইউরোপীয় রাজারা তাঁহাকে ধর্ম্ম গুরু বলিয়া মান্য করণ কালেও প্রায় কখনই তাঁহার সার্ব্বভৌমত্ব স্বীকার করেন নাই। এক্ষণে ইউরোপের কোন প্রধান দেশের লোক তাঁহার জগদ্গুরুত্ব স্বীকার করে না সুতরাং তাঁহার প্রভাব খর্ব্ব হইয়াছে।

পোপের রাজধানীর নাম রোম, পূর্ব্বে তাহা সমস্ত ভূমণ্ডলের রাজপুরী বলিয়া মান্য হইত। পোপের অধিকারস্থ অন্যান্য নগরের নাম বলোনা, রাবেনা, ফেরারা, লোরেটো ইত্যাদি।

যে২ দেশ লম্বার্ডি নামে প্রসিদ্ধ তাহা এক্ষণে আস্ত্রিয়া রাজের অধীন। লম্বার্ডির মধ্যে পাঁচ রাজ্য আছে যথা-মিলান, বিনিস, পার্ম্মা, এবং মোদিনা।

Milan is a noble city which ranks almost as the modern capital of Italy. While the western empire was in a declining state, and Rome was actually forsaken by some of the emperors, the city of Milan became the metropolis of the empire. In times more recent, the French had rendered it the capital of the kingdom of Italy, until the fall of Napoleon brought it to its present condition.

The principal towns subject to the government of Milan are Mantua, Pavia, Brescia, Cremona, &c.

Venice was once a great republic carrying on the most extensive commerce over the Mediterranean, and setting bounds to the encroaching power of the Ottoman Porte. It is now in a prostrate state as an appendage to the Austrian crown. The principal cities subject to the government of Venice are Verona, Padua, Vicenza, Udina, Treviso, &c.

To the government of Parma are subject the towns of Placentia and Guastalla; and to that of Modena, Riggio and Mirandola.

TUSCANY is a name still more ancient than Rome. The Etruscans, the earliest masters of Italy, were a powerful, and, in some respects, a civilized people. After a long and fierce contest, however, they were overwhelmed by the rising power of the Romans, and completely subdued. Amid the tumult of the middle ages they re-appeared in the pages of history as the founders of a cluster of proud republics. These republics

মিলান নামক মহা নগরীকে এক প্রকারে ইতালির আধুনিক রাজধানী কহা যাইতে পারে, পশ্চিম রাজ্যের হ্রাস কালে সম্রাটেরা রোম নগর পরিত্যাগ করিলে ঐ নগর রাজধানী হইয়াছিল। অনন্তর বহু দিবস গতে ফ্রেঞ্চ জাতি তাহাকে ইতালি রাজ্যের রাজধানী করে পরে নেপলিয়ন নামক মহাবীরের পরাজয় হওয়াতে উক্ত নগর উপস্থিত অবস্থা প্রাপ্ত হইয়াছে।

মিলান রাজ্যের প্রধান২ নগরের নাম মাঞ্চুয়া, পেবিয়া, ব্রিসিয়া, ক্রিমোনা ইত্যাদি।

বিনিস নগর এক কালে মহাবল পরাক্রম স্বতন্ত্র রাজ্য ছিল তথাকার লোকেরা মেদিতরেনিন সমুদ্রে অনবরত বাণিজ্য করিত এবং তুরকি রাজের আক্রমণ নিরাকরণ করিয়াছিল এক্ষণে ঐ নগর দুরবস্থাপন্ন হইয়া আস্ট্রিয়া রাজের অধীন হইয়াছে। তথাকার প্রধান২ নগরের নাম বেরোনা, পাডুয়া, বিসেঞ্জা, ত্রেবিসো ইত্যাদি।

পার্মা রাজ্যের মধ্যে প্লেসেনসিয়া এবং গুয়াষ্টেলা নগর আছে অপর মোদিনা রাজ্যে রিগিও এবং মিরাণ্ডোলা নগর আছে।

টস্কেনি দেশের নাম রোম অপেক্ষাও প্রাচীন কেননা ইত্রস্কান জাতি সর্ব্বাদৌ ইতালিতে বসতি করে তাহারদের বিলক্ষণ পরাক্রম এবং যৎকিঞ্চিৎ সভ্যতাও ছিল। কিন্তু তাহারা বহুকাল পর্য্যন্ত ঘোরতর সংগ্রাম করিয়া অবশেষে রোমানদের শক্তিতে সম্পূর্ণরূপে পরাজিত হয়। পরে "মধ্যবীত" নামে প্রসিদ্ধ কালের গোলযোগে উক্ত জাতি কতিপয় প্রভাবশালি রাজ্য স্থাপন করত পুরাবৃত্তে পুনশ্চ খ্যাত হইয়াছিল কিন্তু এক্ষণে সে সকল রাজ্য নিস্তেজ হইয়া বিদেশীয়

were subsequently united under the humiliating sway of a foreign prince, and formed what is now called the *Duchy of Tuscany.*

The capital of the duchy is Florence, long celebrated for its painting, sculpture and architecture. The other towns of note are Leghorn, Pisa, Sienna, Prato, Pistoia, Arezzo, Cortona.

THE STATES OF THE KING OF SARDINIA were originally called those of the *Duke of Savoy*, who assumed his present title upon obtaining possession of the island of Sardinia. Sardinia proper is but a small and unimportant portion of the kingdom which bears its name. The kingdom may be divided into four parts, viz. Piedmont, Genoa, Savoy, Sardinia.

The capital of the kingdom is Turin. The other principal towns are Alessandria in Piedmont, Cagliari in Sardinia, and Genoa.

THE KINGDOM OF NAPLES, otherwise called the two Sicilies, is the most considerable in Italy for extent and population. It comprehends the southern extremity of Italy, and the island of Sicily. The principal towns are Naples, Terra del Greco, Salerno, Tarento, Otranto, &c. on the continent, and Messina, Palermo, Syracuse, Catania, &c. in the island of Sicily.

Mount Vesuvius, about eight miles from Naples, is the only volcano on the continent of Europe. Its eruptions are most fearful to think of. The most

রাজার অধিকারে সংযুক্ত হওত টস্কেনি ডচি উপাধি প্রাপ্ত হইয়াছে।

উক্ত রাজ্যের রাজধানী ফ্লোরেন্স, বহুকাল পর্য্যন্ত তাহা চিত্রকর ভাস্কর এবং অন্যান্য নির্ম্মাণ দক্ষ গণের গুণে সুবিখ্যাত আছে। তথাকার প্রধান২ নগরের নাম লেগ্‌হরণ, পাইসা, সিএনা, প্রাটো, পিষ্টৈয়া, আরেজো, কর্টোনা।

সার্ডিনিয়া রাজের অধিকার পূর্ব্বে সেবয় দেশীয় ডুকের রাজ্য বলিয়া খ্যাত ছিল, ঐ নৃপতি সার্ডিনিয়া উপদ্বীপ প্রাপ্ত হইয়া তদনুসারে আপনার নামান্তর করিয়াছেন। সার্ডিনিয়া উপদ্বীপ সার্ডিনিয়া রাজ্যের ক্ষুদ্রাংশ মাত্র, সে রাজ্য চারি ভাগে বিভক্ত যথা পিমন, জেনোয়া, সেবয়, সার্ডিনিয়া। ঐ রাজ্যের রাজধানীর নাম টুরিন, তথায় অন্যান্য প্রধান নগরও আছে যথা পিমনস্থ আলেসান্দ্রিয়া, সার্ডিনিয়াস্থ ক্যাগ্লিএরি, এবং জেনোয়া।

নেপল্‌স রাজ্যের নামান্তর দুই সিসিলি, তাহা ইতালীয় সকল দেশের মধ্যে পরিমাণ এবং লোক সংখ্যাতে সর্ব্বপ্রধান। ইতালির দক্ষিণ প্রান্ত এবং সিসিলি উপদ্বীপ ঐ রাজ্যের অন্তঃপাতি, তথাকার প্রধান২ নগরের মধ্যে নেপল্‌স, টেরাডেল গ্রিকো, সেলর্ণো, টারেন্টো, ওট্রান্টো প্রভৃতি মহাদ্বীপোপরিস্থ, এবং মেসিনা, পেলর্মো, শিরাকুস, কাটানিয়া ইত্যাদি নগর সিসিলি উপদ্বীপস্থ।

নেপলস হইতে চারি ক্রোশ দূরে বিসুবিয়স নামক বহ্নিমান শৈলকূট আছে ইউরোপ মহাদ্বীপে তদ্ব্যতীত অন্য আগ্নেয় পর্ব্বত নাই, তাহার উদ্ভেদ মনে ভাবিলে মহাভয় উপস্থিত

memorable catastrophe of this nature was that by which the cities of Herculaneum and Pompii were overwhelmed in the first century. They remained entombed for ages till the beginning of the last century, when a peasant in digging a well led to the discovery of the two cities in ruins, covered with the lava which was discharged from the mountain. These discoveries afford ocular evidences of the accuracy with which historical researches may be made. The paintings, manuscripts, temples, theatres, shops, baths, &c. which have been taken out are just what the historian would expect to see in Roman cities of old.

Sicily is the finest and most beautiful island in Europe, separated from Italy by the straits of Messina. It enjoyed great celebrity in ancient times both for its learning and wealth. The Greeks, Romans, and Carthaginians all attached the greatest importance to it. In the middle ages, the Saracens rendered it a flourishing kingdom of their own. On their expulsion it was united with Naples, and is still one of its appendages. The famous volcano Etna is in Sicily.

SWITZERLAND.

Switzerland forms a mountainous country in the centre of Europe. It is bounded by the great countries of France, Germany, and Italy, whose frontiers enclose it on all sides.

হয়। উক্ত শৈলের উদ্ভেদ সংক্রান্ত দুর্ঘটনার মধ্যে সর্ব্ব প্রসিদ্ধ এই যে হর্কুলেনিয়ম এবং পম্পিয়াই নামে নগর একবার তদ্দ্বারা রসাতল প্রাপ্ত হইয়াছিল ঐ দুই নগর শত২ বর্ষপর্য্যন্ত মৃত্তিকার নীচে মগ্ন থাকে এক শত বৎসর হইল এক জন কৃষক কূপ খনন করিতে২ উক্ত নগর দ্বয়ের চিহ্ন দেখিতে পাইয়াছিল কিন্তু তৎকালেও তাহা পর্ব্বতহইতে নির্গত লাবাতে আবৃত ছিল, ঐ দুই নগর অকস্মাৎ প্রকাশ হওয়াতে প্রত্যক্ষ সপ্রমাণ হইতেছে যে যত্ন পুর্ব্বক আলোচনা করিলে পুরাবৃত্তের বিষয় অতি সূক্ষ্মরূপে নির্ণীত হইতে পারে কেননা পুরাবৃত্ত রচনায় প্রাচীন রোমীয় নগরের যেরূপ বর্ণনা আছে তদনুযায়ি চিত্রিত পট, লিখিত পুস্তক, দেব মন্দির, রঙ্গভূমি, পণ্যবীথি, স্নানাগার প্রভৃতি দ্রব্যই ঐ দুই নগরে প্রকাশিত হইয়াছে।

ইউরোপীয় সকল উপদ্বীপ হইতে সিসিলি উপদ্বীপ অতি রম্য এবং শোভাকর, তাহা মেসিনা মোহানা দ্বারা ইতালি হইতে বিভিন্ন। ঐ উপদ্বীপ প্রাচীন কালে বিদ্যা এবং সম্পত্তিতে অতিশয় বিখ্যাত ছিল তজ্জন্য গ্রীক রোমান কার্থেজিন প্রভৃতি সকল জাতি তাহার গৌরব করিত। "মধ্যবীত কালে" সারাসেন উপাধিধারি যবনেরা তথায় আপনারদের রাজ্য স্থাপন করিয়া উন্নতিশালি হইয়াছিল তাহারা দূরীকৃত হইলে ঐ উপদ্বীপও নেপল্‌স রাজ্যের সহিত সংযুক্ত হয় এবং অদ্যাপি তদধীন আছে। সিসিলির মধ্যবর্ত্তি এটনা নামক এক প্রসিদ্ধ আগ্নেয় গিরি আছে।

সুইজর্লণ্ড।

সুইজর্লণ্ড ইউরোপের মধ্যাংশে পর্ব্বতময় দেশ, তাহা ফ্রান্স জর্মনি ইতালি এই তিন দেশের প্রান্ত ভাগে পরিবেষ্টিত।

The surface of Switzerland, bounded and traversed by the highest ranges of Europe, consist almost wholly of mountains, precipices, cataracts, valleys, and lakes, and presents a grand romantic appearance. The climate is subject to violent changes; the soil is for the most part rugged and sterile. Some of the valleys are fertile, and, being cultivated with considerable care yield a quantity of corn sufficient for home consumption.

The mountains of Switzerland are ranges of the Alps, the principal summits of which are Mont Blanc, Mont Rosa, St. Gothard, St. Bernard, Mont Cervin, Breithorn and Jungfrauhorn.

The Rhine and the Rhone are the two largest rivers of Switzerland. The others are the Arar, the Reuss and the Tesino.

Lakes are very numerous and beautiful in Switzerland. The principal are those of Constance, Geneva, Neufchatel, Zug, Lucerne, Zurich, and Bieune.

The commerce of Switzerland is in consequence of its inland situation necessarily limited; the country is therefore poor. The inhabitants are, however, energetic and industrious, and give full development to their resources.

The form of government prevalent in Switzerland is republican. The country is divided into cantons, from which deputies are sent to a supreme Assembly called

সুইজর্লণ্ডের ভূমি ইউরোপের উচ্চ২ শৈল শ্রেণীতে বেষ্টিত এবং ব্যাপ্ত সুতরাং তাহার সর্ব্বাংশে পর্ব্বত অভট প্রস্থ নদীপাত উপত্যকা হ্রদ প্রভৃতি থাকাতে সেখানকার চমৎকার শোভা হয়। উক্ত দেশের বায়ু সর্ব্বদা সমান ভাবে থাকে না কখন২ আকস্মিক ব্যত্যয় প্রাপ্ত হয়।

তথাকার ভূমি প্রায় সর্ব্বত্র বিষমাকারা এবং অনুর্ব্বরা কোন২ উপত্যকার মৃত্তিকা উর্ব্বরা বটে এবং তথায় যত্ন পূর্ব্বক কৃষিকার্য্য হওয়াতে দেশীয় প্রজারদের আহারের উপযুক্ত শস্য জন্মিয়া থাকে।

সুইজর্লণ্ড দেশের পর্ব্বত সকল আলপস গিরি শ্রেণীর অংশ, তাহার প্রধান২ শৃঙ্গের নাম মন্‌ব্লাঙ্ক, মনরোসা, সেণ্ট গথার্ড, সেণ্ট বর্ণার্ড, মন সর্ব্বিন, ব্রেথর্ণ, জংফ্রেহর্ণ।

সুইজর্লণ্ড দেশে রাইন এবং রোন, এই দুই নদী প্রধান, তদিতর নদীর নাম এরার, রুস, টেসিনো।

সুইজর্লণ্ড দেশে ভূরি২ সুশোভিত হ্রদ আছে তাহার মধ্যে কনষ্টানস, জেনিবা, নুফচাটেল, জগ, লুসর্নি, জুরিচ, এবং বিয়ূন প্রধান।

সুইজর্লণ্ড দেশ সমুদ্র তটস্থ না হওয়াতে তথাকার বাণিজ্য সুতরাং অত্যল্প তন্নিমিত্ত দেশেও অধিক সম্পত্তি হয় না কিন্তু প্রজারদের পরিশ্রম ও যত্নে ত্রুটি নাই একারণ দেশীয় সম্পত্তি যথা সম্ভব বৃদ্ধি প্রাপ্ত হইয়া থাকে।

সুইজর্লণ্ড দেশে প্রজারদের প্রতিনিধিরাই রাজ্য শাসন করে। দেশের মধ্যে কাণ্টন নামে প্রসিদ্ধ কতিপয় খণ্ড আছে

the *diet*. The names of the different Cantons are Geneva, Vaud, Valais, Tesino, Berne, Lucerne, Uri, Schweitz, Unterwalden, Glarus, Zug, Zurich, Friburgh, Soleure, Basle, Schaffhausen, Appenzell, St. Gall, Grisons, Aargau, Thurgau, Newfchatel. Most of these cantons are named after their chief cities. The most remarkable towns are Berne, which is generally considered the capital of Switzerland, and Geneva and Basle, distinguished as seats of literature, science and the arts.

The religion of Switzerland is divided between the Protestant and Catholic forms of Christianity. The protestant churches were originally Calvinistic, and supplied the model from which the Scotch reformers ormed their system. The present protestants of Switzerland have, however, in many cases departed very far from the doctrnies of Calvin.

Among the natural curiosities of Switzerland are its *glaciers* and *avalanches*; the former are extensive fields of ice and snow, covering the hollows between the different peaks of the highest mountains; the latter are large masses of ice and snow, which detach themselves from the sides of the mountains and roll into the valleys.

GERMANY.

Germany is an extensive country, situated in the centre of Europe, bounded on the north by the German ocean, by Denmark and the Baltic; on the east by

তথা হইতে প্রুসিয়াদের প্রতিনিধিরা আসিয়া ডাএট নামক মহা সভাতে একত্র হয়। সেসকল কান্টনের নাম জেনিবা, বাড বাসে, টেসিনো, বরন, লুশর্ণি, উরি, সাইৎস, অন্টরওয়ালডেন, গ্লেরস, জগ, জুরিচ, ফ্রিবর্গ, শোলর, বাল, শাফহসেন,, আপেঞ্জেল, সেন্টগাল, গ্রিসন্স, এয়ার্গো, থর্গো, নফচাটেল। এই সকল কান্টনের অধিকাংশ আপন২ প্রধান নগরীর নামে প্রসিদ্ধ হইয়াছে। তত্রস্থ প্রধান২ নগরের মধ্যে বরণ সামান্যতঃ সুইজর্লণ্ডের রাজধানী বলিয়া গণ্য হয় এবং জেনিবা ও বাল নগর পদার্থ সাহিত্য এবং শিল্প বিদ্যা স্থান বলিয়া বিখ্যাত।

সুইজর্লণ্ডের মধ্যে কোন২ স্থলে রোমান কেথোলিক কোন২ স্থলে প্রটেষ্টেন্ট ধর্ম্ম চলিত আছে। প্রটেষ্টেন্ট ধর্ম্মাবলম্বিরা আদৌ কালবিন নামক আচার্য্যের শিষ্য ছিলেন স্কটলণ্ডের লোকেরাও তাঁহারদের মতানুসারে স্বীয় ধর্ম্মের সংস্থাপন করে। কিন্তু সুইজর্লণ্ডীয় প্রটেষ্টেন্ট লোকেরা সম্প্রতি অনেক বিষয়ে কালবিনের মত পরিত্যাগ করিয়াছে।

সুইজর্লণ্ড দেশে গ্লেসিয়ার এবং আবালাঞ্চ নামক বিচিত্র পদার্থ আছে, গ্লেসিয়ারের অর্থ হিমানীময় বিস্তৃত ক্ষেত্র যাহা উচ্চ শৈল শিখরের অন্তরাল নিম্ন ভূমিতে ব্যাপ্ত থাকে এবং আবালাঞ্চের অর্থ প্রকাণ্ড২ হিমরাশি যাহা পর্ব্বতের নিতম্ব হইতে গণ্ড শৈলের ন্যায় নিক্ষিপ্ত হইয়া উপত্যকাতে পতিত হয়।

জর্ম্মনি।

জর্ম্মনি দেশ ইউরোপের মধ্যাংশে বহুল পরিমাণে ব্যাপ্ত, তাহার উত্তর সীমা জর্ম্মন সমুদ্র দেন্মার্ক এবং বলটিক সাগর, পূর্ব্বসীমা পোলণ্ড এবং হঙ্গেরি, পশ্চিম সীমা ফ্রান্স বেলজিয়

Poland and Hungary, on the south by Italy and Switzerland, from which it is separated by the vast chain of the Alps; on the west by France, Belguim, and Holland.

Germany was celebrated in the days of yore for having set bounds to the progress of the Roman arms. The Romans, though they occasionally made war in Germany, were unable to render it a province of their empire, and were obliged to consider the Rhine and the Danube as the boundaries of their dominions. Germany is now composed of a number of independent states governed by their respective rulers, and sending deputies to a national assembly called the diet.

In consequence of the large extent of the country, the climate and soil of Germany are necessarily diversified. The vegetable productions are in the midland parts similar to those of France, while in the north and south they resemble those of England and Italy.

The plains of Germany are watered by some of the greatest rivers in Europe. The Danube takes its rise in Suabia and flows through Austria and Turkey into the Black sea. The Rhine is the ancient boundary between France and Germany. The Elbe, the Oder, the Wesel as well as numerous tributary streams are all German.

Germany contains many mountains, the largest of which are on the frontiers. The principal ones are the Tyrolese Alps, the Suedetic, the Hartz, the Carpathian, the Black forest, &c.

য়ম এবং হোলাণ্ড, দক্ষিণ সীমা ইতালি এবং সুইজর্লণ্ড যাহা আল্পস নামক মহা শৈল দ্বারা জর্মনি হইতে বিভিন্ন।

জর্মনি দেশ রোমানদের জয় পদবীর সীমা স্বরূপ হইয়া প্রাচীন কালে বিখ্যাত ছিল, রোমানেরা কএক বার ঐ দেশে সংগ্রাম করিলেও তাহা আপনারদের রাজ্যাধীন করিতে সমর্থ হয় নাই সুতরাং রাইন এবং দেনিউব নদীকে আপনারদের রাজ্যের সীমা বলিয়া ধার্য্য করিতে বাধ্য হইয়াছিল। এক্ষণে জর্মনি দেশে কতিপয় স্বাধীন রাজ্য আছে সে সকলি স্বং রাজার অধীনে শাসিত হয় উক্ত দেশের ডাএট নামক মহা সভায় ঐ সকল রাজার প্রতিনিধি একত্র সমাগত হইয়া থাকে।

জর্মনি দেশ অতি ব্যাপক হওয়াতে তথাকার বায়ু এবং মৃত্তিকা সর্ব্বত্র এক প্রকার নহে মধ্যাংশে ফ্রান্স দেশের ন্যায় ফলমূল উৎপন্ন হয় এবং উত্তর ও দক্ষিণাংশে ইংলণ্ড ও ইতালির তুল্য শস্যাদি জন্মে।

জর্মণি দেশে ইউরোপীয় বৃহৎ২ নদী প্রবাহ আছে তাহার মধ্যে দেনিউব নদী সোএবিয়াতে উৎপন্ন হইয়া আস্ত্রিয়া এবং তুর্কি দেশ ব্যাপিয়া অসিত সাগরে পতিত হয়। রাইন নদী প্রাচীন কালাবধি জর্মনি এবং ফ্রান্সের মধ্যবর্ত্তি সীমা স্বরূপ, তদ্ব্যতীত এলব, ওদর, উইসেল, এবং কতিপয় উপকারিণী নদীকেও জর্মান দেশীয় কহা যাইতে পারে।

জর্মণিতে অনেক পর্ব্বত আছে তাহার মধ্যে দেশের প্রান্ত ভাগস্থ শৈল সর্ব্বাপেক্ষা বৃহৎ। প্রধান২ শৈলের নাম টিরোলিস আলপস, সুএডেটিক্, হার্টিস, কার্পেথিয়ান, ব্লাক ফরেষ্ট ইত্যাদি।

"The inhabitants of Germany are distinguished for their industry, perseverance, frankness, and rectitude. Their language is powerful and comprehensive, with less of foreign admixtures than any other European language. They have long been remarkable for their successful cultivation of literature and philosophy. Their researches into the languages and antiquities of the east are likewise very profound. Many of the most useful inventions of modern ages are of German origin.

Germany is also celebrated as the cradle of the protestant reformation; and, notwithstanding the violent outbreaks to which religious differences gave occasion some time ago, protestants and catholics reside together very harmoniously at present. The absence of any civil disabilities on the score of religion is, perhaps, the great secret of this harmony.

The different states of which Germany is composed are respectively governed by their own laws, and are perfectly independent of, though confederated with, one another. The general interests of the confederacy are discussed at a representative assembly called the diet, where the several princes send their plenipotentiaries, and where all political matters are decided.

The following is a list of the states into which Germany is divided; viz.—

1. States having four votes each in the national diet, Austria, Prussia, Saxony, Bavaria, Hanover, Wirtemberg.

জর্মনি দেশীয় লোকদিগের কর্ম্ম তৎপরতা, সরলতা, যথার্থতা এবং ধৈর্য্য বিলক্ষণ আছে। তত্রত্য ভাষা অতি ব্যাপক এবং শক্তি বিশিষ্ট, অন্যান্য ইউরোপীয় ভাষার অপেক্ষা তাহারদের বাণীতে বিদেশীয় শব্দ অত্যল্প মিশ্রিত এবং তাহা বহু কালাবধি সাহিত্য ও দর্শন বিদ্যানুশীলনে বিখ্যাত আছে। তদ্দেশীয় লোকেরা পূর্ব্ব খণ্ডের ভাষা এবং পুরাবৃত্তেরও প্রগাঢ় অনুসন্ধান করিয়াছে ফলতঃ ইদানীন্তন কালের অনেকানেক যন্ত্রাদি সৃষ্টি প্রথমতঃ জর্মান দেশেই হয়।

জর্মনি দেশে ধর্ম্ম শোধনের প্রথম উপক্রম হয় তজ্জন্যও তাহা অতিশয় বিখ্যাত হইয়াছে অপর পূর্ব্বে ঐ দেশে ধর্ম্ম বিষয় উপলক্ষে বারম্বার যুদ্ধ হইলেও এক্ষণে প্রটেষ্টেণ্ট এবং কেথোলিক সকলেই সদ্ভাবে একত্র বাস করে কেহ স্বীয় ধর্ম্মানুষ্ঠানের নিমিত্ত রাজ ব্যবস্থায় ক্লেশ পায় না বোধ হয় তাহাই ঐ সদ্ভাবের মূল কারণ।

জর্মনি দেশে যে২ রাজ্য আছে সে সকলি আপন২ ব্যবস্থানুসারে শাসিত হয় এবং নিয়ম পত্রানুসারে পরস্পর সংযুক্ত হইলেও রাজকীয় কার্য্য স্বতন্ত্র২ হয়। রাজ্যের সাধারণ ব্যাপার ডাএট নামক মহা সভাতে আলোচিত হয় সেখানে রাজারা আপন২ প্রতিনিধি প্রেরণ করেন তাঁহারাই সন্ধি বিগ্রহাদি সকল বিষয় ধার্য্য করিয়া থাকেন।

জর্মনি দেশীয় রাজ্য সমূহের নাম নীচে লিখিত হইতেছে যথা।

১। আস্ট্রিয়া, প্রুসিয়া, সাক্সনি, বাবেরিয়া, হানোবর, উইটেম্বর্গ, এই সকল রাজ্যের রাজারা ডাএট মহা সভাতে প্রত্যেকে চারি জন করিয়া প্রতিনিধি প্রেরণ করিতে পারেন।

2. States having three votes each, Baden, Hesse-Cassel, Hesse-Darmstadt, Holstein, Luxemburg.

3. States having two votes each, Brunswick, Mecklenburg Schwerin, Nassau.

4. States having one vote each, Saxe-Weimar, Saxe-Gotha, Saxe-Coburg, Saxe-Meininger, Saxe-Hildeburghausen, Mecklenburg-Strelitz, Holstein-Oldenburg, Anhalt-Dessan, Anhalt-Bamburg, Anhault-Köthen, Schwartzburgh-Sondershausen, Schwartzburgh-Rudolstadt, Hohenzollern - Hechingen, Lichtenstein, Hohenzollern-Sigmaringer, Waldeck, Reuss Old and New, Schaumburgh-Lippe, Lippe-Detmold, Hesse-Homburgh, Lubeck, Frankfort, Bremen, Hamburgh. These minor states are for the most part of smaller extent than a common zemindary in Bengal. Those in the first class may alone be called the principal states of Germany.

Austria is the first among the principal states of Germany. Its sovereign has the dignified title of emperor, and though no longer possessed of any political powers over the other princes of the country, exercises considerable influence as president of the diet.

The Austrian empire has greatly enlarged its boundaries beyond the precincts of Germany by the annexation of foreign states. It comprehends not only Austria proper, Bohemia, Moravia and some other German regions, but also Gallicia or a great part of

২। বেডেন, হেসি-শেষল, হেসি-ডার্মষ্টাড, হোলেষ্টেন, লক্সেম্বর্গ, এইং দেশের রাজারা প্রত্যেকে তিন জন প্রতিনিধি পাঠাইতে পারেন।

৩। ব্রন্সিক. মেক্লেনবর্গ-স্বওএরিন, নাসা, এইং দেশের রাজারা দুইং প্রতিনিধি পাঠাইতে পারেন।

৪। সাক্স-ওএমার, সাক্স-গথা, সাক্স-কোবর্গ, সাক্স-গাইনিঙ্গেন, সাক্স-হিল্ড বর্গসেন, মিক্লেনবর্গ-ষ্ট্রেলিট্‌স, হোলেষ্টেন-ওলডেনবর্গ, আনহাল্ট-ডেসান, আনহাল্ট-বাম্বর্গ, আনহালট-কোথেন, সোয়ার্টসবর্গ-সণ্ডর্শহাসেন, সোয়ার্টসবর্গ-রুডোলষ্টাড, হোহেনজোলর্ণ-হেকিঙ্গেন, লিচটেন্‌ষ্টেন, হোহেন জলর্ন-সিগ মেরিঙ্গর, ওয়ালডেক, রুস পুরাতন এবং নুতন, শাম্বর্গ-লিপ, লিপ-ডেটমল্ড, হেসি-হম্বর্গ, লুবেক, ফ্রাঙ্ক ফোর্ট, ব্রিমেন, হাম্বর্গ, এই সকল দেশের রাজারা একং জন প্রতিনিধি পাঠাইতে পারেন, তাহারদের অনেকের রাজ্য পরিমাণে অতি ক্ষুদ্র, বঙ্গ দেশীয় সামান্য জমিদারির তুল্যও ব্যাপক নহে। প্রথম শ্রেণীতে যেং রাজ্যের প্রসঙ্গ করা গেল তাহাই জর্মণির প্রধানং দেশ।

জর্মণিস্থ প্রধান দেশের মধ্যে আস্ত্রিয়া অগ্রগণ্য, তথাকার রাজা "সম্রাট" এই সম্ভ্রান্ত উপাধি ধারণ করেন এবং যদিও অন্যান্য রাজারদের উপর এক্ষণে তাঁহার কর্ত্তৃত্ব নাই তথাপি তিনি ডাএট সমাজের সভাপতি এ প্রযুক্ত অতিশয় মান্য হয়েন।

আস্ত্রিয়া দেশের রাজা বিদেশীয় কোনং রাজ্য অধিকার করিয়া জর্মণির বাহিরেও অনেক দূর পর্য্যন্ত আপনার অধিকার বিস্তার করিয়াছেন। এক্ষণে প্রকৃত আস্ত্রিয়া ব্যতীত বোহিমিয়া মোরেবিয়া প্রভৃতি কএক জর্মাণ দেশ তথা গালি-

Poland, the whole of Hungary, and of the Italian states called Lombardy.

The capital of Austria is Vienna. The government is a hereditary monarchy, almost entirely absolute. The religion prevalent is Roman Catholic; the emperor is considered as a powerful patron of that church. He has, however, very recently manifested great hostility to the reigning pope because of his liberal and reforming principles.

The people of Austria are not represented as active and industrious. Neither agriculture nor manufacture is carried on to any extent commensurate with the resources of the empire. Commerce is, therefore, necessarily in a low state.

PRUSSIA, though a kingdom of recent origin, ranks next to Austria as a German state, and like Austria is possessed of large territories beyond the limits of Germany. Besides Prussia proper it has many dependencies in Germany, Switzerland, and on the Rhine, and comprehends also a part of Poland called Posen.

The great glory of Prussia is her admirable system of public instruction. Attendance at school being compulsory, every parent must either send his children to a public seminary, or exhibit satisfactory evidences of their being taught in a private establishment. No particular religious system is inculcated in the public schools; but at certain specified periods the children are allowed to receive instruction from ministers

সিয়া অর্থাৎ পোলণ্ডের অধিকাংশ এবং অখিল হঙ্গেরিও লম্বার্ডি নামে প্রসিদ্ধ ইতালীয় দেশ ঐ রাজ্যের অধীন।

আস্ত্রিয়ার রাজধানীর নাম বিএনা, তথাকার নৃপতি পৈতৃক রাজ্য ভোগ করত প্রায় স্বেচ্ছানুসারে রাজকীয় কার্য্য নির্ব্বাহ করিয়া থাকেন সেখানে রোমান কেথোলিক ধর্ম্মই প্রবল, রাজাও ঐ ধর্ম্মের প্রধান সহায় বলিয়া গণ্য হয়েন কিন্তু বর্ত্তমান পোপ চলিত বিষয়ের শোধন করিতে উদ্যোগী হওয়াতে রাজা সম্প্রতি তাঁহার প্রতি বৈরিভাব প্রকাশ করিয়াছেন।

কথিত আছে আস্ত্রিয়া দেশের প্রজারা কর্ম্ম তৎপর অথবা পরিশ্রমি নহে, তাহারা দেশের সম্পত্ত্যনুযায়ি কৃষি অথবা শিল্প কার্য্য করে না সুতরাং তদ্দেশে বাণিজ্য ব্যবসায় উত্তম রূপে হয় না।

প্রুসিয়া রাজ্য অধিক কাল স্থাপিত হয় নাই তথাপি জর্মনির মধ্যে আস্ত্রিয়ার দ্বিতীয় বলিয়া গণ্য হইয়াছে। প্রুসিয়ারাজও আস্ত্রিয়া রাজের ন্যায় জর্মণের বাহিরে অনেকানেক দেশ জয় করিয়াছেন তাহাতে প্রকৃত প্রুসিয়া ব্যতীত জর্মণি সুইজর্লণ্ড এবং রাইন নদী তটস্থ ভূরিং দেশ তথা পোসেন নামক পোলণ্ডের অংশ তাঁহার অধীন হইয়াছে।

প্রুসিয়া রাজ প্রজারদের বিদ্যা বৃদ্ধির নিমিত্ত যে সুনিয়ম করিয়াছেন তজ্জন্য তাঁহার যশ অতিশয় বিস্তৃত হইয়াছে। দেশের যাবদীয় বালকের প্রতি পাঠশালায় গমন করিবার আদেশ আছে সুতরাং সকল গৃহস্থ স্বং সন্তানকে রাজকীয় বিদ্যাগারে প্রেরণ করিতে বাধ্য হয়েন, যদি কেহ রাজকীয় পাঠশালায় প্রেরণ না করেন তবে তাহার বালক অসাধারণ পাঠশালায় অধ্যয়ন করিয়া থাকে ইহা সপ্রমাণ করিতে হয়। রাজকীয় বিদ্যাগারের ছাত্রেরা কোন নির্দ্দিষ্ট ধর্ম্মের শিক্ষা পায় না কিন্তু নিরূপিত সময়ে আপনং পিতার মতানুসারে পৃথকং ধর্ম্মো-

approved by their parents. Hence it follows that there is not in Prussia a single individual of either sex who does not receive an excellent education.

Prussia is also celebrated for its army, which for its high discipline and fine condition has always been the pride of the monarchy. The form of government is despotic; but the subjects being all well educated and instructed in the use of arms, the king cannot venture on a course of policy decidedly in opposition to the opinions of his people. Prussia is, therefore, one of the best governed, and most flourishing countries of Europe Manufactures and commerce are likewise rapidly improving.

The capital of the kingdom is Berlin. The other towns of note are Konigsberg, M gdeberg, Munster, Cologne, Posen.

Bavaria may be called the third state in Germany. Its capital is Munich, a city situated on the river Isar. The other towns of celebrity are Augsburgh, Ratisbon, Spires, Passau, &c. The prevailing religion is Roman Catholic, about one-fourth only of the population being protestants. The government is a limited monarchy.

Saxony was formerly one of the most powerful states of Germany, but following the fortunes of Napoleon it was, on the fall of that great warrior, stripped of a large portion of its territories which are now subject to

পদেশকের নিকট তদ্বিষয়ে উপদিষ্ট হয়। অতএব বিদ্যানুশীলনের এই উৎকৃষ্ট নিয়মে প্রুসিয়া দেশে বিদ্যাহীন পুরুষ অথবা স্ত্রী পাওয়া যায় না।

প্রুসিয়া দেশ রণ কুশল সৈন্য সামন্তের গুণেও বিখ্যাত আছে ফলতঃ সেনারদের সুশাসন এবং যুদ্ধ নৈপুণ্য দ্বারা সর্ব্ব কালেই উক্ত রাজ্যের নামোজ্জ্বল হইয়াছে। তথাকার রাজা কোন ব্যবস্থার শৃঙ্খলে বদ্ধ নহেন স্বেচ্ছানুসারে রাজ্য শাসন করিতে পারেন কিন্তু প্রজারা সকলেই পণ্ডিত এবং শস্ত্র বিদ্যার পারদর্শী এপ্রযুক্ত রাজা সাধারণের নিতান্ত অপ্রিয় এমত কোন কার্য্য স্পষ্টরূপে করিতে সাহস করেন না অতএব ইউরোপস্থ সুশাসিত এবং উন্নতিশালি রাজ্যের মধ্যে প্রুসিয়া দেশকে গণ্য করা যাইতে পারে এবং ঐ কারণেই তথাকার বাণিজ্য এবং শিল্প উত্তরং বৃদ্ধি প্রাপ্ত হইতেছে।

উক্ত দেশের রাজধানী বর্লিন, তথায় কোনিগসবর্গ, মাগ্‌দিবর্গ, মনষ্টর, কলাঁ, পোসেন প্রভৃতি প্রসিদ্ধ নগরও আছে।

বেবেরিয়া দেশকে জর্মণির তৃতীয় রাজ্য কহা যাইতে পারে তথাকার রাজধানী মুনিক নগর, তাহা ইশর নদীর তটে নির্ম্মিত, সেখানে অগস্‌বর্গ, রাটিসবন, স্পায়ার্শ, পাশা প্রভৃতি অন্যান্য বিখ্যাত নগরও আছে। উক্ত দেশের অধিকাংশ লোক রোমান কেথোলিক ধর্ম্মের অনুষ্ঠান করে বোধ হয় কেবল চতুর্থাংশ মাত্র প্রটেষ্টেণ্ট মতাবলম্বী। অপর তথায় এক জন রাজাই রাজ্যশাসন করেন কিন্তু তাঁহার শক্তি অপরিমিত নহে।

শাক্‌সনি দেশ পূর্ব্বে জর্মণির মধ্যে পরাক্রমশালি রাজ্য ছিল কিন্তু তথাকার অধিপতি পরে নেপোলিয়নের অনুগত হয়েন তন্নিমিত্ত ঐ মহাবীরের পরাজয় কালে আপন রাজ্যের অধিকাংশে বঞ্চিত হয়েন এক্ষণে সে সকল অংশ প্রুসিয়া রাজের

Prussia. But Saxony will always be remembered for that heroic race of adventurers who settling in the insular regions of Britain gave birth to the powerful nation afterwards distinguished by the name of English.

The world is likewise indebted to Saxony for the first successful stand against the corruptions of the church of Rome and for the glorious reformation to which it led. Martin Luther who led the reformation was by birth a Saxon; his opinions are still professed by the great bulk of the nation. The chief city in Saxony is Dresden; Leipsic is a also a great city.

WIRTEMBURGH is a small principality having Bavaria on the east and Baden on the west. It is entirely traversed from north to south by the Neckar which rises in the Black forest and falls into the Rhine. Stutgard is the capital, and Ulm a city of great note in this kingdom.

HANOVER, the elector and king of which for more than a century had been also the king of Great Britain occupies, with some intervals, the whole north-western angle of Germany, from the Elbe to the frontier of Holland. The king of Honover was in 1714, called to succeed to the throne of England, and as he always resided in his new dominions, his old kingdom necessarily became subordinate to the new. The two countries were, however, considered at all times as politically distinct; each being governed by its own laws, and neither exercising any supremacy over the other. The kings of

অধীন হইয়াছে। পরন্তু শাক্সনি দেশের সুখ্যাতি ভূমণ্ডলে কখনও লুপ্ত হইবেক না কেননা তত্রত্য শূর বীরেরা প্রাচীন কালে ব্রিটেন উপদ্বীপে আসিয়া বসতি করাতে তাহারদের বংশে ইংরাজ নামে প্রসিদ্ধ মহাবল পরাক্রান্ত জাতি উৎপন্ন হইয়াছে।

শাক্সনি দেশে প্রথমতঃ রোমান কেথোলিক ধর্ম্ম সম্বন্ধীয় দূষ্য মত খণ্ডনের যত্ন সার্থক হয় এবং তাহাতেই ধর্ম্ম শোধনের মহৎকার্য্য সম্পন্ন হয় তন্নিমিত্ত পৃথিবী মণ্ডলস্থ সকল জাতি উক্ত দেশের নিকট ঋণী আছে। মার্টিন লুথর নামা মহাপণ্ডিত যিনি ঐ ধর্ম্ম শোধন কার্য্যে অগ্রসর ছিলেন তিনি সাক্সনি দেশে জন্ম গ্রহণ করেন উক্ত দেশের প্রজারা অদ্যাপি তাঁহার মত মান্য করে। শাক্সনি দেশের প্রধান নগরের নাম ড্রেসডেন, সেখানে লিপ্সিক নামে অন্য এক প্রধান নগরও আছে।

বেবেরিয়ার পূর্ব্ব এবং বেডনের পশ্চিম দিকে উর্টেম্বর্গ নামক ক্ষুদ্র রাজ্য আছে নেকার নদী তথাকার উত্তর দক্ষিণ দিকে ব্যাপ্ত। সে নদী ব্লাক ফরেষ্টে উৎপন্ন হইয়া রাইন নদীতে পতিত হইয়াছে। উক্ত রাজ্যের রাজধানী ষ্টটগাড তথাকার অন্য এক বিখ্যাত নগর অলম।

হানোবর দেশের অধিপতি এক শত বৎসরের অধিক কাল পর্য্যন্ত গ্রেট্‌ব্রিটেনের রাজা ছিলেন। ঐ দেশ এলব নদী অবধি হোলাণ্ডের সীমা পর্য্যন্ত যৎকিঞ্চিৎ অন্তরাল ভূমি ব্যতিরিক্ত জর্মানির উত্তর পশ্চিম কোণের সর্ব্বাংশ ব্যাপ্ত। ১৭১৪ শালে হানোবর দেশের রাজা ইংলণ্ড রাজ্যে অভিষিক্ত হয়েন তিনি সর্ব্বদা ইংলণ্ডেই বাস করাতে তাঁহার পুরাতন রাজ্য নূতন রাজ্য অপেক্ষা ক্ষুদ্র রূপে প্রতীত হইল কিন্তু ঐ দুই দেশ সর্ব্বদাই স্বতন্ত্র২ রাজ্য বলিয়া গণ্য হইত এক রাজ্য অন্য রাজ্যের অধীন ছিল না প্রত্যেকে আপন২ ব্যবস্থানুসারে শাসিত হইত।

England continued also to be kings of Hanover, until the death of William IV. when the English throne being occupied by a queen, the laws of Hanover, which would not allow a female hand to wield its sceptre, required another sovereign for the continental country. The two crowns have thus been again separated. The capital of Hanover is also called by the same name.

Of the smaller states of Germany a detailed account is not necessary. Four of them—Hamburgh, Lubeck. Bremen and Frankfort are free cities of ancient renown, They are no less celebrated for the commerce which their favourable situation enables them to command.

HOLLAND AND BELGIUM.

The Netherlands form a maritime territory, possessing great natural advantages for industry and commerce They have, accordingly, from a very early period of modern history, ranked as one of the most prosperous and flourishing parts of Europe. The Dutch traded for a long time with great perseverance and success in all parts of the world. The recent decline of their commerce was owing partly to the rise of the English East India Company, partly to the blow it received from the narrow policy of Napoleon.

The Netherlands were united on the fall of Napoleon into one kingdom, composed of two distinct parts Holland and Belgium. The Belgians were discontented at the union and rose in arms in 1830. The result of the

চতুর্থ উইলেমের মৃত্যু পর্য্যন্ত ইংলণ্ড রাজ হানোবর দেশেরও রাজা ছিলেন অনন্তর ইংলণ্ড দেশে রাণীর আধিপত্য হইলে হানোবর দেশের ব্যবস্থানুসারে স্ত্রীলোকের পক্ষে প্রজা পালন কার্য্য নিষিদ্ধ প্রযুক্ত তথায় পৃথক এক রাজার প্রয়োজন হইল সুতরাং ঐ দুই দেশ পুনশ্চ ভিন্ন২ রাজ্যাধিপতির কর্ত্তৃত্বাধীন হইয়াছে। অপর হানোবরের রাজধানী ঐ নামে খ্যাত আছে।

জর্মণির ক্ষুদ্র২ রাজ্যের বিস্তারিত বর্ণনা নিষ্প্রয়োজন, তত্রত্য হাম্বর্গ, লুবেক, ব্রিমেন, এবং ফ্রাঙ্কফোর্ট, এই চারি জনপদ বহু কালাবধি স্বতন্ত্র নগর বলিয়া প্রসিদ্ধ, সে সকল নগর বাণিজ্যের আধিক্য জন্যও অতিশয় বিখ্যাত ফলতঃ ঐ২ জনপদে বাণিজ্য করিবার উত্তম উপায় আছে।

হোলাণ্ড এবং বেল্জিয়ম।

নেদর্লণ্ড (অর্থাৎ নিম্ন ভূমি) নামে প্রসিদ্ধ দেশ সমুদ্র তটে ব্যাপ্ত, সেখানে পরিশ্রম পূর্ব্বক শিল্প কার্য্য এবং বাণিজ্য করিবার অনেক স্বাভাবিক সুযোগ আছে সুতরাং ঐ দেশ পূর্ব্ব কালাবধি ইউরোপের মধ্যে সমৃদ্ধিশালি এবং ধনাঢ্য বলিয়া গণ্য হইয়াছে। তথাকার প্রজা ডচ জাতি বহুকাল পর্য্যন্ত ভমণ্ডলের সর্ব্বাংশে যত্ন পূর্ব্বক বাণিজ্য করিয়া কৃতকার্য্য হইয়াছে, সম্প্রতি তাহারদের বাণিজ্য যে তাদৃক নাই তাহার দুই কারণ আছে প্রথম ইংলণ্ডীয় ইষ্টইণ্ডিয়া কোম্পানির বৃদ্ধি, দ্বিতীয় নেপোলিয়নের অবিবেচনা পূর্ব্বক বাণিজ্য ব্যবসায়ে ব্যাঘাত।

নেপোলিয়নের পরাজয় হইলে অখিল নেদর্লণ্ড ভূমিতে এক রাজ্য স্থাপিত হইয়াছিল অপর হোলাণ্ড এবং বেলজিয়ম পৃথক২ দেশ হইলেও ঐ রাজ্যের অন্তঃপাতি ছিল কিন্তু বেলজিয়ান লোকেরা তাহাতে অসন্তুষ্ট হইয়া ১৮৩০ সালে

struggle was the division of the Netherlands into two separate kingdoms, Holland and Belgium.

The Netherlands are, as the name imports, a *low* country. It is watered principally by the Rhine, the Meuse, and the Scheldt. There is only one considerable lake in it called Haerlem-Meer.

THE KINGDOM OF BELGIUM is divided into the following provinces, South Brabant, Antwerp, East Flanders, West Flanders, Hainalt, Namer, Liege, Limburg. The principal towns are Brussels, Antwerp, Ghent, Bruges, Mons, Namur, Liege, Tongres. Brussels, the capital of Belgium, is a small city but one of the gayest and most elegant in Europe.

The Belgians are for the most part Roman Catholics in religion, but they allow toleration to all other sects. They speak French, German, and Dutch, and pay considerable attention to education.

THE KINGDOM OF HOLLAND, or as it was formerly called the united provinces, contains the following divisions; viz. North Holland, South Holland, Zealand, Utrecht, North Brabant, Guelders, Drenthe, Friesland, Overyssel, Groningen, Limburg (sort of), Luxemburgh. The capital is Amsterdam. The other chief towns are Rotterdam, Utrecht, Hague, Leyden, Breda, Luxemburg, &c.

Holland is the most important part of the Netherlands, and before the separation of Belguim gave name to the whole country. The inhabitants are celebrated

অস্ত্র ধারণ পূর্ব্বক বিদ্রোহ করে ঐ যুদ্ধাবসানে নেদর্লণ্ড ভূমি হোলাণ্ড এবং বেলজিয়ম নামে স্বতন্ত্র২ দুই রাজ্যে বিভক্ত হয়।

নেদর্লণ্ড শব্দের অর্থ নিম্ন ভূমি বস্তুতঃ ঐ দেশের ভূমি নিম্ন বটে। তথাকার প্রধান২ নদীর নাম রাইন, মো, এবং শেল্‌ট। হ্রদের মধ্যে হার্লেম-মির নামে একটী বৃহৎ।

বেলজিয়ম রাজ্যে এই২ প্রদেশ আছে, যথা-দক্ষিণ ব্রাবান্ট আন্টর্প, পূর্ব্ব ফ্লাণ্ডর্শ, পশ্চিম ফ্লাণ্ডর্শ, হেনাল্‌ট, নেমর, লিজ, লিম্বর্গ। প্রধান২ নগরের নাম ব্রশেল্‌স, আন্টর্প, ঘেন্ট, ব্রজিস মন্‌স, নেমর লিজ, টঙ্গ্রেশ। ব্রশেল্‌স বেলজিয়ম রাজ্যের রাজধানী তাহা পরিমাণে বৃহৎ নহে কিন্তু ইউরোপস্থ অতি শোভাকর রম্য পুরীর মধ্যে গণ্য।

বেলজিয়ম লোকদিগের অধিকাংশ রোমান কেথোলিক ধর্ম্মের অনুষ্ঠান করে কিন্তু তাহারা কোন ধর্ম্মের দ্বেষ করে না, তাহারদের মধ্যে ফ্রেঞ্চ জর্মান এবং ডচ ভাষা চলিত অপর তাহারা বিদ্যানুশীলনে যথেষ্ট অনুরাগ প্রকাশ করিয়া থাকে।

হোলাণ্ড রাজ্যের প্রাচীন নাম সংযুক্ত দেশের রাজ্য, সেখানে এই২ প্রদেশ আছে যথা উত্তর হোলাণ্ড, দক্ষিণ হোলাণ্ড, জিলণ্ড, ইউট্রেক্ত, উত্তর ব্রাবান্ট, গেল্‌ডর্শ, ড্রেন্থ, ফ্রিসলণ্ড, ওবরিশেল, গ্রোনিঙ্গেন, লিম্বর্গের কিয়দংশ. লক্সেম্বর্গ। তথাকার রাজধানীর নাম আমস্টর্ডেম, অন্যান্য প্রধান নগরের নাম রটর্ডম, ইউট্রেক্ত, হেগ, লিডেন, ব্রেডা, লক্সেম্বর্গ ইত্যাদি।

নেদর্লণ্ডের মধ্যে হোলাণ্ডই সর্ব্বোৎকৃষ্ট একারণ বেলজিয়ম রাজ্য স্বতন্ত্র হইবার পূর্ব্বে সমুদয় দেশ হোলাণ্ড নামে বিখ্যাত ছিল। সেখানকার প্রজারা অতি পরিশ্রমি এবং পরিমিত ব্যয়ি, কথিত আছে হোলাণ্ডের মধ্যে ভ্রমণ করিলে

for their industry, their steadiness, and their frugality. It is said a traveller in Holland will rarely meet with a drunken person; or, with a man, woman or child in rags.

The prevailing religion in Holland is Calvinism. The Dutch have the credit of being the first people who established a system of unrestrained toleration in religion.

The foreign possessions of Holland are the Moluccas, Java, with settlements on Sumatra, Celebes, and Borneo. She has also some colonies in the West Indies.

HUNGARY.

Hungary is a member of the Austrian empire, being governed by a king of the house of Austria. The Hungarians are not, however, entirely deprived of their independence; their diet possesses high prerogatives; and there is an express provision that in case the Austrian dynasty should become extinct, the right of electing a new sovereign is to revert to the nation.

Hungary is bounded on the west by Germany; on the south and east by the tributary Turkish provinces of Bosnia, Servia, Wallachia, Moldavia; on the north by the Carpathian mountains. These mountains range nearly in a semi-circle round the northern and eastern borders of Hungary.

The rivers in Hungary are the Danube, the Drave, the Save, the Teiss, the Maros, the Gran and the

মদোন্মত্ত পুরুষ প্রায় দৃষ্টিগোচর হয় না এবং তত্রত্য আবাল বৃদ্ধ বনিতার মধ্যে কাহাকেও ছিন্ন বস্ত্র পরিধায়ি দেখিতে পাওয়া যায় না।

হোলাণ্ড দেশে কালবিনের মতই প্রবল, সকলকেই স্বং বিশ্বাসানুসারে ধর্ম্মানুষ্ঠান করিতে অনুমতি দিবার সুনিয়ম প্রথমতঃ ঐ দেশে ধার্য্য হয়।

হোলাণ্ড রাজ্যাধীন বিদেশীয় ভূমির মধ্যে মলক্কা, জাবা, এবং সুমাত্রা সিলিবিস বর্ণিও উপদ্বীপের কিয়দংশ প্রসিদ্ধ আছে। আমেরিকা সন্নিহিত ওএষ্ট ইণ্ডিস অর্থাৎ পশ্চিম ভারতবর্ষ নামক দেশেও ঐ রাজ্যাধীন কতিপয় জনপদ আছে।

হঙ্গেরি।

হঙ্গেরি দেশ আস্ত্রিয়া রাজ্যের এক অংশ কেননা তথাকার রাজা আস্ত্রিয়া রাজবংশ হইতে উৎপন্ন, কিন্তু হঙ্গেরি দেশস্থ প্রজারা স্বাধীনতায় সম্পূর্ণ রূপে বঞ্চিত হয় নাই, ডাএট নামে প্রসিদ্ধ তাহারদের স্বজাতীয় সমাজের অনেক বিষয়ে আধিপত্য আছে এবং রাজশাসন বিষয়েও এক স্পষ্ট নিয়ম আছে যে আস্ত্রিয়া রাজবংশ লুপ্ত হইলে দেশীয় লোকেরা নূতন রাজা নির্ব্বাচিত করিতে পাইবেক।

হঙ্গেরির পশ্চিম সীমা জর্ম্মণি, দক্ষিণ এবং পূর্ব্ব সীমা তুর্কি, রাজ্যাধীন বসনিয়া, সর্বিয়া, ওয়ালেকিয়া, এবং মাল্‌ডেবিয়া দেশ, উত্তর সীমা কার্পেথিয়ান পর্ব্বত। উক্ত দেশের উত্তর এবং পূর্ব্ব দিক্ ঐ পর্ব্বত দ্বারা প্রায় অর্দ্ধ চন্দ্রাকৃতিরূপে বেষ্টিত।

হঙ্গেরিতে এইং নদী আছে যথা ডেনিউব, ড্রেস, সেব টাইসি, মেরস, গ্রান, এবং ওয়াগ। তথায় অনেক হ্রদও

Waag. Lakes are also numerous but only two are large, the Platten or Belaten and the Neusiedler.

The agriculture of Hungary, notwithstanding the rude manner in which it is conducted, and the extent of unfavourable soil, yields very copious products, out of which a large surplus arises for the supply of the neighbouring countries.

The Hungarians are for the most part Roman Catholics in religion. They tolerate every form of Christianity.

Hungary is divided into Lower Hungary, Upper Hungary, Croatia, Sclavonia. Buda is now the capital of the kingdom. Presburg the former capital is also a town of great celebrity.

Hungary is so called from the formidable horde of barbarians (the Huns) who established themselves on the Danube with Attila their king.

POLAND.

Poland forms a vast level expanse of territory, the most easterly in Europe except Russia. On the North it is bounded by the Baltic; on the east it has Russia; on the west Germany, and on the south the Carpathian mountains.

Poland has no longer a separate existence as a kingdom. Russia, Austria, and Prussia have divided all its territories among themselves. Even Cracow, the only city

আছে তাহার মধ্যে দুইটা বৃহৎ যথা প্লাটেন অথবা বৈলেঁ-টন এবং নিউসিডলর।

হঙ্গেরি দেশে কৃষি কার্য্যের পারিপাট্য নাই এবং অনেক স্থলের ভূমিও অনুর্ব্বরা তথাপি সেখানে যথেষ্ট শস্যাদি উৎ-পন্ন হয় তাহাতে তত্রত্য প্রজা ব্যতীত নিকটস্থ দেশের লোকেরাও দিনপাত করিতে পায়।

উক্ত দেশের লোকেরা প্রায় সকলেই রোমান কেথোলিক কিন্তু তাহারা খ্রীষ্টীয় ধর্ম্মের কোন মতের দ্বেষ করে না।

হঙ্গেরি দেশ এই২ খণ্ডে বিভক্ত যথা লোয়র (অর্থাৎ নিম্ন) হঙ্গেরি, অপর (অর্থাৎ উন্নত) হঙ্গেরি, ক্রোএশিয়া, স্কেবোনিয়া। সম্প্রতি বুডা ঐ দেশের রাজধানী, প্রাচীন রাজধানী প্রেসবর্গও অতি খ্যাত্যাপন্ন নগরী।

হন নামে বিখ্যাত এক দল দুর্দ্দান্ত বন্য লোক আটিলা নামক রাজার শাসনে ডেনিউব নদী তীরে বসতি করিয়াছিল তাঁহাতেই উক্ত দেশের নাম হঙ্গেরি হইয়াছে।

পোলণ্ড।

পোলণ্ড দেশ রুসিয়া ব্যতীত ইউরোপস্থ সকল দেশের পূর্ব্ব দিক্‌স্থ, তাহার পরিমাণ স্বল্প নহে, উত্তর সীমা বালটিক সমুদ্র, পূর্ব্ব সীমা রুসিয়া, পশ্চিম সীমা জর্ম্মনি, দক্ষিণ সীমা কার্পেথিয়ান পর্ব্বত।

পোলণ্ড দেশকে আর স্বতন্ত্র রাজ্য কহা যাইতে পারে না কেননা রুসিয়া আস্ত্রিয়া এবং প্রসিয়ার রাজারা ঐ দেশের সমুদয়াংশ আপনারদের মধ্যে বিভাগ করিয়া লইয়াছেন

which was suffered to remain independent, has now been annexed to Austria.

The Russians have allowed a portion of their Polish territory to be designated the Kingdom of Poland, the rest being incorporated with the Muscovite empire. The kingdom, though it has a separate constitution, is a mere dependency of Russia; but the ancient capital Warsaw is still the seat of its government.

The Austrian part of Poland is otherwise called Gallicia and Lodomiria. This division of the country is the least advanced in civilization.

The Prussian territories in Poland are known by the name of Posen, so called from a large town on the Wartha, well and regularly built, with broad streets and a spacious market place. The governor, who under the title of Stadtholder represents the king, resides at Posen.

Poland is watered by the Vistula, the Niemin, Dwina, Dnieper, Dniester, Pruth.

DENMARK.

Denmark is an ancient kingdom, formerly very powerful, holding sway over the surrounding regions, and, as a predatory state, the terror of all Europe. It consists mainly of an extensive peninsula, and a cluster of large islands to the east of the peninsula. The peninsula itself is called Jutland, and the islands in the interior of the Baltic sea are Zealand, Funen,

ক্রেকৌ নামে কেবল একটী নগর স্বাধীন ছিল আস্ত্রিয়া রাজ সম্প্রতি তাহাও অধিকার করিয়াছেন।

রুসিয়ান লোকেরা পোলণ্ড দেশ আপনারদের রাজ্যাধীন করিয়া তাহার এক অংশের নাম পোলণ্ড রাজ্য রাখিয়াছে ঐ রাজ্য শাসনের নিয়ম স্বতন্ত্র হইলেও তাহাকে রুসিয়াধীন স্বীকার করিতে হইবে কিন্তু প্রাচীন রাজধানী ওয়ার্শাতে অদ্যাপি তথাকার রাজসদন আছে।

আস্ত্রিয়া রাজ্যাধীন পোলণ্ডের নামান্তর গালিসিয়া এবং লোডমিরিয়া, কিন্তু ঐ দেশ সভ্যতাতে পোলণ্ডের অন্যান্য অংশাপেক্ষা অধম।

পোলণ্ড দেশস্থ প্রুসিয়ান রাজ্যের নাম পোসেন। ওয়ার্থা নদী তীরে প্রশস্ত পথ ও বিস্তারিত হট্ট বিশিষ্ট পোসেন নামে এক সুনির্ম্মিত বৃহৎ নগর আছে তাহাতেই উক্ত দেশের ঐ নাম হয়। তথাকার রাজ্য শাসক পোসেন নগরে বাস করে তিনি ষ্টাটহালডর উপাধি ধারণ পূর্ব্বক প্রসিয়ান রাজের প্রতিনিধি বলিয়া গণ্য।

পোলণ্ড দেশে এই২ নদী আছে যথা-বিস্তুলা, নিমেন, দ্বইনা, নিপর, নিস্তর, পথ।

দেন্মার্ক।

দেন্মার্ক দেশ এক প্রাচীন রাজ্য স্থল, পূর্ব্বে তাহা অতি পরাক্রামশালী ছিল চতুর্দ্দিকস্থ সকল লোকই তত্রতা রাজার অধীনে থাকিত ফলতঃ দেন্মার্ক দেশীয় লোকদিগের দস্যু বত্তি-তে অতি নিপুণতা প্রযুক্ত ইউরোপীয় সকল জাতিরা তাহার-দিগকে ভয় করিত। দেন্মার্ক দেশ এক বৃহৎ প্রায়দ্বীপাকার ভূমি ব্যতীত পূর্ব্ব ভাগে কএক বৃহৎ উপদ্বীপেও ব্যাপ্ত আছে। ঐ প্রায়দ্বীপের নাম জটলণ্ড এবং তৎসন্নিহিত বাল্টিক সমুদ্রস্থ উপদ্বীপের নাম জিলণ্ড, ফুনেন, ওদেন্সি ইত্যাদি।

Odensee and a few others of smaller note. Denmark holds also the German territories of Sleswick and Holstein as well as Iceland, the Feroe isles, and some settlements on the coasts of Greenland.

The waters of Denmark consist chiefly of its numerous sounds and bays, such as the Skagerrack, the Cattegat, the Sound, &c.

The capital of Denmark is Copenhagen, the meaning of which (merchants' port) is sufficiently characteristic of the commercial position of the country. The capital is situated in the island of Zealand. Roeskilde, Elsinore, Altona, Odensee are also towns of note.

The Danes are Lutherans by religion. They have a college and two universities besides numerous schools supported at the expense of the crown. The Danish language is a dialect of the Gothic; but the higher classes speak German and French.

SWEDEN AND NORWAY.

Sweden and Norway now united into one kingdom form an extensive region stretching far into the frozen range of the arctic circle. Enclosed on all sides but the north-east by the sea, the united kingdom may be called a peninsula. The Dofrafields divide it into the two great parts of which it is composed.

The rivers of Scandinavia, for so the peninsula above mentioned is otherwise called, are the Dahl, Gotha, Glomme, and Dramme. The lakes are the Wener

শ্লেসউইক এবং হোলষ্টেন নামক জর্মাণ ভূমি তথা আইস্লণ্ড, ফেরো আইল, এবং গ্রিনলণ্ডস্থ কএক জনপদও দেন্মার্ক রাজের অধীন।

দেন্মার্ক দেশস্থ জলময় অংশের মধ্যে অখাত সৌত প্রভৃতিই প্রধান, যথা-স্কাগরাক, কাটিগাট, সৌণ্ড ইত্যাদি।

দেন্মার্ক দেশীয় রাজধানীর নাম কোপেনহেগেন অর্থাৎ "বণিক পুর" তাহাতে উক্ত দেশের বাণিজ্য বিষয়ক সুবিধা সূচিত হইতেছে। ঐ রাজধানী জিলণ্ড উপদ্বীপোপরি নির্ম্মিত, তদ্ভিন্ন রকস্কিলড, এলসিনোর, আলটোনা, ওদেন্সি প্রভৃতি কএক প্রসিদ্ধ নগর আছে।

দেন্মার্ক দেশীয় লোকেরা লুথর আচার্য্যের মত স্বীকার করে। তাহারদের দেশে দুই ইউনিবর্সিটি এক কালেজ এবং কএক পাঠশালা রাজানুকূল্যে স্থাপিত হইয়াছে। উক্ত দেশীয় ভাষা গথিক ভাষার শাখা মাত্র কিন্তু সম্ভ্রান্ত লোকেরা জর্মাণ এবং ফ্রেঞ্চ ভাষা কহিয়া থাকেন।

সুইডন এবং নরওএ।

সুইডন এবং নরওএ সম্প্রতি এক রাজ্যাধীন হইয়া সংযুক্ত হইয়াছে, তাহার পরিমাণ সুদীর্ঘ এবং তাহা সৌমেরব বৃত্তের অন্তঃপাতি হিমময় দেশ পর্য্যন্ত ব্যাপ্ত। ঐ রাজ্য উত্তর পূর্ব্ব কোণ ব্যতীত সর্ব্বদিকে সমুদ্র বেষ্টিত সুতরাং তাহাকে প্রায়-দ্বীপ কহা যাইতে পারে। অপর সুইডন এবং নরওএ দেশের মধ্যে ডফ্রেফিল্ড পর্ব্বত ব্যবধান স্বরূপ আছে।

উক্ত প্রায়দ্বীপের নামান্তর স্কান্দিনেবিয়া, তথায় এই২ নদী আছে যথা ডাল, গোথা, গ্লোম, এবং ড্রাম। তথাকার হ্রদের

Wetter, Mäler, &c. The North cape and the Naze are the two principal capes.

Sweden is divided into three great parts, Sweden proper, Gothland, and Norrland; and Norway consists of the provinces of Aggerhuus, Christiania, Christian Sund, Bergen, and Drontheim. The capital of the kingdom is Stockholm; the other towns of note are Upsal, Carlstadt, Gottenburg, Persberg in Sweden; and Christiania, and Bergen, in Norway.

The Scandinavian peninsula is celebrated for its forests and the timber they yield. The pine and the fir are very common. It likewise abounds with wild animals valuable on account of their furs.

The inhabitants are of Gothic origin. Their religion is Lutheran. They are not so far advanced as other European nations in civilization and learning.

On the north of Sweden is a vast but cheerless region called Lapland, which lies wholly in the frigid zone. The winter in that country is one continued night, as the summer is one continued day. The inhabitants are a peculiar race, short, stout, brown, with black hair and eyes rendered weak by exposure to the smoke and snow. The swift-footed rein-deer which they train to draw them in sledges over the snow, form their riches-the flesh and milk of these animals compose their food, and the skins their furniture.

The Laplanders are a rude but harmless race. Only one murder has been heard of in twenty years; and the

নাম ওএনর, ওএটর, মালর, ইত্যাদি এবং অন্তরীপের মধ্যে দুইটা প্রধান যথা নর্থ (উত্তর) অন্তরীপ ও নেজ।

সুইডন দেশ তিন প্রধান অংশে বিভক্ত যথা প্রকৃত সুইডন, গথলণ্ড, এবং নর্লণ্ড। নরওএ দেশে এই২ প্রদেশ আছে যথা আগরহুস, খ্রীষ্টিএনিয়া, খ্রীষ্টানসণ্ড, বর্গেন, এবং ড্রন্থিম। উক্ত রাজ্যের রাজধানীর নাম ষ্টকহলম; অন্যান্য প্রসিদ্ধ জনপদের মধ্যে সুইডন দেশে অপ্সাল, কার্লষ্টাড, গটেনবর্গ, এবং পর্শবর্গ নগর প্রসিদ্ধ অপর নরওএ দেশে খ্রীষ্টিএনিয়া ও বর্গেন নগর আছে।

উক্ত রাজ্যের প্রজারা গথ জাতি হইতে উৎপন্ন লূথর আচার্যের মতাবলম্বি কিন্তু তাহারা বিদ্যা ও সভ্যতাতে ইউরোপীয় অন্যান্য জাতির ন্যায় উন্নতি প্রাপ্ত হয় নাই।

সুইডনের উত্তর লাপলণ্ড নামে এক বৃহৎ নিরানন্দ দেশ আছে তাহার সমুদয়াংশ হিম মেখলের মধ্যবর্ত্তি, তথায় হেমন্ত কালে দিবাকরের উদয় এবং গ্রীষ্ম কালে দিবাবসান হয় না সেখানকার প্রজারা অন্য জাতির সদৃশ নহে তাহারদের অবয়ব পিঙ্গল বর্ণ এবং খর্ব্ব অথচ হৃষ্টপুষ্ট, কেশ অসিত বর্ণ এবং নেত্র হিম ও ধূম সংযোগ প্রযুক্ত ক্ষীণ। তাহারদের দেশীয় সম্পত্তির মধ্যে কেবল এক প্রকার বেগবান হরিণ আছে যাহা হিমানীর উপর এক চক্র রথের বাহন হইবার নিমিত্ত শিক্ষিত হয় ঐ পশুর মাংস এবং দুগ্ধে তাহারদের আহার এবং তৎচর্ম্মে পরিচ্ছদাদি হইয়া থাকে।

লাপলণ্ড দেশীয় লোকেরা বন্য বটে কিন্তু দুর্বৃত্ত নহে তথায় বিংশতি বৎসরের মধ্যে কেবল এক বার নরহত্যা দোষের বিবরণ শ্রুত হইয়াছে এবং গৃহের দ্বাররোধক অর্গলাদি না

absence of theft is proved by that of bars, bolts, and other safeguards. They have been converted to Christianity and are very attentive to its duties.

RUSSIA IN EUROPE.

Russia occupies more than half of Europe being bounded by the Arctic ocean and the White sea on the north, by the Gulph of Bothnia, the Baltic sea, and Poland on the west, by Turkey and the Black sea on the south, and by the Uralian mountains and the rivers, Don and Volga, on the east.

The surface of Russia is the most level of any country in Europe. It is watered by rivers of the first magnitude, the Volga, the Don, the Dnieper, the Dwina. Its canals are also very remarkable opening a communication between the Caspian and the Baltic. The principal lakes are those of Lagoda, Onega, Peipus and Ilmen.

Owing to the large extent of country the climate is much diversified. In the northern parts the winters are very severe; persons have been known to be frozen to death.

The government being despotic, the resources of the country have not been so fully developed as they might be. Both agriculture and manufacture are in an indifferent state. The country too is very thinly inhabited.

The Russian empire is, however, one of the most powerful in Europe. The inhabitants, though long in a state of barbarism, are now comparatively civilized;

থাকাতে বোধহয় তাহারদের মধ্যে তস্কর বৃত্তি নাই। তাহারা এক্ষণে খ্রীষ্ট ধর্ম্ম গ্রহণ করিয়াছে এবং তদনুষ্ঠানে বিলক্ষণ মনোযোগ করিয়া থাকে।

ইউরোপস্থ রুসিয়া।

ইউরোপের অর্দ্ধাংশের অধিক রুসিয়া দেশান্তঃপাতি, তাহার উত্তর সীমা হিমসাগর এবং শুক্লসমুদ্র, পশ্চিম সীমা বোথনিয়া সিন্ধু শাখা বালটিক সমুদ্র এবং পোলণ্ড, দক্ষিণ সীমা তুরকি রাজ্য এবং অসিত সমুদ্র, পূর্ব্ব সীমা উরাল পর্ব্বত এবং ডন ও বলগা নদী।

রুসিয়ার ভূমি ইউরোপীয় সকল দেশাপেক্ষা অতি সরল সেখানে অনেক প্রধান২ নদী আছে যথা বলগা, দন, নিপর, ডুইনা। তথাকার খালও অতি বিচিত্র তাহাতে কাস্পিয়ান এবং বলটিক সমুদ্র পরস্পর সংযুক্ত। তথাকার হ্রদের মধ্যে লেডোগা ওনিগা, পাইসল, এবং ইলমেন প্রধান।

রুসিয়া দেশ পরিমাণে বৃহৎ হওয়াতে তথাকার বায়ু সর্ব্বত্র এক প্রকার নহে, উত্তরাঞ্চলে শীতের অতিশয় প্রাদুর্ভাব কখন২ লোকের অঙ্গ হিমেতে অবশ হওয়াতে সদ্য মৃত্যু হইয়াছে।

উক্ত দেশের রাজা স্বেচ্ছানুসারে রাজ্যশাসন করাতে দেশীয় সম্পত্তি উপযুক্ত রূপে বৃদ্ধিপ্রাপ্ত হয় নাই অপর কৃষি এবং শিল্পকার্য্যের পরিপাটী নাইএবং দেশের লোক সংখ্যাও অল্প।

তথাচ ইউরোপের মধ্যে রুসিয়া রাজ্যকে অতি পরাক্রমশালী কহিতে হইবেক, প্রজারা বহুকাল পর্য্যন্ত অসভ্য অবস্থাতে ছিল এক্ষণে যৎকিঞ্চিৎ সভ্য হইয়াছে কিন্তু সেখানে দাস

but their social condition cannot be said to be far advanced owing to the prevalence of slavery.

The established religion of the state is that of the Greek church. Its observances are mixed up with many superstitions. The popes have often endeavoured to assert their supremacy in Russia but without success.

Russia is divided into provinces, and these last into *governments.* The following is a list of both provinces and governments: viz. Baltic provinces containing the governments of St. Petersburgh, Finland, Esthonia, Livonia, and Courland; Great Russia containing Moscow, Smolensko, Pskof, Tver, Novogorod, Olonetz, Archangel, Wologda, Jaroslav, Kostroma, Vladimir, Nishegorod, Tambof, Riaisan, Tula, Kalouga, Orel, Kursk, Vorouetz; Little Russia containing Kief, Tchernigof, Poltava, Slobodes, Ukraine; Southern Russia containing Catherinoslav, Cherson, Taurida, Bessarabia, country of the Cossacks; Kasan containing Perm, Simbirsk, Penza.

The principal towns are St. Petersburgh, Moscow, Riga, Novogorod, Archangel, Poltava, Odessa, Cherson, &c. Of these St. Petersburgh is now the capital of the empire.

TURKEY IN EUROPE.

Turkey, as to its site and boundaries, forms the most eastern part of the territory of Southern Europe, and the link which connects that continent with Asia.

ক্রয় বিক্রয় করিবার প্রথা অদ্যাপি আছে একারণ তাহারদের সভ্যতা বৃদ্ধির সম্ভাবনা নাই।

উক্ত দেশে গ্রীক চর্চ্চ অর্থাৎ সভা সম্বলিত মত রাজার ধর্ম্ম, ঐ ধর্ম্মের অনুষ্ঠানে অনেক নিরর্থক ক্রিয়া কাণ্ড আছে। রোমের ধর্ম্মাধ্যক্ষ পোপ রুসিয়া দেশে আপনার প্রাধান্য স্থাপন করিতে বারম্বার যত্ন করিয়াছিলেন কিন্তু তাঁহার চেষ্টা নিষ্ফল হইয়াছে।

রুসিয়া দেশে যে২ প্রদেশ আছে তাহা ক্ষুদ্র২ অংশে বিভক্ত। সে সকল প্রদেশ এবং অংশের নাম নীচে লিখিত হইল যথা বালটিক সমুদ্র সন্নিহিত প্রদেশ যন্মধ্যে সেণ্ট পিটর্সবর্গ, ফিনলণ্ড, এস্থোনিয়া, লিবোনিয়া, এবং কুর্লণ্ড নামক অংশ আছে। বৃহৎ রুসিয়া যন্মধ্যে মস্কো, স্মোলেনস্কো, স্কফ, বর, নবোগোরড, ওলোনেটস, আর্চেঞ্জেল, ওলগডা, জেরসলাব, কস্ত্রোমা, বাদিমির, নিশেগোরড টাম্বোফ, রিয়াইসান, টুলা, কেলোগা, ওরেল, করস্ক, ররোএটস নামক অংশ আছে। ক্ষুদ্র রুসিয়া যাহা কিএফ, চের্নিগফ, পলটেবা, শ্লোবোদিস, উক্রাইনি অংশে বিভক্ত। দক্ষিণ রুসিয়া যন্মধ্যে কাথেরিনসলো, চর্সন, টোরিডা, বেসারাবিয়া, কসাক দেশ আছে। কাসান যাহা পরম, সিম্বিরস্ক, এবং পেনজা এইতিন অংশে বিভক্ত।

রুসিয়াস্থ নগরের মধ্যে সেণ্টপিটর্সবর্গ, মস্কো, রিগা, নবোগোরড, আর্চেঞ্জেল, পলতাবা, ওডেসা, চর্শন প্রভৃতি প্রধান সেণ্ট পিটর্সবর্গ এক্ষণে রুসিয়া রাজ্যের রাজধানী।

ইউরোপস্থ তুরকি।

তুরকি রাজ্যের স্থল এবং সীমা ইউরোপের দক্ষিণাংশের পূর্ব্ব দিকে ব্যাপ্ত তাহাতে ইউরোপ এবং এস্যার পরস্পর

Since the emancipation of Greece, the European part of Turkey has been much circumscribed.

The climate of Turkey is healthy and pleasant, the air mild and the soil fertile. But agriculture is neglected, and though the country yields plentiful harvests of corn and fruits, its resources are not fully developed.

The mountains of European Turkey consist chiefly of that extensive and formidable range called by the Turks Balkan, Despoto Dag, Argentan, by the ancients Haemus and Rhodope. It stretches from the head of the Adriatic to the Black Sea. The principal river is the Danube.

There are several small gulphs in Turkey. The straits are those of Constantinople and the Dardanelles having the sea of Marmora between them. The principal capes are cape Monte Santo, cape Daro, and cape Matapan.

Turkey in Europe may be divided into Poumelia and Bulgaria. The rest of the territory consists of tributary Christian states which are ruled by Christian princes nominated by the Porte. These states are Moldavia, Wallachia, Servia, Bosnia, Herzgovinia, and Albania.

Roumelia forms the central and metropolitan province of the empire, almost exclusively held by a Turkish population, and including the two great capitals Constantinople and Adrianople.

সংযোগ হইয়া থাকে। গ্রীশ দেশ স্বতন্ত্র হওয়াতে এক্ষণে ইউরোপস্থ তুরকি রাজ্যের সীমা স্বল্প হইয়াছে।

তুরকি দেশস্থ বায়ু সুখ স্পর্শ এবং অনুষ্ণাশীত, তাহাতে শরীরের পুষ্টি হয় অপর তথাকার ভূমিও উর্ব্বরা কিন্তু কৃষি কার্য্যের পারিপাট্য নাই সুতরাং বহুবিধ শস্য ও ফল মূল উৎপন্ন হইলেও দেশের সম্পত্তি সম্পূর্ণরূপে বৃদ্ধি প্রাপ্ত হয় নাই।

ইউরোপস্থ তুরকি দেশীয় পর্ব্বতের মধ্যে যে২ শ্রেণীর নাম তত্রত্য প্রজারদের ভাষাতে বল্কান্, ডেস্পোটা ডাগা, আর্জে-ণ্টান এবং প্রাচীন ভাষাতে হিমস এবং রডোপি নামে উক্ত হয় তাহাই সর্ব্বাপেক্ষা প্রধান এবং ভয়ানক, ঐ সকল শ্রেণী আদ্রিয়াতিক সিন্ধু শাখার অগ্রভাগ অবধি অসিত সাগর পর্য্যন্ত ব্যাপ্ত। তথাকার প্রধান নদীর নাম ডেনিউব।

তুরকি দেশে কএক ক্ষুদ্র২ সিন্ধু শাখা এবং কনস্তান্তিনো-পল ও ডার্ডেনেলিস নামে দুই মোহানা আছে মার্মরা নামক সমুদ্র ঐ মোহানায় সংযুক্ত। তথাকার প্রধান২ অন্তরীপের নাম মণ্টিশাণ্টো, দারো, ম্যাতাপান।

ইউরোপস্থ তুরকি রুমেলিয়া এবং বলগেরিয়া নামক দুই ভাগে বিভক্ত। তদ্ব্যতীত কএক খ্রীষ্টিয়ান দেশ ঐরাজ্যের অধীন সেখানকার রাজারা খ্রীষ্ট ধর্ম্মাবলম্বি বটে কিন্তু তুরকি দেশস্থ সম্রাটের আদেশে রাজপদে অভিষিক্ত হয় ঐ সকল দেশের নাম মল্‌ডেবিয়া, এয়ালেকিয়া, সর্বিয়া, বসনিয়া, হর্জগোবিনিয়া, এবং আলবেনিয়া।

রুমেলিয়া তুরকি রাজ্যের মধ্যে প্রধান খণ্ড কেননা তুরকি লোক ব্যতীত প্রায় অন্য কেহ তথাকার ভূম্যধিকারী নহে আর কনস্তান্তিনোপল এবং আদ্রিয়ানোপল নামক দুই রাজ-পুরী ঐ খণ্ডের অন্তঃপাতি।

Constantinople, called by the Turks Istambul, is the metropolis of the empire. It was originally built by Constantine the Great, and was for many centuries the seat of the eastern or Greek empire which was subsequently subverted by the Turks.

The Turks are an Asiatic race, and, unlike the other races who migrated to Europe in the days of yore, still retain their Asiatic manners and customs in their integrity. They are Mahometans in religion; their government is also of the same model with other Mahometan states. The sovereign is called the Sultan, and exercises a despotic sway without any constitutional check.

A large portion of the subjects of Turkey are Christians. They are allowed to retain their faith without molestation, but have not the liberty of proselyting any Mahometan.

GREECE.

Greece was till lately a member of the Turkish empire. It is now an independent kingdom divided into three principal parts—Northern Greece, Morea (or as it was anciently called Poloponnesus), and the islands. The chief cities are Athens, Syra, Patras.

The glory which the country enjoyed in the days of Miltiades or Socrates has long since been extinct. Its present condition is very low both in point of literature and political power.

কনস্তান্তিনোপল তুরকি রাজ্যের রাজধানী, তত্রত্য লোকেরা তাহাকে ইস্তাম্বুল কহে। ঐ নগর আদৌ মহা কনস্তান্তিন নৃপতির দ্বারা নির্ম্মিত হইয়া শত২ বৎসর পর্য্যন্ত পূর্ব্ব অর্থাৎ গ্রীক রাজ্যের রাজধানী ছিল অবশেষে তুরকি লোকেরা ঐ রাজ্য নষ্ট করিয়া রাজধানী অধিকার করিয়াছে।

তুরকি জাতি আদৌ এস্যা খণ্ডে উৎপন্ন হয় কিন্তু এস্যা খণ্ডস্থ অন্যান্য জাতি যদ্রূপ প্রাচীন কালে ইউরোপে আগমন করিয়া ক্রমশঃ নূতন আচার ব্যবহার গ্রহণ করিয়া ছিল তুরকি লোকেরা তাহা না করিয়া বরং অদ্যাপি স্বজাতীয় সমুদয় ব্যবহার পালন করিয়া থাকে তাহারা মোসলমান ধর্ম্মাবলম্বী এবং তাহারদের রাজ নীতি ঐ ধর্ম্মানুযায়ি। তথাকার রাজা সোলতান উপাধি ধারণ করত স্বেচ্ছানুসারে রাজত্ব করেন তাঁহার ইচ্ছার পর কোন ব্যবস্থা অথবা নিয়ম নাই।

তুরকি রাজ্যের ভূরি২ প্রজা খ্রীষ্ট ধর্ম্মাবলম্বী; রাজা তাহারদের ধর্ম্মানুষ্ঠানে কোন ব্যাঘাত করেন না কিন্তু তাহারা কোন মোসলমানকে স্বীয় ধর্ম্মানুযায়ি করিতে পারে না।

গ্রীশ।

অল্প দিবস হইল গ্রীশ দেশ তুরকি রাজ্যাধীন ছিল কিন্তু এক্ষণে স্বতন্ত্র রাজ্য হইয়া তিন খণ্ডে বিভক্ত হইয়াছে যথা উত্তর গ্রীশ, মোরিয়া (যাহা প্রাচীন কালে পিলোপোনিশস নামে খ্যাত ছিল) এবং উপদ্বীপ সমূহ। আথেন্স, সাইরা পাত্রাস তথাকার প্রধান২ নগর।

মিলটাএদিশ অথবা সক্রেতিসের কালে গ্রীশের যে মাহাত্ম্য ছিল তাহা বহুকাল লোপ পাইয়াছে ঐদেশ সম্প্রতি বিদ্যা অথবা রাজকীয় প্রভাবে অতিতুচ্ছাবস্থাপন্ন হইয়াছে।

THE IONIAN REPUBLIC.

The Ionian republic, otherwise called the republic of the Seven Islands, consists of the following islands:—Corfu, Caphalonia, Zante, Santa Maura, Cerigo, Ithaca, Paxo. By the congress of 1815 this republic was placed under the protection of Great Britain.

আইওনিয়ন রাজ্য।

আইওনিয়ন রাজ্যের নামান্তর সপ্ত উপদ্বীপের রাজ্য, এই২ রাজ্য তাহার অন্তঃপাতি যথা কর্ফু, সিফেলোনিয়া, জান্তি,সাণ্টা মরা, সেরিগো, ইথাকা, পাক্সো। ঐ রাজ্য ১৮১৫ শালের নিয়ম পত্রানুসারে গ্রেটব্রিটেন রাজ্যের আশ্রিত হইয়াছে।

ENCYCLOPÆDIA BENGALENSIS.

ALREADY PUBLISHED.

No.	Title	Edition		
No. I.	Hist. of Rome part I.	(Diglot Edition,)	2	8
	" "	(Bengali Edition,)	1	4
	" "	Ditto to native students,.	0	10
No. II.	Geometry part I.	(Diglot Edition,)	2	8
	" "	(Bengali Edition.)	1	4
	" "	Ditto to native students,.	0	10
No. III.	Miscellaneous part I.	(Diglot Edition,)	2	8
	" "	(Bengali Edition.)	1	4
	" "	Ditto to native students.	0	10
No. IV.	Hist. of Rome part II.	(Diglot Edition.)	2	8
	" "	(Bengali Ed tion.)	1	4
	" "	Ditto to native students,.	0	10
No. V.	Biography part I.	(Diglot Edition.)	2	8
	" "	(Bengali Edition.)	1	4
	" "	Ditto to native students,.	0	10
o VI.	History of Egypt.	(Diglot Edition)	2	8
	" "	(Bengali Edition,)	1	4
	" "	Ditto to native students,.	0	10
No. VII.	Miscellaneous part II.	(Diglot Edition)	2	8
	" "	(Bengali Edition,)	1	4
	" "	Ditto to native students.	1	10
No. VIII.	Geography part I.	(Diglot Edition)	2	8
	" "	(Bengali Edition.)	1	4
	" "	Ditto to native students,.	0	10